নৈব পূর্ব্বে জনাশ্চক্রুর্ন করিষ্যন্তি চাপরে।
যথাম্বরীষো নৃপতিঃ করোত্যমিতদক্ষিণঃ।
ইত্যেবমন্বমোদন্ত প্রীতা যস্য মহর্ষয়ঃ ॥১৫॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভি-মন্যুবধে ষোড়শরাজিকে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথ কিম্ভূতান্ রাজ্ঞঃ অত্যাকালয়দিত্যাহ হিরণ্যেতি। হিরণ্যকবচান্ স্বর্ণবর্ম্মণঃ। স্যন্দনো রথঃ। অনুযাত্রা অনুচরাঃ। ঈজানো যজন্, বিততে বিস্তৃতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

মূর্দ্ধেতি। মূর্দ্ধাভিষিক্তান্ রাজ্যাভিষেককালে। দণ্ডোঽত্র তদুপায়সৈন্যপরঃ ॥১৪॥

নেতি। করোতি যজ্ঞান্। অন্বমোদন্ত অভ্যুপাগচ্ছন্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

স ইতি। পূর্ব্বং ব্যাখ্যাতমিদম্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

---

যজ্ঞে প্রবৃত্ত অম্বরীষরাজা স্বকীয় বিস্তৃত যজ্ঞে স্বর্ণময়কবচধারী, শ্বেতছত্র-শোভিত, স্বর্ণময়রথারূঢ় এবং অনুচর ও পরিচ্ছদযুক্ত সমস্ত রাজাকে দান করিয়াছিলেন ॥১৩॥

তিনি সৈন্য ও কোষসমূহের সহিত রাজ্যাভিষিক্ত রাজগণকে এবং শত শত রাজপুত্রকে ব্রাহ্মণহস্তে অর্পণ করিয়াছিলেন ॥১৪॥

তাহাতেই মহর্ষিরা সন্তুষ্ট হইয়া যাঁহার সম্বন্ধে এইরূপ অনুমোদন করিতেন যে, 'অমিতদক্ষিণাদাতা অম্বরীষরাজা যেরূপ যজ্ঞ করিতেছেন, এরূপ যজ্ঞ পূর্ব্বে কেহ করেন নাই, কিংবা ভবিষ্যতেও অন্য কেহ করিবেন না' ॥১৫॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই রাজা অম্বরীষও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না'। যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়-রাজার নিকট বলিয়াছিলেন' ॥১৬॥

---

* '...দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

# সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:●:—

নারদ উবাচ।

শশবিন্দুঞ্চ রাজানং মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
ঈজে যো বিবিধৈর্যজ্ঞৈঃ শ্রীমান্ সত্যপরাক্রমঃ ॥১॥
তস্য ভার্য্যাসহস্রাণাং শতমাসীন্মহাত্মনঃ।
একৈকস্যাঞ্চ ভার্য্যায়াং সহস্রং তনয়াভবন্ ॥২॥
তে কুমারাঃ পরাক্রান্তাঃ সর্ব্বে নিযুতযাজিনঃ।
রাজানঃ ক্রতুভির্মুখ্যৈরীজানা বেদপারগাঃ ॥৩॥
হিরণ্যকবচাঃ সর্ব্বে সর্ব্বে চোত্তমধন্বিনঃ।
সর্ব্বেঽশ্বমেধৈরীজানাঃ কুমারাঃ শাশবিন্দবাঃ।
তানশ্বমেধে রাজেন্দ্র! ব্রাহ্মণেভ্যোঽদদৎ পিতা ॥৪॥

ভারতকৌমুদী

শশেতি। ঈজে যজনং চকার। শ্রীমান্ অতীবসম্পৎসম্পন্নঃ ॥১॥

তস্যেতি ভার্য্যাসহস্রাণাং শতং লক্ষভার্য্যাঃ। তনয়াভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২॥

ত ইতি। ঈজানা যজন্ত আসন্ ॥৩॥

হিরণ্যেতি। শাশবিন্দবাঃ শশবিন্দোঃ পুত্রাঃ। পিতা শশবিন্দুঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

---

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! শশবিন্দুরাজাও মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন শুনিয়াছি; অত্যন্তসম্পত্তিশালী ও যথার্থপরাক্রমী যে রাজা নানাবিধ যজ্ঞ করিয়াছিলেন ॥১॥

সেই মহাত্মার একলক্ষ ভার্য্যা ছিল; তাহার আবার প্রত্যেক ভার্য্যার গর্ভে একসহস্র করিয়া পুত্র জন্মিয়াছিল ॥২॥

সেই কুমারেরা সকলেই পরাক্রমশালী, বেদপারদর্শী ও রাজা হইয়া নিযুত যজ্ঞ করিবার সঙ্কল্প করিয়া প্রধান প্রধান যজ্ঞ করিয়াছিলেন ॥৩॥

---

(৪)…ব্রাহ্মণেভ্যো দদৌ পিতা—পি।

শতং শতং রথগতা একৈকং পৃষ্ঠতোঽন্বযুঃ।
রাজপুত্রং তদা কন্যাস্তপনীয়বিভূষিতাঃ ॥৫॥
কন্যাং কন্যাং শতং নাগা নাগে নাগে শতং রথাঃ।
রথে রথে শতঞ্চাশ্বা বলিনো হেমমালিনঃ।
অশ্বে অশ্বে সহস্রং গা গবাং পশ্চাদজাবিকম্ ॥৬॥
এতদ্ধনমপর্য্যন্তমশ্বমেধে মহামখে।
শশবিন্দুর্মহাভাগো ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত ॥৭॥
বার্ক্ষা যূপাশ্চ যাবন্তো হ্যশ্বমেধে মহামখে।
তে তথৈব পুনশ্চান্যে তাবন্তঃ কাঞ্চনাভবন্ ॥৮॥

ভারতকৌমুদী

শতমিতি। তপনীয়বিভূষিতাঃ স্বর্ণালঙ্কারালঙ্কৃতাঃ ॥৫॥

কন্যামিতি। নাগা হস্তিনঃ। হেমমালিনঃ স্বর্ণমালাধারিণঃ, অশ্বযুরিত্যনুবৃত্তিঃ। অজাশ্ছাগাশ্চ অবয়ো মেষাশ্চ তেষামিদং বৃন্দমিত্যজাবিকম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

এতদিতি। অপর্য্যন্তমসীমম্। অমন্যত দত্তত্বেনাঙ্গীকৃতবান্ ॥৭॥

বার্ক্ষা ইতি। বার্ক্ষা বৃক্ষনির্ম্মিতাঃ। কাঞ্চনাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৮॥

শশবিন্দুরাজার সেই পুত্রেরা সকলেই স্বর্ণকবচ পরিধান করিতেন, উত্তম ধনুর্দ্ধর হইয়াছিলেন এবং সকলেই অশ্বমেধযজ্ঞ করিয়াছিলেন। রাজশ্রেষ্ঠ! তৎপরে পিতা শশবিন্দু এক অশ্বমেধযজ্ঞে সেই পুত্রগণকে ব্রাহ্মণহস্তে সমর্পণ করেন ॥৪॥

তৎকালে স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত একশত করিয়া কন্যা রথে আরোহণপূর্ব্বক এক এক জন রাজপুত্রের পিছনে গমন করিয়াছিলেন ॥৫॥

এক একটী কন্যার পিছনে একশত করিয়া হাতী, প্রত্যেক হাতীর পশ্চাতে একশত করিয়া রথ, প্রত্যেক রথের পিছনে একশত করিয়া বলবান্ ও স্বর্ণমালাযুক্ত অশ্ব, প্রত্যেক অশ্বের পিছনে একশত করিয়া গরু এবং সেগুলির পিছনে আবার বহুতর ছাগ ও মেষ চলিয়াছিল ॥৬॥

মহাত্মা শশবিন্দু তাঁহার অশ্বমেধমহাযজ্ঞে এইরূপ অসীম ধন ব্রাহ্মণদিগকে দান করিয়াছিলেন ॥৭॥

তাঁহার অশ্বমেধমহাযজ্ঞে যতগুলি বৃক্ষের যূপ ছিল, ততগুলি সেইরূপই স্বর্ণের যূপ নির্ম্মিত হইয়াছিল ॥৮॥

(৫)…তপনীয়স্বলঙ্কৃতাঃ—পি বা নি। (৮)…যাবন্ত অশ্বমেধে…বা নি,…যাবন্তো অশ্বমেধে …বঙ্গ বর্দ্ধ।

ভক্ষ্যান্নপাননিচয়াঃ পর্বতাঃ ক্রোশমুচ্ছ্রিতাঃ।
তস্যাশ্বমেধে নির্বৃত্তে রাজ্ঞঃ শিষ্টাস্ত্রয়োদশ ॥৯॥
তুষ্টপুষ্টজনাকীর্ণাং শান্তবিঘ্নামনাময়াম্।
শশবিন্দুরিমাং ভূমিং চিরং ভুক্ত্বা দিবং গতঃ ॥১০॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শৈত্যেত্যুদাহরৎ ॥১১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

## ভারতকৌমুদী

ভক্ষ্যেতি। তস্য রাজ্ঞঃ শশবিন্দোঃ, অশ্বমেধে নির্বৃত্তে নিষ্পন্নে সতি, ভক্ষ্যাণাং সুখাত্তানাম্ অন্নপানানাং নিচয়ঃ সমূহো যেষু তে, ক্রোশং যাবদুচ্ছ্রিতা উচ্চাঃ, শিষ্টাঃ শাস্ত্রোক্তাঃ, ত্রয়োদশ পর্ব্বতা আসন্নিতি শেষঃ। ঈদৃগতিশয়োক্তিরেবাবিশ্বাসমূলম্ ॥৯॥

তুষ্টেতি। শান্তবিঘ্নাং ত্রিবিধোৎপাতরহিতাম্, অনাময়াং রোগশূন্যাম্ ॥১০॥

স ইতি। প্রথম এব ব্যাখ্যাতমিদম্ ॥১১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

## ভারতভাবদীপঃ

শশবিন্দুমিতি ॥১—৮॥ ত্রয়োদশাত্র নিচয়াঃ শিষ্টাঃ ॥৯—১১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৭॥

---

শশবিন্দুরাজার সেই অশ্বমেধযজ্ঞ নিষ্পন্ন হইয়া গেলে, একক্রোশ উচ্চ শাস্ত্রোক্ত উত্তম খাদ্য ও পেয় বস্তুর তেরটা পর্ব্বত প্রস্তুত হইয়াছিল ॥৯॥

হৃষ্ট ও পরিপুষ্ট লোকে পরিপূর্ণ, নির্বিঘ্ন ও রোগশূন্য এই পৃথিবীটাকে দীর্ঘকাল ভোগ করিয়া শশবিন্দুরাজা স্বর্গে গমন করিয়াছিলেন ॥১০॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই শশবিন্দুরাজাও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না'। যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়রাজার নিকট বলিয়াছিলেন' ॥১১॥

---

(৯)···সর্ব্বতঃ ক্রোশমুচ্ছ্রিতাঃ···বর্দ্ধ। * '···ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

# অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

———(:*:)———

নারদ উবাচ।

গয়ঞ্চামূর্ত্তরয়সং মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যো বৈ বর্ষশতং রাজা হুতশিষ্টাশনোঽভবৎ ॥১॥
তস্মৈ হ্যগ্নির্বরং প্রাদাত্ততো বব্রে বরং গয়ঃ।
তপসা ব্রহ্মচর্য্যেণ ব্রতেন নিয়মেন চ ॥২॥
গুরূণাঞ্চ প্রসাদেন বেদানিচ্ছামি বেদিতুম্।
স্বধর্ম্মেণাবিহিংস্যান্যান্ ধনমিচ্ছামি চাক্ষয়ম্ ॥৩॥ (যুগ্মকম্)
বিপ্রেষু দদতশ্চৈব শ্রদ্ধা ভবতু নিত্যশঃ।
অনন্যাসু সবর্ণাসু পুত্রজন্ম চ মে ভবেৎ ॥৪॥

---

ভারতকৌমুদী

গয়মিতি। অমূর্ত্তরয়সোঽপত্যমিতি আমূর্ত্তরয়সস্তম্। হুতশিষ্টাশনো হোমাবশিষ্ট-ভোক্তা ॥১॥

তস্মা ইতি। নিয়মেন শৌচাদিনা। অবিহিংস্য অবিনাশ্য ॥২—৩॥

বিপ্রেষিতি। শ্রদ্ধা বিশ্বাসঃ। অনন্যাসু অন্যপরিণীতাভিন্নাসু ॥৪॥

ভারতভাবদীপঃ

গয়মিতি স্পষ্টার্থঃ ॥১—২০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! অমূর্ত্তরয়ার পুত্র গয়রাজাও মরিয়া গিয়াছেন শুনিয়াছি; যে রাজা একশত বৎসর যাবৎ কেবল হোমের অবশিষ্ট দ্রব্য ভক্ষণ করিয়া রহিয়াছিলেন ॥১॥

ক্রমে অগ্নিদেব প্রত্যক্ষ হইয়া তাঁহাকে বর দান করিতে চাহিলেন, তখন গয়ও বর গ্রহণ করিলেন যে, 'তপস্যা, ব্রহ্মচর্য্য, ব্রত, নিয়ম ও গুরুদের অনুগ্রহে আমি সমস্ত বেদ জানিতে ইচ্ছা করি এবং আপন ধর্ম্মে অন্যের হিংসা না করিয়া অক্ষয় ধন লাভ করিবার কামনা করি ॥২—৩॥

ব্রাহ্মণগণকে দান করিবার পক্ষে যেন সর্বদাই আমার শ্রদ্ধা থাকে এবং স্বকীয় সবর্ণা ভার্য্যাদের গর্ভেই যেন আমার পুত্র জন্মে ॥৪॥

(১) গয়ঞ্চামূর্ত্তরয়সম্···নি।

অন্নং মে দদতঃ শ্রদ্ধা ধর্ম্মে মে রমতাং মনঃ।
অবিঘ্নঞ্চাস্তু মে নিত্যং ধর্ম্মকার্য্যেষু পাবক! ॥৫॥
তথা ভবিষ্যতীত্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত।
গয়ো হ্যবাপ্য তৎসর্ব্বং ধর্ম্মেণারীনজীজয়ৎ ॥৬॥
স দর্শপৌর্ণমাসাভ্যাং কালেষ্বগ্রয়ণেষু চ।
চাতুর্মাস্যৈশ্চ বিবিধৈর্যজ্ঞৈশ্চাবাপ্তদক্ষিণৈঃ।
অযজচ্ছ্রদ্ধয়া রাজা পরিসংবৎসরান্ বহূন্ ॥৭॥
গবাং শতসহস্রাণি শতমশ্বশতানি চ।
শতং নিষ্কসহস্রাণি গবাঞ্চাপ্যযুতানি ষট্।
উত্থায়োত্থায় সংপ্রাদাৎ পরিসংবৎসরান্ শতম্ ॥৮॥
নক্ষত্রেষু চ সর্ব্বেষু দদন্নক্ষত্রদক্ষিণাঃ।
ঈজে চ বিবিধৈর্যজ্ঞৈর্যথা সোমোঽঙ্গিরাস্তথা ॥৯॥

ভারতকৌমুদী

অন্নমিতি। বিঘ্নস্যাভাবোঽবিঘ্নম্, অভাবার্থে অব্যয়ীভাবঃ। হে পাবক! অগ্নে! ॥৫॥
তথেতি। অন্তরধীয়ত অগ্নিরিত্যর্থাৎ। অজীজয়ৎ অজয়ৎ ॥৬॥
চাতুরিতি। অগ্রয়ণেষু নবশস্যপাকসম্বন্ধেষু, তত্র কর্ত্তব্যযজ্ঞৈরিত্যর্থঃ। চাতুর্মাস্যৈস্ত্রৈস্তৈঃ। অবাপ্তা ঋত্বিগ্‌ভির্লব্ধা দক্ষিণা যেষু তৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
গবামিতি। সংখ্যোক্তির্বহুমাত্রপরা। নিষ্কসহস্রাণি বহুস্বর্ণমুদ্রাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥
নক্ষত্রেষিতি। নক্ষত্রেষু অশ্বিন্যাদিষু, নক্ষত্রদক্ষিণা মুক্তাদক্ষিণাঃ ॥৯॥

আর অগ্নিদেব! অন্নদানে যেন আমার শ্রদ্ধা থাকে, ধর্ম্মে যেন আমার মন আসক্ত রহে এবং আমার ধর্ম্মকার্য্যে যেন কখনও কোন বিঘ্ন হয় না' ॥৫॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া অগ্নিদেব সেই স্থানেই অন্তর্হিত হইলেন। গয়রাজাও সেই সমস্ত পাইয়া ধর্ম্ম অনুসারেই শত্রুদিগকে জয় করিলেন ॥৬॥

ক্রমে তিনি দর্শযাগ, পৌর্ণমাসযাগ, নবশস্যেষ্টি, চাতুর্মাস্য এবং দক্ষিণাদান-পূর্ব্বক অন্যান্য নানাবিধ যজ্ঞদ্বারা শ্রদ্ধা সহকারে বহু বৎসর যাবৎ দেবপূজা করিলেন ॥৭॥

গয়রাজা শত বৎসর যাবৎ প্রত্যহ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া বহুলক্ষ ও ষাট হাজার গরু, দশ হাজার ঘোড়া এবং বহুলক্ষ মোহর দান করিতেন ॥৮॥

(৫)···ধর্ম্মে মে বসতাং মনঃ···পি। (৮)··যঃ প্রাদাৎ···পি। (৯)···যথা সোমোঽঙ্গিরা যথা—পি বা নি।

সৌবর্ণাং পৃথিবীং কৃত্বা য ইমাং মণিশর্করাম্ ।
বিপ্রেভ্যঃ প্রাদদদ্রাজা সোঽশ্বমেধে মহামখে ॥১০॥
জাম্বূনদময়া যূপাঃ সর্ব্বে রত্নপরিচ্ছদাঃ ।
গয়স্যাসন্ সমৃদ্ধাস্ত সর্ব্বভূতমনোহরাঃ ॥১১॥
সর্ব্বকামসমৃদ্ধাংশ্চ প্রাদাত্তাংশ্চ গয়স্তদা ।
ব্রাহ্মণেভ্যঃ প্রহৃষ্টেভ্যঃ সর্ব্বভূতেভ্য এব চ ॥১২॥
সসমুদ্রবনদ্বীপনদীনদসরঃসু চ ।
নগরেষু চ রাষ্ট্রেষু দিবি ব্যোম্নি চ যেঽবসন্ ॥১৩॥
ভূতগ্রামাশ্চ বিবিধা সুতৃপ্তা যজ্ঞসম্পদা ।
গয়স্য সদৃশো যজ্ঞো নাস্ত্যন্য ইতি তেঽব্রুবন্ ॥১৪॥ (যুগ্মকম্)
ষট্‌ত্রিংশদ্‌যোজনায়ামা ত্রিংশদ্‌যোজনমায়তা ।
পশ্চাৎ পুরশ্চতুর্বিংশদ্বেদী হ্যাসীদ্ধিরণ্ময়ী ॥১৫॥
গয়স্য যজমানস্য মুক্তাবজ্রমণিস্তৃতা ।
প্রাদাৎ স ব্রাহ্মণেভ্যোঽথ বাসাংস্যাভরণানি চ ॥১৬॥

ভারতকৌমুদী

সৌবর্ণামিতি। মণয় এব শর্করাঃ কঙ্করা যত্র তাম্ ॥১০॥
জাম্বূনদেতি। জাম্বূনদময়াঃ স্বর্ণময়াঃ। রত্নান্যেব পরিচ্ছদা ভূষণানি যেষাং তে ॥১১॥
সর্বেতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টপদার্থাঃ সর্বৈঃ কামৈঃ সমৃদ্ধাস্তান্ ॥১২॥
সেতি। দিবি স্বর্গে। ভূতগ্রামাঃ প্রাণিসমূহাঃ ॥১৩—১৪॥

গয়রাজা চন্দ্র ও অঙ্গিরার ন্যায় সমস্ত নক্ষত্রে মুক্তা দক্ষিণা দান করতঃ নানাবিধ যজ্ঞ করিতেন ॥৯॥

সেই যে গয়রাজা অশ্বমেধমহাযজ্ঞে মণির কাঁকরযুক্ত স্বর্ণময় পৃথিবী নির্ম্মাণ করিয়া তাহা ব্রাহ্মণগণকে দান করিতেন ॥১০॥

গয়রাজার যজ্ঞে সকল যূপই স্বর্ণময়, রত্নভূষিত, সমৃদ্ধ ও সমস্ত প্রাণীর মনোহর হইত ॥১১॥

এবং গয়রাজা যজ্ঞশেষে সর্ব্বাভীষ্টপূর্ণ সেই যূপগুলি আনন্দিত ব্রাহ্মণগণকে ও অন্য সকল জাতিকে দান করিতেন ॥১২॥

সমুদ্র, বন, দ্বীপ, নদী, নদ, জলাশয়, নগর, রাজ্য, স্বর্গ ও আকাশে যে সকল নানাবিধ প্রাণী বাস করিত, তাহারা গয়রাজার যজ্ঞসমৃদ্ধিতে অত্যন্ত তৃপ্তি লাভ করিয়া বলিত—'গয়রাজার যজ্ঞের তুল্য যজ্ঞ আর নাই' ॥১৩—১৪॥

(১৩)···নদীনদবনেষু চ··· পি বা নি।

যথোক্তা দক্ষিণাশ্চান্যা বিপ্রেভ্যো ভূরিদক্ষিণঃ।
যত্র ভোজনশিষ্টস্য পর্ব্বতাঃ পঞ্চবিংশতিঃ ॥১৭॥
কুল্যাশ্চ ক্ষীরবাহিন্যো রসানামভবংস্তদা।
বস্ত্রাভরণগন্ধানাং রাশয়শ্চ পৃথগ্‌বিধাঃ ॥১৮॥ (কলাপকম্)
যস্য প্রভাবাচ্চ গয়স্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
বটশ্চাক্ষয্যকরণঃ পুণ্যং ব্রহ্মসরশ্চ তৎ ॥১৯॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

ভারতকৌমুদী

ষড়িতি। ঈদৃশস্থলে যোজনপদং বিতস্তিপরমিত্যুক্তমাদিপর্ব্বণি। আয়ামো দৈর্ঘ্যম্। আয়তা বিস্তৃতা। পশ্চাদধঃ, পুরশ্চোর্দ্ধে, চতুর্বিংশদ্‌যোজনানি, হিরণ্ময়ী স্বর্ণময়ী। মুক্তাভির্বজ্রৈর্হীরকৈর্মণিভিশ্চ বৃতা আবৃতা। ভোজনশিষ্টস্য ভোজনাৎ পরমুদ্‌বৃত্তস্য খাদ্যস্যান্নাদেঃ। কুল্যাঃ ক্ষুদ্রাঃ কৃত্রিমাঃ সরিতঃ, ক্ষীরবাহিন্যো দুগ্ধধারিণ্যঃ, রসানামন্যতরলদ্রব্যাণাম্ ॥১৫—১৮॥

যস্যেতি। বটো বৃক্ষঃ, অক্ষয্যং করণং শরীরং যস্য সঃ, ব্রহ্মসরো নাম জলাশয়ঃ ॥১৯॥

স ইতি। বিবৃতমিদং প্রাক্ ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

---

যজ্ঞে প্রবৃত্ত গয়রাজার যজ্ঞবেদিটা অষ্টাদশহস্ত দীর্ঘ, পঞ্চদশহস্ত বিস্তৃত, দ্বাদশহস্ত উচ্চ ও স্বর্ণময়ী ছিল এবং তাহা মুক্তা, হীরক ও মণিদ্বারা আবৃত হইয়াছিল। প্রচুরদক্ষিণাদাতা গয়রাজা ব্রাহ্মণগণকে বস্ত্র, অলঙ্কার ও যথোক্ত দক্ষিণা দান করিয়াছিলেন। যে যজ্ঞে ভোজনাবশিষ্ট খাদ্য বস্তুর পঁচিশটা পর্ব্বত, দুগ্ধ ও অন্য তরলবস্তুর অনেক ক্ষুদ্র নদী এবং দানের অবশিষ্ট নানাবিধ বস্ত্র, অলঙ্কার ও গন্ধদ্রব্যের রাশি উদ্‌বৃত্ত ছিল ॥১৫—১৮॥

যাহার প্রভাবে গয়রাজা ত্রিভুবনে বিখ্যাত হইয়াছিলেন, সেই অক্ষয় বট এবং পবিত্র ব্রহ্মসরোবর দীর্ঘকাল বিদ্যমান ছিল ॥১৯॥

---

(১৭)···যথোক্তদক্ষিণাঃ···বঙ্গ বর্দ্ধ। (১৮) কুল্যাঃ ক্ষবরবাহিন্যঃ···পি বঙ্গ বর্দ্ধ। * '···চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ষা নি।

# ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

সাংকৃতিং রন্তিদেবঞ্চ মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যস্য দ্বিশতসাহস্রা আসন্ সূদা মহাত্মনঃ ॥১॥
গৃহানভ্যাগতান্ বিপ্রানতিথীন্ পরিবেশকাঃ।
পক্কাপক্কং দিবারাত্রমপর্য্যন্তং ধনং তদা ॥২॥
ন্যায়েনাধিগতং বিত্তং ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত।
বেদানধীত্য ধর্ম্মেণ যশ্চক্রে দ্বিষতো বশে ॥৩॥

ভারতকৌমুদী

সাংকৃতিমিতি। সম্যক্ কৃতং যেন স সংকৃতস্তস্যাপত্যং সাংকৃতিস্তম্। সূদাঃ পাচকাঃ ॥১॥
গৃহানিতি। অতিথীন্ প্রাপ্য। পক্কাপক্কং খাদ্যং দদুঃ। রাজা চ ধনং দদৌ ॥২॥
ন্যায়েনেতি। অধিগতমর্জ্জিতম্। অমন্যত দত্তত্বেনাঙ্গীকৃতবান্ ॥৩॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই গয়রাজাও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না।' যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়রাজার নিকট বলিয়াছিলেন' ॥২০॥

-•::•-

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! সংকৃতের পুত্র রন্তিদেবও মরিয়া গিয়াছেন শুনিয়াছি। যে মহাত্মার দুই লক্ষ পাচক ছিল ॥১॥

অতিথি ব্রাহ্মণেরা গৃহে আগমন করিলে, পরিবেশকেরা দিবারাত্র তাঁহাদিগকে পক্ক ও অপক্ক খাদ্য সকল দান করিত; রাজাও তখন তাঁহাদিগকে অসংখ্য ধন দান করিতেন ॥২॥

রন্তিদেব ন্যায়ার্জ্জিত ধন ব্রাহ্মণগণকে দান করিতেন। যিনি বেদ অধ্যয়ন করিয়া ধর্ম্ম অনুসারে শত্রুগণকে বশীভূত করিয়াছিলেন ॥৩॥

(২)···পক্কং পক্কং দিবারাত্রম্···নি।

উপস্থিতাশ্চ পশবঃ স্বয়ং যং শংসিতব্রতম্।
বহবঃ স্বর্গমিচ্ছন্তো বিধিবৎ সত্রযাজিনম্ ॥৪॥
নদী মহানসাদ্‌যস্য প্রবৃত্তা চর্ম্মরাশিতঃ।
তস্মাচ্চর্ম্মণ্বতী পূর্ব্বমগ্নিহোত্রাস্তবৎ পুরা ॥৫॥
ব্রাহ্মণেভ্যোঽদদন্নিষ্কান্ সৌবর্ণান্ স্বপ্রভাবতঃ।
তুভ্যং নিষ্কং তুভ্যং নিষ্কমিতি হ স্ম প্রভাষতে ॥৬॥
তুভ্যং তুভ্যমিতি প্রাদান্নিষ্কান্ শতসহস্রশঃ।
ততঃ পুনঃ সমাশ্বাস্য নিষ্কানেব প্রয়চ্ছতি ॥৭॥
অল্পং দত্তং ময়াদ্যেতি নিষ্ককোটিং প্রদায় সঃ।
একাহ্না দাস্যতি পুনঃ কোঽন্যস্তৎ সংপ্রদাস্যতি ॥৮॥

ভারতকৌমুদী

উপেতি। শংসিতব্রতং দৃঢ়ব্রতম্। সত্রযাজিনং যজ্ঞকারিণম্ ॥৪॥

নদীতি। মহানসাৎ পাকস্থানাৎ। চর্ম্মরাশিতো নিহতপশূনাম্। ভবৎ অভবৎ ॥৫॥

ব্রাহ্মণেভ্য ইতি। নিষ্কান্ মুদ্রাঃ। নিষ্কং দদানীতি শেষঃ। প্রভাষতে স্ম রাজা ॥৬॥

তুভ্যমিতি। সমাশ্বাস্য দানসমাপ্তিজ্ঞানেন বিষণ্ণানিতি শেষঃ ॥৭॥

অল্পমিতি। স রন্তিদেবঃ, একাহ্নৈব নিষ্ককোটিং প্রদায় অদ্য ময়া অল্পং দত্তমিতি বিভাব্য পুনরপি দাস্যতি দদৌ; অন্যঃ কস্তং তাদৃশং প্রদাস্যতি, কোঽপি নেত্যর্থঃ ॥৮॥

বহুতর পশু স্বর্গলাভ করিবার ইচ্ছা করিয়া যথাবিধানে যজ্ঞকারী ও দৃঢ়ব্রত যে রন্তিদেবের নিকট নিজেরাই উপস্থিত হইত ॥৪॥

যাঁহার পাকস্থানের চর্ম্মরাশি হইতে একটা (রক্তের) নদী উৎপন্ন হইয়াছিল। তাঁহার যজ্ঞশালার চর্ম্মরাশি হইতে উৎপন্ন হইয়াছিল বলিয়া সে নদীটার নাম হইয়াছিল—'চর্ম্মণ্বতী' ॥৫॥

রন্তিদেব ধনের প্রভাবে ব্রাহ্মণগণকে বহুতর স্বর্ণমুদ্রা দান করিতেন এবং 'আপনাকে স্বর্ণমুদ্রা দিতেছি, আপনাকে স্বর্ণমুদ্রা দিতেছি' এইরূপ বলিতেন ॥৬॥

তিনি—'আপনাকে দিতেছি আপনাকে দিতেছি' বলিয়া লক্ষ লক্ষ স্বর্ণমুদ্রা দান করিয়াছিলেন; পরে আবার প্রার্থীদিগকে আশ্বস্ত করিয়া তাহাদিগকে স্বর্ণমুদ্রাই দিতে থাকিতেন ॥৭॥

একদিনে এককোটি স্বর্ণমুদ্রা দান করিয়াও 'আজ আমি অল্প দান করিয়াছি' ইহা ভাবিয়া রন্তিদেব আরও দান করিতেন। সুতরাং অন্য কোন্ লোক এরূপ দান করিবে? ॥৮॥

(৮)…নিষ্ককোটিং সহস্রশঃ—বা নি, একাহ্না তাম্যন্তি ভক্তঃ কাশ্চ বিপ্রা ইতি ব্রুবন্—নি।

দ্বিজপাণিবিয়োগেন দুঃখং মে শাশ্বতং মহৎ।
ভবিষ্যতি ন সন্দেহ এবং রাজাদদদ্বসু ॥৯॥
সহস্রশশ্চ সৌবর্ণান্ বৃষভান্ গোশতানুগান্।
সাষ্টং শতং সুবর্ণানাং নিষ্কমাহুঃ পলং তথা ॥১০॥
অধ্যর্দ্ধমাসমদদদ্‌ব্রাহ্মণেভ্যঃ শতং সমাঃ।
অগ্নিহোত্রোপকরণং যজ্ঞোপকরণঞ্চ যৎ ॥১১॥
ঋষিভ্যঃ করকান্ কুম্ভান্ স্থালীপিঠরমেব চ।
শয়নাসনযানানি প্রাসাদাংশ্চ গৃহাণি চ ॥১২॥
বৃক্ষাংশ্চ বিবিধান্ দদ্যাৎ পর্ব্বতোপবনানি চ।
সর্ব্বং সৌবর্ণমেবাসীদ্রন্তিদেবস্য ধীমতঃ ॥১৩॥ (যুগ্মকম্)

---

## ভারতকৌমুদী

দ্বিজেতি। শাশ্বতং ধ্রুবম্। এবং চিন্তয়িত্বেতি শেষঃ। বসু ধনম্ ॥৯॥

সহস্রশ ইতি। বৃষভানদদদিত্যাম্বয়বৃত্তিঃ। উক্তং নিষ্কং লক্ষয়তি সাষ্টমিতি। সুবর্ণানাম্ অশীতিরক্তিকাপরিমিতস্বর্ণানাম্, "পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ" ইতি মনুনা পরিভাষিতত্বাৎ। পলং কর্ষচতুষ্টয়মপি নিষ্কমাহুঃ। তথাপদাৎ দীনাররূপমপি নিষ্কমাহুরিত্যর্থঃ। এবঞ্চ "সাষ্টে শতে সুবর্ণানাং হেম্ন্যুরোভূষণে পলে। দীনারেঽপি চ নিষ্কোঽস্ত্রী" ইত্যমরোক্তে-র্দীনাররূপত্বমপি ব্যাখ্যাত ইতি ন বিরোধঃ ॥১০॥

অধীতি। অধ্যর্দ্ধমাসম্ অর্দ্ধমাসাদধিকং কালম্। সমা বৎসরান্ ॥১১॥

ঋষিভ্য ইতি। করকান্ কমণ্ডলূন্। পিঠরং দর্বী, মন্থানো বা। শয়নং শয্যা। দদ্যাৎ দদাবিত্যর্থঃ। অথ করকাদিকং কিংভূতমিত্যাহ সর্ব্বমিতি ॥১২—১৩॥

---

'প্রার্থী ব্রাহ্মণের হস্তবিচ্ছেদে নিশ্চয়ই আমার গুরুতর দুঃখ হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ইহা ভাবিয়া রন্তিদেব ধন দান করিতেন ॥৯॥

তিনি শত শত গাভীর সহিত সহস্র সহস্র স্বর্ণবৃষ দান করিতেন। একশত আট সুবর্ণকে (মোহরকে), আট তোলা সোণাকে, কিংবা এক স্বর্ণমুদ্রাকে (এক মোহরকে) নিষ্ক বলে ॥১০॥

অগ্নিহোত্রের যে উপকরণ আছে এবং অন্যান্য যজ্ঞের যে সকল উপকরণ শাস্ত্রে বিহিত রহিয়াছে, রন্তিদেব তাহা শত বৎসর যাবৎ মাসের পনর দিনেরও বেশী কাল দান করিতেন ॥১১॥

কমণ্ডলু, কুম্ভ, স্থালী, দর্বী (হাতা), শয্যা, আসন, যান, প্রাসাদ, গৃহ,

---

(১৩)...সৌবর্ণমভাসীৎ...দি,...সৌবর্ণমপ্যাসীৎ...বঙ্গ বর্দ্ধ।

তত্রাস্য গাথা গায়ন্তি যে পুরাণবিদো জনাঃ।
রন্তিদেবস্য তাং দৃষ্ট্বা সমৃদ্ধিমতিমানুষীম্ ॥১৪॥
নৈতাদৃশং দৃষ্টপূর্ব্বং কুবেরসদনেষ্বপি।
ধনঞ্চ পূর্য্যমাণং নঃ কিং পুনর্মনুজেষ্বিতি।
ব্যক্তং বস্বোকসারেয়মিত্যূচুস্তত্র বিস্মিতাঃ ॥১৫॥
সাংকৃতে রন্তিদেবস্য যাং রাত্রিমতিথির্বসেৎ।
আলভ্যন্ত তদা গাবঃ সহস্রাণ্যেকবিংশতিঃ ॥১৬॥
তত্র স্ম সূদাঃ ক্রোশন্তি সুমৃষ্টমণিকুণ্ডলাঃ।
সূপং ভূয়িষ্ঠমশ্নীধ্বং নাদ্য মাংসং যথা পুরা ॥১৭॥

---

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র তদানীম্, গাথাঃ স্তুতিগীতানি ॥১৪॥

নেতি। পূর্য্যমাণং লোকৈভ্রিয়মাণম্, নঃ অস্মাকং মনুজেষু। ইয়ং রাজপুরী, বস্বোকাংসি স্বর্ণময়ভবনান্যেব সারাণি প্রধানানি যস্যাঃ সা। ওকসঃ সলোপ আর্ষঃ। "বসু হাটকে চ" ইতি বিশ্বঃ, "ওকঃ সদ্মাশ্রয়শ্চৌকাঃ" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

সাংকৃতেরিতি। সাংকৃতেঃ সংকৃতপুত্রস্য রন্তিদেবস্য ভবন ইতি শেষঃ। আলভ্যন্ত মাংসার্থমচ্ছিদ্যন্ত, গাবঃ পুরুষাঃ। "শ্রোত্রিয়ায়াভ্যাগতায় মহোক্ষং বা মহাজং বা নির্ব্বপন্তি গৃহমেধিনঃ" ইতি স্মৃতেঃ। এতচ্চাস্মাভিরুত্তররামচরিতটীকায়াং বহুধা বিমৃষ্টম্। কলৌ ত্বেতন্নিষিদ্ধম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সাঙ্কৃতিমিতি ॥১—৯॥ পারিভাষিকং নিষ্কমাহ সহস্রেণ ইতি ॥১০॥ অধ্যর্দ্ধমাসমিতি পক্ষে ইত্যর্থঃ। শতং সমা ইতি বাক্যশেষাৎ ॥১১—১৪॥ বস্বোকঃ সলোপঃ আর্ষঃ। কনকময়ানি ওকাংসি সারো যস্যাঃ সা তথা ॥১৫—২০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

---

নানাবিধ বৃক্ষ, পর্বত ও উদ্যান ঋষিদিগকে রন্তিদেব দান করিতেন। জ্ঞানী রন্তিদেবের সমস্ত দেয় বস্তুই স্বর্ণময় ছিল ॥১২—১৩॥

তৎকালে যে সকল পুরাণজ্ঞ লোক ছিলেন, তাঁহারা রন্তিদেবের সেই অলৌকিক সমৃদ্ধি দেখিয়া তাঁহার সম্বন্ধে এই স্তুতিগান করিতেন—॥১৪॥

'এইরূপ প্রচুর ধন আমরা পূর্ব্বে কুবেরের ভবনেও দেখি নাই ; তাহাতে আমাদের মানুষদের কথা আর কি বলিব। এই রাজবাড়ীতে সোণার ঘরই অধিক' বিস্ময়াপন্ন লোকেরা তখন স্পষ্টভাবে এই কথা বলিত ॥১৫॥

সংকৃতের পুত্র রন্তিদেবের গৃহে যে রাত্রিতে অতিথিরা আসিয়া বাস করিত, সে রাত্রিতে একবিংশতি সহস্র বৃষ ছেদন করা হইত ॥১৬॥

রন্তিদেবস্য যৎ কিঞ্চিৎ সুবর্ণমভবত্তদা।
তৎ সর্ব্বং বিততে যজ্ঞে ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত ॥১৮॥
প্রত্যক্ষং তস্য হব্যানি প্রতিগৃহ্ণন্তি দেবতাঃ।
কব্যানি পিতরঃ কালে সর্ব্বান্ কামান্ দ্বিজোত্তমাঃ ॥১৯॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

## ভারতকৌমুদী

তত্রেতি। সূদাঃ পাচকাঃ, ক্রোশন্তি অতিথীনুচ্চৈর্বদন্তি স্ম। সূপং দ্বিদলম্ ॥১৭॥
রন্তীতি। অভবদতিষ্ঠৎ। বিততে বিস্তৃতে। অমন্যত দেয়ত্বেনাঙ্গীকৃতবান্ ॥১৮॥
প্রত্যক্ষমিতি। হব্যানি পূজাদ্রব্যাণি। কব্যানি শ্রাদ্ধদ্রব্যাণি। কামান্ অভীষ্টপদার্থান্ ॥১৯॥
স ইতি। প্রাগ্ব্যাখ্যাতমেতৎ ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

---

তৎপরে তাঁহাদের ভোজনের সময়ে পরিমার্জ্জিতমণিকুণ্ডলধারী পাচকেরা উচ্চস্বরে বলিত—'আজ আপনারা অধিক পরিমাণে ডাল খান; কেন না, আজ পূর্ব্বের মত বেশী মাংস নাই' ॥১৭॥

তৎকালে রন্তিদেবের যে কিছু সুবর্ণ থাকিত, সে সমস্তই তিনি আরব্ধ যজ্ঞে ব্রাহ্মণদিগকে দান করিবার জন্য অঙ্গীকার করিতেন ॥১৮॥

দেবতারা আসিয়া প্রত্যক্ষভাবে রন্তিদেবের পূজাদ্রব্য গ্রহণ করিতেন, পিতৃলোকেরাও আগমন করিয়া সাক্ষাৎ ভাবে তাঁহার শ্রাদ্ধীয় দ্রব্য লইতেন এবং ব্রাহ্মণেরাও তাঁহার নিকট হইতে সমস্ত অভীষ্ট বস্তু লাভ করিতেন ॥১৯॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই রাজা রন্তিদেবও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না'। যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়-রাজার নিকট বলিয়াছিলেন' ॥২০॥

*পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

# ষষ্টিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

দৌষ্মন্তিং ভরতঞ্চাপি মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
কর্ম্মাণ্যসুকরাণ্যন্যৈঃ কৃতবান্ যঃ শিশুর্বনে ॥১॥
হিমাবদাতান্ যঃ সিংহান্ নখদংষ্ট্রায়ুধান্ বলী।
নির্বীর্য্যাংস্তরসা কৃত্বা বিচকর্ষ ববন্ধ চ ॥২॥
ক্রূরাংশ্চোগ্রবলান্ ব্যাঘ্রান্ দমিত্বা চাকরোদ্বশে।
মনঃশিলা ইব শিলাঃ সংযুক্তা জতুরাশিভিঃ ॥৩॥
ব্যালাদীংশ্চাতিবলবান্ তৎপ্রতীপান্ গজানপি।
দংষ্ট্রাসু গৃহ্যাধিরুহ্য শুষ্কাস্যানকরোদ্বশে ॥৪॥

ভারতকৌমুদী

দৌষ্মন্তিমিতি। দুষ্মন্তস্যাপত্যং পুত্র ইতি দৌষ্মন্তিস্তম্। অসুকরাণি দুষ্করাণি ॥১॥

হিমেতি। হিমাবদাতান্ তুষারবৎ শুভ্রবর্ণান্। নখা দংষ্ট্রা দন্তা এব চ আয়ুধানি অস্ত্রাণি যেষাং তান্। তরসা বলেন। শাকুন্তলনাটকসপ্তমাঙ্কে কালিদাসোঽপ্যেবং বর্ণিতবান্ ॥২॥

ক্রূরানিতি। মনঃশিলা ইব বৃহতীরিত্যর্থঃ, শিলা উদতোলয়দিতি শেষঃ ॥৩॥

ব্যালেতি। ব্যালাদীন্ বৃহৎসর্পাদীন্ জন্তূন্, তস্য ভরতস্য প্রতীপান্ প্রতিকূলান্ ॥৪॥

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! দুষ্মন্তের পুত্র ভরতও মরিয়া গিয়াছেন শুনিয়াছি। যিনি শৈশব অবস্থাতেই বনে যাইয়া অন্যের দুষ্কর কার্য্য সকল করিতেন ॥১॥

যে বলবান্ ভরত—হিমের ন্যায় শুভ্রবর্ণ এবং নখ ও দন্তরূপ অস্ত্রশালী সিংহগণকে বলপূর্ব্বক দুর্ব্বল করিয়া আকর্ষণ করিতেন এবং বন্ধন করিয়া রাখিতেন ॥২॥

যিনি, হিংস্রস্বভাব ও ভীষণবলশালী ব্যাঘ্রগণকে দমন করিয়া বশীভূত করিতেন এবং মনঃশিলার ন্যায় বৃহৎ ও লাক্ষাপুঞ্জযুক্ত প্রস্তর সকল উত্তোলন করিতেন ॥৩॥

(২) হিমবত্যাগতান্...পি। (৩) সংপৃক্তা জতুরাশিভিঃ—পি,...মনঃশিলাসমাযুক্তান্ সংপৃক্তান্ ধাতুরাশিভিঃ—বা। (৪)...তান্ প্রতীপান্...শুষ্কাস্যানকরোদ্বলাৎ—পি,...সুপ্রতীকান্...দংষ্ট্রাসু গৃহ্য বিমুখান্ শুষ্কাস্যান্...বা।

মহিষানপ্যতিবলশ্চকর্ষ বলিনো বনে।
সিংহানাঞ্চ সুদৃপ্তানাং শতান্যদময়দ্বলাৎ ॥৫॥
বলিনঃ সৃমরান্ খড়্গান্ নানাসত্ত্বানি চাপ্যুত।
কৃচ্ছ্রপ্রাণান্ বনে বদ্ধা দময়িত্বা ব্যপাসৃজৎ ॥৬॥
তং সর্বদমনেত্যাহুর্দ্বিজাস্তেনাস্য কর্ম্মণা।
তং প্রত্যষেধজ্জননী মা সত্ত্বানি ব্যনীনশঃ ॥৭॥
সোঽশ্বমেধশতেনেষ্ট্বা যমুনামনু বীর্য্যবান্।
ত্রিংশতোঽন্যান্ সরস্বত্যাং গঙ্গামনু চতুঃশতান্ ॥৮॥
সোঽশ্বমেধসহস্রেণ রাজসূয়শতেন চ।
পুনরীজে মহাযজ্ঞৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মহিষানিতি। চকর্ষ শৃঙ্গয়োর্গৃহীত্বেতি ভাবঃ। সুদৃপ্তানামতিদর্পযুক্তানাম্ ॥৫॥

বলিন ইতি। সৃমরান্ বিশালহরিণবিশেষান্, খড়্গান্ গণ্ডকান্, নানাসত্ত্বানি অপরানপি বিশালজন্তূন্। কৃচ্ছ্রাঃ কষ্টেন রক্ষ্যাঃ প্রাণা যেষাং তান্। ব্যপাসৃজৎ অত্যজৎ ॥৬॥

তমিতি। জননী শকুন্তলা, সত্ত্বানি জন্তূন্, মা ব্যনীনশঃ ন বিনাশয় ॥৭॥

ভারতভাবদীপঃ

দৌষ্মন্তিমিতি ॥১—২॥ ক্রূরানিতি যথা মনঃশিলাময়াঃ শিলা জতুরাশিভির্লাক্ষাপুঞ্জৈর্যুক্তাস্তৎসদৃশান্ রক্তবিন্দুযুক্তান্ রক্তপীতবর্ণান্ ব্যাঘ্রবিশেষান্ বশেঽকরোদিত্যর্থঃ

অতিবলবান্ যে ভরত, নিজের প্রতিকূল ও শুষ্কবদন বৃহৎ সর্পপ্রভৃতিকে কিংবা হস্তিগণকে দন্তে ধারণপূর্ব্বক পৃষ্ঠে আরোহণ করিয়া বশীভূত করিতেন ॥৪॥

অত্যন্ত বলবান্ যে ভরত বনে যাইয়া বলবান্ মহিষগণকেও আকর্ষণ করিতেন এবং বলপূর্বক গর্বিত সিংহদিগকেও দমন করিতেন ॥৫॥

যিনি বনে যাইয়া বলবান্ সৃমর (বৃহৎ হরিণবিশেষ), গণ্ডার ও নানাবিধ জন্তুকে দমন ও বন্ধন করিয়া কষ্টরক্ষ্যপ্রাণ অবস্থায় ছাড়িয়া দিতেন ॥৬॥

ভরতের সেই সকল কার্য্য দেখিয়া ব্রাহ্মণেরা তাঁহাকে 'সর্ব্বদমন' বলিতেন। কিন্তু জননী শকুন্তলা তাঁহাকে নিষেধ করিয়াছিলেন যে, 'তুমি জন্তুগণকে বিনাশ করিও না' ॥৭॥

(৫)…শতান্যাকর্ষয়দ্বলাৎ—বা নি। (৬)…কৃচ্ছ্রপ্রাণং গলে বদ্ধা…বঙ্গ বর্দ্ধ। (৭) তং সর্ব্বদমনেত্যাহুঃ খ্যাতস্তেন স কর্ম্মণা…মা সত্ত্বানি বিজীজহি—পি,…মা সত্ত্বানি বিজীজহি—বা বঙ্গ বর্দ্ধ। (৮) অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যামিষ্ট্বা বিশ্বজিতা অপি।
বাজপেয়সহস্রাণাং সহস্রৈশ্চ সুসংবৃতৈঃ ॥১০॥
ইষ্ট্বা শাকুন্তলো রাজা তর্পয়িত্বা দ্বিজান্ ধনৈঃ।
সহস্রং যত্র পদ্মানাং কণ্বায় ভরতো দদৌ।
জাম্বূনদস্য শুদ্ধস্য কনকস্য মহাযশাঃ ॥১১॥ (যুগ্মকম্)
যস্য যূপঃ শতব্যামঃ পরিণাহে চ কাঞ্চনঃ।
সমাগম্য দ্বিজৈঃ সার্দ্ধং সেন্দ্রৈর্দেবৈঃ সমুচ্ছ্রিতঃ ॥১২॥
অলঙ্কৃতান্ রাজমানান্ সর্ব্বরত্নৈর্মনোহরৈঃ।
হৈরণ্যান্ দ্বিরদানশ্বান্ রথানুষ্ট্রানজাবিকান্ ॥১৩॥

---

ভারতকৌমুদী

স ইতি। অনু লক্ষীকৃত্য যমুনাতীর ইত্যর্থঃ। এবমগ্রত্র। অন্যান্ অশ্বমেধানেব। ঈজে যজনং চকার। সমাপ্তা ঋত্বিগ্‌ভিঃ সম্যক্ প্রাপ্তা বরা উত্তমা দক্ষিণা যেষু তৈঃ ॥৮—৯॥

অগ্নীতি। অগ্নিষ্টোমাদীনি যাগনামানি। সুসংবৃতৈঃ সুরক্ষিতৈঃ। শাকুন্তলঃ শকুন্তলায়াঃ পুত্রো ভরতঃ। পদ্মানাং সংখ্যানাম্, কণ্বায় ঋষয়ে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০—১১॥

যস্যেতি। পরিণাহে বিশালতায়াম্, শতং ব্যামাঃ পরিমাণানি যস্য সঃ। "পরিণাহো বিশালতা" ইতি "ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্" ইতিচামরঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

॥৩—৫॥ কৃচ্ছ্রপ্রাণং সঙ্কটগতং যথা স্যাৎ তথা বদ্ধা ॥৬॥ মা বিভীজহি মা হিংসীঃ ॥৭—১১॥ ব্যামো হস্তচতুষ্টয়ম্, পরিণাহেন দৈর্ঘ্যেণ ॥১২—১৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

কালক্রমে বলবান্ ভরতরাজা যমুনাতীরে একশত, সরস্বতীতীরে ত্রিশ এবং গঙ্গাতীরে চারি শত অশ্বমেধযজ্ঞ করিয়া পুনরায় সহস্র অশ্বমেধ, শত বাজপেয় এবং উত্তমদক্ষিণাযুক্ত অন্যান্য অনেক মহাযজ্ঞও করিয়াছিলেন ॥৮—৯॥

শকুন্তলানন্দন মহাযশা ভরতরাজা অগ্নিষ্টোম, অতিরাত্র, বিশ্বজিৎ এবং সুরক্ষিত অনেক সহস্র বাজপেয় যজ্ঞ করিয়া, ধনদ্বারা ব্রাহ্মণগণের তৃপ্তিসাধন পূর্ব্বক যে সকল যজ্ঞে মহর্ষি কণ্বকে জম্বূনদীজাত বিশুদ্ধ স্বর্ণের সহস্র পদ্ম দান করিয়াছিলেন ॥১০—১১॥

ইন্দ্রের সহিত দেবতারা ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া যাঁহার যজ্ঞে শত ব্যাম দীর্ঘ স্বর্ণময় যূপ উত্তোলন করিতেন ॥১২॥

---

(১০)···উক্থ্যা বিশ্বজিতা অপি···বঙ্গ বর্দ্ধ। (১১)···সহস্রং যত্র কন্যানাং···পি। (১২)···পরিণাহেন···বা। (১৩) বলকৃতান্···মনোরত্নৈঃ···পি, অলকৃতান্ ভ্রাজমানান্···বর্দ্ধ।

দাসীদাসং ধনং ধান্যং গাঃ সবৎসাঃ পয়স্বিনীঃ।
গ্রামান্ গৃহাণি ক্ষেত্রাণি বিবিধাংশ্চ পরিচ্ছদান্ ॥১৪॥
কোটিশতাযুতাংশ্চৈব ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত।
চক্রবর্ত্তী হ্যদীনাত্মা জিতারিরজিতঃ পরৈঃ ॥১৫॥ (বিশেষকম্)
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

অলঙ্কৃতানিতি। হৈরণ্যান্ স্বর্ণময়ান্, দ্বিরদান্ গজান্। অজাবিকান্ ছাগমেষান্। পয়স্বিনীর্দুগ্ধবতীঃ। কোটীতি বহুত্বমাত্রপরম্। চক্রবর্ত্তী সার্বভৌমঃ, অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥১৩—১৫॥

স ইতি। ব্যাখ্যানমস্য পূর্বং দ্রষ্টব্যম্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

শত্রুবিজয়ী, অথ চ শত্রুকর্ত্তৃক অবিজিত, অকাতরচিত্ত ও সম্রাট্ ভরতরাজা ব্রাহ্মণগণকে মনোহর সমস্ত রত্নে অলঙ্কৃত স্বর্ণময় বহুতর হস্তী, অশ্ব, রথ, উষ্ট্র, ছাগ ও মেষ এবং দাসী, দাস, ধন, ধান্য, দুগ্ধবতী সবৎসা গাভী, গ্রাম, গৃহ, ক্ষেত্র ও নানাবিধ পরিচ্ছদ দান করিয়াছিলেন ॥১৩—১৫॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা' অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই ভরতরাজাও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না।' যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়রাজার নিকট বলিয়াছিলেন' ॥১৬॥

———•:::•-

(১৪)···গ্রামান্ গৃহাংশ্চ···বা নি। * '···ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '···অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

# একষষ্টিতমোঽধ্যায়ঃ।

-:-•-:-

নারদ উবাচ।

পৃথুঞ্চ বৈণ্যং রাজানং মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যমভ্যষিঞ্চন্ সাম্রাজ্যে রাজসূয়ে মহর্ষয়ঃ ॥১॥
যত্নতঃ প্রথিতেত্যূচুঃ সর্ব্বানভিভবন্ পৃথুঃ।
ক্ষতাদস্ত্রাস্যতে সর্ব্বানিত্যেবং ক্ষত্রিয়োঽভবৎ ॥২॥
পৃথুং বৈণ্যং প্রজা দৃষ্ট্বা রক্তাঃ স্মেতি যদব্রুবন্।
ততো রাজেতি নামাস্য অনুরাগাদজায়ত ॥৩॥
অকৃষ্টপচ্যা পৃথিবী আসীদ্বৈণ্যস্য কামধুক্।
সর্ব্বাঃ কুম্ভদুহো গাবঃ পুটকে পুটকে মধু ॥৪॥

ভারতকৌমুদী

পৃথুমিতি। বৈণ্যং বেণরাজপুত্রম্। রাজসূয়ে যজ্ঞে কৃতে সতি ॥১॥

যত্নত ইতি। স যত্নতঃ সর্ব্বান্ বীরানভিভবন্ প্রথিতো মহাবীরত্বেন খ্যাতোঽভবদিতি হেতোঃ সর্ব্বে তং পৃথুরিত্যূচুঃ। প্রথিতেতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। কিঞ্চ অয়ং সর্ব্বান্ নঃ অস্মান্ ক্ষতাৎ পরেষামবদারণাৎ, ত্রাস্যতে রক্ষিষ্যতি, ইত্যেবং হেতোঃ স ক্ষত্রিয়োঽভবৎ। অতএব "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ" ইতি রঘৌ কালিদাসঃ, "স ক্ষত্রিয়স্ত্রাণসহঃ সতাং যঃ" ইতি কিরাতে ভারবিশ্চ ॥২॥

পৃথুমিতি। রক্তাঃ ত্বয্যনুরক্তাঃ। অতএব রঘৌ "রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ইত্যুক্তম্ ॥৩॥

---

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! বেণরাজার পুত্র পৃথুরাজাও মরিয়া গিয়াছেন শুনিয়াছি। রাজসূয়যজ্ঞ সম্পন্ন হইলে, মহর্ষিরা যাঁহাকে সাম্রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন ॥১॥

তিনি যত্নপূর্ব্বক সমস্ত বীরকে পরাভূত করিয়া মহাবীর বলিয়া প্রথিত হইয়াছিলেন। তাই সকলে তাঁহাকে 'পৃথু' বলিত। আর 'ইনি আমাদের সকলকে আঘাত হইতে রক্ষা করিবেন' এইরূপ সম্ভাবনাকারী লোকদিগের মধ্যে 'ক্ষত্রিয়' বলিয়াও বিখ্যাত হইয়াছিলেন ॥২॥

প্রজারা বেণনন্দন পৃথুকে দেখিয়া যে হেতু বলিত—'আমরা আপনার প্রতি অনুরক্ত আছি' তাহাদের সেই অনুরাগহেতু তাঁহার 'রাজা-'নামও হইয়াছিল ॥৩॥

আসন্ হিরণ্ময়া দর্ভাঃ সুখস্পর্শাঃ সুখাবহাঃ।
তেষাং চীরাণি সংবীতাঃ প্রজাস্তেম্বেব শেরতে ॥৫॥
ফলান্যমৃতকল্পানি স্বাদূনি চ মৃদূনি চ।
তাসামাসীত্তদাহারো নিরাহারাশ্চ নাভবন্ ॥৬॥
অরোগাঃ সর্ব্বসিদ্ধার্থা মনুষ্যা হ্যকুতোভয়াঃ।
ন্যবসন্ত যথাকামং বৃক্ষেষু চ গুহাসু চ ॥৭॥
প্রবিভাগো ন রাষ্ট্রাণাং পুরাণাঞ্চাভবত্তদা।
যথাসুখং যথাকামং তথৈব মুদিতাঃ প্রজাঃ ॥৮॥

---

## ভারতকৌমুদী

অকৃষ্টেতি। কৃষ্টে পচ্যতে শস্যং পরিণম্যত ইতি কৃষ্টপচ্যা, "কৃষ্টপচ্যকুপ্যে সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ। ন কৃষ্টপচ্যা অকৃষ্টপচ্যা কর্ষণাদ্যভাবেঽপি শস্যোৎপাদিনীত্যর্থঃ। কামান্ ইষ্টান্ পদার্থান্ দোগ্ধি আবিষ্কৃত্য দদাতীতি কামধুক্। কুম্ভেষু দুহন্তীতি কুম্ভদুহঃ দুগ্ধেন কুম্ভপরিপূরণকারিণ্য আসন্। তথা পুটকে পুটকে প্রতিচক্রে মধু চাসীৎ। পৃথুভাগ্যাদিতি সর্ব্বত্র ভাবঃ ॥৪॥

আসন্নিতি। হিরণ্ময়াঃ স্বর্ণময়াঃ, দর্ভা কুশাঃ। চীরাণি কৌপীনানি বসনানি বা, সংবীতাঃ কর্ত্তরি ক্তঃ, পরিদধানা ইত্যর্থঃ। তেষ্বেব দর্ভেষু শেরতে স্ম, সুখস্পর্শত্বাৎ ॥৫॥

ফলানীতি। ফলানি তরূণাম্। তাসাং প্রজানাম্ ॥৬॥

অরোগা ইতি। বৃক্ষেষু তন্মূলেষু গুহাসু চ ন্যবসন্ত, তদানীমপি গৃহনির্ম্মাণব্যবহারাভাবাৎ ॥৭॥

প্রেতি। রাষ্ট্রাণাং প্রবিভাগো নাভবৎ, রাজান্তরাভাবাৎ। পুরাণামপি তথৈব ॥৮॥

---

পৃথুর সময়ে কর্ষণ না করিলেও ভূমিতে শস্য জন্মিত, ভূমি সকলের অভীষ্ট বস্তু দান করিত, গো সকল কুম্ভ পূরণ করিয়া দুধ দিত এবং প্রত্যেক চাকে মধু হইত ॥৪॥

কুশ সকল স্বর্ণময়, সুখস্পর্শ ও সুখজনক ছিল; প্রজারা তাহারই বস্ত্র পরিধান ও তাহাতেই শয়ন করিত ॥৫॥

বৃক্ষে অমৃততুল্য সুস্বাদু ও কোমল ফল জন্মিত, প্রজারা তাহাই ভক্ষণ করিত; কিন্তু কেহই অনাহারে থাকিত না ॥৬॥

তৎকালের মনুষ্যেরা নীরোগ, সিদ্ধকাম ও অকুতোভয় হইয়া ইচ্ছানুসারে বৃক্ষমূলে ও গুহাতে বাস করিত ॥৭॥

তখন রাজ্য বা নগরের বিভাগ ছিল না এবং প্রজারাও অনায়াসে ও যথেচ্ছভাবে আমোদ লাভ করিত ॥৮॥

তস্য সংস্তম্ভিতা হ্যাপঃ সমুদ্রমভিযাস্যতঃ।
পর্ব্বতাশ্চ দদুর্মার্গং ধ্বজভঙ্গশ্চ নাভবৎ ॥৯॥
তং বনস্পতয়ঃ শৈলা দেবাসুরনরোরগাঃ।
সপ্তর্ষয়ঃ পুণ্যজনা গন্ধর্ব্বাপ্সরসোঽপি চ ॥১০॥
পিতরশ্চ সুখাসীনমভিগম্যেদমব্রুবন্।
সম্রাড়সি ক্ষত্রিয়োঽসি রাজা গোপ্তা পিতাসি নঃ ॥১১॥ (যুগ্মকম্)
দেহ্যস্মভ্যং মহারাজ! প্রভুঃ সন্নীপ্সিতান্ বরান্।
যৈর্ব্বয়ং শাশ্বতীস্তৃপ্তীর্বর্ত্তয়িষ্যামহে সুখম্ ॥১২॥
তথেত্যুক্ত্বা পৃথুর্বৈণ্যো গৃহীত্বাজগবং ধনুঃ।
শরাংশ্চাপ্রতিমান্ ঘোরান্ চিন্তয়িত্বাব্রবীন্মহীম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। আপঃ সমুদ্রস্যৈব জলানি। ধ্বজভঙ্গো বৃক্ষশাখাদিনা রথধ্বজভঙ্গঃ ॥৯॥
তমিতি। পুণ্যজনা রাক্ষসা। গোপ্তা রক্ষিতা। অতএব চ পিতাসি ॥১০—১১॥
দেহীতি। শাশ্বতীশ্চিরস্থনীঃ, বর্ত্তয়িষ্যামহে প্রাপ্স্যামঃ ॥১২॥
তথেতি। আজগবং শিবধনুস্তত্তুল্যমিত্যর্থঃ। পৃথিব্যা ভয়প্রদর্শনায়েতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

পৃথুমিতি ॥১॥ প্রথিতা পৃথ্বী অনেনেতি পৃথুরিত্যর্থঃ ॥২—৪॥ তেষাং দর্ভাণামেব চীরাণি বল্কলানি, যৈঃ প্রজাঃ সংবীতাস্তেষব পরিধানীয়ানি শয়নানি চেত্যর্থঃ ॥৫—৮॥ ধ্বজভঙ্গস্তোরণা-

---

পৃথু যখন সমুদ্রের দিকে যাইতেন, তখন তাহার জল স্তম্ভিত হইয়া থাকিত, পর্ব্বতেরা তাঁহার যাইবার পথ দিত এবং বৃক্ষশাখাপ্রভৃতিতে লগ্ন হইয়াও তাঁহার রথধ্বজ ভগ্ন হইত না ॥৯॥

একদা পৃথু সুখে উপবিষ্ট ছিলেন, সেই সময়ে বৃক্ষ, পর্ব্বত, দেবতা, অসুর, মানুষ, সর্প, সপ্তর্ষি, রাক্ষস, গন্ধর্ব্ব, অপ্সরা ও পিতৃলোকেরা তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—'আপনি সম্রাট্, ক্ষত্রিয়, রাজা ও রক্ষক। সুতরাং আপনি আমাদের পিতৃস্বরূপ ॥১০—১১॥

আর মহারাজ! আপনি প্রভাবশালীও বটেন। অতএব আপনি আমাদিগকে অভীষ্ট বর দান করুন, যাহাতে আমরা অনায়াসে চিরস্থায়ী তৃপ্তি লাভ করিতে পারি' ॥১২॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া বেণনন্দন পৃথু শিবের ধনুর তুল্য একখানা

---

(১০)...দেবাসুরমহোরগাঃ...বর্দ্ধ।

এহ্যেহি বসুধে ! ক্ষিপ্রং ক্ষরৈভ্যঃ কাঙ্ক্ষিতং পয়ঃ ।
ততো দাস্যামি ভদ্রং তে অন্নং যস্য যথেপ্সিতম্ ॥১৪॥

বসুধোবাচ ।

দুহিতৃত্বেন মাং বীর ! সঙ্কল্পয়িতুমর্হসি ।
তথেত্যুক্ত্বা পৃথুঃ সর্ব্বং বিধানমকরোদ্বশী ।
ততো ভূতনিকায়াস্তে বসুধাং দুদুহুস্তদা ॥১৫॥
তাং বনস্পতয়ঃ পূর্ব্বং সমুত্তস্থুর্দুধুক্ষবঃ ।
সাতিষ্ঠৎ বৎসলা বৎসং দোগ্ধৄন্ পাত্রাণি চেচ্ছতী ॥১৬॥
বৎসোঽভূৎ পুষ্পিতঃ শালঃ প্লক্ষো দোগ্ধাভবত্তদা ।
ছিন্নপ্ররোহণং দুগ্ধং পাত্রমৌডুম্বরং শুভম্ ॥১৭॥

ভারতকৌমুদী

এহীতি। ক্ষর আত্মনো নিঃসারয়। তথাত্বে চ তে তবাপি ভদ্রং ভবেদিতি শেষঃ ॥১৪॥ দুহিতৃত্বেনেতি। বশী স্বাধীনঃ। ভূতনিকায়া ভূতসমূহাঃ। বসুধাং গোরূপামিত্যর্থঃ। দোহনমন্ত্রাদিসর্গে সমালোচনাপূর্ব্বকং সর্ব্বেষামভীষ্টবস্তূৎপাদনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥ তামিতি। বনস্পতয়ো বৃক্ষাঃ। দুধুক্ষবো দোগ্ধুমিচ্ছবঃ। বৎসলা প্রজাসু সস্নেহা ॥১৬॥

ভারতভাবদীপঃ

দিনা ॥৯—১৫॥ দোগ্ধেতিবৎ বৎসোঽপি দেব এব প্রিয়ং দুগ্ধং পাত্রমপ্যর্থাদাত্মন এবেতি কল্প্যং গ্রন্থান্তরাদা বৎসপাত্রে জ্ঞেয়ে। এবমগ্রত্রাপি ॥১৬—৩২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

---

ধনু এবং অতুলনীয় ভয়ঙ্কর কতকগুলি বাণ ধারণপূর্ব্বক একটু চিন্তা করিয়া পৃথিবীকে বলিলেন—॥১৩॥

'পৃথিবি ! সত্বর আগমন কর সত্বর আগমন কর; তুমি ইঁহাদের জন্য নিজের অঙ্গ হইতে অভীষ্ট দুগ্ধ (বস্তু) নিঃসারণ কর। তৎপরে যাহার যাহা অভীষ্ট বস্তু, তাহা তাহাকে আমি দান করিব; তাহাতে তোমারও মঙ্গল হইবে' ॥১৪॥

পৃথিবী বলিলেন—'বীর ! আপনি আমাকে কন্যা বলিয়া কল্পনা করিতে পারেন'। 'তাহাই হউক' এই কথা বলিয়া স্বাধীন পৃথুরাজা সমস্ত ব্যবস্থা করিলেন। তৎপরে তখনই ভূতসমূহ পৃথিবীকে দোহন করিবার সঙ্কল্প করিল ॥১৫॥

প্রথমে বৃক্ষেরা পৃথিবীকে দোহন করিবার জন্য উঠিল; তখন প্রজাবৎসলা পৃথিবীও বৎস, দোহনকর্ত্তা ও পাত্রের অপেক্ষায় রহিলেন ॥১৬॥

উদয়ঃ পর্ব্বতো বৎসো মেরুর্দোগ্ধা মহাগিরিঃ।
রত্নান্যোষধয়ো দুগ্ধং পাত্রমশ্মময়ং তথা ॥১৮॥
দেবানামভবদ্বৎসঃ পাত্রমিন্দ্রো হিরণ্ময়ম্।
দোগ্ধা চ সবিতা দেবো দুগ্ধমূর্জস্করং প্রিয়ম্ ॥১৯॥
অসুরা দুদুহুর্মায়ামামপাত্রে তু বৈ তদা।
দোগ্ধা দ্বিমূর্দ্ধা তত্রাসীদ্বৎসশ্চাসীদ্বিরোচনঃ ॥২০॥
কৃষিঞ্চ শস্যঞ্চ নরা দুদুহুঃ পৃথিবীতলে।
স্বায়ম্ভুবো মনুর্বৎসস্তেষাং দোগ্ধাঽভবৎ পৃথুঃ ॥২১॥

ভারতকৌমুদী

বৎস ইতি। ছিন্নস্য স্বগাত্রস্য প্ররোহণং পুনরুৎপত্তিঃ ॥১৭॥

উদয় ইতি। অশ্মময়ং পাষাণময়ম্। "বৎসশ্চ হিমবানাসীদ্দোগ্ধা মেরুর্মহাগিরিঃ" ইতি মল্লিনাথধৃতপুরাণান্তরপ্রামাণ্যাত্তু কালিদাসেন কুমারসম্ভবে "যং সর্ব্বশৈলাঃ পরিকল্প্য বৎসম্" ইত্যাদিনা হিমাদ্রের্বৎসকরণমভিহিতম্। অয়ং বিরোধশ্চ কল্পভেদে ব্যবস্থাভেদাঙ্গীকারাৎ পরিহার্য্যঃ ॥১৮॥

দেবানামিতি। ইন্দ্রো বৎসঃ পাত্রঞ্চ হিরণ্ময়ং স্বর্ণময়মভবদিতি সম্বন্ধঃ। সবিতা সূর্য্যঃ। ঊর্জস্করং তেজোজনকং প্রিয়ঞ্চ ঘৃতসোমরসাদিকম্ ॥১৯॥

অসুরা ইতি। মায়াং কূটকৌশলম্, আমপাত্রে অপক্বমৃদ্ভাণ্ডে ॥২০॥

---

তৎকালে বৃক্ষগণের মধ্যে পুষ্পবান্ শালবৃক্ষ হইল—বৎস, পাকুড়-(লতা-পাকুড়) বৃক্ষ হইল—দোহনকর্ত্তা, ছিন্নগাত্রের পুনরায় উৎপত্তি হইল—দুগ্ধ এবং মঙ্গলময় উডুম্বরবৃক্ষ (যজ্ঞডুমুরগাছ) হইল—দোহনের পাত্র ॥১৭॥

পর্বতগণের মধ্যে উদয়পর্বত হইল—বৎস, মহাপর্বত সুমেরু হইল—দোগ্ধা, রত্ন ও ওষধি (লতা) সকল হইল—দুগ্ধ এবং পাত্র হইল—পাষাণময় ॥১৮॥

দেবগণের মধ্যে ইন্দ্র হইলেন—বৎস, সূর্য্যদেব হইলেন—দোগ্ধা, তেজস্কর ও প্রিয় বস্তু সকল (ঘৃত ও সোমরসপ্রভৃতি) হইল—দুগ্ধ এবং পাত্র হইল—স্বর্ণময় ॥১৯॥

অসুরগণের মধ্যে বিরোচন হইলেন—বৎস, দ্বিমূর্দ্ধা হইলেন—দোগ্ধা, মায়া হইল—দুগ্ধ এবং অপক্ব মৃত্তিকাভাণ্ড হইল—পাত্র ॥২০॥

---

(১৯) পূর্বার্দ্ধং নি ব দ ব ঙ নাস্তি। 'দেবানাং বৎস ইন্দ্রোঽভূৎ পাত্রং দারুময়ং তথা' নি।
(২০) অসুরা দুদুহুর্মত্তমরুৎপাত্রে তু তে তদা...বা, অসুরা দুদুহুর্মায়ামরুৎপাত্রে তু তাং তদা...নি।

অলাবুপাত্রে চ তথা বিষং দুগ্ধা বসুন্ধরা।
ধৃতরাষ্ট্রোঽভবদ্দোগ্ধা তেষাং বৎসস্তু তক্ষকঃ ॥২২॥
সপ্তর্ষিভির্ব্রহ্ম দুগ্ধা ততশ্চাক্লিষ্টকর্ম্মভিঃ।
দোগ্ধা বৃহস্পতিঃ পাত্রং ছন্দো বৎসস্তু সোমরাট্ ॥২৩॥
অন্তর্দ্ধানঞ্চামপাত্রে দুগ্ধা পুণ্যজনৈর্বিরাট্।
দোগ্ধা বৈশ্রবণস্তেষাং বৎস আসীদ্বৃষধ্বজঃ ॥২৪॥
পুণ্যং গন্ধং পদ্মপাত্রে গন্ধর্ব্বাপ্সরসোঽদুহন্।
বৎসশ্চিত্ররথস্তেষাং দোগ্ধা বিশ্বরুচিঃ প্রভুঃ ॥২৫॥
স্বধাং রজতপাত্রেষু দুদুহুঃ পিতরশ্চ তাম্।
বৎসো বৈবস্বতস্তেষাং যমো দোগ্ধান্তকস্তথা ॥২৬॥

ভারতকৌমুদী

কৃষিমিতি। কৃষিং কার্পাসাদিম্, শস্যং ধান্যাদিকম্ ॥২১॥

অলাব্বিতি। "কর্ম্মণ্যপ্রধানে দুহাদিভ্যঃ" ইত্যপ্রধানকর্ম্মণো বসুন্ধরায়া উক্ততা ॥২২॥

সপ্তর্ষিভিরিতি। ব্রহ্ম বেদম্, দুগ্ধা বসুন্ধরেত্যনুবৃত্তিঃ। ছন্দো গায়ত্র্যাদি ॥২৩॥

অন্তরিতি। পুণ্যজনৈ রাক্ষসৈঃ, বিরাট্ যক্ষরাট্, বৈশ্রবণঃ কুবেরঃ ॥২৪॥

পুণ্যমিতি। অদুহন্ পৃথিবীমেব। প্রভুর্গন্ধর্ব্বাধিপতিঃ ॥২৫॥

স্বধামিতি। স্বধামন্নম্, "স্বধা বৈ পিতৄণামন্নম্" ইতি শ্রুতেঃ। চতুর্দ্দশানাং যমানাং মধ্যে বৈবস্বতো নাম যমো বৎসঃ, অন্তকো নাম যমশ্চ দোগ্ধাভবদিত্যর্থঃ ॥২৬॥

---

মনুষ্যগণের মধ্যে স্বায়ম্ভুবমনু হইলেন—বৎস, পৃথুরাজা হইলেন—দোগ্ধা, কৃষি ও শস্য হইল—দুগ্ধ এবং ভূতল হইল—পাত্র ॥২১॥

সর্পগণের মধ্যে তক্ষক হইলেন—বৎস, ধৃতরাষ্ট্র হইলেন—দোগ্ধা, বিষ হইল—দুগ্ধ এবং পাত্র হইল—অলাবু (লাউ) ॥২২॥

সপ্তর্ষিগণের মধ্যে সোমরাজ হইলেন—বৎস, বৃহস্পতি হইলেন—দোগ্ধা, বেদ হইল—দুগ্ধ, আর ছন্দ হইল—পাত্র ॥২৩॥

রাক্ষসগণের মধ্যে বৃষধ্বজ হইলেন—বৎস, যক্ষরাজ কুবের হইলেন—দোগ্ধা, অন্তর্দ্ধান হইল—দুগ্ধ এবং অপক্ব মৃত্তিকাভাণ্ড হইল—পাত্র ॥২৪॥

গন্ধর্ব্ব ও অপ্সরাদের মধ্যে চিত্ররথ হইলেন—বৎস, গন্ধর্ব্বরাজ বিশ্বরুচি হইলেন—দোগ্ধা, পবিত্র গন্ধ হইল—দুগ্ধ, পদ্মপত্র হইল—পাত্র ॥২৫॥

(২৫) পুণ্যগন্ধান্ পদ্মপাত্রে···পি বা নি। (২৬) স্বধাং রজতপাত্রেণ ··পি।

এবং নিকায়ৈস্তৈর্দুগ্ধা পয়োঽভীষ্টানি সা বিরাট্।
যৈর্বর্ত্তয়ন্তি তে হ্যস্ত পাত্রৈর্ব্বৎসৈশ্চ নিত্যশঃ ॥২৭॥
স যজ্ঞৈর্বিবিধৈরিষ্ট্বা পৃথুর্ব্বৈণ্যঃ প্রতাপবান্।
সন্তর্পয়িত্বা ভূতানি সর্ব্বৈঃ কামৈর্মনঃপ্রিয়ৈঃ ॥২৮॥
হৈরণ্যানকরোদ্রাজা যে কেচিৎ পার্থিবা ভুবি।
তান্ ব্রাহ্মণেভ্যঃ প্রায়চ্ছদশ্বমেধে মহামখে ॥২৯॥ (যুগ্মকম্)
ষষ্টিং নাগসহস্রাণি ষষ্টিং নাগশতানি চ।
সৌবর্ণানকরোদ্রাজা ব্রাহ্মণেভ্যশ্চ তান্ দদৌ ॥৩০॥
হৈমাঞ্চ পৃথিবীং সর্ব্বাং মণিরত্নবিভূষিতাম্।
সৌবর্ণীমকরোদ্রাজা ব্রাহ্মণেভ্যশ্চ তাং দদৌ ॥৩১॥

ভারতকৌমুদী

এবমিতি। তৈর্নিকায়ৈর্ভূতসমূহৈঃ, বিরাট্ বিশালা, সা পৃথিবী, পয়াংসি দুগ্ধানি তত্তৎপাণীতার্থঃ অভীষ্টানি বস্তূনি, দুগ্ধা নিঃসারিতা। অদ্যাপি তে বনস্পত্যাদয়ঃ, যৈর্বস্তুভিঃ, পাত্রৈর্বৎসৈশ্চ সহ, নিত্যশঃ সর্ব্বদা, বর্ত্তয়ন্তি জীবিকাং নির্ব্বাহয়ন্তি ॥২৭॥

স ইতি। ইষ্ট্বা যজনং কৃত্বা। ভূতানি প্রাণিনঃ। হৈরণ্যান্ স্বর্ণময়ান্ ॥২৮—২৯॥

ষষ্টিমিতি। নাগানাং হস্তিনাং সহস্রাণি। সৌবর্ণানিতি তানিতি চ পুংস্ত্বমার্ষম্ ॥৩০॥

হৈমামিতি। সৌবর্ণীং স্বর্ণময়ীম্ ॥৩১॥

পিতৃগণের মধ্যে বৈবস্বতযম হইলেন—বৎস, অন্তকযম হইলেন—দোগ্ধা, স্বধা (শ্রাদ্ধীয় অন্ন) হইল—দুগ্ধ, আর পাত্র হইল—রৌপ্যময় ॥২৬॥

এইভাবে সেই ভূতসমূহ গোরূপা সেই বিশালা পৃথিবীর নিকট হইতে দুগ্ধস্বরূপ আপন আপন অভীষ্ট বস্তু সকল সংগ্রহ করিয়া লইল। অদ্যাপি তাহারা যে বস্তুসমূহদ্বারা সেই সকল পাত্র ও বৎসগণের সহিত জীবিকানির্ব্বাহ করিতেছে ॥২৭॥

প্রতাপশালী বেণনন্দন পৃথুরাজা নানাবিধ যজ্ঞ সম্পাদনপূর্ব্বক মনের প্রীতিজনক সমস্ত অভীষ্ট বস্তুদ্বারা সমস্ত ভূতকে পরিতৃপ্ত করিয়া—পৃথিবীতে যে সকল পার্থিব পদার্থ আছে, সেগুলির স্বর্ণময়ী প্রতিমূর্ত্তি করিলেন; পরে সে সকল অশ্বমেধমহাযজ্ঞে ব্রাহ্মণদিগকে দান করিলেন ॥২৮—২৯॥

ক্রমে পৃথুরাজা স্বর্ণদ্বারা ষষ্টিসহস্র হস্তী নির্ম্মাণ করিলেন এবং সেগুলিও ব্রাহ্মণগণকে দান করিলেন ॥৩০॥

আবার তিনি স্বর্ণদ্বারা এই সমগ্র পৃথিবীটার প্রতিমূর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক সেটাকে মণি ও রত্নদ্বারা ভূষিত করিয়া ব্রাহ্মণদিগকে দান করিলেন ॥৩১॥

স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— *** ——

## দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

——(:*:)——

নারদ উবাচ।

রামো মহাতপাঃ শূরো বীরলোকনমস্কৃতঃ।
জামদগ্ন্যোঽপ্যতিযশা অবিতৃপ্তো মরিষ্যতি ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। পূর্ব্বকৃতং বিবরণং দ্রষ্টব্যম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

অথ বিদ্যমানা অপি তাদৃশা মরিষ্যন্তোবেত্যাহ রাম ইতি। অবিতৃপ্তঃ সাংসারিকসুখৈরপূর্ণাকাঙ্ক্ষ এব মরিষ্যতি, "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ" ইত্যুক্তেস্তথা দর্শনাচ্চেতি ভাবঃ। নন্বু রামস্য ব্রাহ্মণস্য রাজত্বাভাবাৎ কথং ষোড়শরাজিকোপাখ্যানমধ্যে তচ্চরিতাভিধানমিতি চেন্ন রাজত্বস্যাত্র ভূস্বামিমাত্ররূপতয়া বিবক্ষিতত্বাৎ রামস্য চ পৃথিবীজয়েন সর্ব্বাতিশায়িভূস্বামিত্বাৎ জয়স্য চ স্বামিত্বাপাদকত্বাৎ "সপ্ত বিত্তাগমা ধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ" ইতি মনুনাভিধানাৎ ॥১॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই পৃথুরাজাও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না'। যুধিষ্ঠির! নারদ এই কথা সৃঞ্জয়রাজার নিকট বলিয়াছিলেন' ॥৩২॥

* '...সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা স্না নি। (১)... শূরো বীরো লোকনমস্কৃতঃ...নি।

যঃ সায়মনুপর্য্যেতি ভূমিং কুর্ব্বন্নিমাং সুখাম্।
ন চাসীদ্বিক্রিয়া যস্য প্রাপ্য শ্রিয়মনুত্তমাম্ ॥২॥
যঃ ক্ষত্রিয়ৈঃ পরামৃষ্টে বৎসে পিতরি চাব্রুবন্।
ততোঽবধীৎ কার্ত্তবীর্য্যমজিতং সমরে পরৈঃ ॥৩॥
ক্ষত্রিয়াণাং চতুঃষষ্টিমযুতানি সহস্রশঃ।
তদা মৃত্যোঃ সমেতানি একৈকং ধনুষাজয়ৎ ॥৪॥
ব্রহ্মদ্বিষাঞ্চাথ তস্মিন্ সহস্রাণি চতুর্দ্দশ।
পুনরন্যানি জগ্রাহ দন্তকূরং জঘান সঃ ॥৫॥
সহস্রং মুষলেনাহন্ সহস্রমসিনাবধীৎ।
উদ্বন্ধনাৎ সহস্রঞ্চ সহস্রমুদকে ধৃতম্ ॥৬॥

## ভারতকৌমুদী

য ইতি। সায়ং কালে, অনুপর্য্যেতি আশ্রমমাগচ্ছতি। বিক্রিয়া গর্ব্বঃ ॥২॥

য ইতি। ক্ষত্রিয়ৈঃ কার্ত্তবীর্য্যানুচরৈঃ, পরামৃষ্টে বলাদ্‌গৃহীতে, বৎসে গোশাবকে, পিতরি জমদগ্নৌ চ পরামৃষ্টে বলান্নিহতে, অব্রুবন্ কঞ্চিদপ্যপৃচ্ছন্ ॥৩॥

ক্ষত্রিয়াণামিতি। মৃত্যোঃ সমীপং সমেতানি, রামসমীপাগমনাদেবেতি ভাবঃ ॥৪॥

ব্রহ্মেতি। ব্রহ্মদ্বিষাং বেদদ্বেষিণাম্। জগ্রাহ জয়েন বশীচকার, দন্তকূরং তদ্দেশরাজম্ ॥৫॥

সহস্রমিতি। উদ্বন্ধনাৎ উদ্বন্ধনং বিধায়। ল্যব্‌লোপে পঞ্চমী। ধৃতং ক্ষিপ্তম্ ॥৬॥

---

নারদ বলিলেন—'মহাতপা, বীর, সর্ববীরনমস্কৃত ও মহাযশা জমদগ্নিনন্দন রামও অপরিতৃপ্ত অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হইবেন ॥১॥

যিনি এই দেশকে সুখময় করিয়া সন্ধ্যাকালে আশ্রমে আগমন করেন এবং অসাধারণ ঐশ্বর্য্য লাভ করাতেও যাঁহার কোনই বিকার হয় নাই ॥২॥

কার্ত্তবীর্য্যার্জ্জুনের সৈন্যেরা বলপূর্ব্বক গোবৎসটী হরণ করিয়া পিতা জমদগ্নিকে বধ করিলে, যিনি কাহারও নিকট কিছু জিজ্ঞাসা না করিয়াই যুদ্ধে শত্রুগণকর্ত্তৃক অবিজিত কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বধ করিয়াছিলেন ॥৩॥

তখন ছয় লক্ষ চল্লিশ হাজার ক্ষত্রিয়কে এবং মৃত্যুর নিকট উপস্থিত অন্য সহস্র সহস্র ক্ষত্রিয়ের এক এক জনকে ধনুর্দ্বারা যিনি জয় করিয়াছিলেন ॥৪॥

তাহার পর আবার তিনি—বেদবিদ্বেষী চতুর্দ্দশ সহস্র যোদ্ধাকে বশীভূত এবং দন্তকূরদেশের রাজাকে বধ করিয়াছিলেন ॥৫॥

---

(৫)…পুনরন্যান্ নিজগ্রাহ…বা নি। (৬) সহস্রং মুষলেনাহন্…সহস্রঞ্চ হৈহয়াঃ সমরে হতাঃ—পি বন বর্ধ,…সহস্রমুদকে কৃতম্—নি।

সরথাশ্বগজা বীরা নিহতাস্তত্র শেরতে।
পিতুর্বধামর্ষিতেন জামদগ্ন্যেন ধীমতা ॥৭॥
নিজঘ্নে দশ সাহস্রান্ রামঃ পরশুনা তদা।
নহ্যমৃষ্যত তা বাচো যাস্তৈর্ভৃশমুদীরিতাঃ ॥৮॥
ভৃগো! রামাভিধাবেতি যদাক্রন্দন্ দ্বিজোত্তমাঃ।
ততঃ কাশ্মীরদরদান্-কুন্তিক্ষুদ্রকমালবান্ ॥৯॥
অঙ্গবঙ্গকলিঙ্গাংশ্চ বিদেহাংস্তাম্রলিপ্তকান্।
রক্ষোবাহান্ বীতিহোত্রান্ ত্রিগর্ত্তান্ মার্ত্তিকাবতান্ ॥১০॥
শিবীনন্যাংশ্চ রাজন্যান্ দেশাদ্দেশাৎ সহস্রশঃ।
নিজঘান শিতৈর্ব্বাণৈর্জামদগ্ন্যঃ প্রতাপবান্ ॥১১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। পিতুর্জমদগ্নেঃ, বধেন অমর্ষিতঃ ক্রুদ্ধস্তেন ॥৭॥

নিজঘ্ন ইতি। অমৃষ্যত অসহত, বাচঃ সগর্বাঃ ॥৮॥

ভৃগো ইতি। হে ভৃগো! ভৃগুবংশীয়!। আক্রন্দন্ কাতরভাবেনাহ্বয়ন্। ততস্তদা। কাশ্মীরাদিদেশবাসিন ইত্যর্থঃ। মার্ত্তিকাবতান্ শাল্বাপরপর্য্যায়ান্। শিতৈঃ সুধারৈঃ ॥৯—১১॥

ক্রমে তিনি মুষলদ্বারা সহস্র বীরকে এবং তরবারিদ্বারা সহস্র যোদ্ধাকে সংহার করিলেন; আর উদ্বন্ধন করিয়া সহস্রকে এবং জলে নিক্ষেপ করিয়া সহস্রকে বধ করিলেন ॥৬॥

পিতৃবধনিবন্ধন ক্রুদ্ধ বুদ্ধিমান্ পরশুরাম হস্তী, অশ্ব ও রথের সহিত বহু বীরকে নিহত করিলে, তাঁহারা সমরভূমিতে শয়ন করিলেন ॥৭॥

তখন রাম পরশুদ্বারা দশ সহস্র বীরকে সংহার করিলেন। কারণ, তাঁহারা অত্যন্ত গর্ব্ববশতঃ যে সকল কথা বলিয়াছিলেন, তাহা তিনি সহ্য করিতে পারেন নাই ॥৮॥

'ভৃগুনন্দন! রাম! এই দিকে ধাবিত হউন' এইরূপ কাতরভাবে যখন সেই সেই দেশের ব্রাহ্মণেরা ডাকিয়াছিলেন, তখন প্রতাপশালী রাম সুধার বাণসমূহদ্বারা কাশ্মীর, দরদ, কুন্তি, ক্ষুদ্রক, মালব, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, বিদেহ, তাম্রলিপ্ত, রক্ষোবাহ, বীতিহোত্র, ত্রিগর্ত্ত, মার্ত্তিকাবত ও শিবিদেশবাসী এবং অন্যান্যদেশবাসী সহস্র সহস্র ক্ষত্রিয়কে বধ করিয়াছিলেন ॥৯—১১॥

---

(১০)...তাম্রলিপ্তকান্...পি বর্দ্ধ।

কোটীশতসহস্রাণি ক্ষত্রিয়াণাং সহস্রশঃ।
ইন্দ্রগোপকবর্ণস্য বন্ধুজীবনিভস্য চ ॥১২॥
রুধিরস্য পরীবাহৈঃ পূরয়িত্বা সরাংসি চ।
সর্ব্বানষ্টাদশদ্বীপান্ বশমানীয় ভার্গবঃ ॥১৩॥
ঈজে ক্রতুশতৈঃ পুণ্যৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
বেদীমষ্টনলোৎসেধাং সৌবর্ণাং বিধিনির্ম্মিতাম্ ॥১৪॥
সর্ব্বরত্নশতৈঃ পূর্ণাং পতাকাশতমালিনীম্।
গ্রাম্যারণ্যৈঃ পশুগণৈঃ সংপূর্ণাঞ্চ মহীমিমাম্ ॥১৫॥
ততঃ শতসহস্রাণি গজেন্দ্রান্ হেমভূষিতান্।
রামস্য জামদগ্ন্যস্য প্রতিজগ্রাহ কশ্যপঃ ॥১৬॥ (কুলকম্)
নির্দস্যুং পৃথিবীং কৃত্বা শিষ্টেষ্টজনসঙ্কুলাম্।
কশ্যপায় দদৌ রামো হয়মেধে মহামখে ॥১৭॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ।
ইষ্ট্বা ক্রতুশতৈর্বীরো ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত ॥১৮॥

ভারতকৌমুদী

কোটীতি। ক্ষত্রিয়াণাং কোটীশতসহস্রাণি নিজঘানেত্যনুবৃত্তিঃ। ইন্দ্রগোপকো রক্তবর্ণঃ কীটবিশেষঃ, বন্ধুজীবমপি রক্তবর্ণং পুষ্পম্। পরীবাহৈঃ প্রবাহৈঃ। ভার্গবো রামঃ। ঈজে যজনং চকার। সমাপ্তা শেষং নীতা বরা উত্তমা দক্ষিণা যেষাং তৈঃ। নলো হস্তপঞ্চকরূপঃ পরিমাণবিশেষঃ। অষ্টনলোচ্চামিত্যর্থঃ। গ্রাম্যাঃ পশবো গবাদয়ঃ আরণ্যাশ্চ হরিণাদয়ঃ। শতসহস্রাণি লক্ষসংখ্যকান্। রামস্য সকাশাৎ ॥১২—১৬॥

নিরিতি। শিষ্টৈঃ শাস্ত্রানুসারিভিঃ ইষ্টৈঃ প্রিয়ৈশ্চ জনৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্ ॥১৭॥

পরে পরশুরাম আরও বহুতর ক্ষত্রিয় বিনাশ করিয়াছিলেন। তদনন্তর তিনি—ইন্দ্রগোপকীট ও বন্ধুজীবপুষ্পের ন্যায় রক্তবর্ণ রুধিরপ্রবাহদ্বারা অনেক সরোবর পূর্ণ করিয়া সমস্ত অষ্টাদশ দ্বীপ বশে আনয়নপূর্ব্বক উত্তম দক্ষিণাযুক্ত বহুতর পুণ্যজনক যজ্ঞ করেন। সেই যজ্ঞে, যথাবিধানে নির্ম্মিত, সমস্ত রত্নে পরিপূর্ণ, বহুপতাকাযুক্ত এবং অষ্টনল উচ্চ সুবর্ণময় বেদী, গ্রাম্য ও বন্য পশুগণে পরিপূর্ণ এই পৃথিবী এবং স্বর্ণভূষণে ভূষিত লক্ষসংখ্যক হস্তী পরশুরামের নিকট হইতে কশ্যপ গ্রহণ করেন ॥১২—১৬॥

পরশুরাম পৃথিবীটাকে দস্যুবিহীন করিয়া অশ্বমেধমহাযজ্ঞে শিষ্ট ও ইষ্ট-লোকে পরিপূর্ণ সেই পৃথিবীটা কশ্যপকে দান করেন ॥১৭॥

(১৩) রুধিরস্য পরীবাহান্...পি বব বর্দ্ধ।

সপ্তদ্বীপাং বসুমতীং মারীচোঽগৃহ্নত দ্বিজঃ।
রামং প্রোবাচ নির্গচ্ছ বসুধাতো মমাজ্ঞয়া ॥১৯॥
স কশ্যপস্য বচনাৎ প্রোৎসার্য্য সরিতাং পতিম্।
ইষুপাতে যুধাং শ্রেষ্ঠঃ কুর্ব্বন্ ব্রাহ্মণশাসনম্।
অধ্যাবসদ্গিরিশ্রেষ্ঠং মহেন্দ্রং পর্বতোত্তমম্ ॥২০॥
এবং গুণশতৈর্যুক্তো ভৃগূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
জামদগ্ন্যোঽপ্যতিযশা মরিষ্যতি মহাদ্যুতিঃ ॥২১॥
ত্বয়া চতুর্ভদ্রতরঃ পুত্রাৎ পুণ্যতরস্তব।
অযজ্বানমদাক্ষিণ্যং মা পুত্রমনুতপ্যথাঃ ॥২২॥ (যুগ্মকম্)

---

ভারতকৌমুদী

ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারান্। "বারস্য সংখ্যায়াঃ কৃত্বস্" ইতি কৃত্বস্ ॥১৮॥

সপ্তেতি। মারীচো মরীচিপুত্রঃ কশ্যপঃ। নির্গচ্ছ নিবৃত্তিমার্গাবলম্বনায়েতি ভাবঃ ॥১৯॥

স ইতি। যুধাং শ্রেষ্ঠঃ, চিরং ব্রাহ্মণশাসনং কুর্বংশ্চ স রামঃ, কশ্যপস্য বচনাৎ, ইষুপাতে বাণক্ষেপপর্য্যন্তে দেশে, সরিতাং পতিং সমুদ্রম্, প্রোৎসার্য্য তপোবলেনাপসার্য্য, তথাত্বে চ সুগমমিতি ভাবঃ, গিরিশ্রেষ্ঠং তপঃস্থানতয়া পূজ্যশ্রেষ্ঠম্, "পূজ্যোঽপি গিরিরস্ত্ববৎ" ইতি বিশ্বঃ, এবঞ্চ ন পুনরুক্তিদোষঃ, পর্ব্বতোত্তমং মহেন্দ্রম্, অধ্যাবসৎ তপশ্চরণার্থমধ্যতিষ্ঠৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

এবমিতি। মরিষ্যতি, চিরজীবিত্বেঽপি "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ" ইত্যুক্তেস্তথা দর্শনাচ্চেত্যাশয়ঃ। ত্বয়া ত্বদপেক্ষয়া, চতুর্ষু যাগবেদপাঠদানতপঃসু ভদ্রতরঃ প্রধানতরঃ। অন্যৎ পূর্বং ব্যাখ্যাতম্ ॥২১—২২॥

---

প্রভাবশালী মহাবীর পরশুরাম পৃথিবীটাকে একুশ বার নিঃক্ষত্রিয় করিয়া এবং বহু যজ্ঞের অনুষ্ঠান করিয়া সেই পৃথিবীকে ব্রাহ্মণদের বলিয়া স্বীকার করেন ॥১৮॥

মরীচিনন্দন কশ্যপ রামের নিকট হইতে সপ্তদ্বীপা পৃথিবী গ্রহণ করিলেন এবং রামকে বলিলেন—'তুমি আমার আদেশে আমার এই পৃথিবী হইতে চলিয়া যাও' ॥১৯॥

চিরকাল ব্রাহ্মণের আদেশরক্ষক ও যোদ্ধৃশ্রেষ্ঠ পরশুরাম তখন কশ্যপের বাক্য অনুসারে যোগবলে সমুদ্রকে বাণক্ষেপপর্য্যন্ত দেশে সরাইয়া দিয়া প্রধান তপস্যার স্থান ও পর্ব্বতোত্তম মহেন্দ্রপর্ব্বতে যাইয়া বাস করিতে লাগিলেন ॥২০॥

মহারাজ সৃঞ্জয়! এইরূপ বহুগুণসম্পন্ন, ভৃগুবংশের কীর্ত্তিবর্দ্ধক, মহাযশা, মহাতেজা, আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং

এতে চতুর্ভদ্রতরাস্ত্বয়া তত্রশতাধিকাঃ।
মৃতা নরবরশ্রেষ্ঠা মরিষ্যন্তি চ সৃঞ্জয়! ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

## ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

পুণ্যমাখ্যানমায়ুষ্যং শ্রুত্বা ষোড়শরাজিকম্।
অব্যাহরন্ নরপতিস্তূষ্ণীমাসীৎ স সৃঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

এত ইতি। অষ্টৈর্ভদ্রশতৈস্তাধিকাঃ। মরিষ্যন্তি চাপর ইতি শেষঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং নারদোক্তং ষোড়শরাজিকমুপাখ্যানং সমাপ্য যুধিষ্ঠিরং প্রতি ব্যাস উবাচ পুণ্যমিতি। আয়ুষ্যমায়ুর্জ্জনকম্। মরুত্তপ্রভৃতিভিঃ ষোড়শভিঃ রাজভিঃ সংসৃষ্টমিতি ষোড়শরাজিকম্। অব্যাহরন্ কিমপি ন ব্রুবন্, তূষ্ণীং নীরবঃ, শোকাপগমে বিষয়ান্তরানবতারাদিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ †

পুণ্যমাখ্যানমিতি ॥১—২৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩॥

---

আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই পরশুরামও মৃত্যুমুখে পতিত হইবেন। সুতরাং অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিবেন না ॥২১—২২॥

সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং অন্যান্য শতগুণেও অধিক এই নরশ্রেষ্ঠেরা মরিয়া গিয়াছেন; আবার অন্যান্য নরশ্রেষ্ঠেরাও মরিবেন' ॥২৩॥

---

* '...অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '...সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব্য নি। (১)... ষোড়শরাজকম্...নি।

† ইতঃ পরং নীলকণ্ঠকৃতটীকা ইথমেব নোপলভ্যতে, তত্র ঈদৃশমপি ন লেখ্যম্।

তমব্রবীত্তথাসীনং নারদো ভগবানৃষিঃ।
শ্রুতং কীর্ত্তয়তো মহ্যং গৃহীতং তে মহাদ্যুতে! ॥২॥
আহোস্বিদন্ততো নষ্টং শ্রাদ্ধং শূদ্রাপতাবিব।
স এবমুক্তঃ প্রত্যাহ সৃঞ্জয়ঃ প্রাঞ্জলিস্তদা ॥৩॥
পুত্রশোকাপহং শ্রুত্বা ধন্যমাখ্যানমুত্তমম্।
রাজর্ষীণাং পুরাণানাং যজ্বনাং দক্ষিণাবতাম্ ॥৪॥
বিস্ময়েন হৃতে শোকে তমসীবার্কতেজসা।
বিপাপ্মাস্ম্যব্যথোপেতো ব্রূহি কিং করবাণ্যহম্ ॥৫॥ (যুগ্মকম্)

নারদ উবাচ।

দিষ্ট্যাপহৃতশোকস্ত্বং বৃণীষ্বেহ যদিচ্ছসি।
তত্তৎ প্রপৎস্যসে সর্ব্বং ন মৃষাবাদিনো বয়ম্ ॥৬॥

ভারতকৌমুদী

তমিতি। মহ্যং মম, তে ত্বয়া। শ্রুতং গৃহীতমিতি কাকা প্রশ্নো ব্যজ্যতে ॥২॥
আহোস্বিদিতি। অন্তত একান্ততঃ, নষ্টং নিষ্ফলং জাতম্, শূদ্রাপতৌ ব্রাহ্মণে কৃতম্ ॥৩॥
পুত্রেতি। যজ্বনাং বিধিনা কৃতযজ্ঞানাম্। তমসি অন্ধকারে। বিপাপ্মা নিষ্পাপঃ ॥৪—৫॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, অপহৃতশোকঃ তত্তদুপাখ্যানশ্রবণেনৈব ॥৬॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির! সৃঞ্জয়রাজা নারদের নিকট পুণ্যজনক ও আয়ুষ্কর ষোড়শ রাজার উপাখ্যান শুনিয়া কিছু না বলিয়া নীরবই রহিলেন ॥১॥

তখন ভগবান্ দেবর্ষি নারদ সেইভাবে উপবিষ্ট সৃঞ্জয়রাজাকে বলিলেন—'মহাতেজা রাজা! আমি ত বলিলাম, আপনি শুনিলেন এবং গ্রহণ করিলেন কি? ॥২॥

না—শূদ্রাপতি ব্রাহ্মণের হস্তে কৃত শ্রাদ্ধ যেমন নিষ্ফল হইয়া যায়, সেইরূপ আমার কথাগুলি একেবারে নিষ্ফল হইয়া গিয়াছে?' নারদ এইরূপ বলিলে, তখন সৃঞ্জয়রাজা কৃতাঞ্জলি হইয়া বলিলেন—॥৩॥

অথ কৃষ্ণো যদি পাণ্ডবানাং মবিরুদ্ধাং মতিং জনয়েদিত্যাহ কৃষ্ণ ইতি। সংজহ্যাৎ সন্ত্যজেৎ। তদন্বয়াঃ কৃষ্ণৈকবংশীয়াঃ। তে বীরাঃ পাণ্ডবাঃ। ধর্ম্মেণ সংহিতং যুক্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

ইতীতি। হে সূত! সারথিবংশীয় সঞ্জয়! পুত্রং দুর্য্যোধনম্। পর্য্যয়াদবস্থাতঃ ॥৩৭॥

বৃকোদরেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ। সৌমকিঃ সোমকপুত্রঃ। চৈদ্যশ্চেদিরাজো ধৃষ্টকেতুঃ। কাশ্যস্য কাশীরাজস্য। যমৌ নকুলসহদেবৌ। জিজীবিষুর্জীবিতুমিচ্ছুঃ ॥৩৮-৪১॥

কৃষ্ণ ধর্ম্মত্যাগ করিবেন না, তাঁহার বংশীয় সমস্ত লোকও ধর্ম্মত্যাগ করিবে না। আবার আমি ধর্ম্মসঙ্গত বাক্য বলিলেও সেই বীরেরা (পাণ্ডবেরা) তাহার অন্যথা করিবে না। কারণ, পাণ্ডবেরা ধার্ম্মিক ॥৩৬॥

সঞ্জয়! আমি বিলাপ করিতে করিতে এরূপ বহু কথা দুর্য্যোধনকে বলিয়াছিলাম। কিন্তু আমি মনে করি—কালের স্বভাবে সে মূর্খ আমার সে কথাগুলি শোনে নাই ॥৩৭॥

দেখ সঞ্জয়! যে সমরাঙ্গনে ভীম, অর্জ্জুন, বৃষ্ণিবীর সাত্যকি, পাঞ্চালদেশীয় উত্তমৌজা, দুর্জ্জয় যুধামন্যু, দুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন, অপরাজিত শিখণ্ডী, অশ্মকগণ, কেকয়গণ, সোমকপুত্র ক্ষত্রধর্ম্মা, চেদিরাজ ধৃষ্টকেতু, চেকিতান, কাশীরাজের পুত্র

(৩৭)...মন্যে কালস্য পর্য্যয়ম্—[illegible]। (৪০)...পুত্রঃ কাশ্যস্য [illegible]।

দিব্যমস্ত্রং বিকুর্ব্বাণান্ কে সহেরন্নরিন্দমান্।
অন্যো দুর্য্যোধনাৎ কর্ণাচ্ছকুনেশ্চাপি সৌবলাৎ।
দুঃশাসনচতুর্থানাং নান্যং পশ্যামি পঞ্চমম্ ॥৪২॥
যেষাঞ্চাভীষুহস্তঃ স্যাদ্বিষক্‌সেনো মহারথঃ।
সন্নদ্ধশ্চার্জ্জুনো যোদ্ধা তেষাং নাস্তি পরাজয়ঃ ॥৪৩॥
তেষাং মম বিলাপানাং নহি দুর্য্যোধনঃ স্মরেৎ।
হতৌ হি পুরুষব্যাঘ্রৌ ভীষ্মদ্রোণৌ ত্বমাত্থ মে ॥৪৪॥
তেষাং বিদুরবাক্যানামুক্তানাং দীর্ঘদর্শিনাৎ।
দৃষ্ট্বেমাং ফলনিষ্পত্তিং মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪৫॥
সেনাং দৃষ্ট্বাভিভূতাং মে শৈনেয়েনার্জ্জুনেন চ।
শূন্যান্ দৃষ্ট্বা রথোপস্থান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

দিব্যমিতি। বিকুর্বাণান্ বিশেষেণাবিষ্কুর্বাণান্। দুঃশাসনশ্চতুর্থো যেষাং তেষাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

যেষামিতি। যেষাং পক্ষে, মহারথঃ, বিষক্ সমন্তাৎ সেনা সেনেব শক্তির্যস্য স কৃষ্ণঃ, অভীষুঃ প্রগ্রহঃ অশ্বরশ্মির্হস্তে যস্য স তাদৃশঃ স্যাৎ, সন্নদ্ধোঽর্জ্জুনশ্চ যোদ্ধা স্যাদিতি সম্বন্ধঃ ॥৪৩॥

তেষামিতি। বিলাপানামিতি "স্মৃত্যর্থকর্মণি" ইতি কর্মণি ষষ্ঠী। আত্থ ব্রবীষি ॥৪৪॥

তেষামিতি। দীর্ঘদর্শিনাৎ দূরদর্শিষাদুক্তানাম্। পুত্রকা ইতি কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৪৫॥

---

বিদু, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, মহারথ দ্রুপদ এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব থাকেন; আর কৃষ্ণ মন্ত্রণা দান করেন; সেই সমরাঙ্গনে এই জগতে কোন্ জীবনার্থী লোক কখন ইহাদের সহিত যুদ্ধ করিতে পারে? ॥৩৮—৪১॥

এই শত্রুদমনকারীরা দিব্য অস্ত্র সকল আবিষ্কার করিতে লাগিলে, কাহারা ইহাদিগকে সহ্য করিতে পারে? দুর্য্যোধন, কর্ণ, সুবলনন্দন শকুনি ও দুঃশাসন ভিন্ন অন্য পঞ্চম কোন ব্যক্তিকে আমি ইহাদের প্রতিপক্ষ দেখিতে পাই না ॥৪২॥

যাহাদের পক্ষে মহারথ কৃষ্ণ অশ্বের মুখরজ্জু ধারণ করেন এবং যুদ্ধসজ্জায় সজ্জিত অর্জ্জুন যোদ্ধা হন, তাহাদের পরাজয় হয় না ॥৪৩॥

সঞ্জয়! দুর্য্যোধন আমার সেই বিলাপগুলি স্মরণ করে না এবং তুমিও বলিয়াছ—পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ও দ্রোণ নিহত হইয়াছেন ॥৪৪॥

অতএব আমি মনে করি—দূরদর্শী বিদুরের বাক্যগুলির এই ফল দেখিয়া আমার মূর্খ পুত্রেরা শোক করিতেছে ॥৪৫॥

---

(৪২)...বিকুর্বাণান্ প্রসহেৎ পরান্ যত...বা নি। (৪৫)...দীর্ঘদর্শিনাম্...শি বঙ্গ বর্দ্ধ।

হিমাত্যয়ে যথা কক্ষং শুষ্কং বাতেরিতো মহান্।
অগ্নির্দহেত্তথা সেনাং মামিকাং স ধনঞ্জয়ঃ।
আচক্ষ্ব মম তৎ সর্ব্বং কুশলো হ্যসি সঞ্জয়! ॥৪৭॥
যদোপযাতাঃ সায়াহ্নে কৃত্বা পার্থস্য কিল্বিষম্।
অভিমন্যৌ হতে তাত! কথমাসীন্মনো হি বঃ ॥৪৮॥
ন জাতু তস্য কর্ম্মাণি যুধি গাণ্ডীবধন্বনঃ।
অপকৃত্য মহত্তাত! সোঢ়ুং শক্ষ্যন্তি মামকাঃ ॥৪৯॥
কিন্নু দুর্য্যোধনঃ কৃত্যং কর্ণঃ কৃত্যং কিমব্রবীৎ।
দুঃশাসনঃ সৌবলশ্চ তেষামেবং গতে হ্যপি ॥৫০॥

ভারতকৌমুদী

সেনামিতি। শৈনেয়েন সাত্যকিনা। রথোপস্থান্ রথমধ্যদেশান্ ॥৪৬॥

হিমেতি। হিমাত্যয়ে বসন্তকালে, কক্ষং তৃণরাশিম্। কুশলো বাক্যনিপুণঃ। ষট্‌পাদো-ঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

যদেতি। হে তাত! বৎস সঞ্জয়! তত্র সায়াহ্নে, পার্থস্যার্জ্জুনস্য সম্বন্ধে, কিল্বিষং পাপম্ একস্য বধার্থে বহূনাং মেলনরূপং দুঃখজনকং ব্যাপারং কৃত্বা, অভিমন্যৌ হতে সতি, যদা যূয়ম্, উপযাতাঃ শিবিরং প্রতি প্রস্থিতাঃ, তদা বো যুষ্মাকম্, মনঃ কথং কীদৃগাসীৎ ॥৪৮॥

নেতি। জাতু কদাচিৎ, কর্ম্মাণি আক্রমণাদীনি ॥৪৯॥

---

আরও মনে করি—অর্জ্জুন ও সাত্যকি আমার সৈন্য পরাভূত করিয়াছেন এবং রথগুলি আরোহিশূন্য হইয়া গিয়াছে দেখিয়া আমার পুত্রেরা শোকার্ত্ত হইয়াছে ॥৪৬॥

হায়! বসন্তকালে বায়ুসঞ্চালিত বিশাল অগ্নি যেমন শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন আমার সৈন্য দগ্ধ করিতেছেন। সে যাহা হউক, সঞ্জয়! তুমি বৃত্তান্ত বলিতে নিপুণ। সুতরাং আমার নিকট সেই সমস্ত বৃত্তান্ত বল ॥৪৭॥

বৎস সঞ্জয়! সেই সায়াহ্নকালে অর্জ্জুনের দুঃখজনক অন্যায় আচরণ করিয়া অভিমন্যুকে বধ করিলে পর তোমরা যখন শিবিরে আসিতেছিলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥৪৮॥

বৎস সঞ্জয়! আমার পক্ষের যোদ্ধারা অর্জ্জুনের গুরুতর অপকার করিয়া কখনও যুদ্ধে তাঁহার আক্রমণপ্রভৃতি সহ্য করিতে সমর্থ হইবেন না ॥৪৯॥

---

(৪৮) যদুপায়াস্তু সায়াহ্নে…পি বা বঙ্গ বর্দ্ধ। (৫০)… তেষামেবং গতেঽপি—বা,… তেষামেবং গতে সতি—নি।

সর্ব্বেষাং সমবেতানাং পুত্রাণাং মম সঞ্জয় ! ।
যদ্বৃত্তং তাত ! সংগ্রামে মন্দস্যাপনয়ৈর্ভৃশম্ ॥৫১॥
লোভানুগস্য দুর্বুদ্ধেঃ ক্রোধেন বিকৃতাত্মনঃ ।
রাজ্যকামস্য মূঢ়স্য রাগোপহতচেতসঃ ।
দুর্নীতং বা সুনীতং বা তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৫২॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ধৃতরাষ্ট্রানুতাপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

## ভারতকৌমুদী

কিমিতি। কৃত্যং কর্ত্তব্যম্। এবং গতে অভ্যায়াদভিমন্যুবধেন পার্থস্য ক্রোধবিবশতাং প্রাপ্তে ॥৫০॥

সর্ব্বেষামিতি। বৃত্তং জাতম্। মন্দস্য মূর্খস্য দুর্য্যোধনস্য। রাগেণ রাজ্যলিপ্সয়া উপহতং নাশিতং চেতশ্চিত্তস্য বিবেকশক্তির্যস্য তস্য। দুর্নীতং দুর্নীতিনিবন্ধনং কার্য্যম্, সুনীতং সুনীতিনিবন্ধনং কার্য্যং বা জাতমিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১—৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

---

## ভারতভাবদীপঃ

কালপ্রাপ্তং সময়োচিতম্ ॥২২—২৩॥ অহূনেয়ানি অহূকৃতানি ॥২৪—২৮॥ মঙ্গা মজ্জকঃ ॥২৯—৩০॥ সাধনে স্বীকরণে ॥৩১—৪৪॥ দীর্ঘদর্শনাদনাগতানুসন্ধানাৎ ॥৪৫—৪৭॥ যমনঃ উপারাত উপচয়মগাৎ ॥৪৮॥ মহদত্যর্থম্ ॥৪৯॥ তেষাং মধ্যে ॥৫০—৫২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৪॥

---

সে যাহা হউক, এইরূপ অবস্থা হইলে দুর্য্যোধন, কর্ণ, দুঃশাসন ও শকুনি কি কর্ত্তব্য নির্দ্দেশ করিয়াছিল ? ॥৫০॥

বৎস সঞ্জয় ! যুদ্ধে আমার মূর্খপুত্র দুর্য্যোধনের দুর্নীতিনিবন্ধন আমার সমবেত অন্যান্য সকল পুত্রের যে গুরুতর ঘটনা ঘটিয়াছিল এবং লোভানুবর্ত্তী, দুর্বুদ্ধি, ক্রোধে বিকৃতচিত্ত, রাজ্যকামী, মূঢ় ও রাজ্যলিপ্সাবশতঃ নষ্টবিবেক দুর্য্যোধনের দুর্নীতির কার্য্য বা সুনীতির কার্য্য হইয়াছিল, সঞ্জয় ! তুমি তাহা আমার নিকট বল' ॥৫১—৫২॥

---

* '...ত্রাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বা কা নি।

# পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি সর্ব্বং প্রত্যক্ষদর্শিবান্।
শুশ্রূষস্ব স্থিরো ভূত্বা তব হ্যপনয়ো মহান্ ॥১॥
গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃগয়ং তব।
বিলাপো নিষ্ফলো রাজন্! মা শুচো ভরতর্ষভ! ॥২॥
অনতিক্রমণীয়োঽয়ং কৃতান্তস্যাদ্ভুতো বিধিঃ।
মা শুচো ভরতশ্রেষ্ঠ! দিষ্টমেতৎ পুরাতনম্ ॥৩॥
যদি হি ত্বং পুরা দ্যূতাৎ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
অবারয়িষ্যঃ পুত্রাংশ্চ নাভবিষ্যজ্জনক্ষয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

হন্তেতি। হন্ত খেদে। দর্শিবানিতি দৃশেঃ ক্বস্তৌ ইড়াগম আর্ষঃ। শুশ্রূষস্ব শ্রোতুমিচ্ছ ॥১॥

গতেতি। গতমুদকং যস্মাত্তাদৃশে নদীদেশে। মা শুচঃ শোকং ন কুরু ॥২॥

অনতীতি। কৃতান্তস্য দৈবস্য, বিধিঃ কার্য্যম্। দিষ্টং দৈবম্, এতৎ এতন্মূলম্ ॥৩॥

তদেব সমর্থয়তি যদীতি। হি তথাহি। নাভবিষ্যজ্জনক্ষয়ঃ, তদেতি শেষঃ ॥৪॥

---

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আমি সমস্তই প্রত্যক্ষ দেখিয়াছি। সুতরাং আপনার নিকট তাহা বলিব, আপনি স্থির হইয়া শ্রবণ করিবার ইচ্ছা করুন। আপনারই গুরুতর দুর্নীতি ॥১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! জল চলিয়া গেলে, নদীতে সেতুবন্ধন যেমন নিষ্ফল, তেমন এখন আপনার এই বিলাপ নিষ্ফল। সুতরাং আপনি শোক করিবেন না ॥২॥

ভরতশ্রেষ্ঠ! দৈবের এই অদ্ভুত বিধান মানুষের পক্ষে অনতিক্রমণীয়। সুতরাং আপনি শোক করিবেন না। ইহার মূল—পূর্ববর্ত্তী দৈব ॥৩॥

তাহাই দেখুন—আপনি যদি পূর্ব্বে দ্যূতক্রীড়া হইতে কুন্তীপুত্র যুধিষ্ঠিরকে এবং নিজের পুত্রগণকে নিবারণ করিতেন, তবে এই লোকক্ষয় হইত না ॥৪॥

---

(৩)…দৃষ্টমেতৎ পুরাতনম্—পি, দৃষ্টমেতৎ পুরাতনে—বঙ্গ বই। (৪)…নিবর্ত্তয়েথাঃ পুত্রাংস্ত…বা নি।

যুদ্ধকালে পুনঃ প্রাপ্তে স্বয়েতে তনয়া যদি।
নিবর্ত্তিতাঃ স্যুঃ সংরব্ধা ন স্বাং ব্যসনমাব্রজেৎ ॥৫॥
দুর্য্যোধনমিবধাপি বধ্নীতেতি পুরা যদি।
কুরূনচোদয়িষ্যস্ত্বং ন স্বাং ব্যসনমাব্রজেৎ ॥৬॥
তত্তে বুদ্ধিব্যতীচারমুপলপ্স্যন্তি পাণ্ডবাঃ।
পাঞ্চালা বৃষ্ণয়শ্চৈব যে চান্যেঽপি জনাধিপাঃ ॥৭॥
স কৃত্বা পিতৃকর্ম্ম ত্বং পুত্রং সংস্থাপ্য সৎপথে।
বর্ত্তেথা যদি ধর্ম্মেণ ন স্বাং ব্যসনমাব্রজেৎ ॥৮॥
ত্বন্তু প্রাজ্ঞতমো লোকে হিত্বা ধর্ম্মং সনাতনম্।
দুর্য্যোধনস্য কর্ণস্য শকুনেশ্চান্বগা মতম্ ॥৯॥
তত্তে বিলপিতং সর্ব্বং ময়া রাজন্। নিশামিতম্।
অন্নে নির্বিশমানস্য বিষমিশ্রং যথা মধু ॥১০॥

ভারতকৌমুদী

যুদ্ধেতি। প্রাপ্তে উপস্থিতে। সংরব্ধা যুদ্ধোৎসাহিনঃ। ব্যসনং বিপৎ ॥৫॥
দুর্য্যোধনমিতি। অচোদয়িষ্যঃ প্রৈরয়িষ্যঃ ॥৬॥
তদিতি। বুদ্ধের্ব্যতীচারং বৈপরীত্যফলম্, উপলপ্স্যন্তি প্রাপ্স্যন্তি ॥৭॥
স ইতি। পিতৃকর্ম্ম আদেশোপদেশাদিকম্, পুত্রং দুর্য্যোধনম্ ॥৮॥
ত্বমিতি। ধর্ম্মং পিতুঃ স্বাতন্ত্র্যম্। অন্বগা অনুসৃতবানসি ॥৯॥

আবার যুদ্ধের সময় উপস্থিত হইলে, আপনি যদি আপনার এই যুদ্ধোৎসাহী পুত্রগণকে নিবৃত্ত করিতেন, তবে আপনার এই বিপদ্ আসিত না ॥৫॥

তা'র পর আপনি যদি পূর্ব্বে কৌরবদিগকে এইরূপ আদেশ করিতেন যে, 'এই দুর্য্যোধনটাকে বন্ধন করিয়া রাখ' তাহা হইলেও আপনার এই বিপদ্ আসিত না ॥৬॥

অতএব পাণ্ডবেরা, পাঞ্চালেরা, বৃষ্ণিবংশীয়েরা এবং অন্য যে সকল রাজা আছেন তাঁহারাও আপনার এই বুদ্ধিবৈপরীত্যের ফল ভোগ করিবেন ॥৭॥

আপনি যদি পিতার কার্য্য করিয়া পুত্রকে (দুর্য্যোধনকে) সৎপথে রাখিয়া ধর্ম্ম অনুসারে চলিতেন, তাহা হইলে আপনার এ বিপদ্ উপস্থিত হইত না ॥৮॥

কিন্তু আপনি লোকসমাজে বিশেষপ্রাজ্ঞ হইয়াও সনাতন ধর্ম্ম ত্যাগ করিয়া দুর্য্যোধন, কর্ণ ও শকুনির মতের অনুসরণ করিয়াছেন ॥৯॥

(৬) দুর্য্যোধনমত্যাভিষেদম্···নি, দুর্য্যোধনেত্যাবিধেদম্···বা নি। (১০)···অন্নে নির্বিশমানস্য···বা বঙ্গ বর্দ্ধ নি।

নামন্যত তথা কৃষ্ণো রাজানং পাণ্ডবং পুরা।
ন ভীষ্মং নৈব চ দ্রোণং যথা ত্বামন্যতাচ্যুতঃ ॥১১॥
অজানীত যদা চ ত্বাং রাজধর্ম্মাদধশ্চ্যুতম্।
তদা প্রভৃতি কৃষ্ণস্ত্বাং ন তথা বহু মন্যতে ॥১২॥
পরুষাণ্যুচ্যমানাংশ্চ যদা পার্থানুপেক্ষসে।
তস্যানুবন্ধঃ প্রাপ্তস্ত্বাং পুত্রাণাং রাজ্যকামুক ! ॥১৩॥
পিতৃপৈতামহং রাজ্যমপবৃত্তং তবানঘ ! ।
অথ পার্থৈর্জ্জিতাং কৃৎস্নাং পৃথিবীং প্রত্যপদ্যথাঃ ॥১৪॥
পাণ্ডুনা নির্জ্জিতং রাজ্যং কৌরবাণাং যশস্তথা।
ততশ্চাপ্যধিকং ভূয়ঃ পাণ্ডবৈর্ধর্ম্মকারিভিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তদিতি। নিশামিতং শ্রুতম্। নিবিশমানস্ত ভোগাভিলাষিণঃ ॥১০॥

নেতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। ত্বা ত্বাম্, অমন্যত ॥১১॥

অজানীতেতি। রাজধর্ম্মাৎ সমদর্শিত্বরূপাৎ রাজনিয়মাৎ। বহু অধিকম্ ॥১২॥

পরুষাণীতি। উচ্যমানান্ দুঃশাসনাদিভিঃ। অনুবধ্যাত ইত্যনুবন্ধঃ ফলম্ ॥১৩॥

পিত্রিতি। অপবৃত্তমাগতম্। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্। জিতাং রাজসূয়কালে। প্রত্যপদ্যথা আয়ত্তীকৃতবান্ ॥১৪॥

পাণ্ডুনেতি। যশঃ অর্জ্জিতমিতি শেষঃ। অধিকং রাজ্যং যশশ্চ, পাণ্ডবৈরর্জ্জিতম্ ॥১৫॥

---

অতএব রাজা ! অন্নভক্ষণার্থী লোক যেমন বিষমিশ্রিত মধু গ্রহণ করে, আমিও সেইরূপ আপনার (দুরভিসন্ধিযুক্ত) সমস্ত বিলাপ শ্রবণ করিয়াছি ॥১০॥

কৃষ্ণ পূর্ব্বে আপনাকে যেরূপ গৌরবের পাত্র মনে করিতেন, যুধিষ্ঠির, ভীষ্ম বা দ্রোণকেও সেরূপ গৌরবের পাত্র মনে করিতেন না ॥১১॥

তা'র পর যখন কৃষ্ণ আপনাকে রাজধর্ম্ম হইতে অধঃপতিত বলিয়া জানিয়াছেন, তদবধি তিনি আর আপনাকে অধিক গৌরবের পাত্র বলিয়া মনে করেন না ॥১২॥

হে পুত্রগণের রাজ্যকামুক রাজা ! সেই দ্যূতসভায় দুঃশাসনপ্রভৃতি যখন পাণ্ডবগণকে নিষ্ঠুর বাক্য বলিতেছিলেন, তখন আপনি যে উপেক্ষা করিয়াছিলেন, তাহারই ফল আপনার উপস্থিত হইয়াছে ॥১৩॥

হে নিষ্পাপ রাজা ! পৈতৃক রাজ্য আপনার হাতে আসিয়াছিল, তাহার পরে আবার আপনি পাণ্ডবগণের বিজিত রাজ্যও আয়ত্ত করিয়াছিলেন ॥১৪॥

---

(১২) অজানীত—অধঃ স্থিতম্—পি। (১৩)...রাজ্যকামুকম্...বঙ্গ বর্দ্ধ।

তেষান্তু তাদৃশং কর্ম্ম ত্বামাসাদ্য সুনিষ্ফলম্ ।
যৎ পিত্রা ভ্রংশিতা রাজ্যাত্বয়েহামিষগৃদ্ধিনা ॥১৬॥
যৎ পুনর্য্যুদ্ধকালে ত্বু পুত্রান্ গর্হয়সে নৃপ ।।
বহুধা ব্যাহরন্ দোষং নৈতদদ্যোপপদ্যতে ॥১৭॥
নহি রক্ষন্তি রাজানো যুধ্যন্তো জীবিতং রণে ।
চমূং বিগাহ্য পার্থানাং যুধ্যন্তে ক্ষত্রিয়র্ষভাঃ ॥১ ॥
যান্তু কৃষ্ণার্জ্জুনৌ সেনাং যাং সাত্যকিবৃকোদরৌ ।
রক্ষেতাং কো নু তাং যুধ্যেচ্চমূমন্যত্র কৌরবাৎ ॥১৯॥
যেষাং যোদ্ধা গুড়াকেশো যেষাং মন্ত্রী জনার্দ্দনঃ ।
যেষাঞ্চ সাত্যকির্গোপ্তা যেষাং গোপ্তা বৃকোদরঃ ॥২০॥

ভারতকৌমুদী

তেষামিতি । সুনিষ্ফলং জাতম্ । আমিষগৃদ্ধিনা ভোগ্যরাজ্যাভিলাষিণা ॥১৬॥
যদিতি । ব্যাহরন্ ব্রুবন্ । নোপপদ্যতে পূর্ব্বং ত্বয়ৈব দোষকরণাদিত্যাশয়ঃ ॥১৭॥
অথ জীবনরক্ষণায় রাজ্ঞামতীব্রযুদ্ধকরণাদেব মৎপরাজয় ইত্যাহ নহীতি । বিগাহ্য প্রবিশ্য ॥১৮॥
যামিতি । কৌরবাৎ কুরুপক্ষাৎ, অন্যত্র অন্যঃ ॥১৯॥

---

রাজা পাণ্ডু অনেক রাজ্য জয় ও কুরুবংশের যশ অর্জন করিয়াছিলেন। আবার তাঁহা অপেক্ষাও অধিক রাজ্য জয় ও যশ অর্জন করিয়াছেন ধর্ম্মকারী পাণ্ডবেরা ॥১৫॥

কিন্তু তাঁহাদের তাদৃশ কার্য্য আপনাকে পাইয়া একেবারে নিষ্ফল হইয়া গিয়াছে। যে হেতু আপনি পিতা হইয়াও রাজ্যলোভে তাঁহাদিগকে রাজ্য হইতে নির্ব্বাসিত করিয়া দিয়াছেন ॥১৬॥

রাজা! আপনি আবার যে যুদ্ধের সময়ে বহুপ্রকার দোষের উল্লেখ করিয়া পুত্রদিগকে নিন্দা করিতেছেন, ইহা এখন আপনার সঙ্গত হইতেছে না ॥১৭॥

ক্ষত্রিয়েরা রণস্থলে যুদ্ধ করতঃ জীবন রক্ষা করিতেছেন না; তাঁহারা পাণ্ডবগণের সৈন্যমধ্যে প্রবেশ করিয়াই যুদ্ধ করিতেছেন ॥১৮॥

মহারাজ! ভীম, অর্জ্জুন, কৃষ্ণ ও সাত্যকি যে সৈন্য রক্ষা করেন, কৌরব-ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সে সৈন্যের সহিত যুদ্ধ করিতে পারে? ॥১৯॥

---

(১৬) তেষাং তত্তাদৃশং কর্ম্ম...যৎ পিত্র্যাদ্ভ্রংশিতা রাজ্যাৎ...বা র। (১৭)...ন, অদ্যোপপদ্যতে—বা নি। (১৯)...রক্ষেতান্ কোহ্ন তাং যুধ্যেৎ...বা নি,...অন্যত্র কৌরবৈঃ—পি বা বঙ্গ বই। (২০)...সাত্যকির্যৌদ্ধা যেষাং যোদ্ধা বৃকোদরঃ—বা নি।

কো হি তান্ বিষহেদ্‌যোদ্ধুং মর্ত্যধর্ম্মা ধনুর্দ্ধরঃ।
অন্যত্র কৌরবেয়েভ্যো যে বা তেষাং পদানুগাঃ ॥২১॥ (যুগ্মকম্)
যাবত্তু শক্যতে কর্ত্তুমন্তরঙ্গৈর্জনাধিপৈঃ।
ক্ষত্রধর্ম্মপরৈঃ শূরৈস্তাবৎ কুর্ব্বন্তি কৌরবাঃ ॥২২॥
যথা তু পুরুষব্যাঘ্রৈর্যুদ্ধং পরমসঙ্কটম্।
কুরূণাং পাণ্ডবৈঃ সার্দ্ধং তৎ সর্ব্বং শৃণু তত্ত্বতঃ ॥২৩॥
তস্যাং নিশায়াং ব্যুষ্টায়াং দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ।
স্বান্যনীকানি সর্বাণি প্রাক্রামদ্‌ব্যূহিতুং ততঃ ॥২৪॥
শূরাণাং গর্জতাং রাজন্! সংক্রুদ্ধানামমর্ষিণাম্।
শ্রূয়ন্তে হি গিরশ্চিত্রাঃ পরস্পরবধৈষিণাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

যেষামিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্রোঽর্জ্জুনঃ। গোপ্তা রক্ষিতা। বিষহেৎ শক্নুয়াৎ, মর্ত্যধর্ম্মা মানুষঃ। অন্যত্রান্যঃ। পদানুগা অনুচরাঃ ॥২০—২১॥

যাবদিতি। অন্তরঙ্গৈরাত্মীয়ৈর্জনাধিপৈরিতি করণে তৃতীয়া ॥২২॥

যথেতি। যুদ্ধমভবদিতি শেষঃ, পরমসঙ্কটম্ অতীববিষমম্ ॥২৩॥

তস্যামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্। স্বানি স্বকীয়ানি অনীকানি সৈন্যানি ॥২৪॥

শূরাণামিতি। অমর্ষিণাং বিলম্বাসহিষ্ণূনাম্। গিরো গর্ববাক্যানি ॥২৫॥

---

যাঁহাদের যোদ্ধা—অর্জ্জুন, যাঁহাদের মন্ত্রী—কৃষ্ণ এবং যাঁহাদের রক্ষক—সাত্যকি ও ভীমসেন, কৌরবগণ বা যাহারা তাঁহাদের অনুচর, তদ্ভিন্ন অন্য কোন ধনুর্দ্ধর মানুষ সেই পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়? ॥২০—২১॥

কৌরবেরা ক্ষত্রিয়ধর্ম্মপরায়ণ ও বীর অন্তরঙ্গ ক্ষত্রিয়গণদ্বারা যত দূর কার্য্য করিতে পারেন, তাহা করিয়াছেন ॥২২॥

সে যাহা হউক, পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণের সহিত কৌরবগণের যেরূপ পরম-সঙ্কট যুদ্ধ হইয়াছিল, সে সমস্ত আপনি যথাযথভাবে শ্রবণ করুন ॥২৩॥

সেই রাত্রি প্রভাত হইলে, অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ স্বকীয় সমস্ত সৈন্যকে ব্যূহরূপে সন্নিবেশিত করিতে আরম্ভ করিলেন ॥২৪॥

রাজা! তৎকালে ক্রুদ্ধ, বিলম্বাসহিষ্ণু, গর্জনকারী ও পরস্পরবধৈষী বীর-গণের বিচিত্র বাক্য সকল শুনা যাইতে লাগিল ॥২৫॥

---

(২২) যাবন্ন শক্যতে কর্ত্তুম্...পি। (২৩) ইতঃ পরম্ 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ, '...ষড়শীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

বিস্ফার্য্য চ ধনূংষ্যন্যে জ্যাঃ করৈঃ পরিমৃজ্য চ
বিনিশ্বসন্তঃ প্রাক্রোশন্ কেদানীং স ধনঞ্জয়ঃ ॥২
বিকোষান্ সুৎসরূনন্যে কৃতধারান্ সমাহিতান্
পীতানাকাশসঙ্কাশানসীন্ কেচিচ্চ চিক্ষিপুঃ ॥২
চরন্তস্ত্বসিমার্গাংশ্চ ধনুর্মার্গাংশ্চ শিক্ষয়া ।
সংগ্রামমনসঃ শূরা দৃশ্যন্তে স্ম সহস্রশঃ ॥২৮॥
সঘণ্টাশ্চন্দনাদিগ্ধাঃ স্বর্ণবজ্রবিভূষিতাঃ ।
সমুৎক্ষিপ্য গদাশ্চান্যে পর্য্যপৃচ্ছন্ত পাণ্ডবম্ ॥২
অন্যে বলমদোন্মত্তাঃ পরিঘৈর্বাহুশালিনঃ ।
চক্রুঃ সংবাধমাকাশমুচ্ছ্রিতেন্দ্রধ্বজোপমৈঃ ॥৩০

ভারতকৌমুদী

বিস্ফার্য্যেতি । জ্যাঃ ধনুর্গুণম্ । প্রাক্রোশন্ উচ্চৈরবদন্ ॥২৬॥

বিকোষানিতি । শোভনাঃ ৎসরবো মুষ্টিদেশা যেষাং তান্ । পীতান্ প্রাক্পীতরক্তান্ ॥২৭॥

চরন্ত ইতি । অসিমার্গান্ অসিযুদ্ধপথান্, ধনুর্মার্গান্ ধনুর্যুদ্ধপথাংশ্চ ॥২৮॥

সেতি । চন্দনৈরাদিগ্ধাঃ সম্যগ্‌লিপ্তাঃ । স্বর্ণৈর্বজ্রৈর্হীরকৈশ্চ বিভূষিতাঃ । পাণ্ডবং ভীমম্ ॥২৯॥

অন্য ইতি । পরিঘৈর্লগুড়াকারশস্ত্রৈঃ । সংবাধং পূর্ণম্ ॥৩০॥

---

অনেক বীর ধনু বিস্ফারণপূর্ব্বক হস্তদ্বারা তাহার গুণ মার্জনা করিয়া নিশ্বাসত্যাগ করতঃ উচ্চস্বরে বলিতে লাগিলেন যে, 'এখন সে অর্জ্জুন কোথায় ?' ॥২৬॥

কতকগুলি যোদ্ধা কোষমুক্ত, সুন্দরমুষ্টিযুক্ত, সুধার, সুষ্ঠুনির্ম্মিত, পূর্ব্বে পীতরক্ত ও আকাশের ন্যায় নির্ম্মল তরবারি সকল সঞ্চালন করিতে থাকিল ॥২৭॥

যুদ্ধার্থী সহস্র সহস্র বীরকে আপন আপন শিক্ষা অনুসারে অসিযুদ্ধের পথে ও ধনুর্যুদ্ধের পথে বিচরণ করিতে দেখা গেল ॥২৮॥

অন্য বীরেরা কিঙ্কিণীযুক্ত, চন্দনলিপ্ত এবং স্বর্ণ ও হীরকভূষিত গদা সকল উত্তোলন করিয়া 'ভীম কোথায়' বলিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥২৯॥

বলমদে উন্মত্ত ও প্রশস্তবাহু অপর বীরেরা উত্তোলিত ইন্দ্রধ্বজের তুল্য পরিঘদ্বারা আকাশকে পরিপূর্ণ করিয়া ফেলিলেন ॥৩০॥

---

(২৬)···জ্যাঃ পশ্চে পরিমৃজ্য চ···বা নি। (২৮)···ধনুর্মার্গাংশ্চ শিক্ষিতাঃ···নি।

নানাপ্রহরণৈশ্চান্যে বিচিত্রস্রগলঙ্কৃতাঃ।
সংগ্রামমনসঃ শূরাস্তত্র তত্র ব্যবস্থিতাঃ ॥৩১॥
ক্বার্জ্জুনঃ ক স গোবিন্দঃ ক চ মানী বৃকোদরঃ।
ক চ তে সুহৃদস্তেষামাহ্বয়ন্তো রণে তদা ॥৩২॥ (যুগ্মকম্)
ততঃ শঙ্খমুপাধ্মায় ত্বরয়ন্ বাজিনঃ স্বয়ম্।
ইতস্ততস্তান্ রচয়ন্ দ্রোণশ্চরতি বেগিতঃ ॥৩৩॥
তেষ্বনীকেষু সর্ব্বেষু স্থিতেষ্বাহবনন্দিষু।
ভারদ্বাজো মহারাজ! জয়দ্রথমথাব্রবীৎ ॥৩৪॥
ত্বঞ্চৈব সৌমদত্তিশ্চ কর্ণশ্চৈব মহারথঃ।
অশ্বত্থামা চ শল্যশ্চ বৃষসেনঃ কৃপস্তথা ॥৩৫॥

----

ভারতকৌমুদী

নানেতি। নানাপ্রহরণৈরনেকৈরস্ত্রৈর্যুক্তাঃ, বিচিত্রাভিঃ স্রগ্‌ভির্মালাভিরলঙ্কৃতাঃ। মানী গর্ব্বী। সুহৃদো ধৃষ্টদ্যুম্নাদয়ঃ। আহ্বয়ন্তঃ, তানর্জ্জুনাদীনেবেতি শেষঃ ॥৩১—৩২॥

তত ইতি। ত্বরয়ন্ ত্বরয়া চালয়ন্। রচয়ন্ ব্যূহে স্থাপয়ন্ ॥৩৩॥

তেম্বিতি। অনীকেষু সৈন্যেষু। আহবনন্দিষু যুদ্ধামোদিষু। ভারদ্বাজো দ্রোণঃ ॥৩৪॥

ত্বমিতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। প্রভিন্নানাং মদস্রাবিণাম্। দংশিতানি সন্নদ্ধানি।

ভারতভাবদীপঃ

হস্তেতি ॥১—৬॥ তে তব বুদ্ধের্ব্যভিচারং বৈষম্যম্ উপলপ্স্যন্ত্যনুভবিষ্যন্তি ॥৭—১১॥ মন্যতে বহু মন্যতে ॥১২—১৩॥ অপবৃত্তং সাংশয়িকং যদ্যেবং ন করিষ্যতি, তর্হি অন্তরজ্ঞৈরবসর-বেদিভিঃ ॥১৪—২৬॥ পীতান্ পায়িতোদকান্ ॥২৭—৩১॥ ক চেতি চকার ইত্যর্থে ইত্যাহ্বয়ন্ত

নানাবিধপ্রহরণধারী ও বিচিত্রমাল্যে বিভূষিত যুদ্ধার্থী অন্য বীরেরা 'অর্জ্জুন কোথায়, সে কৃষ্ণ কোথায়, অভিমানী ভীম কোথায় এবং তাহাদের সেই বন্ধু-বর্গই বা কোথায়?' এইরূপ জিজ্ঞাসা করিতে থাকিয়া যুদ্ধে তাঁহাদিগকে আহ্বান করতঃ সেই সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন ॥৩১—৩২॥

তদনন্তর দ্রোণ শঙ্খধ্বনি করিয়া করিয়া নিজেই অশ্বগুলিকে সত্বর চালাইতে থাকিয়া ইতস্ততঃ সৈন্যগণকে সংস্থাপন করতঃ বেগে বিচরণ করিতে থাকিলেন ॥৩৩॥

মহারাজ! যুদ্ধামোদী সেই সমস্ত সৈন্য যথাস্থানে অবস্থিত হইলে, দ্রোণ জয়দ্রথকে বলিলেন—॥৩৪॥

শতঞ্চাশ্বসহস্রাণাং রথানামযুতানি ষট্।
দ্বিরদানাং প্রভিন্নানাং সহস্রাণি চতুর্দ্দশ ॥৩৬॥
পদাতীনাং সহস্রাণি দংশিতান্যেকবিংশতিঃ।
গব্যূতিষু ত্রিমাত্রাসু মামনাসাদ্য তিষ্ঠত ॥৩৭॥ (বিশেষকম্)
তত্রস্থং ত্বাং ন সংসোঢ়ুং শক্তা দেবাঃ সবাসবাঃ।
কিং পুনঃ পাণ্ডবাঃ সর্ব্বে সমাশ্বসিহি সৈন্ধব ! ॥৩৮॥
এবমুক্তঃ সমাশ্বস্তঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
সংপ্রায়াৎ সহ গান্ধারৈর্ব্বৃতস্তৈশ্চ মহারথৈঃ।
বর্ম্মিভিঃ সাদিভির্যত্তৈঃ প্রাসপাণিভিরাস্থিতৈঃ ॥৩৯॥
চামরাপীড়িনঃ সর্ব্বে জাম্বূনদবিভূষিতাঃ।
জয়দ্রথস্য রাজেন্দ্র ! হয়াঃ সাধুপ্রবাহিণঃ।
তে চৈব সপ্তসাহস্রা দ্বিসাহস্রাশ্চ সৈন্ধবাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

গব্যূতিষু ক্রোশযুগেষু "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ, ত্রিস্রো মাত্রাঃ সংখ্যা যাসাং তাসু ব্যূহমধ্য এব ষট্ক্রোশপরিমিতদূর ইত্যর্থঃ, মামনাসাদ্য অপ্রাপ্য যূয়ং তিষ্ঠত ॥৩৫—৩৭॥

তত্রস্থমিতি। সংসোঢ়ুং ন শক্তা মহাবীরগণপরিবৃতত্বাৎ। সবাসবাঃ সেন্দ্রাঃ ॥৩৮॥

এবমিতি। গান্ধারৈর্গান্ধারদেশীয়সৈন্যৈঃ, তৈঃ সৌমদত্তিপ্রভৃতিভিঃ। সাদিভিরশ্বারোহিভিঃ, যত্তৈর্জয়দ্রথরক্ষায়াং যত্নবদ্ভিঃ। আস্থিতৈর্বাহনারূঢ়ৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

চামরেতি। চামরাপীড়িনঃ চামররূপশেখরধারিণঃ, জাম্বূনদবিভূষিতাঃ স্বর্ণালঙ্কারালঙ্কৃতাঃ।

---

'জয়দ্রথ ! তুমি, ভূরিশ্রবা, মহারথ কর্ণ, অশ্বত্থামা, শল্য, বৃষসেন, কৃপ, একলক্ষ অশ্বারোহী, ষাট্‌হাজার রথী, চৌদ্দহাজার মদস্রাবী হস্তী এবং যুদ্ধসজ্জায় সজ্জিত একুশ হাজার পদাতি—তোমরা আমা হইতে ছয় ক্রোশ দূরে যাইয়া অবস্থান কর ॥৩৫—৩৭॥

তুমি সেইখানে থাকিলে, ইন্দ্রের সহিত দেবতারাও তোমার সহিত যুদ্ধ করিতে সমর্থ হইবেন না ; তাহাতে পাণ্ডবেরা আর সমর্থ হইবে কিরূপে ? অতএব জয়দ্রথ ! তুমি আশ্বস্ত থাক' ॥৩৮॥

দ্রোণ এইরূপ বলিলে, সিন্ধুরাজ জয়দ্রথ বিশেষ আশ্বস্ত হইয়া গান্ধারদেশীয়সৈন্য, সেই সমস্ত মহারথ এবং বর্ম্মধারী, প্রাসহস্ত, অশ্ববাহনারূঢ় ও যত্নবান্ সাদিসৈন্যগণে পরিবেষ্টিত হইয়া সেইস্থানে চলিয়া গেলেন ॥৩৯॥

(৩৯)···প্রাসপাণিভিরন্বিতৈঃ—নি।

মত্তানাং স্বধিরূঢানাং হস্ত্যারোহৈর্বিশারদৈঃ।
নাগানাং ভীমরূপাণাং বর্ম্মিণাং রৌদ্রকর্ম্মিণাম্ ॥৪১॥
অধ্যর্দ্ধেন সহস্রেণ পুত্রো দুর্ম্মর্ষণস্তব।
অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং যুধ্যমানো ব্যতিষ্ঠত ॥৪২॥ (যুগ্মকম্)
ততো দুঃশাসনশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজৌ।
সিন্ধুরাজার্থসিদ্ধ্যর্থমগ্রানীকে ব্যবস্থিতৌ ॥৪৩॥
দীর্ঘো দ্বাদশগব্যূতিঃ পশ্চার্দ্ধে পঞ্চবিস্তৃতঃ।
ব্যূহঃ স চক্রশকটো ভারদ্বাজেন নির্ম্মিতঃ ॥৪৪॥
নানানৃপতিভির্বীরৈস্তত্র তত্র ব্যবস্থিতৈঃ।
রথাশ্বগজপত্ত্যোঘৈর্দ্রোণেন বিহিতঃ স্বয়ম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

হয়া রথাশ্বাঃ, সাধুপ্রবাহিণঃ সুষ্ঠুরথচালকাঃ। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ পদাতয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

মত্তানামিতি। নাগানাং হস্তিনাম্। অধি অধিকমর্দ্ধং যস্ত তেন ॥৪১—৪২॥

তত ইতি। সিন্ধুরাজস্ত অর্থসিদ্ধ্যর্থং জীবনরক্ষার্থম্, অগ্রানীকে সৈন্যাগ্রে ॥৪৩॥

দীর্ঘ ইতি। দ্বাদশগব্যূতিঃ চতুর্বিংশতিক্রোশঃ, পশ্চার্দ্ধে পশ্চাদ্ভাগে, পঞ্চবিস্তৃতঃ পঞ্চগব্যূতিপরিমাণেন বিস্তৃতঃ। অতএব চক্রশকটো নাম পশ্চার্দ্ধে চক্ররূপত্বাৎ সম্মুখে চ শকটাকারত্বাৎ ॥৪৪॥

নানেতি। বিহিতঃ স চক্রশকটো নাম ব্যূহঃ ॥৪৫॥

---

রাজশ্রেষ্ঠ! তৎকালে চামরশেখর ও স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত জয়দ্রথের অশ্ব সকল সুন্দরভাবে তাঁহার রথ বহন করিতে লাগিল এবং সপ্তসহস্র ও ত্রিসহস্র সিন্ধুদেশীয় পদাতিও তাঁহার সঙ্গে গমন করিল ॥৪০॥

ভয়ঙ্করমূর্ত্তি, বর্ম্মাবৃতদেহ ও ভীষণকার্য্যকারী মত্ত হস্তিসমূহে আরূঢ় যুদ্ধবিশারদ সার্দ্ধসহস্র যোদ্ধার সহিত মিলিত হইয়া আপনার পুত্র দুর্ম্মর্ষণ সমস্ত কৌরবসৈন্যের সম্মুখে যুদ্ধার্থী হইয়া রহিলেন ॥৪১—৪২॥

তাহার পর আপনার পুত্র দুঃশাসন ও বিকর্ণ জয়দ্রথকে রক্ষা করিবার জন্য সৈন্যের অগ্রভাগে রহিলেন ॥৪৩॥

চতুর্বিংশতিক্রোশ দীর্ঘ এবং পশ্চাদ্ভাগে দশক্রোশ বিস্তৃত সেই 'চক্রশকট'-নামক ব্যূহ দ্রোণই নির্ম্মাণ করিলেন ॥৪৪॥

---

(৪১) মত্তানাং স্ববিরূঢানাম্...বা নি।

পশ্চার্দ্ধে তস্য পদ্মস্তু গর্ভব্যূহঃ সুদুর্ভিদঃ।
সূচী পদ্মস্য গর্ভস্থো গূঢ়ো ব্যূহঃ কৃতঃ পুনঃ ॥৪৬॥
এবমেতং মহাব্যূহং ব্যূহ্য দ্রোণো ব্যবস্থিতঃ।
সূচীমুখে মহেষ্বাসঃ কৃতবর্ম্মা ব্যবস্থিতঃ ॥৪৭॥
অনন্তরঞ্চ কাম্বোজো জলসন্ধশ্চ মারিষ!।
দুর্য্যোধনঃ সহামাত্যস্তদনন্তরমেব চ ॥৪৮॥
ততঃ শতসহস্রাণি যোধানামনিবর্ত্তিনাম্।
ব্যবস্থিতানি সর্ব্বাণি শকটে মুখরক্ষিণাম্ ॥৪৯॥
তেষাঞ্চ পৃষ্ঠতো রাজা বলেন মহতাবৃতঃ।
জয়দ্রথস্ততো রাজন্! সূচীপার্শ্বে ব্যবস্থিতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

পশ্চার্দ্ধ ইতি। পদ্মো নাম গোলাকারত্বাৎ। সূচী নাম, সূক্ষ্মমুখত্বাৎ ॥৪৬॥
এবমিতি। ব্যূহ্য বিধায়। সূচীমুখে সূচীব্যূহাগ্রে ॥৪৭॥
অনন্তরমিতি। ব্যবস্থিত ইত্যনুবর্ত্ততে ॥৪৮॥
তত ইতি। শতসহস্রাণি বহুলক্ষাণি, অনিবর্ত্তিনামপলায়িনাম্ ॥৪৯॥

---

উপযুক্ত স্থানে অবস্থিত নানাদেশীয় বীর রাজগণ এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহদ্বারা স্বয়ং দ্রোণাচার্য্য সেই ব্যূহ রচনা করিয়াছিলেন ॥৪৫॥

সেই চক্রশকটব্যূহের পশ্চাদ্ভাগে 'পদ্ম'-নামে একটা অতিদুর্ভেদ্য গর্ভব্যূহ, আবার সেই পদ্মব্যূহের মধ্যে 'সূচী'-নামে আর একটা গুপ্ত ব্যূহ করিয়াছিলেন ॥৪৬॥

দ্রোণাচার্য্য এইরূপ মহাব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিলেন এবং মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা সেই সূচীব্যূহের সম্মুখে রহিলেন ॥৪৭॥

মাননীয় রাজা! তৎপরে কাম্বোজদেশীয় জলসন্ধ থাকিলেন, তাঁহার পর আবার অমাত্যগণের সহিত মিলিত হইয়া দুর্য্যোধন রহিলেন ॥৪৮॥

তদনন্তর ব্যূহমুখরক্ষক অনিবর্ত্তী বহুলক্ষ যোদ্ধা শকটব্যূহের সম্মুখে থাকিলেন ॥৪৯॥

রাজা! তাঁহাদের পিছনে সেই সূচীব্যূহের একপার্শ্বে বিশাল সৈন্য পরিবেষ্টিত হইয়া রাজা জয়দ্রথ রহিলেন ॥৫০॥

---

(৪৬)⋯ গর্ভব্যূহঃ পুনঃ কৃতঃ⋯নি। (৪৮)⋯ দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ⋯বা নি।

শকটস্য তু রাজেন্দ্র ! ভারদ্বাজো মুখে স্থিতঃ ।
অনু তস্যাভবদ্ভোজো জুগোপৈনং ততঃ স্বয়ম্ ॥৫১॥
শ্বেতবর্ম্মাম্বরোষ্ণীষো ব্যূঢোরস্কো মহাভুজঃ ।
ধনুর্বিস্ফারয়ন্ দ্রোণস্তস্থৌ ক্রুদ্ধ ইবান্তকঃ ॥৫২॥
পতাকিনং শোণহয়ং বেদীকৃষ্ণাজিনধ্বজম্ ।
দ্রোণস্য রথমালোক্য প্রহৃষ্টাঃ কুরবোঽভবন্ ॥৫৩॥
সিদ্ধচারণসংঘানাং বিস্ময়ঃ সুমহানভূৎ ।
দ্রোণেন বিহিতং দৃষ্ট্বা ব্যূহং ক্ষুব্ধার্ণবোপমম্ ॥৫৪॥
সশৈলসাগরবনাং নানাজনপদাকুলাম্ ।
গ্রসেদ্‌ব্যূহঃ ক্ষিতিং সর্ব্বামিতি ভূতানি মেনিরে ॥৫৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। সূচ্যাঃ সূচীব্যূহস্য পার্শ্বে ব্যবস্থিতঃ, অর্জ্জুনস্য সরলদৃষ্টিপরিহারার্থম্ ॥৫০॥
শকটস্যেতি। অনু পশ্চাৎ, ভোজো ভোজরাজঃ, জুগোপ ররক্ষ, এনং দ্রোণম্ ॥৫১॥
শ্বেতেতি। ব্যূঢোরস্কো বিশালবক্ষাঃ ॥৫২॥
পতাকিনমিতি। শোণা রক্তবর্ণা হয়া অশ্বা যস্য তম্, বেদী কৃষ্ণাজিনঞ্চ ধ্বজে যস্য তম্ ॥৫৩॥
সিদ্ধেতি। সিদ্ধচারণসংঘানাম্ আকাশবর্ত্তিনাম্। ক্ষুব্ধার্ণবোপমমুদ্বেলিতসমুদ্রতুল্যম্ ॥৫৪॥
সেতি। নানাজনপদৈরাকুলাং ব্যাপ্তাম্। ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ ॥৫৫॥

---

আর রাজশ্রেষ্ঠ ! স্বয়ং দ্রোণাচার্য্য সেই চক্রশকটব্যূহের মুখে থাকিলেন এবং তাঁহার পশ্চাদ্ভাগে ভোজরাজ থাকিয়া তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৫১॥

শ্বেতবর্ম্ম, শ্বেতবস্ত্র ও শ্বেতোষ্ণীষধারী, বিশালবক্ষা ও মহাবাহু দ্রোণ ধনু বিস্ফারিত করিয়া ক্রুদ্ধ যমের ন্যায় অবস্থান করিতে থাকিলেন ॥৫২॥

পতাকাযুক্ত, রক্তাশ্বচালিত এবং বেদী ও কৃষ্ণাজিনশোভিতধ্বজশালী দ্রোণের রথ দেখিয়া কৌরবেরা আনন্দিত হইলেন ॥৫৩॥

দ্রোণনির্ম্মিত ক্ষুব্ধসমুদ্রতুল্য ব্যূহ দেখিয়া আকাশবর্ত্তী সিদ্ধ-চারণসমূহের গুরুতর বিস্ময় জন্মিল ॥৫৪॥

তখন সমস্ত প্রাণীই মনে করিল যে, এই ব্যূহটা পর্ব্বত, সমুদ্র, বন ও নানাদেশযুক্ত সমগ্র পৃথিবীটাকেই গ্রাস করিবে ॥৫৫॥

বহুরথমনুজাশ্বপত্তিনাগং প্রতিভয়নিস্বনমদ্ভুতাস্তুরূপম্।
অহিতহৃদয়ভেদনং মহদ্বৈ শকটমবেক্ষ্য ননন্দ রাজা ॥৫৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে কৌরবব্যূহনির্ম্মাণে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ •

——•••——

## ষট সপ্ততিতমোঽধ্যায়ঃ।

———:•:———

সঞ্জয় উবাচ।

ততো ব্যূঢ়েষনীকেষু সমুৎক্রুষ্টেষু মারিষ!।
তাড্যমানাসু ভেরীষু মৃদঙ্গেষু নদৎসু চ ॥১॥
অনীকানাঞ্চ নির্হ্রাদে বাদিত্রাণাঞ্চ নিস্বনে।
প্রধ্মাপিতেষু শঙ্খেষু সন্নাদে লোমহর্ষণে ॥২॥

### ভারতকৌমুদী

বহ্বিতি। রাজা দুর্য্যোধনঃ, বহবো রথাঃ মনুজাঃ অশ্বাঃ পত্তয়ঃ পদাতয়ঃ নাগা হস্তিনশ্চ যত্র তৎ, প্রতিভয়া ভয়ঙ্করা নিস্বনা যত্র তৎ, অদ্ভুতাস্তুরূপম্ আশ্চর্য্যরূপম্, অহিতহৃদয়ানাং শত্রুবক্ষসাং ভেদনং বিদারকম্, মহৎ, শকটং চক্রশকটব্যূহম্, অবেক্ষ্য দৃষ্ট্বা ননন্দ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু, সমুৎক্রুষ্টেষু যুদ্ধার্থমাহ্বয়ৎসু। নির্হ্রাদে

### ভারতভাবদীপঃ

ইত্যন্বয়ঃ ॥৩২—৩৬॥ ত্রিষু মাত্রাসু ত্রিসংখ্যাসু তিস্রষিত্যর্থঃ ॥৩৭—৪৫॥ পশ্চার্দ্ধে পশ্চাদ্ভাগে, পঙ্কগব্যূতিঃ চক্রশকটঃ চক্রগর্ভঃ শকটঃ ॥৪৬—৫৫॥ অদ্ভুতাস্তুরূপমাশ্চর্য্যবচনম্ ॥৫৬॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৫॥

---

বহুতর রথ, মানুষ, অশ্ব, পদাতি ও গজযুক্ত, ভয়ঙ্করগর্জনকারী, আশ্চর্য্যরূপ ও শত্রুগণের হৃদয়বিদারক সেই বিশাল শকটব্যূহ দেখিয়া দুর্য্যোধনও আনন্দিত হইলেন' ॥৫৬॥

---

• '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বর বর্ধ, '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

অভিহারয়ৎস্থ শনকৈর্ভরতেষু যুযুৎসুষু।
রৌদ্রে মুহূর্ত্তে সংপ্রাপ্তে সব্যসাচী ব্যদৃশ্যত ॥৩॥ (বিশেষকম্)
বলানাং বায়সানাঞ্চ পুরস্তাৎ সব্যসাচিনঃ।
বহুলানি সহস্রাণি প্রাক্রীড়ংস্তত্র ভারত! ॥৪॥
মৃগাশ্চ ঘোরসন্নাদাঃ শিবাশ্চাশিবদর্শনাঃ।
দক্ষিণেন প্রয়াতানামস্মাকং প্রাণদংস্তথা ॥৫॥
সনির্ঘাতা জ্বলন্ত্যশ্চ পেতুরুল্কাঃ সহস্রশঃ।
চচাল চ মহী কৃৎস্না ভয়ে ঘোরে সমুত্থিতে ॥৬॥
বিষ্বগ্‌বাতাঃ সনির্ঘাতা রূক্ষাঃ শর্করবর্ষিণঃ।
ববুরায়াতি কৌন্তেয়ে সংগ্রামে সমুপস্থিতে ॥৭॥

ভারতকৌমুদী

সিংহনাদে জায়মানে। প্রখ্যাপিতেষু বাদিতেষু, সন্নাদে কোলাহলে সতি। অভিহারয়ৎস্থ অস্ত্রাণ্যাবিষ্কুর্ব্বৎসু। যুযুৎসুষু যোদ্ধুমিচ্ছুষু। সব্যসাচী অর্জ্জুনঃ, ব্যদৃশ্যত অস্মাভিঃ ॥১—৩॥

বলানামিতি। বলানাং সাধারণকাকানাম্, বায়সানাং দ্রোণকাকানাম্ ॥৪॥

মৃগা ইতি। মৃগাঃ কুকুরাদয়ঃ পশবঃ, শিবাঃ শৃগালাঃ, অশিবদর্শনা অস্মাকং দক্ষিণদিগ্বর্ত্তিত্বাদেবাস্মাকমমঙ্গলদর্শনাঃ, "বামে শবশিবাকুম্ভা দক্ষিণে গোমৃগদ্বিজাঃ" ইত্যুক্তেঃ ॥৫॥

সেতি। নির্ঘাতো বাতাহতবাতপাত ইত্যুক্তং সপ্রমাণং প্রাক্। ঘোরে মহতি ॥৬॥

বিষ্বগিতি। বিষ্বগ্‌বাতাঃ সমন্তাদ্বায়বঃ। শর্করবর্ষিণঃ ক্ষুদ্রক্ষুদ্রপ্রস্তরখণ্ডবর্ষিণঃ ॥৭॥

---

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! তাহার পর ব্যূহরূপে সন্নিবেশিত কৌরবপক্ষীয় সৈন্যেরা যুদ্ধার্থে আহ্বান করিতে লাগিল; ভেরী ও মৃদঙ্গের বাদ্য হইতে থাকিল; সৈন্যগণের সিংহনাদ, অন্যান্য বাদ্যধ্বনি, শঙ্খের শব্দ ও লোমহর্ষণ কোলাহল চলিতে লাগিল এবং ভরতবংশীয় যুদ্ধার্থীরা ধীরে ধীরে অস্ত্র নিষ্কাশিত করিতে লাগিলেন; এইরূপ রৌদ্র মুহূর্ত্ত উপস্থিত হইলে অর্জ্জুন আমাদের দৃষ্টিগোচর হইলেন ॥১—৩॥

ভরতনন্দন! তখন অর্জ্জুনের সম্মুখে আকাশে বহুসহস্র সাধারণ কাক ও দ্রোণকাক খেলা করিয়া করিয়া উড়িতে লাগিল ॥৪॥

আমরা অগ্রসর হইতে লাগিলে, আমাদের দক্ষিণদিকে ভয়ঙ্করস্বর ও অমঙ্গলদর্শন পশুগণ ও শৃগালগণ রব করিতে থাকিল ॥৫॥

মহাভয় উপস্থিত হইলে, নির্ঘাতের সহিত সহস্র সহস্র জ্বলিত উল্কা পড়িতে লাগিল এবং সমগ্র পৃথিবী কাঁপিতে থাকিল ॥৬॥

---

(১) অনীকানাক সংহ্রাদৈর্বাদিত্রাণাঞ্চ নিস্বনৈঃ...শি, অনীকানাক সংহ্রাদে—বা।

নাকুলিস্তু শতানীকো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
পাণ্ডবানামনীকানি প্রাজ্ঞৌ তৌ ব্যূহতুস্তদা ॥৮॥
ততো রথসহস্রেণ দ্বিরদানাং শতেন চ।
ত্রিভিরশ্বসহস্রৈশ্চ পদাতীনাং শতৈঃ শতৈঃ ॥৯॥
অধ্যর্দ্ধমাত্রে ধনুষাং সহস্রে তনয়স্তব।
অগ্রতঃ সর্বসৈন্যানাং স্থিত্বা দুর্ম্মর্ষণোঽব্রবীৎ ॥১০॥ (যুগ্মকম্)
অদ্য গাণ্ডীবধন্বানং তপন্তং যুদ্ধদুর্মদম্।
অহমাবারয়িষ্যামি বেলেব মকরালয়ম্ ॥১১॥
অদ্য পশ্যন্তু সংগ্রামে ধনঞ্জয়মমর্ষণম্।
বিষক্তং ময়ি দুর্দ্ধর্ষমশ্মকূটমিবাশ্মনি ॥১২॥

ভারতকৌমুদী

নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৮॥

তত ইতি। শতৈঃ শতৈর্দশভিঃ সহস্রৈর্যুক্তঃ। অধি অধিকমর্দ্ধং মাত্রা পরিমাণং য[স্মিন্]
তস্মিন্, ধনুষাং হস্তচতুষ্টয়ানাং সহস্রে অর্জ্জুনাৎ সার্দ্ধচতুঃসহস্রহস্তদূরে স্থিত ইত্যর্থঃ। "চতু
র্বিংশাঙ্গুলো হস্তস্তচ্চতুষ্কং ধনুঃ স্মৃতম্" ইতি জলাশয়তত্ত্বধৃতং বচনম্ ॥৯—১০॥

অদ্যেতি। তপন্তং বিপক্ষান্। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥১১॥

অদ্যেতি। বিষক্তং সংলগ্নম্। অশ্মকূটং প্রস্তরসমূহঃ, অশ্মনি প্রস্তরে ॥১২॥

---

এবং অর্জ্জুন আসিতে লাগিলে ও যুদ্ধ উপস্থিত হইলে, রূক্ষ ও কাঁকরবর্ষী
নির্ঘাতযুক্ত ঘূর্ণী বায়ু বহিতে লাগিল ॥৭॥

তখন নকুলের পুত্র শতানীক এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন এই প্রাজ্ঞ দুই বী[র]
পাণ্ডবসৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিলেন ॥৮॥

তদনন্তর সহস্র রথী, একশত গজারোহী, ত্রিসহস্র অশ্বারোহী এবং দশসহ[স্র]
পদাতিসৈন্যের সহিত মিলিত হইয়া, অর্জ্জুন হইতে সার্দ্ধচতুঃসহস্রহস্ত দূ[রে]
থাকিয়া সমগ্রকৌরবসৈন্যের অগ্রবর্ত্তী হইয়া আপনার পুত্র দুর্ম্মর্ষণ ব[লি]লেন ॥৯—১০॥

'তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ আজ আমি যুদ্ধদুর্দ্ধর্ষ ও শত্রু
সন্তাপক অর্জ্জুনকে বারণ করিব ॥১১॥

আজ সকলে দর্শন করুন—পাষাণসমূহ যেমন অপর পাষাণের সহি[ত]

---

(৮) নাকুলিস্ত...ব্যা নি। (১১)...বতন্তং যুদ্ধদুর্মদম্...পি। (১২)...স্থিতং দুর্দ্ধর্ষ[মশ্ম]
শ্মনি—নি।

তিষ্ঠধ্বং রথিনো যূয়ং সংগ্রামমভিকাঙ্ক্ষিণঃ।
যুধ্যামি সংহতানেতান্ যশো মানঞ্চ বর্দ্ধয়ন্ ॥১৩॥
এবং ব্রুবন্ মহারাজ! মহাত্মা স মহাদ্যুতিঃ।
মহেষ্বাসৈর্বৃতো রাজন্! মহেষ্বাসো ব্যবস্থিতঃ ॥১৪॥
ততোঽন্তক ইব ক্রুদ্ধঃ সবজ্র ইব বাসবঃ।
দণ্ডপাণিরিবাসহ্যো মৃত্যুঃ কালেন চোদিতঃ ॥১৫॥
শূলপাণিরিবাক্ষোভ্যো বরুণঃ পাশবানিব।
যুগান্তাগ্নিরিবার্চ্চিষ্মান্ প্রধক্ষ্যন্ বৈ পুনঃ প্রজাঃ ॥১৬॥
ক্রোধামর্ষবলোদ্ধূতো নিবাতকবচান্তকঃ।
জয়ো জেতা স্থিতঃ সত্যে পারয়িষ্যন্ মহাব্রতম্ ॥১৭॥
আমুক্তকবচঃ খড়্গী জাম্বূনদকিরীটভৃৎ।
শুভ্রমাল্যাম্বরধরঃ স্বঙ্গদশ্চারুকুণ্ডলঃ ॥১৮॥
রথপ্রবরমাস্থায় নরো নারায়ণানুগঃ।
বিধুন্বন্ গাণ্ডিবং সংখ্যে বভৌ সূর্য্য ইবোদিতঃ ॥১৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তিষ্ঠধ্বমিতি। সংগ্রামমিতি "ইনি ভবিষ্যদধমর্ণয়োঃ" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধঃ ॥১৩॥
এবমিতি। মহাদ্যুতির্মহাতেজা দুর্দ্ধর্ষণঃ। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ ॥১৪॥
তত ইতি। চোদিতঃ প্রেরিতঃ। অর্চ্চিষ্মান্ মহাশিখঃ। প্রজা লোকান্। ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া বলেন শক্ত্যা চ উদ্ধূতঃ সঞ্চালিতঃ। জয়ো নাম। পারয়িষ্যন্ পূরয়িষ্যন্, মহাব্রতং জয়দ্রথবধপ্রতিজ্ঞাম্। আমুক্তকবচঃ পরিহিতবর্ম্মা, জাম্বূনদকিরীটভৃৎ

মিলিত হয়, সেইরূপ অমর্ষপরায়ণ দুর্দ্ধর্ষ অর্জ্জুন আজ যুদ্ধে আমার সহিত মিলিত হইয়াছে ॥১২॥

হে যুদ্ধার্থী রথিগণ! আপনারা অবস্থান করুন; আমি কৌরবগণের যশ ও মান বৃদ্ধি করতঃ এই মিলিত বিপক্ষগণের সহিত যুদ্ধ করিব' ॥১৩॥

মহারাজ! মহাত্মা, মহাতেজা ও মহাধনুর্দ্ধর দুর্দ্ধর্ষণ এইরূপ বলিয়া মহাধনুর্দ্ধরগণে পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

তদনন্তর নিবাতকবচহন্তা, চিরবিজয়ী, সত্যপরায়ণ, নরঋষির অবতার ও নারায়ণের অনুগামী অর্জ্জুন ক্রোধ, অসহিষ্ণুতা ও শক্তির প্রভাবে সঞ্চালিত

(১৪)...স মহাযতিঃ ...বা...স মহীপতিঃ...নি। (১৫) কল্পাগ্নিরিব দুষ্প্রর্ষঃ সবজ্রঃ...নি। (১৬)...অর্চ্চিষ্মান্ বিধক্ষঃ স্থাস্নু জঙ্গমম্—নি। (১৭)...যুদ্ধে জেতা...নি। (১৮)...স্বাম্বরঃ...পিঃ।

সোঽগ্রানীকস্য মহত ইষুপাতে ধনঞ্জয়ঃ।
ব্যবস্থাপ্য রথং সজ্জং শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥২০॥
অথ কৃষ্ণোঽপ্যসংভ্রান্তঃ পার্থেন সহ মারিষ!।
প্রাধ্মাপয়ৎ পাঞ্চজন্যং শঙ্খপ্রবরমোজসা ॥২১॥
তয়োঃ শঙ্খপ্রণাদেন তব সৈন্যে বিশাংপতে!।
আসন্ সংহৃষ্টরোমাণঃ কম্পিতা গতচেতসঃ ॥২২॥
যথা ত্রস্যন্তি ভূতানি সর্বাণ্যশনিনিস্বনাৎ।
তথা শঙ্খপ্রণাদেন বিত্রেসুস্তব সৈনিকাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

স্বর্ণমুকুটধারী। স্বঙ্গদঃ সুন্দরকেয়ূরঃ: নরো নরাবতারঃ, নারায়ণং নারায়ণস্যাবতার কৃষ্ণমনুগচ্ছতীতি সঃ। বিধুন্বন্ সঞ্চালয়ন্। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্য মরোক্তের্দ্বৈকারমধ্যতাপি গাণ্ডীবশব্দস্য। সংখ্যে সমরাঙ্গনে ॥১৫—১৯॥

স ইতি। মহতো বিশালস্য, অগ্রানীকস্য সম্মুখস্থকৌরবসৈন্যস্য, ইষুপাতে বাণপাত যোগ্যদেশে ॥২০॥

অথেতি। অসংভ্রান্তঃ মহাসমরারম্ভেঽপি অবিচলিতঃ। ওজসা বলেন ॥২১॥

তয়োরিতি। সৈন্যে সেনায়াম্, সৈনিকা ইতি শেষঃ। গতচেতসঃ অচেতনা ইব ॥২২॥

যথেতি। অশনিনিস্বনাৎ বজ্রশব্দাৎ। বিত্রেসুর্বিশেষেণ ত্রস্তা বভূবুঃ ॥২৩॥

---

হইয়া কবচ, তরবারি, স্বর্ণময় কিরীট, শুভ্রবর্ণ মাল্য ও বস্ত্র, সুন্দর কেয়ূর এব মনোহর কুণ্ডল ধারণ করিয়া উত্তম রথে আরোহণপূর্ব্বক গাণ্ডীবধনু সঞ্চাল করতঃ জয়দ্রথবধের মহাপ্রতিজ্ঞা পূর্ণ করিবার ইচ্ছায় ক্রুদ্ধ যমের ন্যায়, বজ্রধা ইন্দ্রের তুল্য, কালপ্রেরিত ও দণ্ডপাণি অসহ্য মৃত্যুর সমান, অক্ষোভ্য শূলপাণি সদৃশ, পাশহস্ত বরুণের ন্যায় এবং মহাজ্বালাসঙ্কুল লোকদহনকারী প্রলয়াগ্নি তুল্য সমরাঙ্গনে উদিত হইয়া সূর্য্যের ন্যায় প্রকাশ পাইলেন ॥১৫—১৯॥

এবং প্রতাপশালী অর্জ্জুন সম্মুখবর্ত্তী বিশাল বিপক্ষসৈন্যের বাণপাতযোগ্য স্থানে সজ্জিত রথখানাকে রাখিয়া শঙ্খধ্বনি করিলেন ॥২০॥

মাননীয় রাজা! তাহার পর কৃষ্ণও অবিচলিত থাকিয়া বলপূর্ব্বক অর্জ্জুনে সহিত উত্তম পাঞ্চজন্যশঙ্খধ্বনি করিলেন ॥২১॥

নরনাথ! কৃষ্ণ ও অর্জ্জুনের শঙ্খধ্বনিতে আপনার সেনার সৈনিকে রোমাঞ্চিতদেহ, কম্পিতকলেবর এবং যেন অচেতনের ন্যায় হইয়া পড়িল ॥২২

---

(২০)…সোঽগ্যার্দ্ধ ইষুপাতে…নি,…রথং রাজন্!…বা নি।

প্রসুস্রুবুঃ শকৃন্মূত্রং বাহনানি চ সর্বশঃ।
এবং সবাহনং সর্ব্বমাবিগ্নমভবদ্বলম্ ॥২৪॥
সীদন্তি স্ম নরা রাজন্! শঙ্খশব্দেন মারিষ!।
বিসংজ্ঞাশ্চাভবন্ কেচিৎ কেচিদ্রাজন্! বিতত্রসুঃ ॥২৫॥
ততঃ কপির্মহানাদং সহ ভূতৈর্ধ্বজালয়ৈঃ।
অকরোদ্ব্যাদিতাস্যশ্চ ভীষয়ংস্তব সৈনিকান্ ॥২৬॥
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ মৃদঙ্গাশ্চানকৈঃ সহ।
পুনরেবাভ্যহন্যন্ত তব সৈন্যপ্রহর্ষণাঃ ॥২৭॥
নানাবাদিত্রসংহ্রাদৈঃ ক্ষ্বেড়িতাস্ফোটিতাকুলৈঃ।
সিংহনাদৈঃ সমুৎক্রুষ্টৈঃ সমাধূতৈর্মহারথৈঃ ॥২৮॥

ভারতকৌমুদী

প্রেতি। শকৃৎ গূথম্; বাহনানি হস্ত্যশ্বাদীনি। আবিগ্নং ভীতম্ ॥২৪॥
সীদন্তীতি। সীদন্তি স্ম ভয়েন নিরুদ্যমা বভূবুঃ ॥২৫॥
তত ইতি। কপিরর্জ্জুনধ্বজস্থো বানরো হনূমান্। ব্যাদিতাস্যঃ প্রকটিতবদনঃ ॥২৬॥
তত ইতি। অভ্যহন্যন্ত কৌরবপক্ষেঽপ্যবাদ্যন্ত ॥২৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি॥১—২॥ অভিহারয়ৎসু সন্নহ্যমানেষু অভিপূজ্যমানেষু বা, প্রহবৎস্বিতি কেচিৎ ॥৩—৮॥ শতং শতৈর্দশসাহস্রৈঃ নৈরুক্তো বা ॥৯—১৬॥ জয়ো নাম্না ॥১৭—২৭॥ সমাহৃতৈঃ

বজ্রের শব্দে যেমন সমস্ত প্রাণী ভীত হয়, সেইরূপ তাঁহাদের শঙ্খধ্বনিতে আপনার সৈন্যেরা ভীত হইল ॥২৩॥

হস্তী ও অশ্বপ্রভৃতি সমস্ত বাহন বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল। এই-ভাবে বাহনগণের সহিত সমগ্র কৌরবসৈন্য ভীত হইয়া পড়িল ॥২৪॥

মাননীয় রাজা! তাঁহাদের শঙ্খের শব্দে কতকগুলি লোক অবসন্ন হইল, অনেকে অচৈতন্য হইয়া পড়িল এবং বহুলোক গুরুতর ভয় পাইল ॥২৫॥

মহারাজ! তাহার পর অর্জ্জুনের ধ্বজস্থিত হনূমান্ মুখব্যাদান করিয়া তত্রত্য অন্যান্য প্রাণীর সহিত মিলিত হইয়া আপনার সৈন্যগণকে ভীত করিতে থাকিয়া বিশাল গর্জ্জন করিতে লাগিল ॥২৬॥

রাজা! তদনন্তর আপনার সৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া কৌরব-পক্ষেও পুনরায় শঙ্খ, ভেরী, মৃদঙ্গ ও আনক বাদিত হইতে থাকিল ॥২৭॥

(২৮)…সমুৎক্রুষ্টৈঃ সমাহূতৈর্মহারথৈঃ—বা।

তস্মিন্ সুতুমুলে শব্দে ভীরূণাং ভয়বর্দ্ধনে।
অতীবহৃষ্টো দাশার্হমব্রবীৎ পাকশাসনিঃ ॥২৯॥ (যুগ্মকম্)

অর্জ্জুন উবাচ।

চোদয়াশ্বান্ হৃষীকেশ। যত্র দুর্ম্মর্ষণঃ স্থিতঃ।
এতদ্ভিত্ত্বা গজানীকং প্রবেক্ষ্যাম্যরিবাহিনীম্ ॥৩০॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো মহাবাহুঃ কেশবঃ সব্যসাচিনা।
অচোদয়ত্তয়াংস্তত্র যত্র দুর্ম্মর্ষণঃ স্থিতঃ ॥৩১॥
স সম্প্রহারস্তুমুলঃ সংপ্রবৃত্তঃ সুদারুণঃ।
একস্য চ বহূনাঞ্চ রথনাগনরক্ষয়ঃ ॥৩২॥
ততঃ সায়কবর্ষেণ পর্জ্জন্য ইব বৃষ্টিমান্।
পরানবাকিরৎ পার্থঃ পর্ব্বতানিব নীরদঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নানেতি। ক্ষ্বেড়িতং জয়ধ্বনিঃ আস্ফোটিতং বাহুতাড়নশব্দশ্চ তাভ্যামাকুলৈর্ব্যাপ্তৈঃ। সমুৎক্রুষ্টৈঃ আহ্বানশব্দৈঃ, মহারথৈঃ কর্ত্তৃভিঃ, সমাধূতৈঃ সঞ্চালিতৈঃ কৃতৈরিত্যর্থঃ, ভীরূণাং ভয়বর্দ্ধনে শব্দে সুতুমুলে সতি, অতীবহৃষ্টঃ পাকশাসনিরর্জ্জুনঃ, দাশার্হং কৃষ্ণমব্রবীৎ ॥২৮—২৯॥

চোদয়েতি। চোদয় প্রেরয়। এতৎ দুর্ম্মর্ষণাশ্রিতম্ ॥৩০॥

এবমিতি। সব্যসাচিনা অর্জ্জুনেন। অচোদয়দচালয়ৎ, হয়ানর্জ্জুনরথাশ্বান্ ॥৩১॥

স ইতি। সম্প্রহারঃ সমরঃ। রথানাং নাগানাং হস্তিনাং নরাণাঞ্চ ক্ষয়ো যস্মিন্ সঃ ॥৩২॥

---

ভীরুজনের ভয়বর্দ্ধক সেই শব্দ—নানাবাদ্যের শব্দে, জয়ধ্বনিতে, বাহ্বাস্ফোটনে, সিংহনাদে এবং মহারথগণকৃত আহ্বানশব্দে অতিতুমুল হইয়া উঠিলে, অর্জ্জুন অত্যন্ত আনন্দিত হইয়া কৃষ্ণকে বলিলেন ॥২৮—২৯॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ। দুর্ম্মর্ষণ যেখানে রহিয়াছে, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দাও; আমি এই হস্তিসৈন্য ভেদ করিয়া শত্রুবাহিনীর মধ্যে প্রবেশ করিব' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন এইরূপ বলিলে, মহাবাহু কৃষ্ণ—যেখানে দুর্ম্মর্ষণ ছিলেন, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দিলেন ॥৩১॥

তাহার পর একের ও বহুর অতিদারুণ ও তুমুল যুদ্ধ লাগিয়া গেল; তাহাতে কৌরবপক্ষের অনেক রথী, গজারোহী ও পদাতি বিনষ্ট হইল ॥৩২॥

---

(২৯) ইতঃ পরম্ '...ষড়শীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

তে চাপি রথিনঃ সর্ব্বে ত্বরিতাঃ কৃতহস্তবৎ।
অবাকিরন্ বাণজালৈস্ততঃ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥৩৪॥
ততঃ ক্রুদ্ধো মহাবাহুর্বার্য্যমাণঃ পরৈর্যুধি।
শিরাংসি রথিনাং পার্থঃ কায়েভ্যোঽপাহরচ্ছরৈঃ ॥৩৫॥
উদ্‌ভ্রান্তনয়নৈর্বক্ত্রৈঃ সন্দষ্টৌষ্ঠপুটৈঃ শুভৈঃ।
সকুণ্ডলশিরস্ত্রাণৈর্ব্বসুধা সমকীর্য্যত ॥৩৬॥
পুণ্ডরীকবনানীব বিধ্বস্তানি সমন্ততঃ।
বিনিকীর্ণানি যোধানাং বদনানি চকাশিরে ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থঃ সায়কবর্ষেণ, বৃষ্টিমান্ পর্জন্যো মেঘ ইবাভবৎ। পরঞ্চ নীরদো জলবর্ষেণ পর্বতানিব, পার্থঃ সায়কবর্ষেণ পরান্ বিপক্ষান্, অবাকিরৎ আবৃণোৎ ॥৩৩॥

ত ইতি। কৃতহস্তবৎ শিক্ষিতহস্তা ঐন্দ্রজালিকা ইব ॥৩৪॥

তত ইতি। বার্য্যমাণত্বাদেব ক্রুদ্ধ ইত্যাশয়ঃ। অপাহরৎ অচ্ছিনৎ ॥৩৫॥

উদিতি। উদ্‌ভ্রান্তানি ঘূর্ণিতানি নয়নানি যেষাং তৈঃ, সন্দষ্টানি দন্তৈঃ পীড়িতানি ওষ্ঠপুটানি যেষাং তৈঃ, শুভৈঃ সুন্দরৈঃ, কুণ্ডলাভ্যাং শিরস্ত্রাণৈরুষ্ণীষৈশ্চ সহেতি তৈস্তাদৃশৈশ্চ, বক্ত্রৈর্বীরাণাং ছিন্নৈঃ শিরোভিঃ, বসুধা সমরভূমিঃ, সমকীর্য্যত ব্যাপ্যত ॥৩৬॥

পুণ্ডেতি। পুণ্ডরীকাণাং পদ্মানাং বনানীব, বিধ্বস্তানি ছিন্নানি ॥৩৭॥

তদনন্তর অর্জ্জুন বাণবর্ষণ করিতে থাকিয়া জলবর্ষণকারী মেঘের ন্যায় হইয়া উঠিলেন এবং মেঘ যেমন জলবর্ষণ করিয়া পর্বতগণকে আবৃত করে, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণ করিয়া বিপক্ষগণকে আবৃত করিলেন ॥৩৩॥

তৎপরে সেই রথীরা সকলেও ত্বরান্বিত হইয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকগণের ন্যায় বাণজালদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

তখন বিপক্ষেরা যুদ্ধে বারণ করিতে লাগিল বলিয়া মহাবাহু অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা সেই বিপক্ষ রথিগণের দেহ হইতে মস্তক অপহরণ করিতে লাগিলেন ॥৩৫॥

কুণ্ডল ও উষ্ণীষযুক্ত সুন্দর সুন্দর মুখ পতিত হইয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল; তখন সে মুখগুলির নয়ন সকল ঘুরিতেছিল এবং তাহা দন্তদ্বারা ওষ্ঠপুট দংশন করিতেছিল ॥৩৬॥

ছিন্ন পদ্মসমূহের ন্যায় যোদ্ধাদের বদন সকল সমস্ত দিকে বিক্ষিপ্ত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

(৩৪) ..ততঃ কৃষ্ণধনঞ্জয়ৌ—বা বি।

তপনীয়তনুত্রাণাঃ সংসিক্তা রুধিরেণ চ।
সংসক্তা ইব দৃশ্যন্তে মেঘসংঘাঃ সবিদ্যুতঃ ॥৩৮॥
শিরসাং পততাং রাজন্! শব্দোঽভূদ্বসুধাতলে।
কালেন পরিপক্কানাং তালানাং পততামিব ॥৩৯॥
ততঃ কবন্ধং কিঞ্চিত্তু ধনুরালম্ব্য তিষ্ঠতি।
কিঞ্চিৎ খড়্গং বিনিষ্কৃষ্য ভুজেনোদ্যম্য তিষ্ঠতি ॥৪০॥
পতিতানি ন জানন্তি শিরাংসি পুরুষর্ষভাঃ।
অমৃষ্যমাণাঃ সংগ্রামে কৌন্তেয়ং জয়গৃদ্ধিনঃ ॥৪১॥
হয়ানামুত্তমাঙ্গৈশ্চ হস্তিহস্তৈশ্চ মেদিনী।
বাহুভিশ্চ শিরোভিশ্চ বীরাণাং সমকীর্য্যত ॥৪২॥

ভারতকৌমুদী

তপেতি। তপনীয়ানাং স্বর্ণানাং তনুত্রাণানি বর্ম্মাণি যেষাং তে। সংসক্তা লগ্নাঃ ॥৩৮॥
শিরসামিতি। তালানাং তদাখ্যফলানাম্ ॥৩৯॥
তত ইতি। কবন্ধং মস্তকহীনং শরীরং কর্ত্তৃ। কিঞ্চিদপরম্। উদ্যম্য উত্তোল্য ॥৪০॥
পতিতানীতি। ন জানন্তি দ্রুতচ্ছেদাৎ। পুরুষর্ষভাঃ কৌরবপক্ষীয়াঃ। অমৃষ্যমাণা অসহমানাঃ, কৌন্তেয়মর্জ্জুনম্। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৪১॥
হয়ানামিতি। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ, হস্তিনাং হস্তৈঃ শুণ্ডাভিঃ ॥৪২॥

---

স্বর্ণবর্ম্মযুক্ত, রুধিরসিক্ত ও পরস্পরসংসক্ত দেহ সকল, বিদ্যুদ্‌যুক্ত মেঘসমূহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৩৮॥

রাজা! ভূতলে কালপক্ক তাল পতিত হইবার সময়ে যেমন শব্দ হয়, বীরগণের মস্তক পতিত হইবার সময়েও সেইরূপ শব্দ হইতে থাকিল ॥৩৯॥

তখন কোন কোন কবন্ধ (মস্তকবিহীন শরীর) ধনু লইয়া দাঁড়াইতে লাগিল; আবার কোন কোন কবন্ধ হস্তদ্বারা নিষ্কাশনপূর্ব্বক তরবারি তুলিয়া দাঁড়াইতে থাকিল ॥৪০॥

জয়াভিলাষী এবং অর্জ্জুনের গৌরবাসহিষ্ণু পুরুষশ্রেষ্ঠেরা নিজেদের মস্তক যে পতিত হইয়া গেল, তাহা জানিতে পারিলেন না ॥৪১॥

ক্রমে অশ্বগণের মস্তক, হস্তিগণের শুণ্ড এবং বীরগণের বাহু ও মস্তক পতিত হইয়া হইয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল ॥৪২॥

---

(৩৮) সুবর্ণচিত্রাভরণাঃ সংসক্তাঃ…নি। (৪০) কবন্ধ উত্থিতঃ কশ্চিদ্বিকার্য্য সশরং ধনুঃ…নি।

অয়ং পার্থঃ কুতঃ পার্থ এব পার্থ ইতি প্রভো ।।
তব সৈন্যেষু যোধানাং পার্থভূতমিবাভবৎ ॥৪৩॥
অন্যোন্যমপি চাজঘ্নুরাত্মানমপি চাপরে ।
পার্থভূতমমন্যন্ত জগৎ কালেন মোহিতাঃ ॥৪৪॥
নিষ্টনন্তঃ সরুধিরা বিসংজ্ঞা গাঢ়বেদনাঃ ।
শয়ানা বহবো বীরাঃ কীর্ত্তয়ন্তঃ স্ববান্ধবান্ ॥৪৫॥
সভিন্দিপালাঃ সপ্রাসাঃ সশক্ত্যৃষ্টিপরশ্বধাঃ ।
সনির্য্যূহাঃ সনিস্ত্রিংশাঃ সশরাসনতোমরাঃ ॥৪৬॥
সবাণবর্ম্মাভরণাঃ সাঙ্গদাঃ সগদা রণে ।
মহাভুজগসঙ্কাশা বাহবঃ পরিঘোপমাঃ ॥৪৭॥
উদ্বেষ্টন্তি বিচেষ্টন্তি সংবেষ্টন্তি চ সর্ব্বশঃ ।
বেগং কুর্ব্বন্তি সংরব্ধা নিকৃত্তাঃ পরমেষুভিঃ ॥৪৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অয়মিতি। কুতঃ কুত্র। হে প্রভো! রাজন্!। পার্থভূতমিবাভবৎ রণাঙ্গনম্ ॥৪৩॥
অন্যোন্যমিতি। তাদৃশাঘাতে হেতুমাহ পার্থেতি। অমন্যন্ত তব যোদ্ধারঃ ॥৪৪॥
নিষ্টনন্ত ইতি। নিষ্টনন্ত আর্ত্তনাদং কুর্বাণাঃ কীর্ত্তয়ন্তশ্চাসন্নিতি শেষঃ ॥৪৫॥
সেতি। ভিন্দিপালাদীনি তদানীন্তনাস্ত্রাণি। সাঙ্গদাঃ সকেয়ূরাঃ। উদ্বেষ্টন্তি ঊর্দ্ধং বেষ্টন্তে স্ম, বিচেষ্টন্তি স্পন্দন্তে স্ম, সংবেষ্টন্তি পার্শ্বে বেষ্টন্তে স্ম। সংরব্ধাঃ সোদ্যমাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ, পরমেষুভিঃ পার্থস্যোত্তমবাণৈঃ। সর্বত্রাতীতসামীপ্যে বর্ত্তমানা ॥৪৬—৪৮॥

রাজা! 'এই অর্জ্জুন' 'কোথায় অর্জ্জুন' 'এই অর্জ্জুন' এইরূপ বলিতে থাকায় আপনার সৈন্যের মধ্যে যোদ্ধাদের নিকটে যেন সমগ্র সমরভূমিটাই অর্জ্জুনময় হইয়া গেল ॥৪৩॥

আপনার সৈন্যেরা কালকর্ত্তৃক মোহিত হইয়া জগৎটাকেই যেন অর্জ্জুনময় বলিয়া মনে করিতে লাগিল। তাহাতে তাহারা পরস্পর আঘাত করিতে লাগিল এবং অন্য কতকগুলি সৈন্য আপনাদের শরীরেই আঘাত করিয়া ফেলিল ॥৪৪॥

অনেকে রক্তাক্তদেহ, বহু বীর চৈতন্যবিহীন এবং অন্যান্য যোদ্ধা দারুণ বেদনায় পীড়িত ও ভূতলপতিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিল এবং আপন আপন বন্ধুদিগকে ডাকিতে থাকিল ॥৪৫॥

ভিন্দিপাল, প্রাস, শক্তি, ঋষ্টি, পরশু, হস্তিদন্ত, তরবারি, ধনু, তোমর,

(৪৪)…জনাঃ কালেন মোহিতাঃ—নি।

যো যঃ স্ম সমরে পার্থং প্রতি সংরভতে নরঃ।
তস্য তস্যান্তকো বাণঃ শরীরমুপসর্পতি ॥৪৯॥
নৃত্যতো রথমার্গেষু ধনুর্ব্যায়চ্ছতস্তথা।
ন কশ্চিত্তত্র পার্থস্য দদৃশেঽন্তরমণ্বপি ॥৫০॥
যত্তস্য যতমানস্য ক্ষিপ্রং বিক্ষিপতঃ শরান্।
লাঘবাৎ পাণ্ডুপুত্রস্য ব্যস্ময়ন্নপরে জনাঃ ॥৫১॥
হস্তিনং হস্তিযন্তারমশ্বমাশ্বিকমেব চ।
অভিনৎ ফাল্গুনো বাণৈ রথিনঞ্চ সসারথিম্ ॥৫২॥
আবর্ত্তমানমাবৃত্তং যুধ্যমানঞ্চ পাণ্ডবঃ।
প্রমুখে তিষ্ঠমানঞ্চ ন কঞ্চিন্ন নিহন্তি সঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

য ইতি। সংরভতে যোদ্ধুমারভতে স্ম। বাণঃ পার্থস্য ॥৪৯॥
নৃত্যত ইতি। ব্যায়চ্ছতঃ অবিরতমাকর্ষতঃ। অন্তরং প্রহারাবকাশম্, অণু অল্পম্ ॥৫০॥
যত্তস্যেতি। যত্তস্য জয়ায় প্রাক্ কৃতযত্নস্য, তদানীং জয়ায় যতমানস্য ॥৫১।
হস্তিনমিতি। হস্তিনো যন্তারং চালকম্, আশ্বিকমশ্বারোহিণম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৫২॥

বাণ ও গদাযুক্ত এবং বর্ম্ম, কেয়ূর ও অন্যান্য অলঙ্কারসমন্বিত মহাসর্পতুল্য বৃহৎ ও পরিঘতুল্য স্থূল বাহু সকল অর্জ্জুনের উত্তম বাণসমূহে ছিন্ন হইয়াও উদ্যমের সহিত ঊর্দ্ধে ও পার্শ্বে বেষ্টন, স্পন্দন এবং বেগপ্রকাশ করিতে লাগিল ॥৪৬—৪৮॥

যে যে মানুষ সমরাঙ্গনে অর্জ্জুনের দিকে যাইয়া যুদ্ধ আরম্ভ করিতে লাগিল, সেই সেই মানুষের শরীরেই অর্জ্জুনের বাণ যাইয়া যমের ন্যায় প্রবেশ করিতে থাকিল ॥৪৯॥

অর্জ্জুন যখন রথপথে অনবরত নৃত্য ও ধনু আকর্ষণ করিতেছিলেন, তখন কোন ব্যক্তিই তাঁহাকে প্রহার করিবার অল্প অবকাশও দেখিতে পায় নাই ॥৫০॥

অর্জ্জুন পূর্ব্বে যখন জয়ের জন্য যত্ন করিয়াছিলেন, তখন যে যত্ন করিতে-ছিলেন এবং দ্রুত যে বাণক্ষেপ করিতেছিলেন, তত্তৎকালে তাঁহার ক্ষিপ্রকারিতা দেখিয়া অন্যান্য লোকেরা বিস্ময়াপন্ন হইতে লাগিল ॥৫১॥

অর্জ্জুন বাণদ্বারা হস্তী, হস্তিচালক, অশ্ব, অশ্বারোহী, সারথি ও রথীকে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৫২॥

(৪৯)...প্রতি সংরভতে নরঃ...নি। (৫১) যত্তস্য বর্তমানস্য...ব্যস্ময়ন্ত পরে জনাঃ—বা নি। (৫২)...রথিনঞ্চ স সারথিম্—পি। (৫৩)...ন কিঞ্চিন্ন হিনস্তি সঃ—পি বঙ্গ বর্দ্ধ।

যথোদয়ন্ বৈ গগনে সূর্য্যো হন্তি মহত্তমঃ।
তথার্জ্জুনো গজানীকমবধীৎ কঙ্কপত্রিভিঃ ॥৫৪॥
হস্তিভিঃ পতিতৈর্ভিন্নৈস্তব সৈন্যমদৃশ্যত।
অন্তকালে যথা ভূমির্বিনিকীর্ণা মহীধরৈঃ ॥৫৫॥
যথা মধ্যন্দিনে সূর্য্যো দুষ্প্রেক্ষ্যঃ প্রাণিভিঃ সদা।
তথা ধনঞ্জয়ঃ ক্রুদ্ধো দুষ্প্রেক্ষ্যো যুধি শত্রুভিঃ ॥৫৬॥
তত্তথা তব পুত্রস্য সৈন্যং যুধি পরন্তপ।।
প্রভগ্নং দ্রুতমাবিগ্নমতীব শরপীড়িতম্ ॥৫৭॥
মারুতেনেব মহতা মেঘানীকং ব্যদীর্য্যত।
প্রকাল্যমানং তৎ সৈন্যং নাশকৎ প্রতিবীক্ষিতুম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

আবর্ত্তেতি। আবর্ত্তমানমাগচ্ছন্তম্, আবৃত্তং পূর্ব্বমাগতম্। প্রমুখে সম্মুখে ॥৫৩॥
যথেতি। মহদ্গাঢ়ম্, তমোঽন্ধকারম্। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥৫৪॥
হস্তিভিরিতি। ভিন্নৈরর্জ্জুনবাণবিদারিতৈঃ। অন্তকালে প্রলয়কালে ॥৫৫॥
যথেতি। দিনস্য মধ্যমিতি মধ্যন্দিনং তস্মিন্ "ধেনবড়ুহাদয়শ্চ" ইতি নিপাতঃ ॥৫৬॥
তদিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। প্রভগ্নং বিশ্লিষ্টম্, দ্রুতমপসৃতম্, আবিগ্নং ভীতকাতরং ॥৫৭॥
মারুতেনেতি। মেঘানামনীকং সমূহঃ। প্রকাল্যমানমর্জ্জুনেন মর্দ্দ্যমানম্ ॥৫৮॥

পূর্ব্বে যে সম্মুখে আসিয়াছিল, তখন যে সম্মুখে আসিতেছিল, যে যুদ্ধ করিতেছিল এবং যে সম্মুখে রহিয়াছিল, তাহাদের কাহাকেও যে অর্জ্জুন বধ করেন নাই এমন নহে ॥৫৩॥

সূর্য্য আকাশে উদিত হইয়া যেমন গাঢ় অন্ধকার বিনষ্ট করেন, তেমন অর্জ্জুন বাণদ্বারা বিপক্ষের হস্তিসৈন্য বিনষ্ট করিতে লাগিলেন ॥৫৪॥

প্রলয়কালে মহাবায়ুর তাড়নে নিপতিত পর্ব্বতসমূহ যেমন পৃথিবীকে ব্যাপ্ত করে, সেইরূপ অর্জ্জুনের বাণে বিদীর্ণ ও নিপতিত হস্তিসমূহ আপনার সৈন্য ব্যাপ্ত করিতে লাগিল—দেখা গেল ॥৫৫॥

মধ্যাহ্নকালের সূর্য্য যেমন সর্ব্বদাই প্রাণিগণের দুষ্প্রেক্ষ্য, তেমন তৎকালে ক্রুদ্ধ অর্জ্জুন যুদ্ধে শত্রুগণের দুষ্প্রেক্ষ্য হইয়া পড়িলেন ॥৫৬॥

পরন্তপ রাজা! ক্রমে আপনার পুত্র দুর্য্যোধনের সেই সৈন্য যুদ্ধে অর্জ্জুনের বাণে অত্যন্তপীড়িত হইয়া ভীত, বিশ্লিষ্ট ও অপসৃত হইতে লাগিল ॥৫৭॥

(৫৫)...ব্যবকীর্ণা...বা নি। (৫৮)...মেঘানীকং বিদীর্য্যতে...পি,...মেঘানীকং বিদার্য্যতে ...বম বঙ্গ।

প্রতোদৈশ্চাপকোটীভির্হুঙ্কারৈঃ সাধুবাহিতৈঃ।
কশাপার্ষ্ণ্যভিঘাতৈশ্চ বাগ্‌ভিরুগ্রাভিরেব চ।
চোদয়ন্তো হয়াংস্তূর্ণং পলায়ন্তে স্ম তাবকাঃ ॥৫৯॥
সাদিনো রথিনশ্চৈব পত্তয়শ্চার্জ্জুনাদ্দিতাঃ।
পার্ষ্ণ্যঙ্গুষ্ঠাঙ্কুশৈর্নাগাংশ্চোদয়ন্তস্তথাপরে ॥৬০॥
শরৈঃ সম্মোহিতাশ্চান্যে তমেবাভিমুখা যযুঃ।
তব যোধা হতোৎসাহা বিভ্রান্তমনসস্তদা ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্ম্মর্ষণপরাজয়ে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

## ভারতকৌমুদী

প্রেতি। প্রতোদৈঃ স্থূলাগ্রতাড়নদণ্ডৈঃ, চাপকোটীভিঃ ধনুরগ্রৈঃ, সাধুবাহিতৈঃ সম্যক্ সঞ্চালনৈঃ। কশা সূক্ষ্মাগ্রতাড়নদণ্ডঃ পার্ষ্ণিঃ পাদপশ্চাদ্ভাগশ্চ তয়োরভিঘাতৈশ্চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

সাদিন ইতি। সাদিনো গজারোহিণঃ। পলায়ন্তে ইত্যনুবৃত্তিঃ ॥৬০॥

শরৈরিতি। তমর্জ্জুনমেব সম্মোহিতত্বাৎ। বিভ্রান্তমনসো বিচলিতচিত্তাঃ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

## ভারতভাবদীপঃ

সঙ্কালিতৈঃ ॥২৮—৩৫॥ নির্ব্যূঢ়ো বৃপিকা ॥৪৬—৪৮॥ প্রতিসংরভতে প্রত্যুদ্‌গচ্ছতি ॥৪৯—৫০॥ যত্তস্ত অবহিতস্ত ॥৫১—৫৬॥ দ্রুতং বিদ্রুতম্, আবিগ্নং ভীতম্ ॥৫৭—৫৮॥ সাধুবাহিতৈঃ সুষ্ঠু ব্যাপারিতৈঃ ॥৫৯—৬১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

---

তখন মেঘসমূহ যেমন মহাবায়ুর বেগে বিদীর্ণ হইয়া যায়, তেমন সেই সৈন্য অর্জ্জুনের বাণে বিদীর্ণ হইয়া গেল। সুতরাং অর্জ্জুনপীড়িত সেই সৈন্য অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৫৮॥

পরে তাড়নদণ্ড, ধনুর অগ্রদেশ, হুঙ্কার, সম্যক্ চালন এবং কশা ও চরণ-তাড়ন, আর উগ্র বাক্যদ্বারা সত্বর অশ্বগুলিকে চালাইতে থাকিয়া আপনার অশ্বারোহী সৈন্যেরা পলায়ন করিতে থাকিল ॥৫৯॥

গজারোহী সৈন্যেরা চরণাঙ্গুষ্ঠ ও অঙ্কুশদ্বারা হস্তিগণকে চালাইতে থাকিয়া পলায়ন করিতে লাগিল এবং রথী ও পদাতিরাও পলাইতে থাকিল ॥৬০॥

---

* '...সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, ...একোননবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

## সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তস্মিন্ প্রভগ্নে সৈন্যাগ্রে বধ্যমানে কিরীটিনা।
কে নু তত্র রণে বীরাঃ প্রত্যুদীয়ুর্ধনঞ্জয়ম্ ॥১॥
আহোস্বিচ্ছকটব্যূহং প্রবিষ্টা মোঘনিশ্চয়াঃ।
দ্রোণমাশ্রিত্য তিষ্ঠন্তি প্রাকারমকুতোভয়াঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

তথার্জ্জুনেন সংভগ্নে তস্মিংস্তব বলেঽনঘ!।
হতবীরে হতোৎসাহে পলায়নকৃতক্ষণে ॥৩॥
পাকশাসনিনাভীক্ষ্ণং বধ্যমানে শরোত্তমৈঃ।
ন তত্র কশ্চিৎ সংগ্রামে শশাকার্জ্জুনমীক্ষিতুম্ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বীরাঃ কুরুপক্ষীয়াঃ, প্রত্যুদীয়ুঃ প্রতিজগ্মুঃ ॥১॥

আহোস্বিদিতি। মোঘনিশ্চয়া ব্যর্থকামাঃ। প্রাকারং তত্তুল্যম্ ॥২॥

তথেতি। পলায়নে কৃতঃ ক্ষণোঽবসরো যেন তস্মিন্ পাকশাসনিনা ইন্দ্রপুত্রেণার্জ্জুনেন, অভীক্ষ্ণমবিরতম্ ॥৩—৪॥

আর অর্জ্জুনের বাণাঘাতে হতোৎসাহ, বিচলিতচিত্ত ও সম্মোহিত আপনার অন্য সৈন্যেরা অর্জ্জুনের দিকেই চলিল' ॥৬১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেই সৈন্যের সম্মুখভাগ বধ করিতে থাকায় তাহা ভগ্ন হইলে, সেই যুদ্ধে কোন বীরেরা অর্জ্জুনের অভিমুখে গেলেন? ॥১॥

না—তাঁহারা ব্যর্থকাম হইয়া শকটব্যূহে প্রবেশ করিয়া প্রাচীরতুল্য দ্রোণকে অবলম্বনপূর্ব্বক অকুতোভয়ে রহিলেন?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নিষ্পাপ রাজা! অর্জ্জুন সেইভাবে আপনার সৈন্যের বীরগণকে নিহত, হতোৎসাহ ও ভগ্ন করিয়া দিলে, তাঁহারা পলায়ন করিতে

(১)…সৈন্যে তু…বর্দ্ধ। (২)…তিষ্ঠন্তঃ প্রাকারমকুতোভয়ম্—পি বা বর্দ্ধ।

ততস্তব সুতো রাজন্! দৃষ্ট্বা সৈন্যং তথাগতম্।
দুঃশাসনো ভৃশং ক্রুদ্ধো যুদ্ধায়ার্জ্জুনমভ্যয়াৎ ॥৫॥
স কাঞ্চনবিচিত্রেণ কবচেন সমাবৃতঃ।
জাম্বূনদশিরস্ত্রাণঃ শূরস্তীব্রপরাক্রমঃ ॥৬॥
নাগানীকেন মহতা গ্রসন্নিব মহীমিমাম্।
দুঃশাসনো মহারাজ! সব্যসাচিনমাবৃণোৎ ॥৭॥ (যুগ্মকম্)
হ্রাদেন গজঘণ্টানাং শঙ্খানাং নিনদেন চ।
জ্যাক্ষেপনিনদৈশ্চৈব বিরাবেণ চ দন্তিনাম্ ॥৮॥
ভূর্দিশশ্চান্তরীক্ষঞ্চ শব্দেনাসীৎ সমাবৃতম্।
স মুহূর্ত্তঃ প্রতিভয়ো দারুণঃ সমপদ্যত ॥৯॥ (যুগ্মকম্)
তান্ দৃষ্ট্বাপততস্তূর্ণমঙ্কুশৈরভিচোদিতান্।
ব্যালম্বহস্তান্ সংরব্ধান্ সপক্ষানিব পর্ব্বতান্ ॥১০॥
সিংহনাদেন মহতা নরসিংহো ধনঞ্জয়ঃ।
গজানীকমমিত্রাণামভিতো ব্যধমচ্ছরৈঃ ॥১১॥ (যুগ্মকম্)

---

ভারতকৌমুদী

তত ইতি। তথাগতং তাদৃগবস্থং প্রভগ্নমিত্যর্থঃ ॥৫॥

স ইতি। কাঞ্চনস্তেদবিতি কাঞ্চনঞ্চ তদ্বিচিত্রঞ্চেতি তেন। জাম্বূনদস্য স্বর্ণস্যেদং জাম্বূনদং শিরস্ত্রাণং যস্য সঃ। নাগানীকেন হস্তিসৈন্যেন। আবৃণোদবেষ্টত ॥৬—৭॥

হ্রাদেনেতি। জ্যাক্ষেপনিনদৈঃ গুণাকর্ষণশব্দৈঃ। শব্দেন কোলাহলেন ॥৮—৯॥

---

লাগিলেন; তথাপি অর্জুন উত্তম বাণসমূহদ্বারা অনবরত তাঁহাদিগকে বধ করিতে থাকিলেন। সুতরাং সে যুদ্ধে কোন ব্যক্তিই অর্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৩—৪॥

রাজা! তাহার পর আপনার পুত্র দুঃশাসন সম্মুখসৈন্যের সেইরূপ অবস্থা দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিবার জন্য অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥৫॥

মহারাজ! স্বর্ণময় বিচিত্র বর্ম্মদ্বারা আবৃতদেহ, মস্তকে স্বর্ণকিরীটধারী, বীর ও অত্যন্তপরাক্রমশালী দুঃশাসন এই পৃথিবীটাকে গ্রাস করতই যেন বিশাল হস্তিসৈন্যদ্বারা অর্জুনকে বেষ্টন করিয়া ফেলিলেন ॥৬—৭॥

হস্তিঘণ্টার শব্দে, শঙ্খের নিনাদে, ধনুষ্টঙ্কারে, হস্তীর বৃংহিতধ্বনিতে এবং মানুষের কোলাহলে ভূমণ্ডল, দিঙ্মণ্ডল ও আকাশমণ্ডল ব্যাপ্ত হইয়া গেল। সুতরাং সেই সময়টা অতিদারুণ হইয়া পড়িল ॥৮—৯॥

মহোর্ম্ময় ইবোদ্ধূতাঃ শ্বসনেন সমীরিতাঃ।
ধনঞ্জয়শরোদ্বিগ্নাঃ পলায়ন্তো বভূর্গজাঃ ॥১২॥
মহোর্ম্মিণমিবোদ্ধূতং শ্বসনেন মহার্ণবম্।
কিরীটী তদ্‌গজানীকং প্রাবিশন্মকরো যথা ॥১৩॥
কাষ্ঠাতীত ইবাদিত্যঃ প্রতপন্ যুগসংক্ষয়ে।
দদৃশে দিক্ষু সর্ব্বাসু পার্থঃ পরপুরঞ্জয়ঃ ॥১৪॥
খুরশব্দেন চাশ্বানাং নেমিঘোষেণ তেন চ।
তেন চোৎক্রুষ্টশব্দেন জ্যানিনাদেন তেন চ ॥১৫॥
নানাবাদিত্রশব্দেন পাঞ্চজন্যস্বনেন চ।
দেবদত্তস্য ঘোষেণ গাণ্ডীবনিনদেন চ ॥১৬॥

---

ভারতকৌমুদী

তানিতি। আপতত আগচ্ছতঃ। অভিচোদিতান্ প্রেরিতান্। ব্যালম্বহস্তান্ বিশেষলম্বিতশুণ্ডান্, সংরব্ধান্ ক্রুদ্ধান্। অভিতঃ সর্বতঃ, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥১০—১১॥

মহোর্ম্ময় ইতি। উদ্ধূতা উত্তোলিতাঃ, শ্বসনেন বায়ুনা ॥১২॥

মহোর্ম্মিণমিতি। মহত্য ঊর্ম্ময়ঃ অস্য সন্তীতি তম্। গ্রাহাদিষাদিন্ ॥১৩॥

কাষ্ঠেতি। কাষ্ঠাং গন্তব্যাং দিশমতীত ইতি কাষ্ঠাতীতো বিনয়ং গচ্ছন্নিত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তদ্বিমিতি ॥১—২॥ পলায়নে কৃতঃ ক্ষণোঽবসরো যেন ॥৩—৮॥ প্রতিভয়ো বিমর্দ্দঃ ॥৯-১৩॥

---

লম্বিতশুণ্ড ও ক্রুদ্ধ সেই হস্তিগণ অঙ্কুশপ্রেরিত হইয়া পক্ষযুক্ত পর্ব্বতসমূহের ন্যায় বেগে আসিতেছে দেখিয়া নরশ্রেষ্ঠ অর্জ্জুন বিশাল সিংহনাদ করিয়া বাণসমূহদ্বারা সকল দিকে বিপক্ষের সেই হস্তিসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥১০—১১॥

তখন বায়ুসঞ্চালিত অত্যুচ্চ মহাতরঙ্গসমূহের ন্যায় সেই হস্তিগণ অর্জুনের শরাঘাতের ভয়ে পলায়নপ্রবৃত্ত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥১২॥

কুম্ভীর যেমন বায়ুসঞ্চালিত মহাতরঙ্গযুক্ত মহাসমুদ্রমধ্যে প্রবেশ করে, সেইরূপ অর্জুন যাইয়া সেই হস্তিসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥১৩॥

তৎকালে অত্যন্তসন্তাপকারী দিগ্‌বিলম্বী প্রলয়কালীন সূর্য্যের ন্যায় বিপক্ষনগরবিজয়ী অর্জুন সকল দিকে দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৪॥

---

(১২) [illegible] শ্লোকঃ [illegible] নাস্তি। (১৩) কাষ্ঠাতীত [illegible]।

মন্দবেগতরা নাগা বভূবুস্তে বিচেতসঃ।
শরৈরাশীবিষস্পর্শৈর্নির্ভিন্নাঃ সব্যসাচিনা ॥১৭॥ (বিশেষকম্)
তে গজা বিশিখৈস্তীক্ষ্ণৈর্যুধি গাণ্ডীবচোদিতৈঃ।
অনেকশতসাহস্রৈঃ সর্ব্বাঙ্গেষু সমর্পিতৈঃ ॥১৮॥
আরাবং পরমং কৃত্বা বধ্যমানাঃ কিরীটিনা।
নিপেতুরনিশং ভূমৌ ছিন্নপক্ষা ইবাদ্রয়ঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অপরে দন্তবেষ্টেষু কুম্ভেষু চ কটেষু চ।
শরৈঃ সমর্পিতা নাগাঃ ক্রৌঞ্চবদ্ব্যনদন্ মুহুঃ ॥২০॥
গজস্কন্ধগতানাঞ্চ পুরুষাণাং কিরীটিনা।
ছিদ্যন্তে স্মোত্তমাঙ্গানি ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২১॥

ভারতকৌমুদী

খুরেতি। নেমিঘোষেণ রথচক্রপ্রান্তশব্দেন, তেন অর্জ্জুনসম্বন্ধিনা। উৎক্রুষ্টশব্দেন আহ্বানধ্বনিনা। দেবদত্তস্য তদাখ্যস্যার্জ্জুনশঙ্খস্য। মন্দবেগতরা অতীবাল্পবেগাঃ ॥১৫—১৭॥

ত ইতি। গাণ্ডীবেন চোদিতৈর্নিক্ষিপ্তৈঃ। সমর্পিতৈঃ প্রবেশিতৈঃ। অদ্রয়ঃ পর্ব্বতাঃ ॥১৮—১৯॥

অপর ইতি। দন্তবেষ্টেষু দন্তাবরণেষু। কটেষু গণ্ডেষু। ক্রৌঞ্চঃ পক্ষী ॥২০॥

গজেতি। পুরুষাণাং চালকানাং যোধানাঞ্চ। উত্তমাঙ্গানি শিরাংসি ॥২১॥

---

অর্জ্জুনের অশ্বগণের খুরের শব্দে, রথচক্রের নির্ঘোষে, আহ্বানের উচ্চরবে, জ্যানিনাদে, দেবদত্তশঙ্খের ধ্বনিতে ও গাণ্ডীবধনুর টঙ্কারে এবং নানাবাদ্যের শব্দে ও কৃষ্ণের পাঞ্চজন্যধ্বনিতে বিপক্ষ হস্তিগণের বেগ অত্যন্ত অল্প হইয়া গেল এবং অর্জ্জুনের আশীবিষস্পর্শ বাণসমূহদ্বারা বিদীর্ণ হইয়া সেই হস্তিগুলি অচেতনপ্রায় হইয়া পড়িতে লাগিল ॥১৫—১৭॥

অর্জ্জুনের গাণ্ডীবনিক্ষিপ্ত সর্ব্বাঙ্গে প্রবেশিত বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা আহত হইতে থাকিয়া সেই হস্তী সকল গুরুতর চীৎকার করিয়া করিয়া ছিন্নপক্ষ পর্ব্বতসমূহের ন্যায় অনবরত ভূতলে পতিত হইতে থাকিল ॥১৮—১৯॥

অপর হস্তিগণ দন্তাবরণে, কুম্ভদেশে ও গণ্ডস্থানে অর্জ্জুনের বাণে তাড়িত হইয়া ক্রৌঞ্চপক্ষীর ন্যায় অনবরত রব করিতে লাগিল ॥২০॥

অর্জ্জুন নতপর্ব্ব ভল্লদ্বারা হস্তিস্কন্ধস্থিত পুরুষগণেরও মস্তকচ্ছেদন করিতে লাগিলেন ॥২১॥

---

(২১)—ছিদ্যন্তে স্মোত্তমাঙ্গানি—বা নি।

সকুণ্ডলানাং পততাং শিরসাং ধরণীতলে।
পদ্মানামিব সংঘাতৈঃ পার্থশ্চক্রে নিবেদনম্ ॥২২॥
যন্ত্রবদ্ধা বিকবচা ব্রণার্ত্তা রুধিরোক্ষিতাঃ।
ভ্রমৎসু যুধি নাগেষু মনুষ্যা বিললম্বিরে ॥২৩॥
কেচিদেকেন বাণেন সুমুক্তেন পতত্রিণা।
দ্বৌ ত্রয়শ্চ বিনির্ভিন্না নিপেতুর্ধরণীতলে ॥২৪॥
অতিবিদ্ধাশ্চ নারাচৈর্বমন্তো রুধিরং মুখৈঃ।
সারোহা ন্যপতন্ ভূমৌ দ্রুমবন্ত ইবাচলাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

সেতি। সংঘাতৈঃ সমূহৈঃ। নিবেদনং ধরণ্যাঃ পূজোপহারার্পণমিব ॥২২॥
যন্ত্রেতি। যন্ত্রবদ্ধা গজপৃষ্ঠস্থযন্ত্ররজ্জুসংযতপাদাঃ। নাগেষু হস্তিষু ॥২৩॥
কেচিদিতি। সমদৃঢ়পাতেন স্থিতা ইতি ভাবঃ। পতত্রিণা কঙ্কপক্ষযুক্তেন ॥২৪॥
অতীতি। সারোহা আরোহিসহিতাঃ। সারোহত্বসাদৃশ্যার্থং দ্রুমবন্ত ইত্যুক্তম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

কাষ্ঠাতীতা অতিক্রান্তা ঐন্দ্রী যেন ॥১৪—১৯॥ দন্তবেষ্টেষু দন্তমূলেষু, কটেষু কটিষু ॥১০—২১॥
নিবেদনমুপহারম্ ॥২২॥ যন্ত্রবদ্ধা যন্ত্রৈরালিখিতাঃ ॥২৩—৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৭॥

---

কুণ্ডলযুক্ত মস্তক সকল পদ্মের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল। সুতরাং অর্জ্জুন যেন সেগুলিদ্বারা ভূমিদেবীর পূজার উপহার নিবেদন করিতে লাগিলেন ॥২২॥

হস্তিগণ রণস্থলে ভ্রমণ করিতে লাগিলে, সেগুলির পৃষ্ঠবর্ত্তি-যন্ত্র-স্থিত, কবচচ্যুত, ক্ষতপীড়িত ও রুধিরসিক্ত মনুষ্যগণ ঝুলিতে থাকিল ॥২৩॥

সম্যক্ নিক্ষিপ্ত ও কঙ্কপক্ষযুক্ত অর্জ্জুনের এক একটা বাণে বিদীর্ণ হইয়া দুই জন ও তিন জন করিয়া কতকগুলি লোক ভূতলে পতিত হইল ॥২৪॥

কতকগুলি হস্তী অর্জ্জুনের নারাচে অত্যন্ত বিদ্ধ হইয়া মুখ দিয়া রক্ত বমন করিতে থাকিয়া বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় আরোহীদের সহিত ভূতলে পতিত হইল ॥২৫॥

---

(২৪)···স্বযুক্তেন পতত্রিণা···ব নি। (২৫) অপরে অত্যন্তবদ্ধা মুখৈঃ পতিতাঃ···নি।

মৌর্ব্বীং ধনুর্ধ্বজঞ্চৈব যুগমীষাং তথৈব চ।
রথিনাং কুট্টয়ামাস ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৬॥
ন সন্দধন্ন চাকর্ষন্ ন বিমুঞ্চন্ ন চোদ্বহন্।
মণ্ডলেনৈব ধনুষা নিত্যং পার্থঃ স্ম দৃশ্যতে ॥২৭॥
অতিবিদ্ধাশ্চ নারাচৈর্ব্বমন্তো রুধিরং মুখৈঃ।
মুহূর্ত্তান্ন্যপতন্নন্যে বারণা বসুধাতলে ॥২৮॥
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ! তস্মিন্ পরমসঙ্কুলে ॥২৯॥
সচাপাঃ সাঙ্গুলিত্রাণাঃ সখড়্গাঃ সাঙ্গদা রণে।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥৩০॥
সুপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডকবন্ধুরৈঃ।
চক্রৈর্বিমথিতৈরক্ষৈর্ভগ্নৈশ্চ বহুধা যুগৈঃ ॥৩১॥

ভারতকৌমুদী

মৌর্ব্বীমিতি। মৌর্ব্বীং ধনুর্গুণম্। যুগমীষাঞ্চ রথদারুবিশেষম্। কুট্টয়ামাস চিচ্ছেদ ॥২৬॥
নেতি। সন্দধৎ শরম্, আকর্ষন্ ধনুঃ, বিমুঞ্চন্ শরম্, উদ্বহন্ তূণাচ্ছরমুদ্ধরন্ ॥২৭॥
অতীতি। বারণা হস্তিনঃ ॥২৮॥
উত্থিতানীতি। কবন্ধানি স্পন্দনযুক্তানি মস্তকশূন্যানি শরীরাণি। তস্মিন্ রণে ॥২৯॥
সেতি। সচাপাঃ সধনুষ্কাঃ। সাঙ্গদাঃ সকেয়ূরাঃ ॥৩০॥

---

অর্জ্জুন নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা রথিগণের ধনুর গুণ, ধনু, ধ্বজ এবং রথের যুগ ও ঈষাদণ্ড ছেদন করিলেন ॥২৬॥

তূণ হইতে অর্জ্জুনের বাণ উত্তোলন, বাণসন্ধান, ধনু আকর্ষণ ও বাণক্ষেপ ইঁহার কোনটাই দেখা যাইতে লাগিল না; কিন্তু কেবল মণ্ডলাকার ধনুর সহিতই তাঁহাকে সর্বদা দেখা যাইতে লাগিল ॥২৭॥

অনেক হস্তী অর্জ্জুনের নারাচে অত্যন্ত বিদ্ধ হইয়া মুখদ্বারা রক্ত বমন করিতে থাকিয়া মুহূর্ত্তমধ্যে ভূতলে পতিত হইল ॥২৮॥

মহারাজ! সেই মহাতুমুল যুদ্ধে সকল দিকেই অসংখ্য কবন্ধ উত্থিত হইতে লাগিল দেখা গেল ॥২৯॥

ধনু, অঙ্গুলিত্র ও তরবারিযুক্ত এবং কেয়ূর ও অঙ্গদ স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহুসকল রণস্থলে দেখিতে পাওয়া গেল ॥৩০॥

---

(২৭)···[illegible] পার্থঃ স্ম দৃশ্যতে—বা নি।

চর্ম্মচাপধরৈশ্চৈব ব্যবকীর্ণৈস্ততস্ততঃ।
স্রগ্‌ভিরাভরণৈর্বস্ত্রৈঃ পতিতৈশ্চ মহাধ্বজৈঃ ॥৩২॥
নিহতৈর্বারণৈরশ্বৈঃ ক্ষত্রিয়ৈশ্চ নিপাতিতৈঃ।
অদৃশ্যত মহী তত্র দারুণপ্রতিদর্শনা ॥৩৩॥ (বিশেষকম্)
এবং দুঃশাসনবলং বধ্যমানং কিরীটিনা।
সংপ্রাদ্রবন্মহারাজ! ব্যথিতং সহনায়কম্ ॥৩৪॥
ততো দুঃশাসনস্ত্রস্তঃ সহানীকঃ শরার্দ্দিতঃ।
দ্রোণং ত্রাতারমাকাঙ্ক্ষন্ শকটব্যূহমভ্যগাৎ ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দুঃশাসনপরাভবে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

ভারতকৌমুদী

স্রগেতি। উপস্করাদীনি রথাঙ্গানি প্রাগ্‌ব্যাখ্যাতানি। ব্যবকীর্ণৈর্বিক্ষিপ্তৈর্হস্তৈঃ। স্রগ্‌ভির্মাল্যৈঃ। বারণৈর্গজৈঃ। দারুণপ্রতিদর্শনা ভয়ঙ্করাকৃতিঃ ॥৩১—৩৩॥

এবমিতি। সংপ্রাদ্রবৎ পলায়ত। নায়কৈরবান্তরসেনাপতিভিঃ সহেতি তৎ ॥৩৪॥

তত ইতি। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকঃ। অভ্যগাৎ প্রাবিশৎ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

---

মর্দ্দিত সুন্দর উপস্কর, অধিষ্ঠান, ঈষাদণ্ড ও বন্ধুরে, বহুপ্রকারে ভগ্ন অক্ষ ও যুগে, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম ও কার্ম্মুকযুক্ত হস্তে, নিপতিত মাল্য, আভরণ, বস্ত্র ও বিশাল ধ্বজে, নিহত হস্তী ও অশ্বে এবং নিপাতিত ক্ষত্রিয়গণের শরীরে সেই সমরভূমিকে দারুণাকৃতি দেখা যাইতে লাগিল ॥৩১—৩৩॥

মহারাজ! অর্জ্জুন এইভাবে বধ করিতে লাগিলে, দুঃশাসনের সৈন্য ব্যথিত হইয়া আপন আপন নায়কগণের সহিত পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

তদনন্তর দুঃশাসনও অর্জ্জুনের শরে পীড়িত ও ভীত হইয়া দ্রোণ রক্ষা করিবেন আশা করিয়া সৈন্যগণের সহিত যাইয়া শকটব্যূহমধ্যে প্রবেশ করিলেন ॥৩৫॥

# অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দুঃশাসনবলং হত্বা সব্যসাচী মহারথঃ।
সিন্ধুরাজং পরীপ্সন্ বৈ দ্রোণানীকমুপাদ্রবৎ ॥১॥
স তু দ্রোণং সমাসাদ্য ব্যূহস্য প্রমুখে স্থিতম্।
কৃতাঞ্জলিরিদং বাক্যং কৃষ্ণস্যানুমতেঽব্রবীৎ ॥২॥
শিবেন ধ্যাহি মাং ব্রহ্মন্! স্বস্তি চৈব বদস্ব মে।
তব প্রসাদাদিচ্ছামি প্রবেষ্টুং দুর্ভিদাং চমূম্ ॥৩॥
ভবান্ পিতৃসমো মহ্যং ধর্ম্মরাজসমোঽপি চ।
তথা কৃষ্ণসমশ্চৈব সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৪॥
অশ্বত্থামা যথা তাত! রক্ষণীয়স্ত্বয়ানঘ!।
তথাহমপি তে রক্ষ্যঃ সদৈব দ্বিজসত্তম! ॥৫॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। সব্যসাচী অর্জ্জুনঃ। পরীপ্সন্ প্রাপ্তুমিচ্ছন্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥১॥
স ইতি। অনুমতে অনুজ্ঞায়াং সত্যাম্। অব্রবীৎ ব্যূহপ্রবেশসৌকর্য্যায়েতি ভাবঃ ॥২॥
শিবেনেতি। শিবেন শুভেন যুক্তম্, মম মঙ্গলং চিন্তয়েত্যর্থঃ। স্বস্তি মঙ্গলমস্ত্বিতি ॥৩॥
ভবানিতি। পিতৃসমো গৌরবে, মহ্যং মম, ধর্ম্মরাজসমঃ সম্মানে, কৃষ্ণসমশ্চ প্রণয়ে ॥৪॥
অশ্বেতি। অহমপি তথা তে রক্ষ্যঃ, পুত্রশিষ্যয়োঃ সমত্বাদিত্যাশয়ঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারথ অর্জ্জুন দুঃশাসনের সৈন্য সংহার করিয়া জয়দ্রথকে পাইবার ইচ্ছায় দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১॥

তিনি ব্যূহের সম্মুখে স্থিত দ্রোণের নিকটে উপস্থিত হইয়া কৃষ্ণের অনুমতি-ক্রমে কৃতাঞ্জলিপুটে এই কথা বলিলেন—॥২॥

'ব্রাহ্মণ! আপনি আমার মঙ্গল চিন্তা করুন এবং আমার 'মঙ্গল হউক' এই কথা বলুন। আমি আপনারই অনুগ্রহে আপনার দুর্ভেদ্য বাহিনীর ভিতরে প্রবেশ করিবার ইচ্ছা করি ॥৩॥

আপনি গৌরবে আমার পিতৃতুল্য, সম্মানে ধর্ম্মরাজের সমান এবং প্রণয়ে কৃষ্ণের সদৃশ; ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি ॥৪॥

(৩)···তবৎপ্রসাদাৎ···বা নি। (৪)···সৌম্যকৃষ্ণসমশ্চৈব···নি।

তব প্রসাদাদিচ্ছেয়ং সিন্ধুরাজানমাহবে।
নিহন্তুং দ্বিপদাং শ্রেষ্ঠ! প্রতিজ্ঞাং রক্ষ মে প্রভো! ॥৬॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তদাচার্য্যঃ প্রত্যুবাচ স্ময়ন্নিব।
মামজিত্বা ন বীভৎসো! শক্যো জেতুং জয়দ্রথঃ ॥৭॥
এতাবদুক্ত্বা তং দ্রোণঃ শরব্রাতৈরবাকিরৎ।
সরথাশ্বধ্বজং তীক্ষ্ণৈঃ প্রহসন্ বৈ সসারথিম্ ॥৮॥
ততোঽর্জ্জুনঃ শরব্রাতান্ দ্রোণস্যাবার্য্য সায়কৈঃ।
দ্রোণমভ্যদ্রবদ্বাণৈর্ঘোররূপৈর্মনোজবৈঃ ॥৯॥
বিব্যাধ চ রণে দ্রোণমনুমান্য বিশাংপতে!।
ক্ষত্রধর্ম্মং সমাস্থায় নবভিঃ সায়কৈঃ পুনঃ ॥১০॥

---

ভারতকৌমুদী

তবেতি। গণকৃতস্থানিত্যস্মাৎ সিন্ধুরাজানমিত্যস্য সম্বন্ধাভাবঃ। দ্বিপদাং নরাণাম্ ॥৬॥
এবমিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। যুদ্ধং বিনা তে প্রবেশো.ন স্যাদিত্যভিপ্রায়ঃ ॥৭॥
এতাবদিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, অবাকিরৎ আবৃণোৎ ॥৮॥
তত ইতি। অভ্যদ্রবৎ অপীড়য়ৎ। মনস ইব জবো বেগো যেষাং তৈঃ ॥৯॥
বিব্যাধেতি। অনুমান্য সম্মান্য সম্মানরক্ষণায়াদৃঢ়ং নিক্ষিপ্যেত্যর্থঃ ॥১০॥

---

অতএব পিতঃ! নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! অশ্বত্থামা যেমন আপনার রক্ষণীয়, আমিও আপনার সেইরূপই সর্বদা রক্ষণীয় ॥৫॥

সুতরাং দ্বিপদশ্রেষ্ঠ! আমি আপনার অনুগ্রহে যুদ্ধে জয়দ্রথকে বধ করিবার ইচ্ছা করি। প্রভু! আপনি আমার প্রতিজ্ঞা রক্ষা করুন' ॥৬॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন এইরূপ বলিলে, দ্রোণাচার্য্য ঈষৎ হাস্য করতই যেন প্রত্যুত্তর করিলেন—'অর্জ্জুন! তুমি আমাকে জয় না করিয়া জয়দ্রথকে জয় করিতে পারিবে না' ॥৭॥

এই পর্য্যন্ত বলিয়াই দ্রোণ বাণসমূহদ্বারা রথ, অশ্ব, ধ্বজ ও সারথি কৃষ্ণের সহিত অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৮॥

তদনন্তর অর্জ্জুনও বাণসমূহদ্বারা দ্রোণের বাণসমূহ নিবারণ করিয়া ভয়ঙ্করাকৃতি ও মনের ন্যায় বেগবান্ বহুতর বাণদ্বারা দ্রোণকে পীড়ন করিলেন ॥৯॥

---

(৯)···ঘোররূপৈর্মহোত্তরৈঃ—বা নি বঙ্গ বর্দ্ধ।

তস্যেষূনিষুভিশ্ছিত্ত্বা দ্রোণো বিব্যাধ তাবুভৌ।
বিষাগ্নিজ্বলিতপ্রখ্যৈরিষুভিঃ কৃষ্ণপাণ্ডবৌ ॥১১॥
ইয়েষ পাণ্ডবস্তস্য বাণৈশ্ছেত্তুং শরাসনম্।
তস্য চিন্তয়তস্ত্বেব ফাল্গুনস্য মহাত্মনঃ ॥১২॥
দ্রোণঃ শরৈরসংভ্রান্তো জ্যাং চিচ্ছেদাশু বীর্য্যবান্।
বিব্যাধ চ হয়ানস্য ধ্বজং সারথিমেব চ ॥১৩॥ (যুগ্মকম্)
অর্জ্জুনঞ্চ শরৈর্বীরঃ স্ময়মানোঽভ্যবাকিরৎ।
এতস্মিন্নন্তরে পার্থঃ সজ্যং কৃত্বা মহদ্ধনুঃ ॥১৪॥
বিশেষয়িষ্যন্নাচার্য্যং সর্ব্বাস্ত্রবিদুষাং বরম্।
মুমোচ ষট্‌শতান্ বাণান্ গৃহীত্বৈকমিব দ্রুতম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। জ্বলিতৌ বিষাগ্নী ইতি বিষাগ্নিজ্বলিতৌ অগ্ন্যাহিতাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, তৎপ্রখ্যৈস্তত্তুল্যৈঃ, ইষুভির্বাণৈঃ, কৃষ্ণপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১১॥

ইয়েষেতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য। অসংভ্রান্তঃ অবিচলিতঃ, জ্যাং ধনুর্গুণম্ ॥১২—১৩॥

অর্জ্জুনমিতি। বীরো দ্রোণঃ। বিশেষয়িষ্যন্ আত্মনো বৈষম্যং প্রাধান্যং দর্শয়িষ্যন্ ॥১৪-১৫॥

নরনাথ! পুনরায় অর্জ্জুন সম্মান রাখিয়া অথ চ ক্ষত্রিয়ধর্ম্ম অবলম্বন করিয়া নয়টা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১০॥

তখন দ্রোণ বাণদ্বারা অর্জ্জুনের বাণসমূহকে ছেদন করিয়া জ্বলিত বিষ ও অগ্নির তুল্য বহুতর বাণদ্বারা সেই কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনকেই তাড়ন করিলেন ॥১১॥

এই সময়ে অর্জ্জুন বাণদ্বারা দ্রোণের ধনু ছেদন করিবার ইচ্ছা করিলেন। মহাত্মা অর্জ্জুন এইরূপ চিন্তা করিবামাত্রই বলবান্ ও অবিচলিতচিত্ত দ্রোণ বাণদ্বারা সত্বর অর্জ্জুনের ধনুর গুণ ছেদন করিলেন এবং তাঁহার অশ্ব, ধ্বজ ও সারথিকে বিদ্ধ করিলেন ॥১২—১৩॥

আর মহাবীর দ্রোণ মৃদু হাস্য করিয়া বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন। এই সময়ে অর্জ্জুন বিশাল ধনুতে গুণ সংযুক্ত করিয়া সমস্ত অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ আচার্য্যের সহিত নিজের বৈষম্য দেখাইবেন বলিয়া একটী বাণের ন্যায় একদা দ্রুত ছয়শত বাণ গ্রহণ করিয়া নিক্ষেপ করিলেন ॥১৪—১৫॥

(১২) তস্য চিন্তয়তস্ত্বেবম্...পি বর্দ্ধ। (১৫)...সর্ব্বাস্ত্রবিদুষাং বরঃ...বা নি।

পুনঃ সপ্তশতানন্যান্ সহস্রঞ্চানিবর্ত্তিনাম্।
চিক্ষেপাযুতশশ্চান্যাংস্তেঽঘ্নন্ দ্রোণস্য তাং চমূম্ ॥১৬॥
তৈঃ সম্যগস্তৈর্বলিনা কৃতিনা চিত্রযোধিনা।
মনুষ্যবাজিমাতঙ্গা বিদ্ধাঃ পেতুর্গতাসবঃ ॥১৭॥
বিসূতাশ্বধ্বজাঃ পেতুঃ সংছিন্নায়ুধজীবিতাঃ।
রথিনো রথমুখ্যেভ্যঃ সহসা শরপীড়িতাঃ ॥১৮॥
চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাং বজ্রানিলহুতাশনৈঃ।
তুল্যরূপা গজাঃ পেতুর্গির্য্যগ্রাম্বুদবেশ্মনাম্ ॥১৯॥
পেতুরশ্বসহস্রাণি প্রহতান্যর্জ্জুনেষুভিঃ।
হংসা হিমবতঃ প্রস্থে বারিবিপ্রহতা ইব ॥২০॥

ভারতকৌমুদী

পুনরিতি। অন্যান্ বাণান্, অনিবর্ত্তিনাং বাণানাম্। অঘ্নন্ নিহতবন্তঃ ॥১৬॥

তৈরিতি। অস্তৈঃ ক্ষিপ্তৈঃ "অসু ক্ষেপণে" ইত্যস্য ক্তে প্রয়োগঃ। গতাসবো নির্গত-প্রাণাঃ ॥১৭॥

বীতি। বিগতাঃ সূতাঃ সারথয়ঃ অশ্বা ধ্বজাশ্চ যেষাং তে। রথমুখ্যেভ্যঃ স্বকীয়েভ্যঃ ॥১৮॥

চূর্ণিতেতি। বজ্রানিলহুতাশনৈর্যথাক্রমং চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাম্, গিরয়ঃ পর্বতা উগ্রাম্বুদা ভীষণমেঘা বেশ্মানি গৃহাণি চ তেষাং তুল্যরূপা গজাশ্চ পেতুঃ শরাহতা ইতি শেষঃ ॥১৯॥

পেতুরিতি। প্রস্থে সানৌ, বারিভির্মেঘজলৈর্বিপ্রহতাস্তাড়িতাঃ ॥২০॥

---

তিনি পুনরায় অন্য সপ্তশত, অনিবর্ত্তী এক সহস্র এবং অপর অযুত অযুত বাণ নিক্ষেপ করিলেন; সেগুলি যাইয়া দ্রোণের সেই সেনা বিনাশ করিতে লাগিল ॥১৬॥

বলবান্, যুদ্ধনিপুণ ও বিচিত্রযোধী অর্জ্জুন যে সকল বাণ সমীচীনভাবে নিক্ষেপ করিতে লাগিলেন, সেগুলিদ্বারা বিদ্ধ হইয়া কুরুপক্ষের বহুতর হস্তী, অশ্ব ও পদাতি প্রাণশূন্য হইয়া পতিত হইতে থাকিল ॥১৭॥

অর্জ্জুনের বাণে সারথি, অশ্ব ও ধ্বজ বিনষ্ট এবং অস্ত্র ও জীবন ছিন্ন হইলে, রথীরা তৎক্ষণাৎ আপন আপন উত্তম রথ হইতে পতিত হইতে লাগিলেন ॥১৮॥

বজ্রচূর্ণিত পর্ব্বত, বায়ুসঞ্চালিত ভীষণ মেঘ এবং অগ্নিদগ্ধ গৃহের ন্যায় হস্তী সকল পতিত হইতে থাকিল ॥১৯॥

হংসগণ যেমন মেঘের বারিবেগে তাড়িত হইয়া হিমালয়ের সমতল ভূমিতে

---

(১৬)...সহস্রঞ্চানিবর্ত্তিনঃ...নি। (১৯) ..গির্য্যগ্রাম্বুদবেশ্মনাম্—নি। (২০)...হংসা

সা বি।

রথাশ্বদ্বিপপত্ত্যোঘাঃ সলিলৌঘা ইবাদ্ভুতাঃ।
যুগান্তাদিত্যরশ্ম্যাভৈঃ পাণ্ডবাস্তশরৈর্হতাঃ ॥২১॥
তং পাণ্ডবাদিত্যশরাংশুজালং কুরুপ্রবীরান্ যুধি নিষ্টপন্তম্।
স দ্রোণমেঘঃ শরবৃষ্টিবেগৈঃ প্রাচ্ছাদয়ন্মেঘ ইবার্করশ্মীন্ ॥২২॥
অথাত্যর্থং বিসৃষ্টেন দ্বিষতামসুভোজিনা।
আজঘ্নে বক্ষসি দ্রোণো নারাচেন ধনঞ্জয়ম্ ॥২৩॥
স বিহ্বলিতসর্বাঙ্গঃ ক্ষিতিকম্পে যথাচলঃ।
ধৈর্য্যমালম্ব্য বীভৎসুর্দ্রোণং বিব্যাধ পত্রিভিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

রথেতি। পাণ্ডবেন অর্জ্জুনেন অস্তাঃ ক্ষিপ্তা যে শরাস্তৈঃ, হতাঃ শোষিতা নাশিতাশ্চ ॥২১॥

তমিতি। মেঘঃ অর্করশ্মীনিব, স দ্রোণমেঘঃ, শরবৃষ্টিবেগৈঃ, যুধি কুরুপ্রবীরান্, নিষ্টপন্তং নিঃশেষেণ তপন্তম্, তম্, পাণ্ডবোঽর্জ্জুন এবাদিত্যস্তস্য শরা এব অংশবঃ কিরণাস্তেষাং জালং সমূহম্, প্রাচ্ছাদয়ৎ ॥২২॥

অথেতি। অত্যর্থং সবলং যথা স্যাত্তথা, বিসৃষ্টেন নিক্ষিপ্তেন, অসুভোজিনা প্রাণহারিণা ॥২৩॥

স ইতি। বিহ্বলিতসর্বাঙ্গো নারাচেনাকুলীকৃতসর্বগাত্রঃ। বীভৎসুরর্জ্জুনঃ, পত্রিভির্বাণৈঃ ॥২৪॥

---

পতিত হয়, সেইরূপ অর্জ্জুনের বাণে নিহত হইয়া সহস্র সহস্র অশ্ব সমরভূমিতে পতিত হইতে লাগিল ॥২০॥

প্রলয়কালে সূর্য্যের কিরণে যেমন জলসমূহ বিনষ্ট হয়, সেইরূপ অর্জ্জুন-নিক্ষিপ্ত বাণে হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহ বিনষ্ট হইতে থাকিল ॥২১॥

এইভাবে অর্জ্জুনরূপ সূর্য্য বাণরূপ কিরণসমূহদ্বারা যুদ্ধে কুরুপক্ষের প্রধান বীরগণকে সন্তপ্ত করিতে লাগিলে, মেঘ যেমন সূর্য্যরশ্মিকে আবৃত করে, সেইরূপ দ্রোণমেঘ বেগশালী শরবৃষ্টিদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥২২॥

তদনন্তর দ্রোণ সবলে নিক্ষিপ্ত শত্রুগণের প্রাণনাশক একটা নারাচদ্বারা অর্জ্জুনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৩॥

সেই আঘাতে অর্জ্জুনের সমস্ত অঙ্গ বিহ্বল হইল, তথাপি তিনি ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় ধৈর্য্য অবলম্বন করিয়া বহুতর বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৪॥

---

(২১)···পাণ্ডবাস্তশরৈর্হতাঃ—বা নি।

দ্রোণস্তু পঞ্চভির্বাণৈর্ব্বাসুদেবমতাড়য়ৎ।
অর্জ্জুনঞ্চ ত্রিসপ্তত্যা ধ্বজঞ্চাস্য ত্রিভিঃ শরৈঃ ॥২৫॥
বিশেষয়িষ্যন্ শিষ্যঞ্চ দ্রোণো রাজন্! পরাক্রমী।
অদৃশ্যমর্জ্জুনঞ্চক্রে নিমেষাচ্ছরবৃষ্টিভিঃ ॥২৬॥
প্রসক্তান্ পততোঽদ্রাক্ষং ভারদ্বাজস্য সায়কান্।
মণ্ডলীকৃতমেবাস্য ধনুশ্চাদৃশ্যতাদ্ভুতম্ ॥২৭॥
তেঽভ্যয়ুঃ সমরে রাজন্! বাসুদেবধনঞ্জয়ৌ।
দ্রোণসৃষ্টাঃ সুবহবঃ কঙ্কপত্রপরিচ্ছদাঃ ॥২৮॥
তদ্‌দৃষ্ট্বা তাদৃশং যুদ্ধং দ্রোণপাণ্ডবয়োস্তদা।
বাসুদেবো মহাবুদ্ধিঃ কার্য্যবত্তামচিন্তয়ৎ ॥২৯॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। বাসুদেবতাড়নং সময়নিয়মাৎ, ন পুনঃ শক্রজ্ঞানাদিতি বোধ্যম্ ॥২৫॥
বিশেষেতি। বিশেষয়িষ্যন্ বিশেষং বৈষম্যমাত্মনঃ প্রাধান্যং সূচয়িষ্যন্ ॥২৬॥
প্রেতি। প্রসক্তান্ পরস্পরলগ্নান্। এতেন দ্রোণস্যাপি লঘুহস্ততা সূচিতা ॥২৭॥
ত ইতি। তে সায়কাঃ, অভ্যয়ুঃ প্রাপ্নুবন্। দ্রোণেন সৃষ্টাঃ ক্ষিপ্তাঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

দুঃশাসনেতি ॥১—১৮॥ গির্য্যগ্রাং বুদবেশ্মনাং বজ্রানিলহুতাশনৈঃ চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাম্ ইতি যথাসংখ্যেনান্বয়ঃ ॥১৯—২৮॥ কার্য্যবত্তাং কৃত্যবাহুল্যম্ ॥২৯—৩৪॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮॥

---

কিন্তু দ্রোণ পাঁচটা বাণদ্বারা কৃষ্ণকে, ত্রিসপ্ততি বাণদ্বারা অর্জ্জুনকে এবং তিনটা বাণদ্বারা উঁহার ধ্বজটাকে তাড়ন করিলেন ॥২৫॥

রাজা! তৎকালে পরাক্রমশালী দ্রোণ শিষ্য অপেক্ষা নিজের প্রাধান্য সূচনা করিবেন বলিয়া নিমেষমধ্যে শরবৃষ্টিদ্বারা অর্জ্জুনকে অদৃশ্য করিয়া ফেলি-লেন ॥২৬॥

তখন আমি দেখিলাম—দ্রোণের বাণগুলি পরস্পর সংলগ্ন অবস্থায় যাইয়া অর্জ্জুনের উপরে পড়িতে লাগিল এবং উঁহার অদ্ভুত ধনুখানাকেও মণ্ডলীকৃতই দেখিলাম ॥২৭॥

রাজা! দ্রোণনিক্ষিপ্ত কঙ্কপক্ষযুক্ত সেই বহুতর বাণ যাইয়া কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে পতিত হইতে থাকিল ॥২৮॥

---

(২৭) প্রসক্তান্ পততোঽদ্রাক্ষ· ·বা নি।

ততোঽব্রবীদ্বাসুদেবো ধনঞ্জয়মিদং বচঃ।
পার্থ! পার্থ! মহাবাহো! ন নঃ কালাত্যয়ো ভবেৎ ॥৩০॥
দ্রোণমুৎসৃজ্য গচ্ছামঃ কৃত্যমেতন্মহত্তরম্।
পার্থশ্চাপ্যব্রবীৎ কৃষ্ণং যথেষ্টমিতি কেশব! ॥৩১॥
ততঃ প্রদক্ষিণং কৃত্বা দ্রোণং প্রায়ান্মহাভুজঃ।
পরিবৃত্তশ্চ বীভৎসুরগচ্ছদ্বিসৃজন্ শরান্ ॥৩২॥
ততোঽব্রবীৎ স্ময়ন্ দ্রোণঃ কেদং পাণ্ডব! গম্যতে।
নন্বু নাম রণে শত্রুমজিত্বা ন নিবর্ত্তসে ॥৩৩॥
অর্জ্জুন উবাচ।
গুরুর্ভবান্ ন মে শত্রুঃ শিষ্যঃ পুত্ত্রসমোঽস্মি তে।
ন চাস্তি স পুমাল্লোঁকে যস্ত্বাং যুধি পরাজয়েৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

তদিতি। কার্য্যবত্তাম্ অর্জ্জুনস্য জয়দ্রথবধরূপকার্য্যগৌরবম্। বিলম্বে তদ্ধানিসম্ভবঃ ॥২৯॥
তত ইতি। যথা নঃ অস্মাকং কালাত্যয়ো ন ভবেৎ, তথা কুবিত্যর্থঃ ॥৩০॥
দ্রোণমিতি। কৃত্যং কার্য্যম্। যথেষ্টম্ অস্মিন্নবসরে পর্য্যাপ্তম্ তন্মমাপ্যভীষ্টম্ ॥৩১॥
তত ইতি। শরান্ বিসৃজন্, পশ্চাদ্ধাবিতশত্রুনিবারণায়েতি ভাবঃ ॥৩২॥
তত ইতি। স্ময়ন্ উল্লুণ্ঠনায় ঈষদ্ধসন্। নন্বিত্যবধারণে। ইত্যেব তে নিয়ম ইত্যাশয়ঃ ॥৩৩॥
গুরুরিতি। তথাপ্যহং শত্রুপক্ষগততয়া শত্রুরেবেত্যাহ নেতি। অতস্তজ্জয়োঽসম্ভব এবেত্যভিপ্রায়ঃ ॥৩৪॥

---

তখন দ্রোণ ও অর্জ্জুনের সেইরূপ সেই যুদ্ধ দেখিয়া মহাবুদ্ধি কৃষ্ণ অর্জ্জুনের কার্য্যগৌরবের বিষয় ভাবিলেন ॥২৯॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে এই কথা বলিলেন—'অর্জ্জুন! অর্জ্জুন! মহাবাহু! যাহাতে আমাদের কালক্ষেপ না হয়, তাহা কর ॥৩০॥

আমরা দ্রোণকে পরিত্যাগ করিয়া চলিয়া যাই; ইহাই আমাদের প্রধান কর্ত্তব্য'। তখন অর্জ্জুনও কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ইহাই এখন যথেষ্ট' ॥৩১॥

তাহার পর মহাবাহু অর্জ্জুন দ্রোণকে প্রদক্ষিণ করিয়া চলিলেন এবং পিছনে ফিরিয়া ফিরিয়া বাণক্ষেপ করিতে করিতে যাইতে লাগিলেন ॥৩২॥

তৎপরে দ্রোণ ঈষৎ হাস্য করিয়া বলিলেন—'পাণ্ডুনন্দন! এ কোথায় যাইতেছ? তুমি না যুদ্ধে শত্রুকে জয় না করিয়া ফের না?' ॥৩৩॥

অর্জ্জুন বলিলেন—'আপনি আমার গুরু—শত্রু নহেন এবং আমিও আপনার

সঞ্জয় উবাচ।

এবং ব্রুবাণো বীভৎসুর্জয়দ্রথবধোৎসুকঃ।
ত্বরাযুক্তো মহাবাহুস্তৎসৈন্যং সমুপাদ্রবৎ ॥৩৫॥
তং চক্ররক্ষৌ পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ।
অন্বয়াতাং মহাত্মানৌ বিশন্তং তাবকং বলম্ ॥৩৬॥
ততো জয়ো মহারাজ! কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
কাম্বোজশ্চ শ্রুতায়ুশ্চ ধনঞ্জয়মবাকিরন্ ॥৩৭॥
তেষাং দশ সহস্রাণি রথানামনুযায়িনাম্।
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথবসাতয়ঃ ॥৩৮॥
মাবেল্লকা ললিত্থাশ্চ কেকয়া মদ্রকাস্তথা।
নারায়ণাশ্চ গোপালাঃ কাম্বোজানাঞ্চ যে গণাঃ ॥৩৯॥
কর্ণেন বিজিতাঃ পূর্ব্বং সংগ্রামে শূরসম্মতাঃ।
ভারদ্বাজং পুরস্কৃত্য হৃষ্টাত্মানোঽর্জ্জুনং প্রতি ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। বীভৎসুরর্জ্জুনঃ। তস্য জয়দ্রথস্য সৈন্যম্, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩৫॥
তমিতি। চক্রং রক্ষিসৈন্যং রক্ষত ইতি তৌ, পাঞ্চাল্যৌ পাঞ্চালদেশীয়ৌ ॥৩৬॥
তত ইতি। সাত্বতবংশীয়ঃ। অবাকিরন্ শরৈরাবৃণ্বন্ ॥৩৭॥
তেষামিতি। তেষাং জয়াদীনাম্। নারায়ণা নাম হতাবশিষ্টাঃ, গোপালা গোপজাতীয়া

শিষ্য—পুত্রতুল্য। তা'র পর যুদ্ধে আপনাকে যে পরাজয় করিতে পারে, সেরূপ লোকও জগতে নাই ॥৩৪॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু অর্জ্জুন এইরূপ বলিয়া জয়দ্রথবধের জন্য উৎকণ্ঠিত হইয়া সত্বর তাঁহার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

মহারাজ! অর্জ্জুন আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিতে লাগিলে, পাঞ্চালদেশীয় মহাত্মা যুধামন্যু ও উত্তমৌজা তাঁহার চক্র রক্ষা করিতে থাকিয়া তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥৩৬॥

মহারাজ! তদনন্তর জয়, সাত্বতবংশীয় কৃতবর্ম্মা ও কাম্বোজদেশীয় শ্রুতায়ু বাণ বর্ষণ করিয়া অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৩৭॥

তাঁহাদের অনুগামী দশ সহস্র রথী এবং অভীষাহ, শূরসেন, শিবি, বসাতি, মাবেল্লক, ললিত্থ, কেকয় ও মদ্রদেশীয় সৈন্যেরা, আর হতাবশিষ্ট গোপজাতীয়

(৩৫)…তৎসৈন্যম্…নি। (৩৭)…ধনঞ্জয়মবারয়ন্—বা নি। (৪০)…হৃষ্টাত্মানোঽর্জ্জুনং প্রতি—বা নি।

পুত্রশোকাভিসন্তপ্তং ক্রুদ্ধং মৃত্যুমিবান্তকম্।
ত্যজন্তং তুমুলে প্রাণান্ সন্নদ্ধং চিত্রযোধিনম্ ॥৪১॥
গাহমানমনীকানি মাতঙ্গমিব যূথপম্।
মহেষ্বাসং পরাক্রান্তং নরব্যাঘ্রমবারয়ন্ ॥৪২॥ (কুলকম্)
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
অন্যোন্যং বৈ প্রার্থয়তাং যোধানামর্জ্জুনস্য চ ॥৪৩॥
জয়দ্রথবধং প্রেপ্সুমায়ান্তং পুরুষর্ষভম্।
ন্যবারয়ন্ত সহিতাঃ ক্রিয়া ব্যাধিমিবোত্থিতম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অর্জ্জুনস্য দ্রোণাতিক্রমে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

## ভারতকৌমুদী

ইত্যুক্তমুদ্যোগপর্ব্বণি। ভারদ্বাজং দ্রোণম্, সৃষ্টাত্মানস্ত্যক্তদেহা দেহত্যাগায়োদ্যতা ইত্যর্থঃ। অন্তকং বন্ধনকরম্। ত্যজন্তং ত্যক্তুমুদ্যচ্ছন্তম্। সন্নদ্ধং যুদ্ধসজ্জয়া সজ্জিতম্। গাহমানমালোড়য়ন্তম্ ॥৩৮—৪২॥

তত ইতি। প্রার্থয়তাং যুদ্ধায় যাচমানানাম্ ॥৪৩॥

জয়দ্রথেতি। প্রেপ্সুং প্রাপ্তুং কর্ত্তুমিচ্ছুম্। পুরুষর্ষভমর্জ্জুনম্। ক্রিয়াশ্চিকিৎসাব্যাপারাঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

---

নারায়ণসৈন্যগণ এবং কর্ণ পূর্ব্বে বীর বলিয়া অভিমত কাম্বোজদেশীয় যে সৈন্যগণকে যুদ্ধে জয় করিয়াছিলেন—তাহারা, দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া দেহত্যাগে উদ্যত হইয়া পুত্রশোকে সন্তপ্ত, অন্তিমকালে বন্ধনকারী যমের ন্যায় ক্রুদ্ধ, তুমুল যুদ্ধে প্রাণত্যাগে উদ্যত, যুদ্ধসজ্জায় সজ্জিত, বিচিত্রযুদ্ধকারী, যূথপতি হস্তীর ন্যায় সৈন্যালোড়নকারী, মহাধনুর্দ্ধর ও পরাক্রমশালী নরশ্রেষ্ঠ অর্জ্জুনকে বারণ করিতে লাগিল ॥৩৮—৪২॥

তদনন্তর অর্জ্জুনের ও পরস্পর প্রার্থনাকারী কৌরবযোদ্ধৃগণের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ লাগিয়া গেল ॥৪৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবার জন্য আসিতে লাগিলে, চিকিৎসাক্রিয়া যেমন আবির্ভূত রোগকে নিবারণ করিতে থাকে, সেইরূপ সেই সৈন্যেরা মিলিত হইয়া অর্জ্জুনকে নিবারণ করিতে থাকিল ॥৪৪॥

---

* '...একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '...একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা বা নি।

## ঊনাশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সন্নিরুদ্ধস্তু তৈঃ পার্থো মহাবলপরাক্রমঃ।
দ্রুতং সমনুযাতশ্চ দ্রোণেন রথিনাং বরঃ ॥১॥
কিরন্নিষুগণাংস্তীক্ষ্ণান্ স্বরশ্মীনিব ভাস্করঃ।
তাপয়ামাস তৎ সৈন্যং দেহং ব্যাধিগণো যথা ॥২॥ (যুগ্মকম্)
অশ্বো বিদ্ধো রথশ্ছিন্নঃ সারোহঃ পাতিতো গজঃ।
ছত্রাণি চাপবিদ্ধানি রথাশ্চক্রৈর্বিনা কৃতাঃ ॥৩॥
বিদ্রুতানি চ সৈন্যানি শরার্ত্তানি সমন্ততঃ।
ইত্যাসীত্তুমুলং যুদ্ধং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪॥
তেষাং সংযচ্ছতাং সংখ্যে পরস্পরমজিহ্মগৈঃ।
অর্জ্জুনো ধ্বজিনীং রাজন্নভীক্ষ্ণং সমকম্পয়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

সন্নিরুদ্ধ ইতি। সমনুযাতঃ পশ্চাদ্ধাবিতঃ। কিরন্ নিক্ষিপন্ ॥১—২॥
অশ্ব ইতি। সারোহ আরোহিসহিতঃ। অপবিদ্ধানি পাতিতানি। বিনা বিহীনাঃ ॥৩॥
বীতি। বিদ্রুতানি অপসৃতানি। ন প্রাজ্ঞায়ত সংঘর্ষাতিরেকাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই যোদ্ধারা বাধা দিলে এবং দ্রোণ অনুসরণ করিতে লাগিলে, সূর্য্য যেমন আপন রশ্মি নিক্ষেপ করেন, সেইরূপ মহাবলপরাক্রমশালী ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া—রোগসমূহ যেমন দেহ সন্তপ্ত করে, তেমন কৌরবসৈন্য সন্তপ্ত করিতে লাগিলেন ॥১—২॥

অর্জ্জুন কৌরবপক্ষের অশ্বগণকে বিদ্ধ, রথসমূহকে ছিন্ন-বিচ্ছিন্ন, আরোহী-দের সহিত হস্তীগুলিকে নিপাতিত, ছত্র সকল স্থানচ্যুত এবং অনেক রথকে চক্রবিহীন করিলেন ॥৩॥

ক্রমে কৌরবসৈন্যেরা অর্জ্জুনের বাণে পীড়িত হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল। এইরূপে তুমুল যুদ্ধ হইতে থাকিল; তাহার বিশেষ কিছুই জানা গেল না ॥৪॥

(১)...[illegible]

সত্যাং চিকীর্ষমাণস্তু প্রতিজ্ঞাং সত্যসঙ্গরঃ।
অভ্যদ্রবদ্রথশ্রেষ্ঠং শোণাশ্বং শ্বেতবাহনঃ ॥৬॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
অন্তেবাসিনমাচার্য্যো মহেষ্বাসং সমার্পয়ৎ ॥৭॥
তং তূর্ণমিব বীভৎসুঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
অভ্যধাবদিষূনস্যন্নিষুবেগবিঘাতকান্ ॥৮॥
তস্যাশু ক্ষিপতো ভল্লান্ ভল্লৈঃ সন্নতপর্বভিঃ।
প্রত্যবিধ্যদমেয়াত্মা ব্রহ্মাস্ত্রং সমুদীরয়ন্ ॥৯॥
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্যাচার্য্যকং যুধি।
যতমানো যুবা নৈনং প্রত্যবিধ্যদ্‌যদর্জ্জুনঃ ॥১০॥

---

ভারতকৌমুদী

তেষামিতি। সংযচ্ছতাং সংগৃহ্ণতাম্। অজিহ্মগৈর্বাণৈঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ ॥৫॥
সত্যামিতি। চিকীর্ষমাণঃ কর্ত্তুমিচ্ছন্, সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ। শোণাশ্বং দ্রোণম্ ॥৬॥
তমিতি। অন্তেবাসিনং শিষ্যম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥৭॥
তমিতি। ইব এবার্থে। ইষূন্ বাণান্, অস্যন্ ক্ষিপন্ ॥৮॥
তস্যেতি। তস্য বীভৎসোঃ শরীরমিতি শেষঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবো দ্রোণঃ ॥৯॥
তদিতি। আচার্য্যকং গুরুকার্য্যম্। এনং দ্রোণম্, প্রত্যবিধ্যৎ প্রতিবেদ্ধুমশক্নোৎ ॥১০॥

---

রাজা! কৌরবপক্ষের যোদ্ধারা যুদ্ধে বাণদ্বারা পরস্পর গ্রহণ করিলে, অর্জ্জুন বার বার তাঁহাদের সেনাকে কম্পিত করিতে লাগিলেন ॥৫॥

সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুন জয়দ্রথবধ প্রতিজ্ঞাকে সত্য করিবার ইচ্ছা করিয়া রথিশ্রেষ্ঠ ও লোহিতাশ্ব দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬॥

তখন আচার্য্য দ্রোণ মর্ম্মভেদী পঁচিশটা বাণদ্বারা মহাধনুর্দ্ধর শিষ্য অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৭॥

ওদিকে সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ অর্জ্জুনও বাণবেগনিবারক বাণ সকল নিক্ষেপ করিতে করিতে সত্বরই দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৮॥

অর্জ্জুন দ্রুত ভল্ল সকল নিক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় অজ্ঞেয়স্বভাব দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করতঃ নতপর্ব ভল্লসমূহদ্বারা অর্জ্জুনকে প্রতিবিদ্ধ করিলেন ॥৯॥

এই সময়ে আমরা যুদ্ধে বৃদ্ধ দ্রোণের অদ্ভুত আচার্য্যকার্য্য দেখিলাম। যে হেতু যুবা অর্জুন যত্নবান্ হইয়াও উঁহাকে প্রতিবিদ্ধ করিতে পারিলেন না ॥১০॥

ক্ষরন্নিব মহামেঘো বারিধারাঃ সহস্রশঃ।
দ্রোণমেঘঃ পার্থশৈলং ববর্ষ শরবৃষ্টিভিঃ ॥১১॥
অর্জ্জুনঃ শরবর্ষং তদ্‌ব্রহ্মাস্ত্রেণৈব মারিষ!।
প্রতিজগ্রাহ তেজস্বী বাণৈর্বাণান্ বিশাতয়ন্ ॥১২॥
দ্রোণস্তু পঞ্চবিংশত্যা শ্বেতবাহনমার্দ্দয়ৎ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা বাহ্বোরুরসি চাশুগৈঃ ॥১৩॥
পার্থস্তু প্রহসন্ ধীমানাচার্য্যং স শরৌঘিণম্।
বিসৃজন্তং শিতান্ বাণানবারয়ত তং যুধি ॥১৪॥
অথ তৌ বধ্যমানৌ তু দ্রোণেন রথসত্তমৌ।
অবর্জয়েতাং দুর্দ্ধর্ষং যুগান্তাগ্নিমিবোত্থিতম্ ॥১৫॥

ক্ষরন্নিতি। ক্ষরন্ নিঃসারয়ন্। শরবৃষ্টিভির্বাণরূপজলবর্ষণৈঃ ॥১১॥
অর্জ্জুন ইতি। ব্রহ্মাস্ত্রেণৈব ব্রহ্মাস্ত্রাবিষ্কারেণৈব। বিশাতয়ন্ ছিন্দন্ ॥১২॥
দ্রোণ ইতি। শ্বেতবাহনমর্জ্জুনম্। উরসি বক্ষসি, আশুগৈর্বাণৈঃ ॥১৩॥
পার্থ ইতি। আচার্য্যং দ্রোণম্, শরৌঘিণং বাণসমূহবন্তম্ ॥১৪॥
অথেতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। অবর্জয়েতাং দূরগমনেনাত্যজতাম্, কালক্ষেপপরিহারার্থমিত্যাশয়ঃ। দ্রোণস্য ব্যূহদ্বারং বিহায় অর্জ্জুনমনুসর্তুং নাশকদিতি বোধ্যম্। দুর্দ্ধর্ষং দ্রোণম্ ॥১৫॥

---

পরন্তু মহামেঘ যেমন সহস্র সহস্র জলধারা বর্ষণ করে, সেইরূপ দ্রোণরূপ মেঘ অর্জুনরূপ পর্বতের উপরে বাণরূপবারিবর্ষণ করিতে লাগিলেন ॥১১॥

মাননীয় রাজা! তখন তেজস্বী অর্জুনও ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিয়াই বাণদ্বারা দ্রোণের বাণ ছেদন করতঃ তাঁহার সেই বাণবর্ষণ গ্রহণ করিলেন ॥১২॥

এই সময়ে দ্রোণ পঁচিশটা বাণদ্বারা অর্জুনকে এবং সত্তরটা বাণদ্বারা কৃষ্ণের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৩॥

পরে বুদ্ধিমান্ অর্জুন হাস্য করিতে করিতে যুদ্ধে সুধার বাণবর্ষণকারী ও বহুবাণশালী দ্রোণকে বারণ করিলেন ॥১৪॥

তদনন্তর দ্রোণ আঘাত করিতে লাগিলে, রথিশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জুন উত্থিত প্রলয়াগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ দ্রোণকে পরিত্যাগ করিলেন ॥১৫॥

---

(১২)···তচ্ছরবর্ষেণ বীর্য্যবান্। অবারয়দসংভ্রান্তো ন হ্যাচার্য্যমপীড়য়ৎ—নি। (১৫)···আবর্জয়েতাম্···পি বা বন্ধ বর্দ্ধ।

বর্জ্জয়ন্ নিশিতান্ বাণান্ দ্রোণচাপবিনিঃসৃতান্।
কিরীটমালী কৌন্তেয়ো ভোজানীকং ব্যশাতয়ৎ ॥১৬॥
সোঽন্তরা কৃতবর্ম্মাণং কাম্বোজঞ্চ সুদক্ষিণম্।
অভ্যয়াদ্বর্জ্জয়ন্ দ্রোণং মৈনাকমিব পর্ব্বতম্ ॥১৭॥
ততো ভোজো নরব্যাঘ্রো দুর্দ্ধর্ষং কুরুসত্তমম্।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রো দশভিঃ কঙ্কপত্রিভিঃ ॥১৮॥
তমর্জ্জুনঃ শিতেনাজৌ রাজন্! বিব্যাধ পত্রিণা।
পুনশ্চান্যৈস্ত্রিভির্ব্বাণৈর্মোহয়ন্নিব সাত্বতম্ ॥১৯॥
ভোজস্তু প্রহসন্ পার্থং বাসুদেবঞ্চ মাধবম্।
একৈকং পঞ্চবিংশত্যা সায়কানাং সমার্পয়ৎ ॥২০॥

ভারতকৌমুদী

বর্জ্জয়ন্নিতি। কিরীটমালী অর্জ্জুনঃ, ভোজানীকং কৃতবর্ম্মসৈন্যম্, ব্যশাতয়দনাশয়ৎ ॥১৬॥
স ইতি। অন্তরা মধ্যে, কাম্বোজং কাম্বোজদেশরাজম্ ॥১৭॥
তত ইতি। ভোজঃ কৃতবর্ম্মা। কুরুসত্তমমর্জ্জুনম্। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥১৮॥
তমিতি। শিতেন শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতেন। সাত্বতং কৃতবর্ম্মাণং মোহয়ন্নাসীৎ ॥১৯॥
ভোজ ইতি। ভোজঃ কৃতবর্ম্মা। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥২০॥

ক্রমে কিরীট ও মালাধারী অর্জুন দ্রোণকার্ম্মুকনির্গত নিশিত বাণসমূহের পথ অতিক্রম করিয়া যাইয়া কৃতবর্ম্মার সৈন্য বিনাশ করিতে আরম্ভ করিলেন ॥১৬॥

পরে অর্জুন মৈনাকপর্ব্বতের ন্যায় দ্রোণকে পরিত্যাগ করিয়া কৃতবর্ম্মা ও কাম্বোজরাজ সুদক্ষিণের মধ্যস্থানে গমন করিলেন ॥১৭॥

তাহার পর নরশ্রেষ্ঠ কৃতবর্ম্মা অবিহ্বল থাকিয়া সত্বর দশটা বাণদ্বারা দুর্দ্ধর্ষ অর্জুনকে বিদ্ধ করিলেন ॥১৮॥

রাজা! তখন অর্জুন সুধার একটা বাণদ্বারা যুদ্ধে কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন, পুনরায় অন্য তিনটা বাণদ্বারা তাঁহাকে যেন মোহিত করিয়া ফেলিলেন ॥১৯॥

পরে কৃতবর্ম্মা হাস্য করিতে করিতে অর্জুন ও কৃষ্ণের মধ্যে এক এক জনকে পঁচিশ পঁচিশটা বাণদ্বারা পীড়ন করিলেন ॥২০॥

(১৬)···ভোজানীকমথাবিশৎ—নি।

তস্যার্জ্জুনো ধনুশ্ছিত্ত্বা বিব্যাধৈনঞ্চ সপ্তভিঃ।
শরৈরগ্নিশিখাকারৈঃ ক্রুদ্ধাশীবিষসন্নিভৈঃ ॥২১॥
অথান্যদ্ধনুরাদায় কৃতবর্ম্মা মহারথঃ।
পঞ্চভিঃ সায়কৈস্তূর্ণং বিব্যাধোরসি ভারতম্ ॥২২॥
পুনশ্চ নিশিতৈর্ব্বাণৈঃ পার্থং বিব্যাধ পঞ্চভিঃ।
তং পার্থো নবভির্ব্বাণৈরাজঘান স্তনান্তরে ॥২৩॥
দৃষ্ট্বা বিষক্তং কৌন্তেয়ং কৃতবর্ম্মরথং প্রতি।
চিন্তয়ামাস বার্ষ্ণেয়ো ন নঃ কালাত্যয়ো ভবেৎ ॥২৪॥
ততঃ কৃষ্ণোঽব্রবীৎ পার্থং কৃতবর্ম্মণি মা দয়াম্।
কুরু সম্বন্ধকং হিত্বা প্রমথ্যৈনং বিশাতয় ॥২৫॥
ততঃ স কৃতবর্ম্মাণং মোহয়িত্বার্জ্জুনঃ শরৈঃ।
অভ্যগাজ্জবনৈরশ্বৈঃ কাম্বোজানামনীকিনীম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। অগ্নিশিখাকারৈরুজ্জ্বলৈঃ। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ ॥২১॥
অথেতি। উরসি বক্ষসি, ভারতং ভরতবংশীয়মর্জ্জুনম্ ॥২২॥
পুনরিতি। বিব্যাধ কৃতবর্ম্মেত্যনুবৃত্তিঃ। স্তনয়োরন্তরে বক্ষসি ॥২৩॥
দৃষ্ট্বেতি। বিষক্তং যুদ্ধে লগ্নম্, কৌন্তেয়মর্জ্জুনম্। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ ॥২৪॥
তত ইতি। সম্বন্ধকং তুচ্ছং শ্বশুরবংশসম্পর্কম্। বিশাতয় বিনাশয় ॥২৫॥
তত ইতি। জবনৈর্বেগবদ্ভিঃ। অনীকিনীং সেনাম্ ॥২৬॥

তখন অর্জুন কৃতবর্ম্মার ধনু ছেদন করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল এবং ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের তুল্য সাতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥২১॥

তদনন্তর মহারথ কৃতবর্ম্মা অন্য ধনু লইয়া পাঁচটা বাণদ্বারা সত্বর অর্জুনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২২॥

এবং তিনি পুনরায় পাঁচটা সুধার বাণদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন। পরে অর্জুনও নয়টা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৩॥

এই সময়ে অর্জুনকে কৃতবর্ম্মার সহিত যুদ্ধে ব্যাপৃত দেখিয়া কৃষ্ণ চিন্তা করিলেন যে, 'আমাদের কালক্ষেপ না হয়' ॥২৪॥

তৎপরে কৃষ্ণ অর্জুনকে বলিলেন—'অর্জুন! কৃতবর্ম্মার উপরে দয়া করিও না, সম্পর্কের আকর্ষণ ত্যাগ করিয়া উহাকে অভিভূত করিয়া বিনাশ কর' ॥২৫॥

(২১)···বিব্যাধৈনং ত্রিসপ্তভিঃ···বা নি। (২২)···বিব্যাধোরসি ভারত!—বা বঙ্গ বর্দ্ধ নি। (২৫)···সম্বন্ধকং কৃত্বা···পি বঙ্গ বর্দ্ধ।

অমর্ষিতস্তু হার্দ্দিক্যঃ প্রবিষ্টে শ্বেতবাহনে।
বিধুন্বন্ সশরং চাপং পাঞ্চাল্যাভ্যাং সমাগতঃ ॥২৭॥
চক্ররক্ষৌ তু পাঞ্চাল্যাবর্জ্জুনস্য পদানুগৌ।
পর্য্যবারয়দায়ান্তৌ কৃতবর্ম্মা রথেষুভিঃ ॥২৮॥
তাববিধ্যত্ততো ভোজঃ কৃতবর্ম্মা শিতৈঃ শরৈঃ।
ত্রিভিরেব যুধামন্যুং চতুর্ভিশ্চোত্তমৌজসম্ ॥২৯॥
তাবপ্যেনং বিবিধতুর্দশভির্দশভিঃ শরৈঃ।
সংচিচ্ছিদতুরপ্যস্য ধ্বজং কার্ম্মুকমেব চ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় হার্দ্দিক্যঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কৃত্বা বিধনুষৌ বীরৌ শরবর্ষৈরবাকিরৎ ॥৩১॥

ভারতকৌমুদী

অমর্ষিত ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা। পাঞ্চাল্যাভ্যাং যুধামন্যূত্তমৌজো-ভ্যাম্ ॥২৭॥

চক্রেতি। রথশ্চ ইষবশ্চ তৈঃ, রথেন পন্থানং রুরোধ শরৈশ্চ তাড়য়ামাসেত্যর্থঃ ॥২৮॥

তাবিতি। ভোজো ভোজবংশীয়ঃ, শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২৯॥

তাবিতি। এনং কৃতবর্ম্মাণম্, বিবিধতুস্তাড়য়ামাসতুঃ ॥৩০॥

অথেতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। বিধনুষৌ ধনুঃশূন্যৌ, বীরৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৩১॥

---

তাহার পর অর্জ্জুন বাণদ্বারা কৃতবর্ম্মাকে মূর্চ্ছিত করিয়া বেগবান্ অশ্বগণের গুণে কাম্বোজসৈন্যের দিকে সত্বর গমন করিলেন ॥২৬॥

অর্জ্জুন যাইয়া কাম্বোজসৈন্যমধ্যে প্রবেশ করিলে, কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া বাণযুক্ত ধনু সঞ্চালন করিতে থাকিয়া অর্জ্জুনের চক্ররক্ষক পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজার সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥২৭॥

অর্জ্জুনের চক্ররক্ষক ও তাঁহার অনুগামী যুধামন্যু ও উত্তমৌজা আসিতে লাগিলে, কৃতবর্ম্মা রথদ্বারা তাঁহাদের পথ অবরোধ করিলেন এবং বাণদ্বারা তাঁহাদিগকে আঘাত করিলেন ॥২৮॥

তদনন্তর ভোজবংশীয় কৃতবর্ম্মা সুধার বাণসমূহদ্বারা যুধামন্যু ও উত্তমৌজাকে বিদ্ধ করিতে লাগিলেন। তিনি তিনটা বাণদ্বারা যুধামন্যুকে এবং চারিটা বাণদ্বারা উত্তমৌজাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তখন তাঁহারাও দশ দশটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিলেন, আর কৃতবর্ম্মার ধ্বজ এবং ধনুও ছেদন করিয়া ফেলিলেন ॥৩০॥

তাবন্যে ধনুষী সজ্যে কৃত্বা ভোজং বিভেদতুঃ।
তেনান্তরেণ বীভৎসুর্বিবেশামিত্রবাহিনীম্ ॥৩২॥
ন লেভাতে তু তৌ দ্বারং বারিতৌ কৃতবর্ম্মণা।
ধার্ত্তরাষ্ট্রেষ্বনীকেষু যতমানৌ নরর্ষভৌ ॥৩৩॥
অনীকান্যর্দ্দয়ন্ যুদ্ধে ত্বরিতঃ শ্বেতবাহনঃ।
নাবধীৎ কৃতবর্ম্মাণং প্রাপ্তমপ্যরিসূদনঃ ॥৩৪॥
তং দৃষ্ট্বা তু তথায়ান্তং শূরো রাজা শ্রুতায়ুধঃ।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো বিধুন্বানো মহদ্ধনুঃ ॥৩৫॥
স পার্থং ত্রিভিরানর্চ্ছৎ সপ্তত্যা চ জনার্দ্দনম্।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন পার্থকেতুমতাড়য়ৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

তাবিতি। সজ্যে আরোপিতগুণে। অন্তরেণাবকাশেন, বীভৎসুরর্জ্জুনঃ ॥৩২॥
নেতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। ধার্ত্তরাষ্ট্রেষ্বনীকেষু দ্বারং ন লেভাতে ইতি সম্বন্ধঃ ॥৩৩॥
অনীকানীতি। নাবধীৎ, কৃতবর্ম্মণঃ সুভদ্রাপিতুরেকবংশীয়তয়া সম্পর্কাদিতি ভাবঃ ॥৩৪॥
তমিতি। তং শ্বেতবাহনম্। বিধুন্বানঃ সঞ্চালয়ন্ ॥৩৫॥
স ইতি। আনর্চ্ছৎ আর্চ্ছদপীড়য়ৎ ধাতূনামনেকার্থত্বাৎ। হ্রস্বন্যাং নকারাগমস্ত্বার্ষঃ ॥৩৬॥

তৎপরে কৃতবর্ম্মা ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া যুধামন্যু ও উত্তমৌজাকে কার্ম্মুকশূন্য করিয়া বাণবর্ষণপূর্ব্বক তাঁহাদিগকে আবৃত করিলেন ॥৩১॥

তখন যুধামন্যু ও উত্তমৌজা অন্য দুইখানা ধনুতে গুণারোপণ করিয়া কৃতবর্ম্মাকে বিদীর্ণ করিতে লাগিলেন। সেই অবসরে অর্জ্জুন শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩২॥

কৃতবর্ম্মা বারণ করিতে থাকায় এ যাবৎ নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন যত্ন করিয়াও ধার্ত্তরাষ্ট্রসৈন্যের দ্বার পান নাই ॥৩৩॥

শত্রুদমন অর্জ্জুন যুদ্ধে সত্বর শত্রুসৈন্য সংহার করিতে থাকিয়া (শ্বশুরবংশীয় বলিয়া) কৃতবর্ম্মাকে পাইয়াও বধ করেন নাই ॥৩৪॥

এদিকে অর্জ্জুন সেইভাবে আসিতেছেন দেখিয়া বীর শ্রুতায়ুধরাজা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বিশাল ধনু সঞ্চালন করিতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

তিনি তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে পীড়ন

(৩২)···ভোজং বিজঘ্নতুঃ···বা নি।

তমর্জ্জুনো নবত্যা তু শরাণাং নতপর্বণাম্।
আজঘান ভৃশং ক্রুদ্ধস্তোত্ত্রৈরিব মহাদ্বিপম্ ॥৩৭॥
স তং ন মমৃষে রাজন্! পাণ্ডবেয়স্য বিক্রমম্।
অথৈনং সপ্তসপ্তত্যা নারাচানাং সমার্পয়ৎ ॥৩৮॥
তস্যার্জ্জুনো ধনুশ্ছিত্ত্বা শরাবাপং নিকৃত্য চ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ সপ্তভির্নতপর্বভিঃ ॥৩৯॥
অথান্যদ্ধনুরাদায় স রাজা ক্রোধমূর্চ্ছিতঃ।
বাসবিং নবভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৪০॥
ততোঽর্জ্জুনঃ স্ময়ন্নেব শ্রুতায়ুধমরিন্দমঃ।
শরৈরনেকসাহস্রৈঃ পীড়য়ামাস ভারত! ॥৪১॥
অশ্বাংশ্চাস্যাবধীত্তূর্ণং সারথিঞ্চ মহারথঃ।
বিব্যাধ চৈনং সপ্তত্যা নারাচানাং মহাবলঃ ॥৪২॥

---

ভারতকৌমুদী

তমিতি। নতপর্ব্বণামীষৎক্রোপান্তানাম্। তোত্ত্রৈরঙ্কুশবিশেষৈঃ ॥৩৭॥
স ইতি। স শ্রুতায়ুধঃ, ন মমৃষে ন সেহে। সমার্পয়দতাড়য়ৎ ॥৩৮॥
তস্যেতি। শরাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্, নিকৃত্য ছিত্ত্বা। উরসি বক্ষসি ॥৩৯॥
অথেতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনস্তম্। আর্পয়দপীড়য়ৎ ॥৪০॥
তত ইতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৪১॥
অশ্বানিতি। অস্য শ্রুতায়ুধস্য। মহারথোঽর্জ্জুনঃ ॥৪২॥

---

করিলেন, আর একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা অর্জ্জুনের ধ্বজটাকে তাড়ন করিলেন ॥৩৬॥

তখন হস্তিপক যেমন অঙ্কুশদ্বারা মহাহস্তীকে আঘাত করে, সেইরূপ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নব্বইটা নতপর্ব বাণদ্বারা শ্রুতায়ুধকে আঘাত করিলেন ॥৩৭॥

রাজা! তিনি অর্জ্জুনের সেই বিক্রম সহ্য করিলেন না; সুতরাং সপ্তসপ্ততি-সংখ্যক নারাচদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৩৮॥

তখন অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া শ্রুতায়ুধের ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া সাতটা নতপর্ব বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩৯॥

তৎপরে শ্রুতায়ুধরাজা ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া নয়টা বাণদ্বারা অর্জ্জুনের বাহুযুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪০॥

ভরতনন্দন! তদনন্তর অরিন্দম অর্জ্জুন ঈষৎ হাস্য করিয়া অনেক সহস্র বাণদ্বারা শ্রুতায়ুধকে পীড়ন করিলেন ॥৪১॥

হতাশ্বং রথমুৎসৃজ্য স তু রাজা শ্রুতায়ুধঃ।
অভ্যদ্রবদ্রণে পার্থং গদামুদ্যম্য বীর্য্যবান্ ॥৪৩॥
বরুণস্যাত্মজো বীরঃ স তু রাজা শ্রুতায়ুধঃ।
পর্ণাশা জননী যস্য শীততোয়া মহানদী ॥৪৪॥
তস্য মাতাব্রবীদ্রাজন্! বরুণং পুত্রকারণাৎ।
অবধ্যোঽয়ং ভবেল্লোকে শত্রূণাং তনয়ো মম ॥৪৫॥
বরুণস্ত্বব্রবীৎ প্রীতো দদাম্যস্মৈ বরং হিতম্।
দিব্যমস্ত্রং সুতস্তেঽয়ং যেনাবধ্যো ভবিষ্যতি ॥৪৬॥
নাস্তি চাপ্যমরত্বং বৈ মনুষ্যস্য কথঞ্চন।
সর্ব্বেণাবশ্যমর্ত্তব্যং জাতেন সরিতাং বরে! ॥৪৭॥
দুর্দ্ধর্ষস্ত্বেষ শত্রূণাং রণেষু ভবিতা সদা।
অস্ত্রস্যাস্য প্রভাবাদ্বৈ ব্যেতু তু মানসো জ্বরঃ ॥৪৮॥

---

ভারতকৌমুদী

হতেতি। হতাশ্বত্বাদেবাকর্ষণাভাবাৎ রথমুৎসৃজ্যেতি ভাবঃ। উদ্যম্য উত্তোল্য ॥৪৩॥
অথাষ্টভিঃ শ্লোকৈঃ শ্রুতায়ুধবিবরণমাহ বরুণস্যেতি। পর্ণাশা নাম ॥৪৪॥
তস্যেতি। মাতা পর্ণাশা। পুত্রকারণাৎ শ্রুতায়ুধোপকারহেতোঃ ॥৪৫॥
বরুণ ইতি। দিব্যমস্ত্রং দিব্যাস্ত্ররূপং বরমিত্যর্থঃ ॥৪৬॥
নন্বমরত্বমেব বরং কিং ন দদাসীত্যাহ নেতি। জাতেন লব্ধজন্মনা ॥৪৭॥

এবং মহারথ ও মহাবল অর্জ্জুন শ্রুতায়ুধের অশ্বগণ ও সারথিকে বধ করিলেন, আর সত্তরটা নারাচদ্বারা শ্রুতায়ুধকে বিদ্ধ করিলেন ॥৪২॥

অশ্বগুলি নিহত হইলে, বলবান্ শ্রুতায়ুধরাজা রথ পরিত্যাগ করিয়া গদা উত্তোলনপূর্ব্বক যুদ্ধে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

শীতলজলা মহানদী পর্ণাশা যাঁহার জননী ছিলেন, সেই বীর শ্রুতায়ুধরাজা বরুণের পুত্র ছিলেন ॥৪৪॥

রাজা! তাঁহার মাতা পর্ণাশা তাঁহার জন্য বরুণের নিকট বলিয়াছিলেন—'আমার এই পুত্র জগতে শত্রুগণের অবধ্য হউক' ॥৪৫॥

সন্তুষ্ট বরুণ বলিয়াছিলেন—'আমি উহাকে দিব্যাস্ত্ররূপ হিতকর বর দিতেছি, যাহাতে তোমার এই পুত্র অবধ্য হইবে ॥৪৬॥

নদীশ্রেষ্ঠে! কোন প্রকারেই মনুষ্যের অমরত্ব হইতে পারে না। কারণ, যাহাদের জন্ম হয়, সে সকল মানুষ অবশ্যই মরিয়া থাকে ॥৪৭॥

---

(৪৮) দুর্দ্ধর্ষস্ত্বেব শত্রূণাম্···পি।

ইত্যুক্ত্বা বরুণঃ প্রাদাদ্‌গদাং মন্ত্রপুরস্কৃতাম্।
যামাসাদ্য দুরাধর্ষঃ সর্ব্বলোকে শ্রুতায়ুধঃ ॥৪৯॥
উবাচ চৈনং ভগবান্ পুনরেব জলেশ্বরঃ।
অযুধ্যতি ন মোক্তব্যা সা ত্বয্যেব পতেদিতি।
হন্ত্যাদেষা প্রতীপং বৈ প্রয়োক্তারমিতি প্রভো! ॥৫০॥
ন চাকরোৎ স তদ্বাক্যং কালে প্রাপ্তে শ্রুতায়ুধঃ।
স তয়া বীরঘাতিন্যা জনার্দ্দনমতাড়য়ৎ ॥৫১॥
প্রতিজগ্রাহ তাং কৃষ্ণঃ পীনেনাংসেন বীর্য্যবান্।
নাকম্পয়ত শৌরিং সা বিন্ধ্যং গিরিমিবানিলঃ ॥৫২॥

ভারতকৌমুদী

দুর্দ্ধর্ষ ইতি। ব্যেতু অপগচ্ছতু, জ্বরঃ পুত্রমরণাশঙ্কানিবন্ধনঃ সন্তাপঃ।৪৮॥

ইতীতি। দুরাধর্ষো যুদ্ধদুর্দ্ধর্ষো জাত ইতি শেষঃ ॥৪৯॥

উবাচেতি। হে প্রভো! রাজন্! ধৃতরাষ্ট্র!। জলেশ্বরো বরুণঃ। অযুধ্যতি অযুধ্যমানে জনে। প্রতীপং বিপরীতং যথা স্যাত্তথা, প্রয়োক্তারং ব্যাপারয়িতারম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

নেতি। কীদৃশং নাকরোদিত্যাহ তয়েতি। তয়া গদয়া ।৫১॥

প্রতীতি। পীনেন স্থূলেন, অংসেন স্কন্ধেন। শৌরিং কৃষ্ণম্ ॥৫২॥

---

কিন্তু তোমার এই পুত্র এই অস্ত্রের প্রভাবে সর্ব্বদাই যুদ্ধে শত্রুগণের নিকট দুর্দ্ধর্ষ হইবে। সুতরাং তোমার মনের সন্তাপ দূর হউক' ॥৪৮॥

এই কথা বলিয়া বরুণ মন্ত্রের সহিত একটা গদা দিয়াছিলেন, যে গদা পাইয়া শ্রুতায়ুধ সমগ্র জগতে দুর্দ্ধর্ষ হইয়াছিলেন ॥৪৯॥

ভগবান্ বরুণদেব পুনরায় শ্রুতায়ুধকে বলিয়াছিলেন—'বৎস। শ্রুতায়ুধ। যে ব্যক্তি যুদ্ধ না করিবে, তাহার উপরে তুমি এ গদা নিক্ষেপ করিও না। কেন না, তাহা হইলে এ গদা তোমার উপরে আসিয়াই পতিত হইবে। অযুধ্যমানের উপরে নিক্ষেপ করিলে, এ গদা বৈপরীত্যে নিক্ষেপকারীকেই বিনাশ করিবে' ॥৫০॥

কিন্তু কাল উপস্থিত হইলে, শ্রুতায়ুধ বরুণদেবের সে বাক্য রক্ষা করেন নাই; তিনি সেই বীরঘাতিনী গদাদ্বারা কৃষ্ণকে তাড়ন করিয়াছিলেন ॥৫১॥

তখন বলবান্ কৃষ্ণ স্থূল স্কন্ধদ্বারা সে গদা গ্রহণ করিয়াছিলেন। সুতরাং প্রবল বায়ু যেমন বিন্ধ্যপর্ব্বতকে কম্পিত করিতে পারে না, সেইরূপ সে গদা কৃষ্ণকে কম্পিত করিতে পারে নাই ॥৫২॥

প্রত্যুদ্‌যান্তী তমেবৈষা কৃত্যেব দুরধিষ্ঠিতা।
জঘান চাস্থিতং বীরং শ্রুতায়ুধমমর্ষণম্।
হত্বা শ্রুতায়ুধং বীরং ধরণীমন্বপদ্যত ॥৫৩॥
হাহাকারো মহাংস্তত্র সৈন্যানাং সমজায়ত।
স্বেনাস্ত্রেণ হতং দৃষ্ট্বা শ্রুতায়ুধমরিন্দমম্ ॥৫৪॥
অযুধ্যমানায় যতঃ কেশবায় নরাধিপ!।
ক্ষিপ্তা শ্রুতায়ুধেনাথ তস্মাত্তমবধীদ্‌গদা ॥৫৫॥
যথোক্তং বরুণেনাজৌ তথা স নিধনং গতঃ।
ব্যসুশ্চাপ্যপতদ্ভূমৌ প্রেক্ষতাং সর্বধন্বিনাম্ ॥৫৬॥
পতমানস্তু স বভৌ পর্ণাশায়াঃ প্রিয়ঃ সুতঃ।
সংভগ্ন ইব বাতেন বহুশাখো বনস্পতিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

প্রতীতি। কৃত্যা আভিচারিকযজ্ঞোৎপন্না দেবতা, দুরধিষ্ঠিতা তস্য যজ্ঞস্য যৎ কিঞ্চিদ্দোষমাশ্রিতা দুরনুষ্ঠিতাভিচারিকযজ্ঞোৎপন্না দেবতা যজমানমিবেত্যর্থঃ। আস্থিতং দণ্ডায়মানম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥

হাহেতি। সৈন্যানাং শ্রুতায়ুধস্যৈব। স্বেন স্বকীয়েন ॥৫৪॥

নন্বু শ্রুতায়ুধো বরুণবাক্যব্যত্যয়ং কমকরোদ্‌যেন তস্যৈব বধ ইত্যাহ অযুধ্যেতি। যতো যস্মাৎ ॥৫৫॥

যথেতি। উক্তম্ "অযুধ্যতি ন মোক্তব্যা" ইত্যাদিনা। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৫৬॥

দুরনুষ্ঠিত অভিচারক্রিয়া হইতে উৎপন্ন কৃত্যা (দেবতাবিশেষ) যেমন যজমানকেই বিনাশ করে, সেইরূপ সেই গদাটা ফিরিয়া যাইয়া দণ্ডায়মান ক্রুদ্ধ বীর শ্রুতায়ুধকেই বিনাশ করিয়াছিল এবং বীর শ্রুতায়ুধকে বিনাশ করিয়া ভূতলে পতিত হইয়াছিল ॥৫৩॥

আপন অস্ত্রেই অরিন্দম শ্রুতায়ুধ নিহত হইলেন দেখিয়া তাঁহার সৈন্যগণের মধ্যে বিশাল হাহাকার হইয়াছিল ॥৫৪॥

রাজা! কৃষ্ণ যুদ্ধ করিতেছিলেন না; তথাপি শ্রুতায়ুধ যে হেতু তাঁহার উপরে গদা নিক্ষেপ করিয়াছিলেন, সেই হেতু সে গদা তাঁহাকে বধ করিয়াছিল ॥৫৫॥

সুতরাং বরুণ যেরূপ বলিয়াছিলেন, সেইভাবেই তিনি মৃত্যুমুখে প্রবেশ করিলেন এবং প্রাণশূন্য হইয়া সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে ভূতলে পতিত হইলেন ॥৫৬॥

ততঃ সর্ব্বাণি সৈন্যানি সেনামুখ্যাশ্চ সর্বশঃ।
প্রাদ্রবন্ত হতং দৃষ্ট্বা শ্রুতায়ুধমরিন্দমম্ ॥৫৮॥
ততঃ কাম্বোজরাজস্য পুত্ত্রঃ শূরঃ সুদক্ষিণঃ।
অভ্যয়াজ্জবনৈরশ্বৈঃ ফাল্গুনং শক্রসূদনম্ ॥৫৯॥
তস্য পার্থঃ শরান্ সপ্ত প্রেষয়ামাস ভারত!।
তে তং শূরং বিনির্ভিদ্য প্রাবিশন্ ধরণীতলম্ ॥৬০॥
সোঽতিবিদ্ধঃ শরৈস্তীক্ষ্ণৈর্গাণ্ডীবপ্রেষিতৈর্ম্মৃধে।
অর্জ্জুনং প্রতিবিব্যাধ দশভিঃ কঙ্কপত্রিভিঃ ॥৬১॥
বাসুদেবং ত্রিভির্বিদ্ধা পুনঃ পার্থঞ্চ পঞ্চভিঃ।
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা কেতুং চিচ্ছেদ মারিষ! ॥৬২॥

ভারতকৌমুদী

পতেতি। বহুশাখ ইত্যনেন বর্ম্মাবরণাদিনা শ্রুতায়ুধস্য স্ফীতরূপত্বমাক্ষিপ্যতে ॥৫৭॥
তত ইতি। সেনায়াং মুখ্যাঃ প্রধানাঃ। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥৫৮॥
তত ইতি। জবনৈর্বেগবদ্ভিঃ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥৫৯॥
তস্যেতি। তস্য সুদক্ষিণস্যোপরি। তং তদ্দেহম্ ॥৬০॥
স ইতি। মৃধে যুদ্ধে। কঙ্কস্য পক্ষিণঃ পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥৬১॥
বাস্বিতি। পঞ্চভিঃ শরৈরবিধ্যদিতি শেষঃ। হে মারিষ! আর্য্য! ॥৬২॥

পর্ণাশানদীর প্রিয়পুত্র শ্রুতায়ুধ পতিত হইতে থাকিয়া বায়ুভগ্ন বহুশাখাযুক্ত বৃক্ষের ন্যায় প্রকাশ পাইলেন ॥৫৭॥

তদনন্তর অরিন্দম শ্রুতায়ুধকে নিহত দেখিয়া তাঁহার সমস্ত সৈন্য ও প্রধান যোদ্ধারা পলায়ন করিতে লাগিল ॥৫৮॥

তৎপরে কাম্বোজরাজের পুত্র বীর সুদক্ষিণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর শক্রমর্দ্দন অর্জ্জুনের দিকে আগমন করিলেন ॥৫৯॥

ভরতনন্দন! তখন অর্জ্জুন তাঁহার উপরে সাতটা বাণ নিক্ষেপ করিলেন। সেই বাণগুলি যাইয়া সেই বীরের দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥৬০॥

তিনি যুদ্ধে গাণ্ডীবনিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণসমূহে অত্যন্ত বিদ্ধ হইয়া দশটা বাণদ্বারা অর্জ্জুনকে প্রতিবিদ্ধ করিলেন ॥৬১॥

এবং তিনটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন। মাননীয় রাজা! তখন অর্জ্জুন তাঁহার ধনু ছেদন করিয়া ধ্বজ ছেদন করিলেন ॥৬২॥

(৫৮)···মৃতং দৃষ্ট্বা···পি।

ভল্লাভ্যাং ভৃশতীক্ষ্ণাভ্যাং তঞ্চ বিব্যাধ পাণ্ডবঃ।
স তু পার্থং ত্রিভির্বিদ্ধ্বা সিংহনাদমথানদৎ ॥৬৩॥
সর্ব্বপারশবীঞ্চৈব শক্তিং শূরঃ সুদক্ষিণঃ।
সঘণ্টাং প্রাহিণোদ্‌ঘোরাং ক্রুদ্ধো গাণ্ডীবধন্বনে ॥৬৪॥
সা জ্বলন্তী মহোল্কেব তমাসাদ্য মহারথম্।
সবিস্ফুলিঙ্গা নির্ভিদ্য নিপপাত মহীতলে।
শক্ত্যা ত্বভিহতো গাঢ়ং মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৬৫॥
সমাশ্বস্য মহাতেজাঃ সৃক্কণী পরিলেলিহন্।
তং চতুর্দ্দশভিঃ পার্থো নারাচৈঃ কঙ্কপত্রিভিঃ ॥৬৬॥
সাশ্বধ্বজধনুঃ সূতং বিব্যাধাচিন্ত্যবিক্রমঃ।
রথঞ্চান্যৈঃ সুবহুভিশ্চক্রে বিশকলং শরৈঃ ॥৬৭॥ (যুগ্মকম্)
সুদক্ষিণং তং কাম্বোজং মোঘসঙ্কল্পবিক্রমম্।
বিভেদ হৃদি বাণেন পৃথুধারেণ পাণ্ডবঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

ভল্লাভ্যামিতি। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা স্যাত্তথা অনদৎ ॥৬৩॥
সর্বেতি। সর্বেষ্বেবাবয়বেষু পারশবীং লৌহময়ীম্ "পারশবোঽয়সি" ইত্যাদি হৈমঃ ॥৬৪॥
সেতি। অভিপরিপ্লুত আক্রান্তঃ অভবদর্জ্জুন ইতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥
সমিতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ। বিশকলং খণ্ডখণ্ডম্ ॥৬৬—৬৭॥
সুদক্ষিণমিতি। মোঘৌ মৃত্যুনৈব ব্যর্থীভূতৌ সঙ্কল্পবিক্রমৌ যস্য তম্ ॥৬৮॥

---

তৎপরে অর্জ্জুন সুতীক্ষ্ণ দুইটা ভল্লদ্বারা সুদক্ষিণকে বিদ্ধ করিলেন। তখন সুদক্ষিণও তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৬৩॥

এবং বীর সুদক্ষিণ ক্রুদ্ধ হইয়া ঘণ্টাযুক্ত ও লৌহময়ী একটা ভয়ঙ্কর শক্তি অর্জ্জুনের উপরে নিক্ষেপ করিলেন ॥৬৪॥

বিশাল উল্কার ন্যায় উজ্জ্বলা ও স্ফুলিঙ্গযুক্তা সেই শক্তিটা যাইয়া মহারথ অর্জ্জুনের দেহ ভেদ করিয়া ভূতলে পতিত হইল। তখন সেই শক্তির গুরুতর আঘাতে অর্জ্জুন মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥৬৫॥

ক্রমে মহাতেজা ও অচিন্তনীয়বিক্রমশালী অর্জ্জুন আশ্বস্ত হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া কঙ্কপক্ষযুক্ত চৌদ্দটা নারাচদ্বারা অশ্ব, ধ্বজ, ধনু ও সারথির সহিত সুদক্ষিণকে বিদ্ধ করিলেন এবং অপর বহুতর বাণদ্বারা তাঁহার রথখানাকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥৬৬—৬৭॥

স ভিন্নমর্ম্মা স্রস্তাঙ্গঃ প্রভ্রষ্টমুকুটাঙ্গদঃ।
পপাতাভিমুখঃ শূরো যন্ত্রমুক্ত ইব ধ্বজঃ ॥৬৯॥
গিরেঃ শিখরজঃ শ্রীমান্ সুশাখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
নির্ভগ্ন ইব বাতেন কর্ণিকারো হিমাত্যয়ে ॥৭০॥
শেতে স্ম নিহতো ভূমৌ কাম্বোজাস্তরণোচিতঃ।
মহার্হাভরণোপেতঃ সানুমানিব পর্ব্বতঃ ॥৭১॥ (যুগ্মকম্)
সুদর্শনীয়স্তাম্রাক্ষঃ কর্ণিনা স সুদক্ষিণঃ।
পুত্রঃ কাম্বোজরাজস্য পার্থেন বিনিপাতিতঃ ॥৭২॥

ভারতকৌমুদী

স ইতি। স্রস্তাঙ্গঃ শিথিলগাত্রঃ। যন্ত্রামুক্তো ভ্রষ্টঃ ॥৬৯॥

গিরেরিতি। শিখরজঃ শৃঙ্গজাতঃ, শ্রীমান্ পুষ্পাদিশোভাবান্। কর্ণিকারো বৃক্ষঃ। কাম্বোজাস্তরণোচিতঃ কাম্বোজদেশীয়শয্যাশয়নযোগ্যঃ। সানুমান্ সমভূমিযুক্তঃ ॥৭০—৭১॥

সুদর্শনীয় ইতি। তাম্রাক্ষস্তাম্রবর্ণনয়নঃ, কর্ণিনা তদাখ্যেন বাণেন ॥৭২॥

ভারতভাবদীপঃ

সন্নিরুদ্ধ ইতি ॥১—৪॥ তেষাং সংযচ্ছতাং বিধারয়তাম্ ॥৫—৯॥ আচার্য্যকং শিক্ষম্ ॥১০—২৭॥ রথেষুভিঃ অদূরস্থায়িভির্বাণৈঃ ॥২৮—৫২॥ কৃত্যা অভিচারদেবতা ॥৫৩—৬৮॥ ধ্বজঃ শক্রধ্বজঃ ॥৬৯—৭৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনাশীতিতমোঽধ্যায়ঃ ॥৭৯॥

---

এবং অর্জ্জুন একটা সুধার বাণদ্বারা কাম্বোজরাজপুত্র সুদক্ষিণের হৃদয় বিদীর্ণ করিলেন। তখন তাঁহার সঙ্কল্প ও বিক্রম ব্যর্থ হইয়া গেল ॥৬৮॥

তাঁহার হৃদয় বিদীর্ণ হইল, সমস্ত অঙ্গ শিথিল হইয়া পড়িল এবং কিরীট ও কেয়ূর পড়িয়া গেল; এই অবস্থায় সেই বীর সুদক্ষিণ যন্ত্রচ্যুত ধ্বজের ন্যায় অভিমুখ হইয়া পতিত হইলেন ॥৬৯॥

শীতকাল অতীত হইলে পর্ব্বতশৃঙ্গজাত, শোভাযুক্ত, সুন্দরশাখাসমন্বিত ও সুপ্রতিষ্ঠিত কর্ণিকার-(কণিয়ার—স্থলপদ্ম) বৃক্ষ যেমন বায়ুভগ্ন হইয়া ভূতলে শয়ন করে এবং সমতলভূমিযুক্ত পর্ব্বত যেমন ভূতলে অবস্থান করে, সেইরূপ কাম্বোজদেশীয় শয্যায় শয়নের যোগ্য ও মহামূল্যভূষণযুক্ত সুদক্ষিণ নিহত হইয়া ভূতলে শয়ন করিয়া রহিলেন ॥৭০—৭১॥

অর্জ্জুন কর্ণিনামক বাণদ্বারা সেই সুদৃশ্যমূর্ত্তি ও তাম্রনয়ন কাম্বোজরাজপুত্র সুদক্ষিণকে নিপাতিত করিয়াছিলেন ॥৭২॥

ধারয়ন্নগ্নিসঙ্কাশাং শিরসা কাঞ্চনীং স্রজম্ ।
অশোভত মহাবাহুর্ব্যসুর্ভূমৌ নিপাতিতঃ ॥৭৩॥
ততঃ সর্ব্বাণি সৈন্যানি ব্যদ্রবন্ত সুতস্য তে ।
হতং শ্রুতায়ুধং দৃষ্ট্বা কাম্বোজঞ্চ সুদক্ষিণম্ ॥৭৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে শ্রুতায়ুধসুদক্ষিণবিনাশে উনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

-০॥০-

## অশীতিতমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

হতে সুদক্ষিণে রাজন্ ! বীরে চৈব শ্রুতায়ুধে ।
জবেনাভ্যদ্রবন্ পার্থং কুপিতাঃ সৈনিকাস্তব ॥১॥

### ভারতকৌমুদী

ধারয়ন্নিতি । কাঞ্চনস্যেয়মিতি কাঞ্চনী তাম্ । ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৭৩॥

তত ইতি । ব্যদ্রবন্ত পলায়ন্ত, সুতস্য দুর্য্যোধনস্য ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে উনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

হত ইতি । জবেন বেগেন, অভ্যদ্রবন্ অভ্যধাবন্, পার্থমর্জ্জুনম্ ॥১॥

---

মস্তকে অগ্নির ন্যায় উজ্জ্বল স্বর্ণমালাধারী মহাবাহু সুদক্ষিণ ভূতলে নিপাতিত এবং প্রাণহীন হইয়াও শোভা পাইতে লাগিলেন ॥৭৩॥

মহারাজ ! তাহার পর আপনার পুত্রের সমস্ত সৈন্য শ্রুতায়ুধ ও কাম্বোজ-রাজপুত্র সুদক্ষিণকে নিহত দেখিয়া পলায়ন করিতে থাকিল ॥৭৪॥

—:০:—

সঞ্জয় বলিলেন—'রাজা ! বীর সুদক্ষিণ ও শ্রুতায়ুধ নিহত হইলে, আপনার সৈন্যেরা ক্রুদ্ধ হইয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥১॥

---

* '...নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '...ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি ।

অতীবাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
অভ্যবর্ষংস্ততো রাজন্! শরবর্ষৈর্ধনঞ্জয়ম্ ॥২॥
তেষাং ষষ্টিশতানার্য্যান্ প্রামথ্নাৎ পাণ্ডবঃ শরৈঃ।
তে স্ম ভীতাঃ পলায়ন্তে ব্যাঘ্রাৎ ক্ষুদ্রমৃগা ইব ॥৩॥
তে নিবৃত্তাঃ পুনঃ পার্থং সর্ব্বতঃ পর্য্যবারয়ন্।
রণে সপত্নান্ নিঘ্নন্তং জিগীষন্তং পরান্ যুধি ॥৪॥
তেষামাপততাং তূর্ণং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
শিরাংসি পাতয়ামাস বাহূংশ্চৈব ধনঞ্জয়ঃ ॥৫॥
শিরোভিঃ পাতিতৈস্তত্র ভূমিরাসীন্নিরন্তরা।
অভ্রচ্ছায়েব চৈবাসীদ্ধ্বাঙ্ক্ষগৃধ্রবলৈর্যুধি ॥৬॥

## ভারতকৌমুদী

অথ কে তে সৈনিকা ইত্যাহ অতীতি। এতে দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥২॥
তেষামিতি। বেদবিধিনিষেধাধীনাচারা আর্য্যাস্তান্, ন তু ম্লেচ্ছানিতি ভাবঃ ॥৩॥
ত ইতি। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত সেনাপতিপ্ররোচনাৎ। সপত্নান্ শত্রূন্ ॥৪॥
তেষামিতি। আপততামাগচ্ছতাম্, গাণ্ডীবেন ধনুষা প্রেষিতৈর্নিক্ষিপ্তৈঃ ॥৫॥
শিরোভিরিতি। নিরন্তরা ঘনাচ্ছন্না। অভ্রচ্ছায়েব মেঘচ্ছায়েব ॥৬॥

রাজা! তৎপরে অতীবাহ, শূরসেন, শিবি ও বসাতিদেশীয় সৈন্যেরা অর্জ্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিল ॥২॥

তখন অর্জ্জুন বাণদ্বারা আর্য্যজাতীয় সেই ষট্‌সহস্র সৈন্যকে আলোড়িত করিয়া তুলিলেন। ক্রমে ক্ষুদ্র মৃগগণ যেমন ব্যাঘ্রের ভয়ে পলায়ন করে, সেইরূপ তাহারা অর্জ্জুনের ভয়ে পলায়ন করিতে থাকিল ॥৩॥

অর্জ্জুন যুদ্ধে শত্রুদিগকে সংহার করিতে লাগিলে এবং যুদ্ধে বিপক্ষদিগকে জয় করিবার ইচ্ছা করিলে, সেই সৈন্যেরা পুনরায় ফিরিয়া আসিয়া সকল দিকে অর্জ্জুনকে বেষ্টন করিল ॥৪॥

তাহারা আসিতে লাগিলে অর্জ্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত বাণদ্বারা সত্বর সত্বর তাহাদের মস্তক ও বাহু ছেদন করিয়া করিয়া নিপাতিত করিতে লাগিলেন ॥৫॥

তখন নিপাতিত মস্তকে সমরভূমি আবৃত হইয়া গেল এবং সেই সমরভূমিতে দ্রোণকাক, শকুন ও সাধারণ কাক পতিত হওয়ায় যেন মেঘের ছায়া পতিত হইল ॥৬॥

(৩) তেষাং ষষ্টিশতানকান্...বা নি। (৫)...বাহূংশ্চাপি...বা নি।

তেষূৎসাদ্যমানেষু ক্রোধামর্ষসমন্বিতৌ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ ধনঞ্জয়মযুধ্যতাম্ ॥৭॥
বলিনৌ স্পর্দ্ধিনৌ বীরৌ কুলজৌ বাহুশালিনৌ।
তাবেনং শরবর্ষাণি সব্যদক্ষিণমাস্যতাম্ ॥৮॥
ত্বরাযুক্তৌ মহারাজ! প্রার্থয়ানৌ মহদ্‌যশঃ।
অর্জ্জুনস্য বধং প্রেপ্সূ পুত্রার্থং তব ধন্বিনৌ ॥৯॥
তাবর্জ্জুনং সহস্রেণ পত্রিণাং নতপর্বণাম্।
পূরয়ামাসতুঃ ক্রুদ্ধৌ তড়াগং জলদো যথা ॥১০॥ (যুগ্মকম্)
শ্রুতায়ুশ্চ ততঃ ক্রুদ্ধস্তোমরেণ ধনঞ্জয়ম্।
আজঘান রথশ্রেষ্ঠঃ পীতেন নিশিতেন চ ॥১১॥
সোঽতিবিদ্ধো বলবতা শত্রুণা শত্রুকর্ষণঃ।
জগাম পরমং মোহং মোহয়ন্ কেশবং রণে ॥১২॥

ভারতকৌমুদী

তেম্বিতি। উৎসাদ্যমানেষু বিনাশ্যমানেষু, অমর্ষঃ অসহিষ্ণুতা ॥৭॥

বলিনাবিতি। এনমর্জ্জুনং প্রতি। সব্যেন বামেন যুক্তো দক্ষিণো ভাগস্তং প্রাপ্যেতি শেষঃ। শাকপার্থিবাদিত্বান্মধ্যগতযুক্তপদলোপঃ। আস্যতাং ক্ষিপতাম্। ক্ষেপার্থাসেঃ প্রয়োগঃ ॥৮॥

ত্বরেতি। প্রেপ্সূ চিকীর্ষূ। পত্রিণাং বাণানাম্। পূরয়ামাসতুর্গাত্রপূরণেন ॥৯—১০॥

শ্রুতায়ুরিতি। পীতেন প্রাক্‌পীতশত্রুরক্তেন, নিশিতেন সুধারেণ ॥১১॥

অর্জ্জুন সেই সৈন্যগণকে উৎসন্ন করিতে লাগিলে, শ্রুতায়ু ও অচ্যুতায়ু ক্রুদ্ধ এবং অসহিষ্ণু হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৭॥

বলবান্, অর্জ্জুনের সহিত স্পর্দ্ধাকারী, বীর, সৎকুলজাত ও বাহুশক্তিশালী শ্রুতায়ু এবং অচ্যুতায়ু বাম ও দক্ষিণ দিক্ হইতে অর্জ্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৮॥

মহারাজ! মেঘ যেমন জলবর্ষণদ্বারা জলাশয় পূর্ণ করে, সেইরূপ ত্বরান্বিত, মহাযশঃপ্রার্থী ও ধনুর্দ্ধর শ্রুতায়ু এবং অচ্যুতায়ু ক্রুদ্ধ হইয়া আপনার পুত্রের জন্য অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া নতপর্ব্ব এক সহস্র বাণদ্বারা অর্জ্জুনের দেহ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৯—১০॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। সংজঘান আজঘান। বিভিৎসুর্ভেত্তুমিচ্ছুঃ ॥১৫॥

যথেতি। বর্ষতি করোতি শেষত্যর্থঃ। অবর্ষত দ্রোণে অবর্ষণকরোৎ ॥১৬॥

স ইতি। অত্রাপি শক্তিপ্রাসর্ষ্টিসংবৃত ইত্যস্য ধৃষ্টদ্যুম্নে সম্ভবাদ্বলাহকে চাসম্ভবাৎ পূর্ব্ব-বহুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। তথা চ নিস্ত্রিংশঃ কৃপাণঃ পুরোবাত ইব যস্য সঃ। জ্যা ধনুর্গুণো বিদ্যুদিব যস্য সঃ, চাপস্য সংহ্রাদষ্টঙ্কারো নির্ঘোষ ইব যস্য সঃ, ধৃষ্টদ্যুম্নো বলাহকো মেঘ ইব সঃ। শরধারা অশ্মবর্ষাণি পাষাণবৃষ্টয় ইব তানি। সর্ব্বতো দিশং ব্যাপ্য। প্লাবয়া-মাস প্লাবিতামিব মর্দ্দিতাং চকার, বাহিনীং কৌরবসেনাম্ ॥১৭—১৮॥

যমিতি। আর্চ্ছদপীড়য়ৎ। রথানাং ব্রজং সমূহম্। অপাকর্ষত অপসারয়ৎ ॥১৯॥

---

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া শত্রুসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে বার বার দ্রোণকে আঘাত করিতে লাগিলেন ॥১৫॥

দ্রোণ ধৃষ্টদ্যুম্নের উপরে যেভাবে বাণ বর্ষণ করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও সেইভাবেই দ্রোণের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥১৬॥

শক্তি, প্রাস ও ঋষ্টিসমন্বিত ধৃষ্টদ্যুম্ন মেঘের ন্যায় সকল দিক্ ব্যাপিয়া পাষাণবৃষ্টির ন্যায় শরধারাবৃষ্টি করিতে লাগিলেন এবং প্রধান রথী ও অশ্ব-সমূহকে সংহার করতঃ কৌরবসেনাকে প্লাবিত করিয়া ফেলিলেন। তৎকালে তাঁহার তরবারিও অগ্রবর্ত্তী বায়ুর ন্যায় চলিতেছিল, ধনুর গুণ বিদ্যুতের ন্যায় প্রকাশ পাইতেছিল এবং মেঘনির্ঘোষের ন্যায় ধনুষ্টঙ্কার হইতেছিল ॥১৭—১৮॥

তখন দ্রোণ বাণদ্বারা পাণ্ডবপক্ষের যে যে রথসমূহকে পীড়ন করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও বাণদ্বারা সেই সেই স্থান হইতেই দ্রোণকে আকর্ষণ করিয়া আনিতে থাকিলেন ॥১৯॥

ভোজমেকেঽভ্যবর্ত্তন্ত জলসন্ধং তথাপরে।
পাণ্ডবৈর্হন্যমানাশ্চ দ্রোণমেবাপরে যযুঃ ॥২১॥
সংঘট্টয়তি সৈন্যানি দ্রোণস্তু রথিনাং বরঃ।
ব্যধমচ্চাপি তান্যস্য ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাস্ত্রিধা ভূতা বধ্যন্তে পাণ্ডুসৃঞ্জয়ৈঃ।
অগোপাঃ পশবোঽরণ্যে বহুভিঃ শ্বাপদৈরিব ॥২৩॥
কালঃ সংগ্রসতে লোকান্ ধৃষ্টদ্যুম্নেন মোহিতান্।
সংগ্রামে তুমুলে তস্মিন্নিতি সংমেনিরে জনাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তথেতি। সংহতীকর্তুং যতমানস্যাপি দ্রোণস্য সৈন্যমিতি সম্বন্ধঃ ॥২০॥
ভোজমিতি। ভোজং ভোজবংশীয়ং কৃতবর্ম্মাণম্, একে কৌরবসৈন্যাঃ ॥২১॥
সমিতি। সংঘট্টয়তি সংযোজয়তি স্ম। ব্যধমত্তাড়নেন ব্যশ্লেষয়ৎ ॥২২॥
ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রাঃ কৌরবসৈনিকাঃ। অগোপাঃ পালকরহিতাঃ ॥২৩॥
কাল ইতি। সংমেনিরে অনবরতসংহারদর্শনাদিত্যাশয়ঃ ॥২৪॥

ভরতনন্দন! দ্রোণ যুদ্ধে আপন সৈন্যগণকে সেইভাবে সংহত রাখিতে চেষ্টা করিতে লাগিলেও কৌরবসৈন্য ধৃষ্টদ্যুম্নের প্রতাপে তিন ভাগে বিভক্ত হইয়া গেল ॥২০॥

পাণ্ডবেরা বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যের মধ্যে একদল কৃতবর্ম্মার আশ্রয় লইল, অপর দল জলসন্ধের শরণাপন্ন হইল এবং অন্য দল দ্রোণের আশ্রয়ে গমন করিল ॥২১॥

তখন রথিশ্রেষ্ঠ দ্রোণ কৌরবসৈন্যদিগকে একবার সম্মিলিত করেন, আবার মহারথ ধৃষ্টদ্যুম্ন তাহাদিগকে বিশ্লিষ্ট করিয়া ফেলেন (এইরূপ চলিতে লাগিল) ॥২২॥

এইভাবে কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেল; তখন বনমধ্যে বহুতর হিংস্র জন্তু যেমন পশুপালশূন্য পশুদিগকে বধ করে, সেইরূপ পাণ্ডব ও সৃঞ্জয়েরা কৌরবসৈন্যদিগকে বধ করিতে লাগিলেন ॥২৩॥

সেই সময়ে সমস্ত লোক এইরূপ মনে করিতে লাগিল যে, এই তুমুল যুদ্ধে ধৃষ্টদ্যুম্ন কৌরবসৈন্যদিগকে মোহিত করিতেছেন, আর কাল তাহাদিগকে গ্রাস করিতেছে ॥২৪॥

(২৪) কালঃ সংগ্রসতে যোধান্···পি, কালস্ত গ্রসতো যোধান্···বা, কালঃ স্ম গ্রসতে

কুনৃপস্য যথা রাষ্ট্রং দুর্ভিক্ষব্যাধিতস্করৈঃ।
দ্রাব্যতে তদ্বদাপন্না পাণ্ডবৈস্তব বাহিনী ॥২৫॥
অর্করশ্মিবিমিশ্রেষু শস্ত্রেষু কবচেষু চ।
চক্ষূংষি প্রত্যহন্যন্ত সৈন্যেন রজসা তথা ॥২৬॥
ত্রিধাভূতেষু সৈন্যেষু বধ্যমানেষু পাণ্ডবৈঃ।
অমর্ষিতস্ততো দ্রোণঃ পাঞ্চালান্ ব্যধমচ্ছরৈঃ ॥২৭॥
মৃদ্নতস্তান্যনীকানি নিঘ্নতশ্চাপি সায়কৈঃ।
বভূব রূপং দ্রোণস্য কালাগ্নেরিব দীপ্যতঃ ॥২৮॥
রথং নাগং হয়ঞ্চাপি পত্তিনঞ্চ বিশাংপতে!।
একৈকেনেষুণা সংখ্যে নির্বিভেদ মহারথঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কুনৃপস্যেতি। রাষ্ট্রং রাজ্যম্। দ্রাব্যতে উপদ্রবাস্পদীক্রিয়তে, আপন্না বিপন্না ॥২৫॥

অর্কেতি। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন, রজসা ধূল্যা ॥২৬॥

ত্রিধেতি। অমর্ষিতঃ ক্রুদ্ধঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৭॥

মৃদ্নত ইতি। মৃদ্নতো মর্দ্দয়তঃ, অনীকানি পাণ্ডবসৈন্যানি ॥২৮॥

রথমিতি। রথং রথিনম্, নাগং গজম্, হয়মশ্বম্। মহারথো দ্রোণঃ ॥২৯॥

---

মহারাজ! ক্রমে কুরাজার রাজ্য যেমন দুর্ভিক্ষ, রোগ ও চৌরপ্রভৃতিদ্বারা বিধ্বস্ত হয়, সেইরূপ আপনার সৈন্য পাণ্ডবগণদ্বারা বিধ্বস্ত হইতে লাগিল ॥২৫॥

তৎকালে সূর্য্যকিরণযুক্ত অস্ত্র ও কবচের উপরে পতিত হইয়া লোকের চক্ষু প্রতিহত হইতে থাকিল এবং সৈন্যগণোত্তোলিত ধূলিতেও প্রতিহত হইতে লাগিল ॥২৬॥

কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেলে এবং পাণ্ডবেরা তাহাদিগকে বধ করিতে লাগিলে, দ্রোণ ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা পাঞ্চালগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৭॥

দ্রোণ বাণদ্বারা সেই সৈন্যগণকে মর্দ্দন ও সংহার করিতে লাগিলে, তাঁহার মূর্ত্তি তখন প্রজ্বলিত কালাগ্নির ন্যায় হইয়া পড়িল ॥২৮॥

নরনাথ! মহারথ দ্রোণ এক একটা বাণদ্বারা যুদ্ধে এক এক জন রথী ও পদাতিকে এবং এক একটা হস্তী ও অশ্বকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥২৯॥

---

(২৯)···পত্তিনশ্চ বিশাংপতে!··· বা নি।

পাণ্ডবানাস্তু সৈন্যেষু নাস্তি কশ্চিৎ স ভারত ! ।
দধার যো রণে বাণান্ দ্রোণচাপচ্যুতান্ প্রভো ! ॥৩০॥
তৎ পচ্যমানমর্কেণ দ্রোণসায়কতাপিতম্ ।
বভ্রাম পাণ্ডবং সৈন্যং তত্র তত্রৈব ভারত ! ॥৩১॥
তথৈব পার্ষতেনাপি কাল্যমানং বলং তব ।
অভবৎ সর্ব্বতো দীপ্তং শুষ্কং বনমিবাগ্নিনা ॥৩২॥
বধ্যমানেষু সৈন্যেষু দ্রোণপার্ষতসায়কৈঃ ।
ত্যক্ত্বা প্রাণান্ পরং শক্ত্যা যুধ্যন্তে সর্ব্বতোমুখাঃ ॥৩৩॥
তাবকানাং পরেষাঞ্চ যুধ্যতাং পুরুষর্ষভ ! ।
নাসীৎ কশ্চিন্মহারাজ ! যোঽত্যাক্ষীৎ সংযুগং ভয়াৎ ॥৩৪॥
ভীমসেনন্তু কৌন্তেয়ং সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্ ।
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি । নাস্তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা । স তাদৃশঃ ॥৩০॥
তদিতি । পচ্যমানং দহ্যমানম্ । বভ্রাম কর্ত্তব্যবিমূঢ়ত্বাৎ ॥৩১॥
তথেতি । পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন, কাল্যমানং মর্দ্দ্যমানম্ । দীপ্তং সন্তপ্তং জ্বলিতঞ্চ ॥৩২॥
বধ্যেতি । ত্যক্ত্বা ত্যাগোত্তমং কৃত্বা । সর্বতোমুখা উভয়পক্ষসৈনিকাঃ ॥৩৩॥
তাবকানামিতি । যুধ্যতাং যুধ্যমানানাম্ । সংযুগং রণস্থলম্ ॥৩৪॥

---

ভরতনন্দন রাজা ! পাণ্ডবসৈন্যমধ্যে সেপ্রকার কোন যোদ্ধা ছিল না, যে—যুদ্ধে দ্রোণকার্ম্মুকনির্গত বাণ ধারণ করিতে পারিত ॥৩০॥

ভরতনন্দন ! তখন পাণ্ডবসৈন্যেরা সূর্য্যের কিরণে দগ্ধ এবং দ্রোণের বাণে সন্তাপিত হইয়া সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥৩১॥

সেইরূপই ধৃষ্টদ্যুম্নও পীড়ন করিতে থাকিলে, অগ্নিকর্ত্তৃক দহ্যমান শুষ্ক বনের ন্যায় আপনার সৈন্যও সকল দিকেই সন্তপ্ত হইতে থাকিল ॥৩২॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের বাণে উভয়পক্ষের সৈন্যই নিহত হইতে থাকিলে, তাহারা প্রাণত্যাগের উদ্যম করিয়া শক্তি অনুসারে সকল দিকে যুদ্ধ করিতে লাগিল ॥৩৩॥

পুরুষশ্রেষ্ঠ মহারাজ ! আপনার পক্ষের বা বিপক্ষের যুধ্যমান সৈন্যগণের মধ্যে এমন কেহ ছিল না, যে—ভয়ে রণস্থল ত্যাগ করিয়াছিল ॥৩৪॥

---

(৩১)...বভ্রাম পার্থকং সৈন্যম্...বা নি। (৩৩) বাধ্যমানেষু সৈন্যেষু...বা নি,...যুধ্যন্তে ধর্ম্মনিশ্চয়াঃ—নি।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ ক্ষেমধূর্ত্তিশ্চ বীর্য্যবান্।
ত্রয়াণাং তব পুত্ত্রাণাং ত্রয় এবানুযায়িনঃ ॥৩৬॥
বাহ্লীকরাজস্তেজস্বী কুলপুত্ত্রো মহারথঃ।
সহসেনঃ সহামাত্যো দ্রৌপদেয়ানবারয়ৎ ॥৩৭॥
শৈব্যো গোবাসনো রাজা যোধৈর্দশশতাবরৈঃ।
কাশ্যস্যাভিভুবঃ পুত্ত্রং পরাক্রান্তমবারয়ৎ ॥৩৮॥
অজাতশত্রুং কৌন্তেয়ং জ্বলন্তমিব পাবকম্।
মদ্রাণামীশ্বরঃ শল্যো রাজা রাজানমাবৃণোৎ ॥৩ ॥

ভারতকৌমুদী

ভীমেতি। কৌন্তেয়মিতি ভীমসেনান্তরব্যাবৃত্ত্যর্থম্। সোদর্য্যাঃ সহোদরাঃ ॥৩৫॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। পুত্ত্রাণামুক্তানাম্। অনুযায়িন আসন্ ॥৩৬॥
বাহ্লীকেতি। কুলপুত্ত্রঃ সদ্বংশজাতঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্ত্রান্ ॥৩৭॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ। দশ শতানি অবরাণি ন্যূনানি যেষাং তৈঃ ॥৩৮॥
অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। আবৃণোৎ শরজালেনেতি শেষঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

প্রবিষ্টয়োরিতি ॥১—৬॥ হিমাত্যয়ে শিশিরে ॥৭—১৭॥ প্রাবব্রাযাস বিদ্রাবিতবান্ ॥১৮॥ অপাকর্ষত ব্যাবর্ত্তিতবান্ ॥১৯—২১॥ সংবর্ত্তয়তি সম্মেলয়তি ॥২২—৩৭॥ কাশ্যস্য কাশিরাজস্য ॥৩৮—৫১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

---

ক্রমে বিবিংশতি, চিত্রসেন ও মহারথ বিকর্ণ এই তিন সহোদর কুন্তীনন্দন ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং বলবান্ ক্ষেমধূর্ত্তি ইঁহারা তিন জন আপনার উক্ত তিন পুত্ত্রের অনুগামী হইলেন ॥৩৬॥

তেজস্বী, সদ্বংশজাত ও মহারথ বাহ্লীকরাজ সৈন্য ও অমাত্যগণের সহিত মিলিত হইয়া দ্রৌপদীর পুত্ত্রগণকে বারণ করিতে লাগিলেন ॥৩৭॥

শিবিদেশীয় গোবাসনরাজা ন্যূনকল্পে দশ শত যোদ্ধার সহিত সম্মিলিত হইয়া পরাক্রমশালী কাশীরাজ অভিভূর পুত্ত্রকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৮॥

মদ্রাধিপতি শল্যরাজা শরজালদ্বারা প্রজ্বলিত অগ্নির ন্যায় আগত কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥৩৯॥

দুঃশাসনস্তুবস্থাপ্য স্বমনীকমমর্ষণঃ।
সাত্যকিং প্রযযৌ ক্রুদ্ধঃ শূরো রথবরং যুধি ॥৪০॥
স্বকেনাহমনীকেন সন্নদ্ধঃ কবচাবৃতঃ।
চতুঃশতৈর্মহেষ্বাসৈশ্চেকিতানমবারয়ম্ ॥৪১॥
শকুনিস্তু সহানীকো মাদ্রীপুত্রমবারয়ৎ।
গান্ধারকৈঃ সপ্তশতৈশ্চাপশক্ত্যসিপাণিভিঃ ॥৪২॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং মৎস্যমার্চ্ছতাম্।
প্রাণাংস্ত্যক্ত্বা মহেষ্বাসৌ মিত্রার্থেঽভ্যুদ্যতায়ুধৌ ॥৪৩॥
শিখণ্ডিনং যাজ্ঞসেনিং রুন্ধানমপরাজিতম্।
বাহ্লীকঃ প্রতিসংযত্তঃ পরাক্রান্তমবারয়ৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। অনীকং সৈন্যম্, অমর্ষণঃ অসহিষ্ণুঃ ॥৪০॥

স্বকেনেতি। স্বকেন স্বকীয়েন, অহং সঞ্জয়ঃ, সন্নদ্ধঃ সজ্জিতঃ। যুধ্যমানস্যাপি সঞ্জয়স্য সর্বযুদ্ধবৃত্তান্তজ্ঞানন্তু ব্যাসদত্তবরপ্রভাবাদিতি মন্তব্যম্ ॥৪১॥

শকুনিরিতি। মাদ্রীপুত্রং নকুলং সহদেবঞ্চ, দ্বয়োরপি বক্ষ্যমাণত্বাৎ ॥৪২॥

বিন্দেতি। মৎস্যং মৎস্যরাজম্, আর্চ্ছতাম্ অভিগতবন্তৌ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৪৩॥

শিখণ্ডিনমিতি। যজ্ঞসেনস্য দ্রুপদস্যাপত্যমিতি যাজ্ঞসেনিস্তম্, রুন্ধানং মার্গম্ ॥৪৪॥

---

অসহিষ্ণু ও বীর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া আপন সৈন্যগণকে সঙ্গে রাখিয়া যুদ্ধে রথিশ্রেষ্ঠ সাত্যকির দিকে গমন করিলেন ॥৪০॥

আমি (সঞ্জয়) যুদ্ধসজ্জায় সজ্জিত ও কবচাবৃত হইয়া স্বকীয় সৈন্য ও চারিশত মহাধনুর্দ্ধর লইয়া চেকিতানকে বারণ করিতে লাগিলাম ॥৪১॥

শকুনি কৌরবসৈন্য এবং ধনু, শক্তি ও অসিধারী সপ্তশত গান্ধারসৈন্যের সহিত মিলিত হইয়া নকুল ও সহদেবকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

মিত্র দুর্য্যোধনের জন্য অস্ত্রধারী ও মহাধনুর্দ্ধর অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ প্রাণত্যাগের উদ্যম করিয়া মৎস্যরাজ বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

দ্রুপদনন্দন অপরাজিত শিখণ্ডী উপস্থিত হইয়া পথরোধ করিতেছিলেন, তখন বাহ্লীক বিশেষ যত্নবান্ হইয়া সেই পরাক্রমশালীকে বারণ করিতে থাকিলেন ॥৪৪॥

---

(৪২)...মাদ্রীপুত্রাববারয়ৎ...নি।

ধৃষ্টদ্যুম্নং পাঞ্চাল্যং ক্রূরৈঃ সার্দ্ধং প্রভদ্রকৈঃ।
আবন্ত্যঃ সহ সৌবীরৈঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৫॥
ঘটোৎকচং তথা শূরং রাক্ষসং ক্রূরকর্ম্মিণম্।
অলায়ুধোঽদ্রবত্তূর্ণং ক্রুদ্ধমায়ান্তমাহবে ॥৪৬॥
অলম্বুষং রাক্ষসেন্দ্রং কুন্তিভোজো মহারথঃ।
সৈন্যেন মহতা যুক্তঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৭॥
সৈন্ধবঃ পৃষ্ঠতস্ত্বাসীৎ সর্ব্বসৈন্যস্য ভারত!।
রক্ষিতঃ পরমেষ্বাসৈঃ কৃপপ্রভৃতিভী রথৈঃ ॥৪৮॥
তস্যাস্তাং চক্ররক্ষৌ দ্বৌ সৈন্ধবস্য বৃহত্তমৌ।
দ্রৌণির্দক্ষিণতো রাজন্! সূতপুত্রশ্চ বামতঃ ॥৪৯॥
পৃষ্ঠগোপাশ্চ তস্যাসন্ সৌমদত্তিপুরোগমাঃ।
কৃপশ্চ বৃষসেনশ্চ শলঃ শল্যশ্চ দুর্জ্জয়ঃ ॥৫০॥

---

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। আবন্ত্যো বিন্দানুবিন্দাভ্যামপরঃ কশ্চিদ্বীরঃ ॥৪৫॥
ঘটোৎকচমিতি। ক্রূরং নিষ্ঠুরং কর্ম্মাস্যাস্তীতি তম্। আহবে যুদ্ধে ॥৪৬॥
অলম্বুষমিতি। অপরমিমং রাক্ষসেন্দ্রম্ ॥৪৭॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। পরমেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ ॥৪৮॥
তস্যেতি। বৃহত্তমৌ মহাবীরৌ। দ্রৌণিরশ্বত্থামা। সূতপুত্রঃ কর্ণঃ ॥৪৯॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠং গোপায়ন্তি রক্ষন্তীতি পৃষ্ঠগোপাঃ। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ ॥৫০॥

পাঞ্চালরাজপুত্র ক্রুদ্ধ ধৃষ্টদ্যুম্ন ক্রূরপ্রকৃতি প্রভদ্রকগণের সহিত আসিতে লাগিলে, অবন্তিদেশীয় একজন মহাবীর সৌবীরদিগের সহিত মিলিত হইয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৫॥

বীর ও ক্রূরকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে আসিতে লাগিলে, অলায়ুধ সত্বর তাহার দিকে ধাবিত হইল ॥৪৬॥

রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া যাইতে থাকিলে, মহারথ কুন্তিভোজ বিশাল সৈন্যের সহিত মিলিত হইয়া তাহাকে বারণ করিতে থাকিলেন ॥৪৭॥

ভরতনন্দন! জয়দ্রথ সমস্ত সৈন্যের পিছনে রহিলেন; আর মহাধনুর্দ্ধর কৃপপ্রভৃতি রথীরা তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা! দুই জন মহাবীর সেই সিন্ধুরাজের চক্ররক্ষক হইলেন; দক্ষিণে অশ্বত্থামা রহিলেন, আর বামে কর্ণ থাকিলেন ॥৪৯॥

নীতিমন্তো মহেষাসাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
সৈন্ধবস্য বিধায়ৈবং রক্ষাং যুযুধিরে ততঃ ॥৫১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

-০*০-

## ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

রাজন্! সংগ্রামমাশ্চর্য্যং শৃণু কীর্ত্তয়তো মম।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥১॥
ভারদ্বাজং সমাসাদ্য ব্যূহস্য প্রমুখে স্থিতম্।
অযোধয়ন্ রণে পার্থা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২॥

---

ভারতকৌমুদী

নীতীতি। নীতিমন্তো যুদ্ধনীতিজ্ঞাঃ, মহেষাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

রাজন্নিতি। কীর্ত্তয়তঃ তথা ব্রুবতো মম সকাশাৎ ॥১॥
ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। প্রমুখে সম্মুখে। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥২॥

ভূরিশ্রবাপ্রভৃতি বীরগণ এবং কৃপ, বৃষসেন, শল ও দুর্জ্জয় শল্য জয়দ্রথের পৃষ্ঠরক্ষক হইলেন ॥৫০॥

যুদ্ধনীতিজ্ঞ, মহাধনুর্দ্ধর ও যুদ্ধবিশারদ সেই বীরেরা সকলে এইভাবে জয়দ্রথের রক্ষাবিধানে করিয়া তাহার পরে যুদ্ধ করিতে লাগিলেন' ॥৫১॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন কৌরব ও পাণ্ডবগণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিতেছি; আপনি সেই আশ্চর্য্য যুদ্ধের বিষয় শ্রবণ করুন ॥১॥

---

*'দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বই, '...পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি

রক্ষমাণঃ স্বকং ব্যূহং দ্রোণোঽপি সহসৈনিকঃ।
অযোধয়দ্রণে পার্থান্ প্রার্থয়ানো মহদ্‌যশঃ ॥৩॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং দশভিঃ শরৈঃ।
আজঘ্নতুঃ সুসংক্রুদ্ধৌ তব পুত্রহিতৈষিণৌ ॥৪॥
বিরাটশ্চ মহারাজ! তাবুভৌ সমরে স্থিতৌ।
পরাক্রান্তৌ পরাক্রম্য যোধয়ামাস সানুগৌ ॥৫॥
তেষাং যুদ্ধং সমভবদ্দারুণং শোণিতোদকম্।
সিংহস্য দ্বিপমুখ্যাভ্যাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৬॥
বাহ্লীকং রভসং যুদ্ধে যাজ্ঞসেনির্ম্মহাবলঃ।
আজঘ্নে বিশিখৈর্ঘোরৈস্তীক্ষ্ণৈর্মর্ম্মাস্থিভেদিভিঃ ॥৭॥

ভারতকৌমুদী

রক্ষেতি। পার্থান্ পাণ্ডবান্, প্রার্থয়ানঃ প্রার্থয়মানঃ ॥৩॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥৪॥
বিরাট ইতি। পরাক্রম্য বিশেষশক্তিং প্রকাশ্য। সানুগৌ অনুচরসহিতৌ ॥৫॥
তেষামিতি। শোণিতমুদকমিব চলিতং যত্র তৎ। প্রভিন্নাভ্যাং মদস্রাবিভ্যাম্ ॥৬॥
বাহ্লীকমিতি। রভসং বেগবন্তম্, যাজ্ঞসেনিঃ শিখণ্ডী তথৈব প্রাগুক্তেঃ ॥৭॥

---

পাণ্ডবেরা দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া ব্যূহের সম্মুখে স্থিত দ্রোণের নিকটে যাইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥২॥

দ্রোণও সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহাযশ প্রার্থনা করিয়া আপন ব্যূহ রক্ষা করতঃ পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

আপনার পুত্রের হিতৈষী অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দশটা বাণদ্বারা বিরাটরাজাকে আঘাত করিলেন ॥৪॥

মহারাজ! বিরাটরাজাও পরাক্রম প্রকাশ করিয়া অনুচরসমন্বিত ও পরাক্রমশালী সমরস্থিত সেই দুই জনকেই প্রহার করিতে লাগিলেন ॥৫॥

তখন বনমধ্যে মদস্রাবী দুইটা শ্রেষ্ঠ হস্তীর সহিত সিংহের যেমন দারুণ যুদ্ধ হয়, সেইরূপ তাঁহাদের দারুণ যুদ্ধ হইতে লাগিল। তৎকালে জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিল ॥৬॥

মহাবল শিখণ্ডী ভয়ঙ্কর, তীক্ষ্ণ ও মর্ম্মাস্থিভেদী বাণসমূহদ্বারা যুদ্ধে বেগবান্ বাহ্লীককে আঘাত করিলেন ॥৭॥

---

(৩)...সহ সৈনিকৈঃ...নি।

বাহ্লীকো যাজ্ঞসেনিস্তু হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
আজঘান ভৃশং ক্রুদ্ধো নবভির্নতপর্ব্বভিঃ ॥৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং শরশক্তিসমাকুলম্।
ভীরূণাং ত্রাসজননং শূরাণাং হর্ষবর্দ্ধনম্ ॥৯॥
তাভ্যাং তত্র শরৈর্মুক্তৈরন্তরীক্ষং দিশস্তথা।
অভবৎ সংবৃতং সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১০॥
শৈব্যো গোবাসনো যুদ্ধে কাশ্যপুত্রং মহারথম্।
সসৈন্যো যোধয়ামাস গজঃ প্রতিগজং যথা ॥১১॥
বাহ্লীকরাজঃ সংক্রুদ্ধো দ্রৌপদেয়ান্ মহারথান্।
মনঃ পঞ্চেন্দ্রিয়াণীব শুশুভে যোধয়ন্ রণে ॥১২॥
অযোধয়ংস্তে সুভৃশং তং শরৌঘৈঃ সমন্ততঃ।
ইন্দ্রিয়ার্থা যথা দেহং শশ্বদ্দেহভৃতাং বর ! ॥১৩॥

ভারতকৌমুদী

বাহ্লীক ইতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। নবভিঃ শরৈরিতি শেষঃ ॥৮॥
তদিতি। শরৈঃ শক্তিভিশ্চ সমাকুলং ব্যাপ্তম্ ॥৯॥
তাভ্যামিতি। ন প্রাজ্ঞায়ত নাদৃশ্যত অন্ধকারাবরণাৎ ॥১০॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ, গোবাসনো নাম, কাশ্যপুত্রং কাশীরাজপুত্রম্ ॥১১॥
বাহ্লীকেতি। অপরোঽয়ং বাহ্লীকরাজঃ, দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥১২॥

বাহ্লীকও অত্যন্তক্রুদ্ধ হইয়া স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও নতপর্ব নয়টা বাণ-দ্বারা শিখণ্ডীকে প্রহার করিলেন ॥৮॥

শর ও শক্তিসমাকুল সেই যুদ্ধ ভয়ঙ্করভাবে হইতে লাগিল এবং সে যুদ্ধ ভীরুজনের ভয় ও বীরজনের আনন্দবর্দ্ধন করিতে থাকিল ॥৯॥

তাঁহাদের নিক্ষিপ্ত বাণসমূহে আকাশ ও সমস্ত দিক্ আবৃত হইয়া গেল। সুতরাং তখন কিছুই দেখা গেল না ॥১০॥

হস্তী যেমন অপর হস্তীর সহিত যুদ্ধ করে, সেইরূপ শিবিরাজ গোবাসন সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহারথ কাশীরাজের পুত্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মন যেমন পঞ্চ ইন্দ্রিয়ের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পায়, সেইরূপ ক্রুদ্ধ বাহ্লীকরাজ দ্রৌপদীর পঞ্চ মহারথ পুত্রের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইতে থাকিলেন ॥১২॥

(১৩)…ইন্দ্রিয়াণি যথা দেহম্…নি।

বাহ্লীকং সাত্যকিং যুদ্ধে পুত্রো দুঃশাসনস্তব।
আজঘ্নে সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ ॥১৪॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো মহেষ্বাসেন ধন্বিনা।
ঈষন্মূর্চ্ছাং জগামাশু সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥১৫॥
সমাশ্বস্তস্তু বাহ্লীকস্তব পুত্রং মহারথম্।
বিব্যাধ দশভিস্তূর্ণং সায়কৈঃ কঙ্কপত্রিভিঃ ॥১৬॥
তাবন্যোন্যং দৃঢ়ং বিদ্ধাবন্যোন্যশরবিক্ষতৌ।
রেজতুঃ সমরে রাজন্! পুষ্পিতাবিব কিংশুকৌ ॥১৭॥
অলম্বুষস্তু সংক্রুদ্ধঃ কুন্তিভোজশরার্দ্দিতঃ।
অশোভত ভৃশং লক্ষ্যা পুষ্পাঢ্য ইব কিংশুকঃ ॥১৮॥

---

ভারতকৌমুদী

অযোধয়ন্নিতি। ইন্দ্রিয়ার্থাঃ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। শশ্বৎ সর্ব্বদা ॥১৩॥

বাহ্লীকমিতি। বাহ্লীকং বৃষ্ণিবংশীয়ম্। নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপাঙ্গৈঃ ॥১৪॥

স ইতি। মহেষ্বাসেন মহাধনুর্দ্ধরতয়া প্রসিদ্ধেন, ধন্বিনা তদানীং ধনুষ্মতা ॥১৫॥

সমাশ্বস্ত ইতি। বাহ্লীকঃ সাত্যকিঃ। কঙ্কস্ত পক্ষিণঃ পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥১৬॥

তাবিতি। বিদ্ধৌ তাড়িতৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥১৭॥

অলম্বুষ ইতি। লক্ষ্যা রক্তশোভয়া ॥১৮॥

---

দেহধারিশ্রেষ্ঠ! আবার পঞ্চ ইন্দ্রিয়বিষয় যেমন সর্ব্বদা দেহের সহিত যুদ্ধ করে, সেইরূপ দ্রৌপদীর পঞ্চ পুত্রও সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা বাহ্লীকরাজের সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

আপনার পুত্র দুঃশাসন তীক্ষ্ণ ও নতপর্ব নয়টা বাণদ্বারা যুদ্ধে বৃষ্ণিবংশীয় সাত্যকিকে আঘাত করিলেন ॥১৪॥

মহাধনুর্দ্ধর বলিয়া প্রসিদ্ধ এবং তৎকালে ধনুঃসমন্বিত দুঃশাসন অত্যন্ত বিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সাত্যকি সত্বর অল্প মূর্চ্ছিত হইলেন ॥১৫॥

পরক্ষণেই তিনি সুস্থ হইয়া সত্বর কঙ্কপক্ষযুক্ত দশটা বাণদ্বারা আপনার পুত্র মহারথ দুঃশাসনকে বিদ্ধ করিলেন ॥১৬॥

রাজা! তখন তাঁহারা পরস্পর দৃঢ় বিদ্ধ ও পরস্পর বাণবিক্ষত হইয়া পুষ্পযুক্ত দুইটা পলাশবৃক্ষের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১৭॥

---

(১৫) সোঽতিবিদ্ধো বলবতা···বা নি। (১৭)···অন্যোন্যশরপীড়িতৌ···বা নি।

কুন্তিভোজং তথা বিদ্ধা রক্ষো বহুভিরাশুগৈঃ।
অনদস্তৈরবং নাদং বাহিন্যাঃ প্রমুখে তব ॥১৯॥
ততস্তৌ সমরে শূরৌ যোধয়ন্তৌ পরস্পরম্।
দদৃশুঃ সর্বসৈন্যানি শক্রজম্ভৌ যথা পুরা ॥২০॥
শকুনিং রভসং যুদ্ধে কৃতবৈরঞ্চ ভারত!।
মাদ্রীপুত্রৌ সুসংরব্ধৌ শরৈরার্দ্দয়তাং ভৃশম্ ॥২১॥
তুমুলঃ সুমহান্ রাজন্! প্রাবর্ত্তত জনক্ষয়ঃ।
ত্বয়া সংজনিতো রাজন্! কর্ণেন চ বিবর্দ্ধিতঃ ॥২২॥
রক্ষিতস্তব পুত্রৈশ্চ ক্রোধমূলো হুতাশনঃ।
য ইমাং পৃথিবীং রাজন্! দগ্ধুং সর্বাং সমুদ্যতঃ ॥২৩॥ (যুগ্মকম্)

---

ভারতকৌমুদী

কুন্তীতি। রক্ষো রাক্ষসোঽলম্বুষঃ, আশুগৈর্বাণৈঃ। অনদদকরোৎ ॥১৯॥
তত ইতি। সর্বসৈন্যানি কর্ত্তৃণি, শক্রজম্ভৌ ইন্দ্রজম্ভাসুরৌ ॥২০॥
শকুনিমিতি। রভসং বেগবন্তম্, কৃতবৈরং কপটদ্যূতক্রীড়য়া। সুসংরব্ধাবতীবক্রুদ্ধৌ ॥২১॥
তুমুল ইতি। সংজনিতো দ্যূতক্রীড়ানুমোদনাৎ, বিবর্দ্ধিতঃ প্রোৎসাহনাৎ। রক্ষিতো দ্রৌপদ্যা বস্ত্রহরণাদিভিঃ। হুতাশনশ্চ প্রাবর্ত্ততেত্যনুবৃত্তিঃ যো হুতাশনঃ ॥২২—২৩॥

ভারতভাবদীপঃ

রাজন্নিতি ॥১—২২॥ হুতাশনঃ প্রাবর্ত্ততেত্যনুষজ্যতে ॥২৩—৩১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৩॥

---

ওদিকে অলম্বুষ কুন্তিভোজের বাণে পীড়িত ও ক্রুদ্ধ হইয়া পুষ্পসমন্বিত পলাশবৃক্ষের ন্যায় রক্তশোভায় বিশেষ শোভিত হইল ॥১৮॥

পরে অলম্বুষ বহুতর বাণদ্বারা কুন্তিভোজকে বিদ্ধ করিয়া আপনার সৈন্যের সম্মুখে ভয়ঙ্কর গর্জন করিতে লাগিল ॥১৯॥

তদনন্তর পূর্বকালে সমস্ত দেবাসুরসৈন্য যেমন ইন্দ্র ও জম্ভাসুরকে দেখিয়াছিল, সেইরূপ দুই পক্ষের সমস্ত সৈন্যই পরস্পর যুধ্যমান বীর কুন্তীভোজ ও অলম্বুষকে দেখিতে থাকিল ॥২০॥

ভরতনন্দন! অন্যদিকে অত্যন্তক্রুদ্ধ নকুল ও সহদেব বাণদ্বারা বেগবান্ ও কৃতবৈর শকুনিকে গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥২১॥

রাজা! তৎকালে তুমুল ও গুরুতর লোকক্ষয় হইতে লাগিল। কারণ,

---

(১৯) কুন্তিভোজং ততো রক্ষো বিদ্ধা বহুভিরাশুগৈঃ…বা নি। (২১)…মাদ্রীপুত্রৌ চ সংরব্ধৌ শরৈস্তাবর্দ্দয়তাং ভৃশম্—বা নি। (২২)…ত্বয়া সংজনিতোঽত্যর্থম্…বা নি।

শকুনিঃ পাণ্ডুপুত্রাভ্যাং কৃতঃ স বিমুখঃ শরৈঃ।
ন স্ম জানাতি কর্ত্তব্যং যুদ্ধে কিঞ্চিৎ পরাক্রমম্ ॥২৪॥
বিমুখঞ্চৈনমালোক্য মাদ্রীপুত্রৌ মহারথৌ।
ববর্ষতুঃ পুনর্বাণৈর্যথা মেঘৌ মহাগিরিম্ ॥২৫॥
স বধ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্বভিঃ।
সংপ্রায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণানীকায় সৌবলঃ ॥২৬॥
ঘটোৎকচস্তথা শূরো রাক্ষসং তং জলায়ুধম্।
অভ্যয়াদ্রভসং যুদ্ধে বেগমাস্থায় মধ্যমম্ ॥২৭॥
তয়োর্যুদ্ধং মহারাজ! চিত্ররূপমিবাভবৎ।
যাদৃশস্তু পুরা বৃত্তং রামরাবণয়োর্মৃধে ॥২৮॥

ভারতকৌমুদী

শকুনিরিতি। পাণ্ডুপুত্রাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। ন জানাতি ন বুধ্যতে স্ম ॥২৪॥
বিমুখমিতি। এনং শকুনিম্। ববর্ষতুরিতি বর্ষ এব ধাতুঃ পরস্মৈপদমার্ষম্ ॥২৫॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। জবনৈর্বেগবদ্ভিঃ। সৌবলঃ শকুনিঃ ॥২৬॥
ঘটোৎকচ ইতি। রভসং বেগবন্তম্। মধ্যমং বেগমাস্থায় অনাস্থয়া ॥২৭॥
তয়োরিতি। চিত্ররূপমাশ্চর্য্যপ্রকারম্। বৃত্তং ভূতম্। মৃধে রণস্থলে ॥২৮॥

রাজা! প্রথমে আপনি উৎপাদন করেন, কর্ণ বর্দ্ধিত করেন এবং আপনার পুত্রেরা অক্ষুণ্ণ রাখেন, এ হেন ক্রোধাগ্নি জ্বলিতেছিল; রাজা! যে ক্রোধাগ্নি এই সমগ্র পৃথিবীটাকেই দগ্ধ করিতে উদ্যত হইয়াছিল ॥২২—২৩॥

শকুনি পরাক্রম প্রকাশ করিতে থাকিলেও নকুল এবং সহদেব বাণদ্বারা তাঁহাকে পরাঙ্মুখ করিলেন। তখন শকুনি যুদ্ধে কোন কর্ত্তব্য নিশ্চয় করিতে পারিলেন না ॥২৪॥

মহারথ নকুল ও সহদেব শকুনিকে পরাঙ্মুখ দেখিয়া—দুইটা মেঘ যেমন বিশাল পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ শকুনির উপরে শর বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

নকুল ও সহদেব বহুতর নতপর্ব্ব বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, শকুনি বেগবান্ অশ্বের গুণে বেগে দ্রোণসৈন্যের দিকে চলিয়া গেলেন ॥২৬॥

আর এক দিকে বীর ঘটোৎকচ মধ্যম বেগ অবলম্বন করিয়া মহাবেগ সেই রাক্ষস জলায়ুধের দিকে চলিল ॥২৭॥

(২৪)···কিঞ্চিৎ পরাক্রমম্—বা নি। (২৫) বিমুখঞ্চৈবমালোক্য···বঙ্গ বর্দ্ধ।

ততো যুধিষ্ঠিরো রাজা মদ্ররাজানমাহবে।
বিদ্ধা পঞ্চাশতা বাণৈঃ পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥২৯॥
তয়োঃ প্রবব্বৃতে যুদ্ধং রাজ্ঞোরত্যদ্ভুতং নৃপ।।
যথা পূর্বং মহদ্‌যুদ্ধং শম্বরামররাজয়োঃ ॥৩০॥
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ তবাত্মজঃ।
অযোধয়ন্ ভীমসেনং মহত্যা সেনয়া বৃতাঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

### ভারতকৌমুদী

তত ইতি। মদ্ররাজানং শল্যম্। অদ্ভুতাভাব আর্যঃ ॥২৯॥

তয়োরিতি। শম্বরামররাজয়োঃ শম্বরাসুরেন্দ্রয়োঃ ॥৩০॥

বিবিংশতিরিতি। অযোধয়ন্ প্রাহরন্। "যুধ সম্প্রহারে" স্বার্থে ইন্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! পূর্ব্বকালে রণস্থলে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ ঘটোৎকচ এবং অলায়ুধেরও যেন বিচিত্ররূপ যুদ্ধ হইতে লাগিল ॥২৮॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির পঞ্চাশটা বাণদ্বারা যুদ্ধে শল্যকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

রাজা! পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তৎকালে শল্য ও যুধিষ্ঠিরের সেইরূপ অত্যাশ্চর্য্য মহাযুদ্ধ হইতে থাকিল ॥৩০॥

মহারাজ! অন্যদিকে আপনার পুত্র বিবিংশতি, চিত্রসেন ও বিকর্ণ বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীমসেনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১॥

* '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, 'দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' বা বা নি।

# চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তথা তস্মিন্ প্রবৃত্তে তু সংগ্রামে রোমহর্ষণে।
কৌরবেয়াংস্ত্রিধা ভূতান্ পাণ্ডবাঃ সমুপাদ্রবন্ ॥১॥
জলসন্ধং মহাবাহুং ভীমসেনোঽভ্যবর্ত্তত।
যুধিষ্ঠিরঃ সহানীকঃ কৃতবর্ম্মাণমাহবে ॥২॥
কিরংস্তু শরবর্ষাণি রোচমান ইবাংশুমান্।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! দ্রোণমভ্যদ্রবদ্রণে ॥৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ত্বরতাং সর্ব্বধন্বিনাম্।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ সংক্রুদ্ধানাং পরস্পরম্ ॥৪॥
সংক্ষয়ে তু তথা ভূতে বর্ত্তমানে মহাভয়ে।
দ্বন্দ্বীভূতেষু সৈন্যেষু যুধ্যমানেষ্বভীতবৎ ॥৫॥

---

ভারতকৌমুদী

প্রাগুক্তং স্মরয়তি তথেতি। ত্রিধা ভূতান্ জলসন্ধকৃতবর্ম্মদ্রোণানাশ্রিত্য ভাগত্রয়েণ বিভক্তান্ ॥১॥

জলেতি। সহানীকঃ সসৈন্যঃ, আহবে রণস্থলে ॥২॥

কিরন্নিতি। কিরন্ বিক্ষিপন্, রোচমানো দীপ্যমানঃ, অংশুমান্ কিরণবান্ সূর্য্যঃ ॥৩॥

তত ইতি। ত্বরতাং প্রহারায় ত্বরমাণানাম্ ॥৪॥

---

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই রোমহর্ষণ যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, তিন ভাগে বিভক্ত কৌরবসৈন্যগণের প্রতি পাণ্ডবেরা ধাবিত হইলেন ॥১॥

ভীমসেন মহাবাহু জলসন্ধের দিকে চলিলেন এবং যুধিষ্ঠির সৈন্যগণের সহিত মিলিত হইয়া কৃতবর্ম্মার দিকে গমন করিলেন ॥২॥

মহারাজ! আর ধৃষ্টদ্যুম্ন বাণ বর্ষণ করিতে থাকিয়া কিরণযুক্ত দীপ্যমান সূর্য্যের ন্যায় দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

তদনন্তর পরস্পর ক্রুদ্ধ, ত্বরান্বিত ও ধনুর্দ্ধারী কৌরবগণ ও পাণ্ডবগণের যুদ্ধ উপস্থিত হইল ॥৪॥

দ্রোণঃ পাঞ্চালপুত্রেণ বলী বলবতা সহ।
যদক্ষিপৎ পৃথক্কোঘাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬॥ (যুগ্মকম্)
পুণ্ডরীকবনানীব বিধ্বস্তানি সমন্ততঃ।
চক্রাতে দ্রোণপাঞ্চাল্যৌ নৃণাং শীর্ষাণ্যনেকশঃ ॥৭॥
বিনিকীর্ণানি বীরাণামনীকেষু সমন্ততঃ।
বস্ত্রাভরণশস্ত্রাণি ধ্বজবর্ম্মায়ুধানি চ ॥৮॥
তপনীয়বিচিত্রাঙ্গাঃ সংসিক্তা রুধিরেণ চ।
সংসক্তা ইব দৃশ্যন্তে মেঘসংঘাঃ সবিদ্যুতঃ ॥৯॥
কুঞ্জরাশ্বনরানন্যে পাতয়ন্তি স্ম পত্রিভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহারথাঃ ॥১০॥
অসিচর্ম্মাণি চাপানি শিরাংসি কবচানি চ।
বিপ্রকীর্য্যন্ত শূরাণাং সংপ্রহারে মহাত্মনাম্ ॥১১॥

ভারতকৌমুদী

সংকর ইতি। বশীকৃতেষু একৈকেন সহ একৈকভাবেন মিলিতেষু। পৃথক্কা বাণাঃ ॥৫-৬॥

পুণ্ডেতি। পুণ্ডরীকাণাং পদ্মানাং বনানি। চক্রাতে চিচ্ছিদতুঃ। "কৃঞ্ হিংসায়াম্" ইত্যস্য রূপম্ ॥৭॥

বিনীতি। বিনিকীর্ণানি বীরৈশ্ছিত্বা বিক্ষিপ্তানি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৮॥

তপনীয়েতি। তপনীয়ৈঃ স্বর্ণভূষণৈর্বিচিত্রাণি অঙ্গানি যেষাং তে ॥৯॥

কুঞ্জরেতি। পত্রিভির্বাণৈঃ। তালমাত্রাণি হস্তচতুষ্টয়প্রমাণানি ॥১০॥

সেইরূপ মহাভীষণ লোকক্ষয় চলিতে লাগিলে এবং উভয়পক্ষের সৈন্যেরা দুই দুই হইয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধ করিতে থাকিলে, বলশালী দ্রোণ বলবান্ ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া যে বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥৫—৬॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্ন সকল দিকে বিধ্বস্ত পদ্মসমূহের ন্যায় সৈন্যগণের অনেক মস্তক ছেদন করিলেন ॥৭॥

বীরগণের বস্ত্র, অলঙ্কার, অস্ত্র, শস্ত্র, ধ্বজ ও বর্ম্ম সকল সৈন্যমধ্যেই ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতে লাগিল ॥৮॥

স্বর্ণভূষণে বিচিত্রগাত্র ও রুধিরসংসিক্ত বীরগণকে বিদ্যুৎসমন্বিত ও পরস্পর মিলিত মেঘসমূহের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৯॥

অপর মহারথেরা হস্তচতুষ্টয়প্রমাণ ধনু আকর্ষণ করতঃ বাণদ্বারা হস্তী, অশ্ব ও মনুষ্যগণকে নিপাতিত করিতে লাগিলেন ॥১০॥

উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ! তস্মিন্ পরমসঙ্কুলে ॥১২॥
গৃধ্রাঃ কঙ্কা বলাঃ শ্যেনা বায়সা জম্বুকাস্তথা।
বহবঃ পিশিতাশাশ্চ তত্রাদৃশ্যন্ত মারিষ! ॥১৩॥
ভক্ষয়ন্তশ্চ মাংসানি পিবন্তশ্চাপি শোণিতম্।
বিলুলুপুঃ স্ম কেশাংশ্চ মজ্জাশ্চ বহুধা নৃপ! ॥১৪॥
আকর্ষন্তঃ শরীরাণি শরীরাবয়বাংস্তথা।
নরাশ্বগজসংঘানাং শিরাংসি চ ততস্ততঃ ॥১৫॥ (বিশেষকম্)
কৃতাস্ত্রা রণশিক্ষাভির্দীক্ষিতাঃ শরশালিনঃ।
রণে জয়ং প্রার্থয়ন্তো ভৃশং যুযুধিরে তদা ॥১৬॥
অসিমার্গান্ বহুবিধান্ বিচেরুঃ সৈনিকা রণে।
ঋষ্টিভিঃ শক্তিভিঃ প্রাসৈঃ শূলতোমরপট্টিশৈঃ ॥১৭॥

---

ভারতকৌমুদী

অসীতি। বিপ্রকীর্য্যন্ত ব্যক্ষিপ্যন্ত। অড়ভাব আর্ষঃ, সম্প্রহারে রণস্থলে ॥১১॥
উত্থিতানীতি। অগণেয়ানি অসংখ্যেয়ানি। পরমসঙ্কুলে যুদ্ধে ॥১২॥
গৃধ্রা ইতি। পিশিতাশাঃ কুক্কুরাদয়োঽপি মাংসভোজিনঃ। হে মারিষ! আর্য্য!। বিলুলুপুঃ অপসারয়ন্ত আকর্ষন্তশ্চ। শরীরাণামবয়বানঙ্গানি ॥১৩—১৫॥
কৃতেতি। কৃতাস্ত্রা আয়ত্তীকৃতাস্ত্রাঃ, দীক্ষিতা যুদ্ধে প্রবৃত্তাঃ ॥১৬॥

---

সেই যুদ্ধে মহাত্মা বীরগণের অসি, চর্ম্ম, ধনু, মস্তক ও কবচ সকল নানাদিকে বিক্ষিপ্ত হইতে থাকিল ॥১১॥

মহারাজ! সেই পরমসঙ্কুল যুদ্ধে সকল দিকেই অসংখ্য কবন্ধ (মস্তকশূন্য দেহ) উত্থিত হইতেছে দেখা গেল ॥১২॥

মাননীয় রাজা! তখন গৃধ্র, কঙ্ক, বল, শ্যেন, কাক, শৃগাল ও অন্যান্য বহুতর মাংসভোজী জন্তু দৃষ্টিগোচর হইতে লাগিল। তাহারা নানাদিকে মনুষ্য, অশ্ব ও হস্তিগণের মাংসভক্ষণ, রক্তপান, কেশ অপসারণ, মজ্জা আহরণ এবং শরীর, শরীরাবয়ব ও মস্তক আকর্ষণ করিতে থাকিল ॥১৩—১৫॥

যুদ্ধশিক্ষা করায় অস্ত্রে সুশিক্ষিত, তৎকালে যুদ্ধে প্রবৃত্ত ও প্রচুরবাণসমন্বিত যোদ্ধারা যুদ্ধে জয় প্রার্থনা করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥১৬॥

---

(১৩) গৃধ্রাঃ কঙ্কা বকাঃ···বা নি। (১৪)···বিলুলুপুরনারা কেশাংশ্চ···বা নি। (১৬) কৃতাস্ত্রা রণশিক্ষাভির্দীক্ষিতাঃ···পি র্ব।

গদাভিঃ পরিঘৈশ্চান্যে ব্যায়ুধাশ্চ ভুজৈরপি।
অন্যোন্যং জঘ্নিরে ক্রুদ্ধা যুদ্ধরঙ্গগতা নরাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
রথিনো রথিভিঃ সার্দ্ধমশ্বারোহাশ্চ সাদিভিঃ।
মাতঙ্গা বরমাতঙ্গৈঃ পাদাতাশ্চ পদাতিভিঃ ॥১৯॥
ক্ষীবা ইবান্যে চোন্মত্তা রঙ্গেষিব চ বারণাঃ।
উচ্চ্রুক্রুশুরথান্যোন্যং জঘ্নুরন্যোন্যমেব চ ॥২০॥
তেষাং যুদ্ধে বর্ত্তমানে ঘোররূপে বিশাংপতে!।
ধৃষ্টদ্যুম্নো হয়ানশ্বৈর্দ্রোণস্য ব্যত্যমিশ্রয়ৎ ॥২১॥
তে হয়াঃ সাধ্বশোভন্ত মিশ্রিতা বাতরংহসঃ।
পারাবতসবর্ণাশ্চ রক্তশোণাশ্চ সংযুগে ॥২২॥

ভারতকৌমুদী

অসীতি। অসিমার্গান্ অসিযুদ্ধপথান্। ব্যায়ুধা অস্ত্রশূন্যাঃ ॥১৭—১৮॥
রথিন ইতি। সাদিভিরশ্বারোহিভিঃ। যুযুধিরে ইতি শেষঃ ॥১৯॥
ক্ষীবা ইতি। ক্ষীবা মত্তাঃ। বারণা গজাঃ। উচ্চ্রুক্রুশুঃ উচ্চরবং চক্রুঃ ॥২০॥
তেষামিতি। ব্যত্যমিশ্রয়ৎ পরস্পরমমেলয়ৎ অতীবাসন্নোঽভবদিত্যর্থঃ ॥২১॥
ত ইতি। পারাবতসবর্ণা ধৃষ্টদ্যুম্নস্য, রক্তানি রুধিরাণীব শোণা লোহিতা দ্রোণস্য ॥২২॥

সৈন্যেরা নানাবিধ অসিযুদ্ধপথে বিচরণ করিতে থাকিল এবং যুদ্ধরঙ্গবর্ত্তী অন্য যোদ্ধারা ক্রুদ্ধ হইয়া ঋষ্টি, শক্তি, প্রাস, শূল, তোমর, পট্টিশ, গদা ও পরিঘদ্বারা, আর অস্ত্রশূন্য বীরেরা কেবল বাহুদ্বারা পরস্পর সংহার করিতে থাকিলেন ॥১৭—১৮॥

রথীরা রথীদের সহিত, অশ্বারোহীরা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহিগণের সহিত এবং পদাতিরা পদাতিদিগের সঙ্গে যুদ্ধ করিতে লাগিল ॥১৯॥

রঙ্গালয়ের ন্যায় সেই রণস্থলে মত্ত ও উন্মত্ত অন্য হস্তিগণ পরস্পর উচ্চরব ও পরস্পর সংহার করিতে থাকিল ॥২০॥

নরনাথ! তাহাদের ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, ধৃষ্টদ্যুম্ন যাইয়া নিজের অশ্বগুলিকে দ্রোণের অশ্বগুলির সঙ্গে সম্মিলিত করিলেন ॥২১॥

তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং কপোতের তুল্য ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের অশ্বগুলি ও রুধিরের সমান রক্তবর্ণ দ্রোণের অশ্বগণ পরস্পর মিলিত হইয়া রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিল ॥২২॥

(১৮)⋯অন্যৈর্বাহুভিশ্চ⋯বা নি। (২১)⋯নির্ব্বাধে বিশাংপতে!⋯বা নি।

পারাবতসবর্ণাস্তে রক্তশোণবিমিশ্রিতাঃ।
হয়াঃ শুশুভিরে রাজন্! মেঘা ইব সবিদ্যুতঃ ॥২৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু সংপ্রেক্ষ্য দ্রোণমভ্যাসমাগতম্।
অসিচর্ম্মাদদে বীরো ধনুরুৎসৃজ্য ভারত! ॥২৪॥
চিকীর্ষুর্দুষ্করং কর্ম্ম পার্ষতঃ পরবীরহা।
ঈষয়া সমতিক্রম্য দ্রোণস্য রথমাবিশৎ ॥২৫॥
অতিষ্ঠদ্যুগমধ্যে স যুগসন্নহনেষু চ।
জঘনার্দ্ধেষু চাশ্বানাং তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥২৬॥
খড়্গেন চরতস্তস্য শোণাশ্বানধিতিষ্ঠতঃ।
দদর্শ নান্তরং দ্রোণস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥

---

ভারতকৌমুদী

উক্তমেবার্থং সাদৃশ্যপ্রদর্শনায় পুনরাহ পারেতি। রক্তশোণৈর্দ্রোণাশ্বৈর্বিমিশ্রিতাঃ ॥২৩॥

ধৃষ্টেতি। অভ্যাসং সমীপম্। আদদে জগ্রাহ ॥২৪॥

চিকীর্ষুরিতি। কর্ম্ম দ্রোণবধম্, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। ঈষয়া স্বরথস্য উর্দ্ধতনপার্শ্বেন। আবিশৎ প্রবেষ্টুমৈচ্ছৎ ॥২৫॥

অতিষ্ঠদিতি। যুগমধ্যে তির্য্যগ্দারুমধ্যস্থানে, যুগসন্নহনেষু তৎসংযোগস্থানে ॥২৬॥

খড়্গেনেতি। শোণাশ্বান্ দ্রোণস্য রক্তাশ্বান্। অন্তরং প্রহারাবকাশম্ ॥২৭॥

---

রাজা! কপোতের ন্যায় ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের সেই অশ্বগুলি, দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির সঙ্গে মিলিত হইয়া বিদ্যুৎসমন্বিত মেঘের তুল্য শোভা পাইতে থাকিল ॥২৩॥

ভরতনন্দন! বীর ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিকটবর্ত্তী দেখিয়া ধনু পরিত্যাগ করিয়া অসি ও চর্ম্ম গ্রহণ করিলেন ॥২৪॥

পরে বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন দুষ্কর কার্য্য (দ্রোণবধ) করিবার ইচ্ছায় নিজ রথদণ্ডের পার্শ্ব দিয়া লাফাইয়া যাইয়া দ্রোণের রথের ভিতরে প্রবেশ করিবার ইচ্ছা করিলেন ॥২৫॥

তখন তিনি নিজরথের যুগকাষ্ঠের মধ্যস্থানে এক চরণ ও তাহার সংযোগস্থানে অন্য চরণ রাখিয়া দাঁড়াইলেন এবং দ্রোণের অশ্বগুলির মধ্যদেশে তরবারির আঘাত করিলেন; সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥২৬॥

ধৃষ্টদ্যুম্ন তখন তরবারি লইয়া যাইয়া দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির উপরে

---

(২৬)...জঘানার্দ্ধেষু চাশ্বানাম্...দি,...জঘনার্দ্ধেষু চাশ্বানাম্...বি।

যথা শ্যেনস্য পতনং বনেষ্বামিষগৃদ্ধিনঃ।
তথৈবাসীদতীসারস্তস্য দ্রোণং জিঘাংসতঃ ॥২৮॥
ততঃ শরশতেনাস্য শতচন্দ্রং সমাক্ষিপৎ।
দ্রোণো দ্রুপদপুত্রস্য খড়্গঞ্চ দশভিঃ শরৈঃ ॥২৯॥
অথাস্মৈ ত্বরিতো বাণমপরং জীবিতান্তকম্।
আকর্ণপূর্ণং চিক্ষেপ বজ্রং বজ্রধরো যথা ॥৩০॥
তং চতুর্দ্দশভির্বাণৈর্বাণং চিচ্ছেদ সাত্যকিঃ।
গ্রস্তমাচার্য্যমুখ্যেন ধৃষ্টদ্যুম্নং বিমোচয়ন্ ॥৩১॥
সিংহেনেব মৃগং গ্রস্তং নরসিংহেন মারিষ!।
দ্রোণেন মোচয়ামাস পাঞ্চাল্যং শিনিপুঙ্গবঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যথেতি। আমিষগৃদ্ধিনো মাংসলোভিনঃ। অতীসার আক্রমণম্ ॥২৮॥
তত ইতি। শতচন্দ্রং শতচন্দ্রচিহ্নযুক্তং চর্ম্ম, সমাক্ষিপৎ নুপাতয়ৎ ॥২৯॥
অথেতি। আকর্ণপূর্ণং ধনুষ আকর্ণপূর্ণাকর্ষণপূর্ব্বকম্। বজ্রধর ইন্দ্রঃ ॥৩০॥
তমিতি। আচার্য্যমুখ্যেন দ্রোণেন, বিমোচয়ন্ উদ্ধরন্ ॥৩১॥
সিংহেনেতি। নরসিংহেন মনুষ্যশ্রেষ্ঠেন। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩২॥

পড়িলেন, তখন দ্রোণ তাঁহাকে আঘাত করিবার ফাঁক্ পাইলেন না; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৭॥

বনমধ্যে মাংসলোভী শ্যেনপক্ষীর পতনের ন্যায় দ্রোণজিঘাংসু ধৃষ্টদ্যুম্নের সেই আক্রমণ হইয়াছিল ॥২৮॥

তদনন্তর দ্রোণ একশতবাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের চর্ম্ম-(ঢাল) খানাকে এবং দশটা বাণদ্বারা তাঁহার তরবারিকে হস্ত হইতে বিচ্যুত করিলেন ॥২৯॥

তদনন্তর ইন্দ্র যেমন বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ দ্রোণ ত্বরান্বিত হইয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া জীবননাশক অন্য একটা বাণ ধৃষ্টদ্যুম্নের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩০॥

তখন সাত্যকি আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণের কবলগত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিবার জন্য চৌদ্দটা বাণদ্বারা দ্রোণের সেই বাণটাকে ছেদন করিলেন ॥৩১॥

মাননীয় রাজা! এইভাবে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সিংহগ্রস্ত হরিণের ন্যায় নরসিংহ-দ্রোণ-গ্রস্ত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিলেন ॥৩২॥

(৩০)...ধৃষ্টদ্যুম্নায় চিক্ষেপ...নি। (৩১) তং চতুর্দ্দশভিস্তীক্ষ্ণৈর্বাণৈশ্চিচ্ছেদ...ব্যমোচয়ৎ—বা নি। (৩২)...দ্রোণাদ্বৈ...নি।

সাত্যকিং প্রেক্ষ্য গোপ্তারং পাঞ্চাল্যস্ত-মহাহবে।
শরাণাং ত্বরিতো দ্রোণঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥৩৩॥
ততো দ্রোণং শিনেঃ পৌত্রো গ্রসন্তমিব সৃঞ্জয়ান্।
প্রত্যবিধ্যচ্ছিতৈর্বাণৈঃ ষড়্‌বিংশত্যা স্তনান্তরে ॥৩৪॥
ততঃ সর্ব্বে রথাস্তূর্ণং পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ।
সাত্বতাভিসৃতে দ্রোণে ধৃষ্টদ্যুম্নমবাক্ষিপন্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ধৃষ্টদ্যুম্নমোক্ষণে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

-•••—-

## ভারতকৌমুদী

সাত্যকিমিতি। গোপ্তারং রক্ষিতারম্। সমার্পয়ৎ সাত্যকিমেবাপীড়য়ৎ ॥৩৩॥

তত ইতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৩৪॥

তত ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। সাত্বতেন সাত্যকিনা অভিসৃতে আক্রান্তে ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

## ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৯॥ কুঞ্জরাশনয়ানিতি কাকাক্ষিবচ্চদ্বয়ং যথাবিভক্তি সংবধ্যতে ॥১০—২৫॥ যুগসংহননেষু যুগবত্বেষু ॥২৬—৩৪॥ অবাক্ষিপন্ অপনীতবন্তঃ ॥৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪॥

---

সেই সময়ে সাত্যকি মহাযুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিলেন দেখিয়া দ্রোণ ত্বরান্বিত হইয়া ছাব্বিশটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৩॥

এবং দ্রোণ যেন সৃঞ্জয়গণকে গ্রাস করিতে লাগিলেন। সুতরাং সাত্যকিও ছাব্বিশটা বাণদ্বারা দ্রোণের বক্ষঃস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥৩৪॥

সাত্যকি দ্রোণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে, তখন জয়াভিলাষী পাঞ্চাল-দেশীয় রথীরা সকলে সত্বর ধৃষ্টদ্যুম্নকে অপসারিত করিলেন' ॥৩৫॥

(৩৪)...গ্রসন্তমপি ..বা নি। * '...পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '...সপ্তনবতি-তমোঽধ্যায়ঃ' বা, বা নি।

# পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

——(৮৫)——

ধৃতরাষ্ট্র উবাচ।

বাণে তস্মিন্ নিকৃত্তে তু ধৃষ্টদ্যুম্নে চ মোক্ষিতে।
তেন বৃষ্ণিপ্রবীরেণ যুযুধানেন সঞ্জয়! ॥১॥
অমর্ষিতো মহেষ্বাসঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
নরব্যাঘ্রে শিনেঃ পৌত্রে দ্রোণঃ কিমকরোত্তদা ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

সংপ্রক্রুতঃ ক্রোধবিষো ব্যাদিতাস্যশরাসনঃ।
তীক্ষ্ণধারেষুদশনঃ শিতনারাচদংষ্ট্রবান্ ॥৩॥
সংরম্ভামর্ষতাম্রাক্ষো মহোরগ ইব শ্বসন্।
নরবীরঃ প্রমুদিতৈঃ শোণৈরশ্বৈর্মহাজবৈঃ ॥৪॥
উৎপতদ্ভিরিবাকাশং ক্রামদ্ভিরিব পর্ব্বতান্।
রুক্মপুঙ্খান্ শরানস্যন্ যুযুধানমুপাদ্রবৎ ॥৫॥ (বিশেষকম্).

---

ভারতকৌমুদী

বাণ ইতি। নিকৃত্তে ছিন্নে। যুযুধানেন সাত্যকিনা। শিনেঃ পৌত্রে সাত্যকৌ ॥১—২॥

সংপ্রেতি। অত্র মহোরগ ইবেত্যুপমাঙ্গতায়াং সর্ব্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ ক্রোধো বিষমিব যস্য সঃ, ব্যাদিতাস্যং প্রকটিতবদনমিব শরাসনমাকৃষ্টং ধনুর্যস্য সঃ, তীক্ষ্ণধারা

---

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বৃষ্ণিবংশের প্রধান বীর সেই সাত্যকি দ্রোণের সেই বাণটাকে ছেদন এবং ধৃষ্টদ্যুম্নকে মোচন করিলে, তখন ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ নরশ্রেষ্ঠ সাত্যকির উপরে কিরূপ আচরণ করিলেন?' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! নরবীর দ্রোণ তখন ক্রোধে ও অসহিষ্ণুতায় আরক্তনয়ন হইয়া দ্রুতগামী মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া স্বর্ণপুঙ্খ বাণ সকল নিক্ষেপ করতঃ ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন। তৎকালে দ্রোণের ক্রোধ হইয়াছিল বিষের তুল্য, আকৃষ্ট ধনুখানা ছিল—প্রকটিত মুখের

---

(২)…শিনেঃ পৌত্রম্…নি। (৩) সং[illegible]…নি। (৫)…ব পর্বতম্…নি।

শরপাতমহাবর্ষং রথঘোষবলাহকম্।
কার্ম্মুকাকর্ষবিক্ষেপং নারাচবহুবিদ্যুতম্ ॥৬॥
শক্তিখড়্গাশনিধরং ক্রোধবেগসমুত্থিতম্।
দ্রোণমেঘমনাবার্য্যং হয়মারুতচোদিতম্ ॥৭॥
দৃষ্ট্বৈবাভিপতন্তং তং শূরঃ পরপুরঞ্জয়ঃ।
উবাচ সূতং শৈনেয়ঃ প্রহসন্ যুদ্ধদুর্ম্মদঃ ॥৮॥ (বিশেষকম্)

---

ভারতকৌমুদী

ইষবো বাণা দশনা দন্তা ইব যস্য সঃ, শিতাঃ সুধারা নারাচা দংষ্ট্রা দংষ্ট্রেব অস্য সন্তীতি সঃ। সংরম্ভেণ ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া চ তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য স তাদৃশশ্চ, নরবীরো দ্রোণঃ, সংপ্রক্রান্তো ধাবিতঃ, মহোরগো মহাসর্প ইব শ্বসন্, রুক্মপুঙ্খান্ স্বর্ণখচিতমূলদেশান্ শরান্, অস্যন্ নিক্ষিপন্, প্রমুদিতৈর্হৃষ্টৈঃ, শোণৈ রক্তবর্ণৈঃ, মহাজবৈর্মহাবেগৈঃ, আকাশমুৎপতদ্ভিরিব, পর্বতান্ ক্রামদ্ভির্লঙ্ঘয়দ্ভিরিব চ অশ্বৈঃ, যুযুধানং সাত্যকিম্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩—৫॥

শরেতি। অত্রাপি দৃষ্ট্বৈবেত্যুপমায়াঃ সাধকত্বাৎ রূপকস্য চ বাধকত্বাদুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। শূরো যুদ্ধদুর্ম্মদঃ পরপুরঞ্জয়শ্চ শৈনেয়ঃ সাত্যকিঃ, শরাণাং পাতো বর্ষণং মহাবর্ষমিব যস্য তম্, রথঘোষো বলাহকো মেঘো মেঘনির্ঘোষ ইব যস্য তম্, কার্ম্মুকস্য আকর্ষ আকর্ষণং বিক্ষেপো বায়ুনা চালনমিব যস্য তম্, নারাচা বহবো বিদ্যুত ইব যস্য তম্, শক্তয়ঃ খড়্গাশ্চ অশনয়ো বজ্রা ইব তান্ ধরতীতি তম্, ক্রোধস্য বেগো বেগ ইব তেন সমুত্থিতমাগতম্, হয়া অশ্বা মারুতা বায়ব ইব তৈশ্চোদিতং প্রেরিতঞ্চ, অনাবার্য্যমন্যৈর্বারয়িতুমশক্যম্, তম্, দ্রোণো মেঘ ইব তম্, অভিপতন্তমাগচ্ছন্তম্, দৃষ্ট্বৈব, প্রহসন্, সূতং সারথিমুবাচ ॥৬—৮॥

---

সমান, তীক্ষ্ণধার বাণগুলি ছিল—দন্তসমূহের সদৃশ এবং সুধার নারাচগুলি ছিল—দংষ্ট্রার (মাড়ীর) তুল্য। আর তাঁহার হৃষ্ট, রক্তবর্ণ ও বেগবান্ অশ্বগণ যেন তৎকালে আকাশে উঠিতেছিল এবং পর্ব্বত লঙ্ঘন করিতেছিল ॥৩—৫॥

তখন মেঘের বিশাল বারিবর্ষণের ন্যায় দ্রোণের শরবর্ষণ চলিতেছিল, মেঘগর্জ্জনের তুল্য তাঁহার রথধ্বনি হইতেছিল, ধনুর আকর্ষণ বায়ুসঞ্চালনের সমান দেখা যাইতেছিল এবং নারাচগুলি বিদ্যুতের তুল্য প্রকাশ পাইতেছিল। আর দ্রোণ বজ্রের তুল্য শক্তি ও তরবারি ধারণ করিতেছিলেন, বায়ুবেগতুল্য ক্রোধবেগে উপস্থিত হইতেছিলেন এবং বায়ুর সমান অশ্বগণকর্ত্তৃক চালিত হইয়াছিলেন। এ হেন অনিবার্য্য দ্রোণকে মেঘের ন্যায় আসিতে দেখিয়াই বীর, যুদ্ধদুর্দ্ধর্ষ ও বিপক্ষনগরবিজয়ী সাত্যকি হাস্য করতঃ তাঁহার সারথিকে বলিলেন—॥৬—৮॥

এতং বৈ ব্রাহ্মণং ক্রূরং স্বকর্ম্মণ্যনবস্থিতম্ ।
আশ্রয়ং ধার্ত্তরাষ্ট্রস্য রাজ্ঞো দুঃখভয়াবহম্ ॥৯॥
শীঘ্রং প্রজবিতৈরশ্বৈঃ প্রত্যুদ্বাহি প্রহৃষ্টবৎ ।
আচার্য্যং রাজপুত্রাণাং সততং শূরমানিনম্ ॥১০॥ (যুগ্মকম্)
ততো রজতসঙ্কাশা মাধবস্য হয়োত্তমাঃ ।
দ্রোণস্যাভিমুখাঃ শীঘ্রমগচ্ছন্ বাতরংহসঃ ॥১১॥
ততস্তৌ দ্রোণশৈনেয়ৌ যুযুধাতে পরন্তপৌ ।
শরৈরনেকসাহস্রৈস্তাড়য়ন্তৌ পরস্পরম্ ॥১২॥
ইষুজালাবৃতং ব্যোম চক্রতুঃ পুরুষর্ষভৌ ।
পূরয়ামাসতুর্বীরাবুভৌ দশ দিশঃ শরৈঃ ॥১৩॥
মেঘাবিবাতপাপায়ে ধারাভিরিতরেতরম্ ।
ন স্ম সূর্য্যস্তদা ভাতি ন ববৌ চ সমীরণঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতমিতি। স্বকর্ম্মণি ব্রাহ্মণকার্য্যে যাজনাধ্যাপনবস্থিতম্। অত এবানেন সহ যুদ্ধে নাস্তি দোষ ইতি ভাবঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। প্রজবিতৈর্বেগবদ্ভিঃ ॥৯—১০॥

তত ইতি। রজতসঙ্কাশা রৌপ্যবৎ শুভ্রাঃ, মাধবস্য মধুবংশীয়স্য সাত্যকেঃ ॥১১॥

তত ইতি। দ্রোণশৈনেয়ৌ দ্রোণসাত্যকী ॥১২॥

ইষিতি। ইষুজালাবৃতং বাণসমূহাচ্ছাদিতম্। তপাপায়ে গ্রীষ্মাবসানে ॥১৩—১৪॥

'সারথি! এই ব্রাহ্মণ ক্রূরপ্রকৃতি, আপন কার্য্যে অনবস্থিত, দুর্য্যোধনের আশ্রয়, যুধিষ্ঠিরের দুঃখ ও ভয়ের কারণ, রাজপুত্রগণের অস্ত্রগুরু এবং সর্ব্বদা বীরাভিমানী। সুতরাং তুমি আনন্দিতের ন্যায় হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সত্বর উঁহার দিকে গমন কর' ॥৯—১০॥

তাহার পর রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং বায়ুর তুল্য বেগবান্ সাত্যকির উত্তম অশ্বগণ সত্বর দ্রোণের অভিমুখে গমন করিল ॥১১॥

তদনন্তর শত্রুসন্তাপকারী দ্রোণ ও সাত্যকি বহুসহস্র বাণদ্বারা পরস্পর তাড়ন করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

গ্রীষ্মাবসানে দুইটা মেঘ যেমন ধারাবর্ষণদ্বারা আকাশ আবৃত করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ দুই বীরই আকাশটাকে বাণজালে আবৃত করিলেন এবং বাণদ্বারা দশটা দিক্‌কেই পূর্ণ করিয়া ফেলিলেন। তখন সূর্য্য প্রকাশ পান নাই বা বায়ুও বহিত হয় নাই ॥১৩—১৪॥

(৯) এবং বৈ...ধর্ম্মরাজভয়াবহম্—নি, এবং বৈ...রাজ্ঞো দুঃখভয়াপহম্—বা।

ইষুজালাবৃতং ঘোরমন্ধকারং সমন্ততঃ।
অনাধৃষ্যমিবাস্তেবাং শূরাণামভবত্তদা ॥১৫॥
অন্ধকারীকৃতে লোকে দ্রোণশৈনেয়য়োঃ শরৈঃ।
তয়োঃ শীঘ্রাস্ত্রবিদুষোর্দ্রোণসাত্বতয়োস্তদা।
নান্তরং শরবৃষ্টীনাং দদৃশে নরসিংহয়োঃ ॥১৬॥
ইষূণাং সন্নিপাতেন শব্দো ধারাভিঘাতজঃ।
শুশ্রুবে শক্রমুক্তানামশনীনামিব স্বনঃ ॥১৭॥
নারাচৈর্ব্যতিবিদ্ধানাং শরাণাং রূপমাবভৌ।
আশীবিষ-বিদষ্টানাং সর্পাণামিব ভারত! ॥১৮॥
তয়োর্জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে যুদ্ধশৌণ্ডয়োঃ।
অজস্রং শৈলশৃঙ্গাণাং বজ্রেণাহন্যতামিব ॥১৯॥
উভয়োস্তৌ রথৌ রাজন্! তে চাশ্বাস্তৌ চ সারথী।
রুক্মপুঙ্খৈঃ শরৈশ্ছন্নাশ্চিত্ররূপা বভূস্তদা ॥২০॥

ভারতকৌমুদী

ইষিতি। যদা ব্যোম ইষুজালাবৃতমভবদিত্যর্থঃ। অনাধৃষ্যমনিবার্য্যম্ ॥১৫॥

অন্ধেতি। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ সাত্যকিঃ। অন্তরং ছিদ্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ইষূণামিতি। ধারয়া যোঽভিঘাত আঘাতস্তজ্জঃ। শক্রমুক্তানামিন্দ্রনিক্ষিপ্তানাম্ ॥১৭॥

নারাচৈরিতি। ব্যতিবিদ্ধানাং তাড়নানন্তরং স্থিতানাম্। আশীবিষৈর্বিদষ্টানাং মুখেন ধৃতানাম্ ॥১৮॥

তয়োরিতি। যুদ্ধে শৌণ্ডয়োর্মত্তয়োঃ। আহন্যতাম্ আহন্যমানানাম্ ॥১৯॥

উভয়োরিতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, ছন্না আবৃতাঃ ॥২০॥

আকাশ যখন বাণজালে আবৃত হইয়া গেল, তখন সকল দিকেই অন্য বীরগণের অনিবার্য্য ঘোর অন্ধকার হইয়া পড়িল ॥১৫॥

দ্রোণ ও সাত্যকির বাণ সমরভূমিকে অন্ধকারময় করিয়া ফেলিলে, সেই নরশ্রেষ্ঠ ও শীঘ্রাস্ত্রবিৎ দ্রোণ ও সাত্যকির বাণবৃষ্টির ফাঁক্ দেখা গেল না ॥১৬॥

বাণসমূহের পরস্পর আঘাতজাত শব্দ, ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রশব্দের ন্যায় শুনা যাইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! নারাচ যাইয়া বাণগুলিকে বিদ্ধ করিলে, তীক্ষ্ণবিষ-সর্প-মুখ-সংস্পৃষ্ট অপর সর্পগণের ন্যায় সেগুলির আকৃতি প্রকাশ পাইতে থাকিল ॥১৮॥

বজ্রাহত পর্ব্বতশৃঙ্গের শব্দের ন্যায় যুদ্ধমত্ত দ্রোণ ও সাত্যকির ধনুষ্টঙ্কার অনবরত শুনা যাইতে লাগিল ॥১৯॥

নির্ম্মলানামজিহ্মানাং নারাচানাং বিশাংপতে ! ।
নির্ম্মুক্তাশীবিষাভানাং সম্পাতোঽভূৎ সুদারুণঃ ॥২১॥
উভয়োঃ পতিতে ছত্রে তথৈব পতিতৌ ধ্বজৌ ।
উভৌ রুধিরসিক্তাঙ্গাবুভৌ চ বিজয়ৈষিণৌ ॥২২॥
স্রবদ্ভিঃ শোণিতং গাত্রৈঃ প্রস্রুতাবিব বারণৌ ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং জীবিতান্তকরৈঃ শরৈঃ ॥২৩॥
গর্জিতোৎক্রুষ্টসন্নাদাঃ শঙ্খদুন্দুভিনিস্বনাঃ ।
উপারমন্মহারাজ ! ব্যাজহার ন কশ্চন ॥২৪॥
তূষ্ণীম্ভূতান্যনীকানি যোধা যুদ্ধাদুপারমন্ ।
দদৃশুর্দ্বৈরথং তাভ্যাং জাতকৌতূহলা জনাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নির্ম্মলানামিতি। অজিহ্মানাং সরলানাম্। নির্ম্মুক্তাত্যক্তত্বচো যে আশীবিষাস্তীক্ষ্ণবিষা দীর্ঘাকৃতয়ঃ সর্পাস্তদাভানাং তত্তুল্যানাম্, সম্পাতঃ পরস্পরসংঘর্ষঃ ॥২১॥

উভয়োরিতি। অভূবতামিতি সর্ব্বত্র শেষঃ ॥২২॥

স্রবদ্ভিরিতি। স্রবদ্ভির্নিঃসারয়দ্ভিঃ। প্রস্রুতৌ মদস্রাবিণৌ, বারণৌ গজৌ ॥২৩॥

গর্জিতেতি। গর্জিতং গর্জনমুৎক্রুষ্টমাহ্বানঞ্চ তদ্রূপাঃ সন্নাদাঃ। ব্যাজহার উবাচ ॥২৪॥

তূষ্ণীমিতি। উপারমন্ বিরতাঃ। কুত ইত্যাহ দদৃশুরিতি। তাভ্যাং তয়োঃ ॥২৫॥

রাজা ! দ্রোণ ও সাত্যকি দুই জনেরই সেই রথ দুইখানা, সেই অশ্বগণ এবং সেই সারথি দুই জন স্বর্ণপুঙ্খ বাণে আবৃত হইয়া বিচিত্ররূপে প্রকাশ পাইতে থাকিল ॥২০॥

নরনাথ ! খোলসশূন্য সর্পের ন্যায় নির্ম্মল ও সরল নারাচসমূহের অতিদারুণ সংঘর্ষ হইতে লাগিল ॥২১॥

দ্রোণ ও সাত্যকি দুই জনেরই ছত্র ও ধ্বজ পতিত হইল এবং দুই জনেরই গাত্র রক্তে সিক্ত হইয়া গেল ; তথাপি তাঁহারা দুই জনই জয় করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥২২॥

দুইটা হাতীর গাত্র হইতে যেমন মদজল নির্গত হয়, সেইরূপ দুই জনের গাত্র হইতেই রক্ত নির্গত হইতে লাগিল। তথাপি তাঁহারা জীবননাশক বাণসমূহদ্বারা পরস্পর বিদ্ধ করিতে থাকিলেন ॥২৩॥

মহারাজ ! তৎকালে গর্জন ও আহ্বানের শব্দ এবং শঙ্খ ও দুন্দুভির ধ্বনি বিরত হইল ; আর কেহই কোন কথা কহিতে লাগিল না ॥২৪॥

(২৫)···দদর্শ দ্বৈরথম্···জাতকৌতূহলো জনঃ—বা নি,·· দদৃশে···কৌতূহলো জনঃ—পি।

রথিনো হস্তিযন্তারো হয়ারোহাঃ পদাতিনঃ।
অবৈক্ষন্তাচলৈর্নেত্রৈঃ পরিবার্য্য রথর্ষভৌ ॥২৬॥
হস্ত্যনীকান্যতিষ্ঠন্ত তথানীকানি বাজিনাম্।
তথৈব রথবাহিন্যঃ প্রতিব্যূহ্য ব্যবস্থিতাঃ ॥২৭॥
মুক্তাবিদ্রুমচিত্রৈশ্চ মণিকাঞ্চনভূষিতৈঃ।
ধ্বজৈরাভরণৈশ্চিত্রৈঃ কবচৈশ্চ হিরণ্ময়ৈঃ ॥২৮॥
বৈজয়ন্তীপতাকাভিঃ পরিস্তোমাঙ্গকম্বলৈঃ।
বিমলৈর্নিশিতৈঃ শস্ত্রৈর্হয়ানাঞ্চ প্রকীর্ণকৈঃ ॥২৯॥
জাতরূপময়ীভিশ্চ রাজতীভিশ্চ মূর্দ্ধসু।
গজানাং কুম্ভমালাভির্দন্তবেষ্টৈশ্চ ভারত! ॥৩০॥
সবলাকাঃ সখদ্যোতাঃ সৈরাবতশতহ্রদাঃ।
অদৃশ্যন্তোষ্ণপর্য্যায়ে মেঘানামিব বাগুরাঃ ॥৩১॥ (কলাপকম্)

## ভারতকৌমুদী

রথিন ইতি। হস্তিনাং যন্তারশ্চালকাঃ, হয়ারোহা অশ্বারোহিণঃ ॥২৬॥

হস্তীতি। অনীকানি সৈন্যানি। রথানাং বাহিন্যঃ সৈন্যানি ॥২৭॥

মুক্তেতি। হিরণ্ময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বৈজয়ন্ত্যো বিচিত্রাঃ পতাকাঃ, পতাকাশ্চ তদিতরাস্তাভিঃ, পরিস্তোমানি গজাদীনাং পৃষ্ঠাস্তরণানি অঙ্গকম্বলানি চ তৈঃ। প্রকীর্ণকৈশ্চামরৈঃ। জাতরূপময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ, রাজতীভিঃ রৌপ্যময়ীভিঃ। দন্তবেষ্টৈর্দন্তাবরণৈশ্চ হেতুভিঃ। বলাকয়া বকশ্রেণ্যা সহেতি সবলাকাঃ। মুক্তারজতাদীনাং সাদৃশ্যার্থমিদম্। খদ্যোতৈ-

## ভারতভাবদীপঃ

বাণ ইতি ॥১—৫॥ কার্মুকাকর্ষ এব বিক্ষেপ আসারপ্রধানঃ যত্র ॥৬—১৫॥ অন্তরমবচ্ছেদঃ ॥১৬—২৬॥ রথবাহিন্যো রথসেনাঃ ॥২৭—২৮॥ বৈজয়ন্তীবিলক্ষণাভিঃ পতাকাভিঃ

---

সমস্ত সৈন্যই নীরব হইল, যোদ্ধারা যুদ্ধ হইতে বিরত হইলেন এবং সমস্ত লোক কৌতূহলান্বিত হইয়া তাঁহাদের দ্বৈরথ যুদ্ধ দেখিতে লাগিল ॥২৫॥

রথীরা, হস্তিচালকেরা, অশ্বারোহীরা ও পদাতিরা সেই রথিশ্রেষ্ঠ দুই জনকে পরিবেষ্টন করিয়া নির্নিমেষ নয়নে তাঁহাদের যুদ্ধ দেখিতে থাকিলেন ॥২৬॥

হস্তিসৈন্য, অশ্বসৈন্য এবং রথিসৈন্যেরাও ব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিল ॥২৭॥

ভরতনন্দন! মুক্তা ও প্রবালে খচিত থাকায় বিচিত্র এবং মণি ও স্বর্ণে ভূষিত ধ্বজ, বিচিত্র অলঙ্কার, স্বর্ণময় কবচ, বিচিত্র পতাকা, সাধারণ পতাকা,

---

(২৬)··· হয়ারোহাঃ প্রধাবন্ত···বা নি।

অপশ্যংস্মদীয়াশ্চ তে চ যৌধিষ্ঠিরাঃ স্থিতাঃ।
তদ্যুদ্ধং যুযুধানস্য দ্রোণস্য চ মহাত্মনঃ ॥৩২॥
বিমানাগ্রগতা দেবা ব্রহ্মসোমপুরোগমাঃ।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদ্যাধরমহোরগাঃ ॥৩৩॥
গতপ্রত্যাগতাক্ষেপৈশ্চিত্রৈঃ শস্ত্রবিঘাতিভিঃ।
বিবিধৈর্বিস্ময়ং জগ্মুস্তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
হস্তলাঘবমস্ত্রেষু দর্শয়ন্তৌ মহাবলৌ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং শরৈস্তৌ দ্রোণসাত্যকী ॥৩৫॥
ততো দ্রোণস্য দাশার্হঃ শরাংশ্চিচ্ছেদ সংযুগে।
পত্রিভিঃ সুদৃঢ়ৈরাশু ধনুশ্চৈব মহাদ্যুতেঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

জ্যোতিরিঙ্গণৈঃ সহেতি সখদ্যোতাঃ। মণিকাঞ্চনাদীনাং সাম্যার্থমিদম্। ঐরাবতেন ইন্দ্রধনুষা শতহ্রদয়া বিদ্যুতা চ সহেতি সৈরাবতশতহ্রদাঃ। বিক্রমাদীনামৌপম্যার্থমেতৎ। অদৃশ্যন্ত সেনাঃ, উষ্ণপর্য্যায়ে গ্রীষ্মাবসানে, বাণুয়া জানামি ॥২৮—৩১॥

অপশ্যন্নিতি। অস্মদীয়াঃ সৈনিকাঃ। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩২॥

বিমানেতি। সোমশ্চন্দ্রঃ। আক্ষেপ আকর্ষণম্। বিবিধৈর্ব্যাপারৈঃ ॥৩৩—৩৪॥

হস্তেতি। অস্ত্রেষু অস্ত্রপ্রয়োগেষু, হস্তয়োর্লাঘবং ক্রুতত্বম্ ॥৩৫॥

---

হস্তী ও অশ্বপ্রভৃতির পৃষ্ঠের আস্তরণ ও গাত্রকম্বল, নির্ম্মল ও সুধার অস্ত্র, অশ্বের চামর এবং হস্তিমস্তকের স্বর্ণময় ও রৌপ্যময় কুম্ভমালা, আর দন্তের আবরণ থাকায় বর্ষাকালে বকশ্রেণী, খদ্যোতপঙ্‌ক্তি, ইন্দ্রধনু ও বিদ্যুৎসমন্বিত মেঘমালার ন্যায় সেই সেনাকে দেখা যাইতে লাগিল ॥২৮—৩১॥

আমাদের ও যুধিষ্ঠিরের সৈন্যেরা দাঁড়াইয়া দাঁড়াইয়া মহাত্মা দ্রোণ ও সাত্যকির সেই যুদ্ধ দেখিতে থাকিল ॥৩২॥

আর বিমানস্থিত ব্রহ্মা ও চন্দ্রপ্রভৃতি দেবতারা, সিদ্ধ ও চারণগণ এবং বিদ্যাধর ও নাগসমূহ সেই পুরুষশ্রেষ্ঠ দ্রোণ ও সাত্যকির বিচিত্র গমন, প্রত্যাগমন ও পরস্পর আকর্ষণ, আর অস্ত্রনিবারক নানাবিধ ব্যাপার দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৩৩—৩৪॥

সেই মহাবল দ্রোণ ও সাত্যকি অস্ত্রপ্রয়োগে হস্তলাঘব দেখাইতে থাকিয়া বাণদ্বারা পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

---

(৩৫)…অন্যোন্যমতিবিব্যেতাম্…বা নি।

নিমেষান্তরমাত্রেণ ভারদ্বাজোঽপরং ধনুঃ।
সজ্যং চকার তদপি চিচ্ছেদাস্য স সাত্যকিঃ ॥৩৭॥
ততস্ত্বরন্ পুনর্দ্রোণো ধনুর্হস্তো ব্যতিষ্ঠত।
সজ্যং সজ্যং ধনুশ্চাস্য চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ ॥৩৮॥
ততোঽস্য সংযুগে দ্রোণো দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্।
যুযুধানস্য রাজেন্দ্র! মনসৈতদচিন্তয়ৎ ॥৩৯॥
এতদস্ত্রবলং রামে কার্ত্তবীর্য্যে ধনঞ্জয়ে।
ভীষ্মে বা পুরুষব্যাঘ্রে যদিদং সাত্বতাং বরে।
তচ্চাস্য মনসা দ্রোণঃ পূজয়ামাস বিক্রমম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। দাশার্হো দাশার্হবংশীয়ঃ সাত্যকিঃ। পত্রিভির্বাণৈঃ ॥৩৬॥
নিমেষেতি। ভারদ্বাজো দ্রোণঃ। সজ্যম্ আরোপিতগুণকম্ ॥৩৭॥
তত ইতি। ত্বরন্ ত্বরমাণঃ। চিচ্ছেদ সাত্যকিরেব ॥৩৮॥
তত ইতি। সংযুগে যুদ্ধে। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩৯॥
এতদিতি। রামে জামদগ্ন্যে। সাত্বতাং বরে সাত্যকৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তদনন্তর সাত্যকি অতিদৃঢ় বাণসমূহদ্বারা সত্বর মহাতেজা দ্রোণের বাণ সকল ও ধনু ছেদন করিলেন ॥৩৬॥

পরে দ্রোণ নিমেষমধ্যে অন্য ধনু লইয়া তাহাতে গুণারোপণ করিলেন; সাত্যকি তাহাও ছেদন করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর দ্রোণ পুনরায় সত্বর অন্য ধনু গ্রহণ করিয়া দাঁড়াইলেন; কিন্তু সাত্যকি নিশিত শরসমূহদ্বারা তাহাও ছেদন করিলেন। এইভাবে দ্রোণ যত বার ধনু লইয়া গুণারোপণ করিলেন, ততবারই সাত্যকি তাহা ছেদন করিলেন ॥৩৮॥

রাজশ্রেষ্ঠ! তৎপরে দ্রোণ যুদ্ধে সাত্যকির সেই অলৌকিক কার্য্য দেখিয়া মনে মনে এইরূপ চিন্তা করিলেন ॥৩৯॥

'সাত্বতশ্রেষ্ঠ সাত্যকির এই যে অস্ত্রবল দেখিতেছি, ঈদৃশ অস্ত্রবল পরশুরাম, কার্ত্তবীর্য্যার্জ্জুন ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্মের ছিল এবং অর্জ্জুনের আছে'। পরে দ্রোণ মনে মনে সাত্যকির সেই বিক্রমের প্রশংসা করিলেন ॥৪০॥

(৩৮)···চিচ্ছেদ নব সপ্ত চ—বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ "এবমেকশতং ছিন্নং ধনুষাং দৃঢ়ধন্বিনা। ন চান্তরং তয়োর্দৃষ্টং সন্ধানে ছেদনেঽপি চ॥" অয়মধিকঃ শ্লোকঃ বা নি।

লাঘবং বাসবস্যেব সংপ্রেক্ষ্য দ্বিজসত্তমঃ।
তুতোষাস্ত্রবিদাং শ্রেষ্ঠস্তথা দেবাঃ সবাসবাঃ ॥৪১॥
ন তামালক্ষয়ামাসুর্লঘুতাং চিত্রযোধিনঃ।
দেবাশ্চ যুযুধানস্য গন্ধর্বাশ্চ বিশাংপতে!।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদুর্দ্রোণস্য কর্ম্ম তৎ ॥৪২॥
ততোঽন্যদ্ধনুরাদায় দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
অস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো যোধয়ামাস ভারত! ॥৪৩॥
তস্যাস্ত্রাণ্যস্ত্রমায়াভিঃ প্রতিহত্য স সাত্যকিঃ।
জঘান নিশিতৈর্বাণৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪৪॥
তস্যাতিমানুষং কর্ম্ম দৃষ্ট্বান্যৈরসমং রণে।
যুক্তং যোগেন যোগজ্ঞাস্তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৫॥

ভারতকৌমুদী

লাঘবমিতি। লাঘবং ক্রতাপ্রক্ষেপযোগ্যতাম্, বাসবস্য ইন্দ্রস্য ॥৪১॥
নেতি। আলক্ষয়ামাসুরন্যত্র দদৃশুঃ। তৎ তাদৃশম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪২॥
তত ইতি। যোধয়ামাস যুযুধে। স্বার্থে ইন্ ॥৪৩॥
তস্যেতি। অস্ত্রাণাং মায়াভিঃ কৌশলৈঃ। একদোত্তরকরণমেবাদ্ভুতম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

পরিস্তোমৈর্বর্ণকম্বলৈঃ অঙ্গকম্বলৈঃ সূক্ষ্মকম্বলৈঃ ॥২৯—৩০॥ ঐরাবতমিত্রঘ্নঃ ॥৩১॥
পর্য্যায়ে অপগমে ॥৩২-৩৩॥ প্রত্যাগতং নিবর্ত্তনম্, অক্ষেপঃ প্রহরণম্ ॥৩৪-৪১॥ আলক্ষয়ামাসু-

---

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ ও অস্ত্রজ্ঞ প্রধান দ্রোণ ইন্দ্রের ন্যায় সাত্যকির সেই লঘুহস্ততা দেখিয়া সন্তুষ্ট হইলেন এবং ইন্দ্রের সহিত দেবতারাও সন্তোষ প্রকাশ করিলেন ॥৪১॥

নরনাথ! ক্রমে দেবগণ, গন্ধর্ব্বগণ ও সিদ্ধচারণগণ বিচিত্রযোধী দ্রোণ ও সাত্যকি ভিন্ন অন্যত্র সেরূপ লঘুহস্ততা দেখেন নাই বলিয়া দ্রোণ এবং সাত্যকিরই সেইরূপ কার্য্য হইতে পারে এইরূপ মনে করিলেন ॥৪২॥

ভরতনন্দন! তাহার পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও ক্ষত্রিয়বিজয়ী দ্রোণ অন্য ধনু লইয়া নানাবিধ অস্ত্রদ্বারা যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

তখন সাত্যকি আপন অস্ত্রনৈপুণ্যে দ্রোণের অস্ত্র প্রতিহত করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে আঘাত করিতে থাকিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪৪॥

যদস্ত্রমস্যতি দ্রোণস্তদেবাস্যতি সাত্যকিঃ।
তস্মাচার্য্যোঽপ্যসংভ্রান্তোঽযোধয়চ্ছত্রুতাপনঃ ॥৪৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ধনুর্বেদস্য পারগঃ।
বধায় যুযুধানস্য দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ॥৪৭॥
তদাগ্নেয়ং মহাঘোরং রিপুঘ্নমুপলক্ষ্য সঃ।
দিব্যমস্ত্রং মহেষ্বাসো বারুণং সমুদৈরয়ৎ ॥৪৮॥
হাহাকারো মহানাসীদ্দৃষ্ট্বা দিব্যাস্ত্রধারিণৌ।
ন বিচেরুস্তদাকাশে ভূতান্যাকাশগান্যপি ॥৪৯॥
অস্ত্রে তে বারুণাগ্নেয়ে তাভ্যাং বাণাসনাহিতে।
ন তাবদভ্যপদ্যেতাং ব্যাবর্ত্তদথ ভাস্করঃ ॥৫০॥

লোহিতাক্ষৌ মহাবাহু সংযত্তৌ কৃষ্ণপাণ্ডবৌ।
সিন্ধুরাজমভিপ্রেক্ষ্য হৃষ্টৌ ব্যনদতাং মুহুঃ ॥৩২॥
শৌরেরভীষুহস্তস্য পার্থস্য চ ধনুষ্মতঃ।
তয়োরাসীৎ প্রভা রাজন্! সূর্য্যপাবকয়োরিব ॥৩৩॥
হর্ষশ্চৈব তয়োরাসীদ্দ্রোণানীকপ্রমুক্তয়োঃ।
সমীপে সৈন্ধবং দৃষ্ট্বা শ্যেনয়োরামিষং যথা ॥৩৪॥
তৌ তু সৈন্ধবমালোক্য বর্ত্তমানমিবান্তিকে।
সহসা পেততুঃ ক্রুদ্ধৌ ক্ষিপ্রং শ্যেনাবিবামিষম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

জয়দ্রথমিতি। রুরুং হরিণবিশেষম্, নিপানে জলাশয়সমীপে ॥৩০॥
যথেতি। অয়ং হর্ষপ্রসন্নঃ। ইতি তথা, জয়দ্রথং হতমেব মেনিরে ইতি সম্বন্ধঃ ॥৩১॥
লোহিতেতি। সংযত্তৌ জয়ায় যত্নবন্তৌ। ব্যনদতাং সিংহনাদমকুরুতাম্ ॥৩২॥
শৌরেরিতি। শৌরেঃ কৃষ্ণস্য, অভীষুহস্তস্য অশ্বমুখরজ্জুহস্তস্য ॥৩৩॥
হর্ষ ইতি। সৈন্ধবং জয়দ্রথম্। আমিষং মাংসম্ ॥৩৪॥
তাবিতি। পেততুঃ হন্তুমগ্রেসরৌ বভূবতুঃ ॥৩৫॥

তৎপরে হরিণকে লাভ করিবার ইচ্ছা করিয়া ব্যাঘ্র যেমন জলাশয়ের নিকটে অবস্থান করে, সেইরূপ অর্জ্জুন এবং কৃষ্ণও জয়দ্রথকে নিকটে দেখিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় অবস্থান করিতে লাগিলেন ॥৩০॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা সেই সময়ে এইরূপ মনে করিতে লাগিলেন যে, উঁহাদের মুখের বর্ণ যখন এইরূপ দেখা যাইতেছে, তখন জয়দ্রথ নিহতই হইয়াছেন ॥৩১॥

ক্রমে রক্তনয়ন, মহাবাহু এবং জয়ে যত্নবান্ কৃষ্ণ ও অর্জ্জুন জয়দ্রথকে দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে থাকিলেন ॥৩২॥

রাজা! তখন অগ্নি ও সূর্য্যের ন্যায় অশ্বরজ্জুধারী কৃষ্ণ ও গাণ্ডীবধারী অর্জ্জুনের গুরুতর তেজ প্রকাশ পাইতে লাগিল ॥৩৩॥

মাংস দেখিয়া শ্যেনপক্ষীর যেমন আনন্দ হয়, সেইরূপ জয়দ্রথকে নিকটে দেখিয়া দ্রোণসৈন্যমুক্ত কৃষ্ণ ও অর্জ্জুনের আনন্দ হইল ॥৩৪॥

শ্যেনপক্ষী যেমন মাংসের উপরে দ্রুত নিপতিত হয়, সেইরূপ জয়দ্রথকে

(৩২)...সংযত্তৌ কৃষ্ণপাণ্ডবৌ...বা নি।

তৌ তু দৃষ্ট্বা ব্যতিক্রান্তৌ হৃষীকেশধনঞ্জয়ৌ।
সিন্ধুরাজস্য রক্ষার্থং পরাক্রান্তঃ সুতস্তব ॥৩৬॥
দ্রোণেনাবদ্ধকবচো রাজা দুর্য্যোধনস্তদা।
যযাবেকরথেনাজৌ হয়সংস্কারবিৎ প্রভো ॥৩৭॥ ! (যুগ্মকম্)
কৃষ্ণপার্থৌ মহেষ্বাসৌ ব্যতিক্রম্যাথ তে সুতঃ।
অগ্রতঃ পুণ্ডরীকাক্ষং প্রতীয়ায় নরাধিপঃ ॥৩৮॥
ততঃ সর্ব্বেষু সৈন্যেষু বাদিত্রাণি প্রহৃষ্টবৎ।
প্রাবাদ্যন্ত ব্যতিক্রান্তে তব পুত্রে ধনঞ্জয়ম্ ॥৩৯॥
সিংহনাদরবাশ্চাসন্ শঙ্খশব্দবিমিশ্রিতাঃ।
দুর্য্যোধনং তত্র দৃষ্ট্বা কৃষ্ণয়োঃ প্রমুখে স্থিতম্ ॥৪০॥

---

ভারতকৌমুদী

তাবিতি। ব্যতিক্রান্তৌ দ্রোণসৈন্যমতিক্রম্য গতৌ। হয়সংস্কারবিৎ অশ্বচালনা-কৌশলাভিজ্ঞঃ। অস্মিন্ কালে দুর্য্যোধনো দ্রোণসমীপ আসীত্তো দ্রোণাতিক্রমে তদতি-ক্রমোঽপি জাত ইতি বোধ্যম্ ॥৩৬—৩৭॥

কৃষ্ণেতি। ব্যতিক্রম্য পার্শ্বেনাতীত্য। পুণ্ডরীকাক্ষং কৃষ্ণং প্রতি, ইয়ায় জগাম ॥৩৮॥

তত ইতি। ব্যতিক্রান্তে পার্শ্বেনাতিক্রম্য সম্মুখং গতে ॥৩৯॥

সিংহেতি। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ, প্রমুখে সম্মুখে ॥৪০॥

---

নিকটে দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া তাঁহার উপরে দ্রুত আপতিত হইলেন ॥৩৫॥

রাজা! সেই কৃষ্ণ ও অর্জ্জুন দ্রোণসৈন্য অতিক্রম করিয়া চলিয়া গেলেন দেখিয়া পরাক্রমশালী, অশ্বচালনাদিকৌশলবিৎ ও দ্রোণকর্ত্তৃক বদ্ধকবচ আপনার পুত্র রাজা দুর্য্যোধন তখন জয়দ্রথকে রক্ষা করিবার জন্য একরথেই যুদ্ধে প্রস্থান করিলেন ॥৩৬—৩৭॥

মহারাজ! ক্রমে আপনার পুত্র রাজা দুর্য্যোধন পার্শ্ব দিয়া মহাধনুর্দ্ধর কৃষ্ণ ও অর্জ্জুনকে অতিক্রম করিয়া একেবারে কৃষ্ণের সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৮॥

দুর্য্যোধন অর্জ্জুনকে অতিক্রম করিয়া গেলে, সমস্ত কৌরবসৈন্যমধ্যের বাদ্যকারেরা আনন্দিত হইয়াই যেন বাদ্য বাজাইতে লাগিল ॥৩৯॥

তখন দুর্য্যোধন যাইয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মুখে উপস্থিত হইয়াছেন দেখিয়া কৌরবসৈন্যমধ্যে শঙ্খধ্বনির সহিত সিংহনাদ হইতে থাকিল ॥৪০॥

---

(৩৭)···দুর্য্যোধনস্ততঃ···বা নি।

যে চ তে সিন্ধুরাজস্য গোপ্তারঃ পাবকোপমাঃ।
তেঽপ্যহৃষ্যন্ত সমরে দৃষ্ট্বা পুত্রং তব প্রভো ॥৪১॥

দৃষ্ট্বা দুর্য্যোধনং কৃষ্ণো ব্যতিক্রান্তং সহানুগম্।
অব্রবীদর্জ্জুনং রাজন্! প্রাপ্তকালমিদং বচঃ ॥৪২॥

শ্রীবাসুদেব উবাচ। *

সুযোধনমতিক্রান্তমেনং পশ্য ধনঞ্জয়!।
আপদ্গতমিমং মন্যে নাস্ত্যস্য সদৃশো রথঃ ॥৪৩॥

দূরপাতী মহেষ্বাসঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ।
দৃঢ়াস্ত্রশ্চিত্রযোধী চ ধার্ত্তরাষ্ট্রো মহাবলঃ ॥৪৪॥

অত্যন্তসুখসংবৃদ্ধো মানিতশ্চ মহারথঃ।
কৃতী চ সততং পার্থ! নিত্যং দ্বেষ্টি চ পাণ্ডবান্ ॥৪৫॥

ভারতকৌমুদী

য ইতি। তে কর্ণাদয়ঃ, গোপ্তারো রক্ষকাঃ। পুত্রং দুর্য্যোধনম্ ॥৪১॥
দৃষ্ট্বেতি। ব্যতিক্রান্তমাবামিতি শেষঃ। প্রাপ্তকালং কালোচিতম্ ॥৪২॥
সুযোধনমিতি। অতিক্রান্তম্ আবামতিক্রম্য গতম্। আপদ্গতম্, আবয়োর্বিষয়ত্বাৎ ॥৪৩॥
দূরেতি। দূরে পাতয়তি অস্ত্রাণি ক্ষিপতীতি সঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ ॥৪৪॥
অত্যন্তেতি। মানিতঃ সঞ্জাতাভিমানঃ। কৃতী সর্বকার্য্যেষু নিপুণঃ ॥৪৫॥

---

রাজা! অগ্নির তুল্য তেজস্বী সেই যাঁহারা জয়দ্রথের রক্ষক ছিলেন, তাঁহারাও যুদ্ধে আপনার পুত্রকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৪১॥

রাজা! কৃষ্ণ দুর্য্যোধনকে অনুচরবর্গের সহিত অতিক্রান্ত দেখিয়া অর্জ্জুনের নিকট এই কালোচিত বাক্য বলিলেন—॥৪২॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! দেখ—দুর্য্যোধন আমাদিগকে অতিক্রম করিয়া গিয়াছে। কিন্তু আমি ইহাকে বিপদাপন্ন বলিয়া মনে করি। সে যাহা হউক, ইহার তুল্য রথী নাই ॥৪৩॥

কারণ, দুর্য্যোধন দূরে অস্ত্রনিক্ষেপী, মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধে দুর্দ্ধর্ষ, দৃঢ়াস্ত্র, বিচিত্রযোধী ও মহাবল ॥৪৪॥

---

(৪১)…তে প্রাহৃষ্যন্ত সমরে…বা নি। (৪২) ইতঃ পরম্ '…একোনশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '…একাধিকশততমোঽধ্যায়ঃ' বা য়া নি। * বাসুদেব উবাচ—বা নি। (৪৩)…এতং পশ্য…বা নি, অত্যদ্ভুতমিমং মন্যে…বা। অত্র নো দৃষ্টবানহম্—নি, বিজয়ায়েতরায় বা—বা নি।

তেন যুদ্ধমহং মন্যে প্রাপ্তকালং তবানঘ!।
অত্র বো দ্যূতমায়ত্তং বিজয়স্যেতরস্য বা ॥৪৬॥
অত্র ক্রোধবিষং পার্থ! বিমুঞ্চ চিরসংভৃতম্।
এষ মূলমনর্থানাং পাণ্ডবানাং মহারথঃ ॥৪৭॥
সোঽয়ং প্রাপ্তস্তবাক্ষেপং পশ্য সাফল্যমাত্মনঃ।
কথং হি রাজা রাজ্যার্থী ত্বয়া গচ্ছেত সংযুগম্ ॥৪৮॥
দিষ্ট্যা ত্বিদানীং সংপ্রাপ্ত এষ তে বাণগোচরম্।
যথায়ং জীবিতং জহ্যাত্তথা কুরু ধনঞ্জয়!॥৪৯॥
ঐশ্বর্য্যমদসংমূঢ়ো নৈষ দুঃখমুপেযিবান্।
ন চ তে সংযুগে বীর্য্যং জানাতি পুরুষর্ষভ!॥৫০॥

---

ভারতকৌমুদী

তেনেতি। প্রাপ্তকালং কালোচিতম্। বো যুষ্মাকং তব দুর্য্যোধনস্য চেত্যর্থঃ, দ্যূতং যুদ্ধরূপম্ ॥৪৬॥

অত্রেতি। অত্র দুর্য্যোধনে। বিমুঞ্চ নিক্ষিপ ॥৪৭॥

স ইতি। আক্ষেপম্ অস্ত্রক্ষেপবিষয়তাম্। রাজা দুর্য্যোধনঃ ॥৪৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। জীবিতং জীবনম্, জহ্যাৎ ত্যজেৎ ॥৪৯॥

---

এবং অত্যন্তসুখলালিত, অভিমানী, মহারথ ও সর্ব্বদা কার্য্যনিপুণ। কিন্তু অর্জুন! এ সর্বদাই পাণ্ডবগণের উপরে বিদ্বেষ করে ॥৪৫॥

অতএব নিষ্পাপ অর্জ্জুন! আমি মনে করি—উহার সহিত যুদ্ধ করা তোমার উচিত। কারণ, জয় বা পরাজয়ের হেতু যুদ্ধরূপ দ্যূতক্রীড়া এখন তোমাদের দুই জনেরই অধীন ॥৪৬॥

সুতরাং পৃথানন্দন! তোমার চিরসঞ্চিত ক্রোধবিষ এখন উহার উপরে নিক্ষেপ কর। কারণ, এই মহারথ দুর্য্যোধনই পাণ্ডবগণের সমস্ত অনর্থের মূল ॥৪৭॥

এই সেই দুর্য্যোধন তোমার অস্ত্রক্ষেপের স্থানে উপস্থিত হইয়াছে। অতএব তুমি নিজের সফলতার বিষয় পর্য্যালোচনা কর। আমি চিন্তা করি—রাজ্যার্থী দুর্য্যোধন কি প্রকারে তোমার সহিত যুদ্ধে সম্মিলিত হইবে? ॥৪৮॥

অর্জ্জুন! আজ ভাগ্যবশতঃ এ তোমার বাণের বিষয়ে আসিয়াছে। অতএব এ যাহাতে জীবন ত্যাগ করে, তাহা কর ॥৪৯॥

---

(৪৭)···পাণ্ডবানাং মহাত্মনাম্—নি।

ত্বাং হি লোকাস্ত্রয়ঃ পার্থ ! সসুরাসুরমানুষাঃ ।
নোৎসহন্তে রণে জেতুং কিমুতৈকঃ সুযোধনঃ ॥৫১॥
স দিষ্ট্যা সমনুপ্রাপ্তস্তব পার্থ ! রথান্তিকম্ ।
জহ্যেনং বৈ মহাবাহো ! যথা বৃত্রং পুরন্দরঃ ॥৫২॥
এষ হ্যনর্থে সততং পরাক্রান্তস্তবানঘ ! ।
নিকৃত্যা ধর্ম্মরাজস্তু দ্যূতে বঞ্চিতবানয়ম্ ॥৫৩॥
বহূনি সুনৃশংসানি কৃতান্যেতেন মানদ ! ।
যুষ্মাসু পাপমতিনা হ্যপাপেষু চ নিত্যদা ॥৫৪॥
তমনার্য্যং সদা ক্ষুদ্রং পরুষং কামচারিণম্ ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা জহি পার্থাবিচারয়ন্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ঐশ্বর্য্যেতি। উপেযিবান্ সুখেন লালিতত্বাদনুভূতবান্। সংযুগে যুদ্ধে ॥৫০॥
ত্বামিতি। নোৎসহন্তে অদ্বিতীয়বীরত্বাৎ শক্তা বন্তি ॥৫১॥
স ইতি। দিষ্ট্যা ভাগ্যেন। জহি বিনাশয়। বৃত্রং বৃত্রাসুরম্ ॥৫২॥
এষ ইতি। সততং ব্যাপৃত ইতি শেষঃ। নিকৃত্যা শাঠ্যেন ॥৫৩॥
বহূনীতি। সুনৃশংসানি বিষদানাদীনি ॥৫৪॥
তমিতি। অনার্য্যম্ অসজ্জনম্, পরুষং নিষ্ঠুরম্। আর্য্যাং ছলশূন্যত্বাৎ সাধ্বীম্ ॥৫৫॥

পুরুষশ্রেষ্ঠ ! ঐশ্বর্য্যমদমূঢ় এই দুর্য্যোধন কখনও দুঃখভোগ করে নাই, কিংবা যুদ্ধে তোমার কতটুকু শক্তি আছে, তাহাও জানে না ॥৫০॥

পৃথানন্দন ! দেবতা, অসুর ও মানুষের সহিত ত্রিভুবনও যুদ্ধে তোমাকে জয় করিতে সমর্থ হয় না ; তাহাতে এক দুর্য্যোধন আর কি করিবে ॥৫১॥

পার্থ ! সেই দুর্য্যোধন আজ ভাগ্যক্রমে তোমার রথের নিকটে উপস্থিত হইয়াছে। অতএব মহাবাহু ! ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও সেইরূপ ইহাকে বধ কর ॥৫২॥

নিষ্পাপ অর্জুন ! পরাক্রমশালী এই দুর্য্যোধন সর্ব্বদাই তোমার অনর্থ-সম্পাদনে নিরত আছে এবং এ, দ্যূতক্রীড়ায় শঠতাপূর্ব্বক ধর্ম্মরাজকে বঞ্চিত করিয়াছিল ॥৫৩॥

মানী জনের মানকারক ! এই পাপমতি দুর্য্যোধন সর্ব্বদাই নিষ্পাপ তোমাদের উপরে বহুতর অতিনৃশংস ব্যবহার করিয়াছে ॥৫৪॥

(৫৪)···অপাপেষেব···বা,···অপাপেষপি ··নি। (৫৫)···সদা ক্রুদ্ধং পুরুষং কামরূপিণম্ ···বা নি।

নিকৃত্যা রাজ্যহরণং বনবাসঞ্চ পাণ্ডব।।
পরিক্লেশঞ্চ কৃষ্ণায়া হৃদি কৃত্বা পরাক্রম ॥৫৬॥
দিষ্ট্যৈষ তব বাণানাং গোচরে পরিবর্ত্ততে।
প্রতিঘাতায় কার্য্যস্য দিষ্ট্যায়ং পতিতোঽগ্রতঃ ॥৫৭॥
দিষ্ট্যা জানাতি সংগ্রামে যোদ্ধব্যং হি ত্বয়া সহ।
দিষ্ট্যাস্থ সফলাঃ পার্থ! সর্ব্বে কামা হ্যকামিতাঃ ॥৫৮॥
তস্মাজ্জহি রণে পার্থ! ধার্ত্তরাষ্ট্রং কুলাধমম্।
যথেন্দ্রেণ হতঃ পূর্ব্বং জম্ভো দেবাসুরে মৃধে ॥৫৯॥
অস্মিন্ হতে ত্বয়া সৈন্যমনাথং ভিদ্যতামিদম্।
বৈরস্যাস্যাস্ত্ববভৃথো মূলং ছিন্ধি দুরাত্মনাম্ ॥৬০॥

ভারতকৌমুদী

নিকৃত্যেতি। নিকৃত্যা শাঠ্যেন। পরিক্লেশং বস্ত্রহরণাদিনা, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৫৬॥
দিষ্ট্যেতি। গোচরে বিষয়ে। প্রতিঘাতায় বাধনায়, কার্য্যস্য জয়গ্রথবধস্য ॥৫৭॥
দিষ্ট্যেতি। কামা অভীষ্টবিষয়াঃ, অকামিতা ইতঃ পূর্ব্বমসম্ভাবিতাঃ ॥৫৮॥
তস্মাদিতি। জম্ভো নামাসুরঃ, মৃধে যুদ্ধে ॥৫৯॥
অস্মিন্নিতি। অবভৃথো যজ্ঞান্তস্নানং সমাপ্তিরিত্যর্থঃ, মূলং প্রধানম্ ॥৬০॥

---

অতএব পৃথানন্দন! কোন বিচার না করিয়া যুদ্ধবিষয়ে সৎ বুদ্ধি করিয়া সর্ব্বদা দুর্জ্জন, ক্ষুদ্রপ্রকৃতি, নিষ্ঠুরস্বভাব ও স্বেচ্ছাচারী সেই দুর্য্যোধনটাকে বধ কর ॥৫৫॥

পাণ্ডুনন্দন! শঠতাপূর্ব্বক রাজ্যহরণ, বনবাসে প্রেরণ এবং সর্বতোভাবে দ্রৌপদীর ক্লেশ উৎপাদন স্মরণ করিয়া পরাক্রম প্রকাশ কর ॥৫৬॥

অর্জ্জুন। ভাগ্যবশতই আজ দুর্য্যোধন তোমার বাণের পথে রহিয়াছে এবং ভাগ্যবশতই এ, কর্ত্তব্য কার্য্যের ব্যাঘাত করিবার জন্য সম্মুখে পড়িয়াছে ॥৫৭॥

ভাগ্যক্রমেই জানিয়াছে যে, রণস্থলে তোমার সহিত যুদ্ধ করিতে হইবে। আর ভাগ্যক্রমেই আজ পূর্ব্বে অসম্ভাবিত সমস্ত অভীষ্ট বিষয় সফল হইতে চলিয়াছে ॥৫৮॥

অতএব অর্জ্জুন! পূর্ব্বকালে ইন্দ্র যেমন দেবাসুরযুদ্ধে জম্ভাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও আজ সেইরূপ যুদ্ধে কুরুকুলাধম দুর্য্যোধনকে বধ কর ॥৫৯॥

---

(৬০)...বৈরস্য দিষ্ট্যা সহস্রং মূলম্...নি।

সঞ্জয় উবাচ।

তং তথেত্যব্রবীৎ পার্থঃ কৃত্যরূপমিদং মম।
সর্বমন্যদনাদৃত্য গচ্ছ যত্র সুযোধনঃ ॥৬১॥
যেনৈতদ্দীর্ঘকালং নো ভুক্তং রাজ্যমকণ্টকম্।
অপ্যস্য যুধি বিক্রম্য ছিন্দ্যাং মূর্দ্ধানমাহবে ॥৬২॥
অপি তস্যা হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য মাধব !।
কৃষ্ণায়াঃ শক্নুয়াং গন্তুং পদং কেশপ্রধর্ষণে ॥৬৩॥
ইত্যেবংবাদিনৌ কৃষ্ণৌ হৃষ্টৌ শ্বেতান্ হয়োত্তমান্।
প্রেষয়ামাসতুঃ সংখ্যে প্রেপ্সন্তৌ তং নরাধিপম্ ॥৬৪॥
তয়োঃ সমীপং সংপ্রাপ্য পুত্রস্তে ভরতর্ষভ !।
ন চকার ভয়ং প্রাপ্তে ভয়ে মহতি মারিষ ! ॥৬৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৃত্যরূপম্ অবশ্যকর্ত্তব্যম্। সর্বং কার্য্যম্, অনাদৃত্য পরিহায় ॥৬১॥
যেনেতি। নঃ অস্মাকম্। অপিশব্দঃ সম্ভাবনায়াম্। পরত্রাপ্যেবম্ ॥৬২॥
অপীতি। অনর্হায়াঃ তাদৃশক্লেশভোগাযোগ্যায়াঃ। পদং নিষ্ক্রয়স্থানম্ ॥৬৩॥
ইতীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। প্রেপ্সন্তৌ প্রাপ্তুমিচ্ছন্তৌ ॥৬৪॥
তয়োরিতি। পুত্রো দুর্য্যোধনঃ। হে মারিষ ! আর্য্য ! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৬৫॥

---

এ নিহত হইলে, রক্ষকশূন্য এই সৈন্যদিগকে ছিন্ন-ভিন্ন কর, এই শত্রুতার সমাপ্তি হইয়া যাউক, দুরাত্মাদের মূলচ্ছেদ কর' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'তখন অর্জ্জুন কৃষ্ণকে কহিলেন—'তাহাই হউক, ইহাই আমার অবশ্যকর্ত্তব্য। অতএব কৃষ্ণ ! অন্য কার্য্য পরিত্যাগ করিয়া—যেখানে দুর্য্যোধন রহিয়াছে, সেইখানে যাও ॥৬১॥

দীর্ঘকাল যাবৎ নিষ্কণ্টকভাবে যে আমাদের রাজ্য ভোগ করিয়াছে, যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া তাহারই মস্তকচ্ছেদন করিব ॥৬২॥

কৃষ্ণ ! তাদৃশ ক্লেশভোগের অযোগ্যা দ্রৌপদীর সেই সকল ক্লেশের ও কেশাকর্ষণের ক্লেশের পরিশোধ করিতে অবশ্যই সমর্থ হইব' ॥৬৩॥

কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ বলিতে থাকিয়া আনন্দিত হইয়া দুর্য্যোধনকে পাইবার ইচ্ছা করিয়া শ্বেতবর্ণ উত্তম অশ্বগুলিকে রণস্থলে চালাইয়া দিলেন ॥৬৪॥

---

(৬৩) অপি তস্য হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য...নি।

তদস্য ক্ষত্রিয়াস্তত্র সর্ব্ব এবাভ্যপূজয়ন্।
যদর্জ্জুনহৃষীকেশৌ প্রত্যুদ্‌যাতোঽবিচারয়ন্ ॥৬৬॥
ততঃ সর্ব্বস্য সৈন্যস্য তাবকস্য বিশাংপতে !।
মহানাদো হ্যভূত্তত্র দৃষ্ট্বা রাজানমাহবে ॥৬৭॥
তস্মিন্ জনসমুন্নাদে প্রবৃত্তে ভৈরবে সতি।
কদর্থীকৃত্য তে পুত্রঃ প্রত্যমিত্রমবারয়ৎ ॥৬৮॥
আবারিতস্তু কৌন্তেয়স্তব পুত্রেণ ধন্বিনা।
সংরম্ভমগমদ্ভূয়ঃ স চ তস্মিন্ পরন্তপঃ ॥৬৯॥
তৌ দৃষ্ট্বা প্রতিসংরব্ধৌ দুর্য্যোধনধনঞ্জয়ৌ।
অভ্যবৈক্ষন্ত রাজানো ভীমরূপৌ সমন্ততঃ ॥৭০॥

ভারতকৌমুদী

তদিতি। অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥৬৬॥
তত ইতি। মহানাদ আনন্দকোলাহলঃ ॥৬৭॥
তস্মিন্নিতি। কদর্থীকৃত্য পদ্মানমবজ্ঞধ্য। প্রত্যমিত্রং শত্রুমর্জ্জুনমভিমুখীকৃত্য ॥৬৮॥
আবারিত ইতি। সংরম্ভং ক্রোধম্। স তব পুত্রশ্চ, তস্মিন্ কৌন্তেয়ে ॥৬৯॥
তাবিতি। প্রতিসংরব্ধৌ পরস্পরং প্রতি ক্রুদ্ধৌ। সমন্ততঃ সর্বতঃ ॥৭০॥

ভরতশ্রেষ্ঠ মাননীয় রাজা! আপনার পুত্র কৃষ্ণ ও অর্জুনের নিকটে যাইয়া গুরুতর ভয় উপস্থিত হইলেও ভয় করিলেন না ॥৬৫॥

তিনি যে কোন বিবেচনা না করিয়া কৃষ্ণ ও অর্জুনের সম্মুখে গেলেন, সকল ক্ষত্রিয়ই তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিলেন ॥৬৬॥

নরনাথ! তাহার পর যুদ্ধে রাজাকে দেখিয়া আপনার পক্ষের সমস্ত সৈন্যের মধ্যেই বিশাল আনন্দকোলাহল হইতে লাগিল ॥৬৭॥

সেই ভয়ঙ্কর জনকোলাহল উপস্থিত হইলে, আপনার পুত্র পথরোধ করিয়া অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৬৮॥

আপনার ধনুর্দ্ধর পুত্র বারণ করিলে, অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইলেন এবং শত্রুসন্তাপী দুর্য্যোধনও তাঁহার প্রতি সেইরূপ ক্রুদ্ধ হইয়া পড়িলেন ॥৬৯॥

দুর্য্যোধন ও অর্জ্জুনকে পরস্পর ক্রুদ্ধ দেখিয়া রাজারা সকল দিক্ হইতেই সেই ভয়ঙ্করমূর্ত্তি দুই জনের প্রতি কেবল দৃষ্টিপাতই করিতে লাগিলেন ॥৭০॥

---

(৬৬) তদস্য ক্ষত্রিয়াঃ সর্ব্ব···নি,··· প্রত্যুদ্‌যাতৌ ভবারয়ৎ—বা নি। (৭০)···ভীমরূপাঃ সমন্ততঃ—বা নি।

দৃষ্ট্বা তু পার্থং সংরব্ধং বাসুদেবঞ্চ মারিষ !।
প্রহসন্নিব পুত্রস্তে যোদ্ধুকামঃ সমাহ্বয়ৎ ॥৭১॥
ততঃ প্রহৃষ্টৌ দাশার্হঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ।
ব্যক্রোশতাং মহানাদং দধ্মতুশ্চাম্বুজোত্তমৌ ॥৭২॥
তৌ হৃষ্টরূপৌ সংপ্রেক্ষ্য কৌরবেয়াশ্চ সর্ব্বশঃ।
নিরাশাঃ সমপদ্যন্ত পুত্রস্য তব জীবিতে ॥৭৩॥
শোকমীয়ুঃ পরঞ্চৈব কুরবঃ সর্ব্ব এব তে।
অমন্যন্ত চ পুত্রং তে বৈশ্বানরমুখে হুতম্ ॥৭৪॥
তথা তু দৃষ্ট্বা যোধাস্তে প্রহৃষ্টৌ কৃষ্ণপাণ্ডবৌ।
হতো রাজা হতো রাজেত্যূচু রাজন্! ভয়ার্দ্দিতাঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সংরব্ধং ক্রুদ্ধম্। সমাহ্বয়ৎ পার্থমেব ॥৭১॥

তত ইতি। দাশার্হঃ কৃষ্ণঃ। ব্যক্রোশতামুচ্চৈরাহ্বয়তাম্, মহান্ নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা, দধ্মতুর্বাদয়ামাসতুঃ, অম্বুজোত্তমৌ পাঞ্চজন্যদেবদত্তনামানৌ শঙ্খৌ ॥৭২॥

তাবিতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। সমপদ্যন্ত অজায়ন্ত ॥৭৩॥

শোকমিতি। ঈয়ুঃ প্রাপুঃ। বৈশ্বানরমুখে অগ্নিমধ্যে, হুতং নিক্ষিপ্তম্ ॥৭৪॥

তথেতি। প্রহর্ষদর্শনাদেবোৎসাহাতিরেকপ্রতীতের্হননসম্ভাবনেত্যাশয়ঃ ॥৭৫॥

মাননীয় রাজা! আপনার পুত্র (দুর্য্যোধন) অর্জ্জুন ও কৃষ্ণকে ক্রুদ্ধ দেখিয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া হাসিতে হাসিতেই যেন অর্জ্জুনকে আহ্বান করিলেন ॥৭১॥

তদনন্তর কৃষ্ণ এবং অর্জ্জুনও আনন্দিত হইয়া দুর্য্যোধনকে যুদ্ধে আহ্বান করিলেন এবং উত্তম শঙ্খ দুইটা বাজাইলেন, তাহাতে বিশাল ধ্বনি হইল ॥৭২॥

তখন কৌরবেরা সকলে কৃষ্ণ ও অর্জ্জুনকে আনন্দিত দেখিয়া আপনার পুত্রের জীবনের প্রতি নিরাশ হইয়া পড়িলেন ॥৭৩॥

ক্রমে সেই কৌরবেরা সকলেই অত্যন্ত শোকার্ত্ত হইলেন এবং আপনার পুত্রকে অগ্নিমধ্যে নিক্ষিপ্ত বলিয়া মনে করিলেন ॥৭৪॥

রাজা! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জ্জুনকে সেইরূপ প্রহৃষ্ট দেখিয়া ভয়ার্ত্ত হইয়া বলিয়া উঠিলেন যে, 'রাজা নিহত হইলেন, রাজা নিহত হইলেন' ॥৭৫॥

(৭৪) শোকমাপুঃ পরে চৈব…বা, শোকমীয়ুঃ পরে চৈব…বধ বৰ্দ্ধ, শোকমাপুঃ পরঞ্চৈব …নি। (৭৫)…উচিরে চ ভয়ার্দ্দিতাঃ—বা নি,…উচুরেবং ভয়ার্দ্দিতাঃ—পি।

জনস্ত সংনিনাদং তং শ্রুত্বা দুর্য্যোধনোঽব্রবীৎ।
ব্যেতু বো ভীরহং কৃষ্ণৌ প্রেষয়িষ্যামি মৃত্যবে ॥৭৬॥
ইত্যুক্ত্বা সৈনিকান্ সর্ব্বান্ জয়াপেক্ষী নরাধিপঃ।
পার্থমাভাষ্য সংরম্ভাদিদং বচনমব্রবীৎ ॥৭৭॥
পার্থ! যচ্ছিক্ষিতং তেঽস্ত্রং দিব্যং মানুষমেব চ।
তদ্দর্শয় ময়ি ক্ষিপ্রং যদি জাতোঽসি পাণ্ডুনা ॥৭৮॥
যদ্বলং তব বীর্য্যঞ্চ কেশবস্য তথৈব চ।
তৎ কুরুষ ময়ি ক্ষিপ্রং পশ্যামি তব পৌরুষম্ ॥৭৯॥
অস্মৎপরোক্ষং কর্ম্মাণি প্রবদন্তি কৃতানি তে।
স্বামিসৎকারযুক্তানি যানি তানীহ দর্শয় ॥৮০॥

ভারতকৌমুদী

জনস্তেতি। ব্যেতু অপগচ্ছতু, বো যুষ্মাকম্, ভীর্ভয়ম্, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৭৬॥
ইতীতি। জয়াপেক্ষী জয়াভিলাষী। আভাষ্য সম্বোধ্য, সংরম্ভাৎ ক্রোধাৎ ॥৭৭॥
পার্থেতি। তে ত্বয়া, দিবি স্বর্গে ভবমিতি দিব্যম্, মানুষাণামিদমিতি মানুষম্ ॥৭৮॥
যদিতি। যচ্চ তব বলম্, তথৈব কেশবস্য যদ্বীর্য্যঞ্চেতি সম্বন্ধঃ। কুরুষ প্রযোজয় ॥৭৯॥
অস্মদিতি। কর্ম্মাণি নিবাতকবচবধাদীনি। স্বামিনামিন্দ্রাদীনাং সংকারেণ যুক্তানি ॥৮০॥

ভারতভাবদীপঃ

তোতনার্থম্ ॥২৮—৩৭॥ অগ্রতঃ প্রমুখে ॥৩৮—৪২॥ নাস্তীতার্জ্জুনোত্তেজনম্ ॥৪৩—৪৭॥ আক্ষেপং শরগোচরম্ ॥৪৮—৬২॥ পদং প্রতিপদম্ ॥৬৩—৭৯॥ স্বামিসংকারো বীরপ্রধানো

তখন দুর্য্যোধন সেই জনকোলাহল শুনিয়া বলিলেন যে, আপনাদের ভয় দূরীভূত হউক, আমিই কৃষ্ণ ও অর্জ্জুনকে যমালয়ে প্রেরণ করিব' ॥৭৬॥

জয়াভিলাষী রাজা দুর্য্যোধন সমস্ত সৈন্যকে এইরূপ বলিয়া অর্জ্জুনকে সম্বোধন করিয়া ক্রোধবশতঃ এই কথা বলিলেন—॥৭৭॥

'অর্জ্জুন! তুমি যদি পাণ্ডুর পুত্র হইয়া থাক, তবে স্বর্গীয় বা মর্ত্ত্যলোকীয় যে সকল অস্ত্র শিক্ষা করিয়াছ, তাহা সত্বর আমার উপরে প্রদর্শন কর ॥৭৮॥

তোমার যে বল আছে এবং কৃষ্ণেরও যে শক্তি রহিয়াছে, তাহাও সত্বর আমার উপরে প্রয়োগ কর; তোমার পুরুষকার দেখ ॥৭৯॥

(৭৬)…সংনিনাদং তু…বা নি। (৭৮)…দিব্যং পার্থিবমেব চ…বা নি। (৭৯)…পশ্যামস্তব পৌরুষম্—বা নি। (৮০) শ্লোকাৎ পরম্ '…শততমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '…দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনং রাজা ত্রিভির্মর্ম্মাতিগৈঃ শরৈঃ।
প্রত্যবিধ্যন্মহাবেগৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮১॥
বাসুদেবঞ্চ দশভিঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
প্রতোদঞ্চাস্য ভল্লেন ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ ॥৮২॥
তং চতুর্দশভিঃ পার্থশ্চিত্রপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রস্তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৩॥
তেষাং বৈফল্যমালোক্য পুনর্নব চ পঞ্চ চ।
প্রাহিণোন্নিশিতান্ বাণাংস্তেঽপ্যভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজা দুর্য্যোধনঃ, মর্ম্ম হৃদয়ং ভিত্ত্বা অতিগচ্ছন্তীতি তৈঃ ॥৮১॥
বাস্বিতি। স্তনয়োরন্তরে বক্ষসি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্ ॥৮২॥
তমিতি। চতুর্দশভিঃ শরৈরিত্যনুবৃত্তিঃ। অস্য দুর্য্যোধনস্য ॥৮৩॥
তেষামিতি। প্রাহিণোৎ পার্থ এব প্রক্ষিপৎ ॥৮৪॥

লোকে আমাদের অসমক্ষে প্রভুর সংকারযুক্ত তোমার যে সকল কার্য্যের উল্লেখ করে, তুমি এখন সেই সকল কার্য্য দেখাও' ॥৮০॥

সঞ্জয় বলিলেন—'রাজা দুর্য্যোধন এইরূপ বলিয়া মহাবেগশালী ও মর্ম্ম-ভেদী তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৮১॥

আর দশটা বাণদ্বারা কৃষ্ণের বক্ষস্থলে তাড়নপূর্ব্বক একটা ভল্লদ্বারা কৃষ্ণের কশাটাকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৮২॥

তখন অর্জ্জুন আকুল না হইয়া বিচিত্রপুঙ্খ ও শিলাশাণিত চতুর্দ্দশ বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। কিন্তু সে বাণগুলি দুর্য্যোধনের বর্ম্মে লাগিয়া পড়িয়া গেল ॥৮৩॥

অর্জ্জুন সেই বাণগুলিকে নিষ্ফল দেখিয়া পুনরায় চৌদ্দটা সুধার বাণ নিক্ষেপ করিলেন; সেগুলিও দুর্য্যোধনের বর্ম্মে সংলগ্ন হইয়া পতিত হইল ॥৮৪॥

(৮১) অভ্যবিধ্যন্মহাবেগৈঃ···বা নি। (৮৩)···স্তে চাব্রজন্ত বর্ম্মণি—বা নি। (৮৪) ···স্তেঽভ্যভ্রশ্যন্ত বর্ম্মণঃ—বঙ্গ বং,···স্তে চাপ্রভ্রশ্যন্ত বর্ম্মণঃ—বা নি।

অষ্টাবিংশতু তান্ বাণানস্তান্ বিপ্রেক্ষ্য নিষ্ফলান্।
অব্রবীৎ পরবীরঘ্নঃ কৃষ্ণোঽর্জ্জুনমিদং বচঃ ॥৮৫॥
অদৃষ্টপূর্ব্বং পশ্যামি শিলানামিব সর্পণম্।
ত্বয়া সংপ্রেষিতাঃ পার্থ! নার্থং কুর্বন্তি পত্রিণঃ ॥৮৬॥
কচ্চিদ্গাণ্ডীবজঃ প্রাণস্তথৈব ভরতর্ষভ!।
মুষ্টিশ্চ তে যথা পূর্ব্বং ভুজয়োশ্চ বলং তব ॥৮৭॥
ন বা কচ্চিদয়ং কালঃ প্রাপ্তঃ স্যাদস্য পশ্চিমঃ।
তব চৈবাস্য শত্রোশ্চ তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥৮৮॥
বিস্ময়ো মে মহান্ পার্থ! তব দৃষ্ট্বা শরানিমান্।
ব্যর্থান্ নিপতিতান্ সংখ্যে দুর্য্যোধনরথং প্রতি ॥৮৯॥
বজ্রাশনিসমা ঘোরাঃ পরকায়াবদারণাঃ।
শরাঃ কুর্বন্তি তে নার্থং পার্থ! কাদ্য বিড়ম্বনা ॥৯০॥

ভারতকৌমুদী

অষ্টেতি। অস্তান্ অর্জ্জুনেন নিক্ষিপ্তান্। "অসু ক্ষেপণে" ইত্যস্য ক্তে প্রয়োগঃ ॥৮৫॥
অদৃষ্টেতি। সর্পণং জলোপরি প্লবনম্। অর্থং শত্রুদেহবিদারণরূপং প্রয়োজনম্ ॥৮৬॥
কচ্চিদিতি। প্রাণো বলম্, তথৈব পূর্ববদেবাস্তীতি শেষঃ ॥৮৭॥
নেতি। প্রাপ্ত উপস্থিতঃ, পশ্চিমঃ শেষঃ, পরস্পরদর্শনবিষয় ইত্যাশয়ঃ ॥৮৮॥
বিস্ময় ইতি। দুর্য্যোধনস্য রথং প্রতি রথসমীপে নিপতিতান্ ॥৮৯॥
বজ্রেতি। অশনির্বিদ্যুৎ, "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি হেমচন্দ্রঃ। অর্থং প্রয়োজনম্ ॥৯০॥

তখন বিপক্ষবীরহন্তা কৃষ্ণ অর্জ্জুননিক্ষিপ্ত সেই অষ্টাবিংশতি বাণকে নিষ্ফল দেখিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৮৫॥

'অর্জ্জুন! জলের উপরে পাথর ভাসার ন্যায় অদৃষ্টপূর্ব ব্যাপার দেখিতেছি! তোমার নিক্ষিপ্ত বাণগুলি কোন প্রয়োজন সাধন করিল না! ॥৮৬॥

ভরতশ্রেষ্ঠ! গাণ্ডীবের শক্তি সেইরূপই আছে ত? এবং তোমার মুষ্টি ও বাহুযুগলের বল পূর্ব্ববৎ রহিয়াছে ত? ॥৮৭॥

আমি জিজ্ঞাসা করিতেছি—আজ তোমার ও এই শত্রুর পরস্পর সন্দর্শন বিষয়ে এই শেষ কাল উপস্থিত হইল না কি? তাহা আমার নিকট বল ॥৮৮॥

পৃথানন্দন! তোমার এই বাণগুলিকে ব্যর্থ ও দুর্য্যোধনের রথের নিকটে নিপতিত দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছে ॥৮৯॥

(৮৭) কচ্চিদ্গাণ্ডীবজঃ প্রাণঃ...পি বা বঙ্গ বর্দ্ধ। (৮৮) ন বা কচ্চিদয়ং কালঃ...পি বঙ্গ বর্দ্ধ। (৯০)...পরকায়াবভেদিনঃ...বা নি।

অর্জ্জুন উবাচ।

দ্রোণেনৈষা মতিঃ কৃষ্ণ! ধার্ত্তরাষ্ট্রে নিবেশিতা।
অভেদ্যা হি মমাস্ত্রাণামেষা কবচধারণা ॥৯১॥
অস্মিন্নন্তর্হিতং কৃষ্ণ! ত্রৈলোক্যমপি বর্ম্মণি।
একো দ্রোণো হি বেদৈতদহং তস্মাচ্চ সত্তমাৎ ॥৯২॥
ন শক্যমেতৎ কবচং বাণৈর্ভেত্তুং কথঞ্চন।
অপি বজ্রেণ গোবিন্দ! স্বয়ং মঘবতা যুধি ॥৯৩॥
জানংস্ত্বমপি বৈ কৃষ্ণ! মাং বিমোহয়সে কথম্।
যদ্‌বৃত্তং ত্রিষু লোকেষু যচ্চ কেশব! বর্ত্ততে ॥৯৪॥
তথা ভবিষ্যদ্যচ্চৈব তৎ সর্ব্বং বিদিতং তব।
ন ত্বেবং বেদ বৈ কশ্চিদ্‌যথাহং মধুসূদন! ॥৯৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দ্রোণেনেতি। এষা এতৎকবচবন্ধনবিষয়া। কবচধারণা ধৃতং কবচমিত্যর্থঃ ॥৯১॥
অস্মিন্নিতি। অন্তর্হিতমিব ভবতি কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৯২॥
নেতি। কিং বহুনা মঘবতা ইন্দ্রেণ বজ্রেণাপি ভেত্তুং ন শক্যমিতি সম্বন্ধঃ ॥৯৩॥
জানন্নিতি। বিমোহয়সে প্রশ্নেন। বৃত্তং জাতম্। এবং তব মাহাত্ম্যম্ ॥৯৪—৯৫॥

অর্জ্জুন! বজ্র ও বিদ্যুতের তুল্য ভয়ঙ্কর এবং বিপক্ষশরীরবিদারক তোমার বাণ সকল কোন প্রয়োজন সাধন করিল না! আজ এ কি বিড়ম্বনা' ॥৯০॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! আমার ধারণা এই যে, দ্রোণ দুর্য্যোধনের গাত্রে এই কবচ বন্ধন করিয়া দিয়াছেন। যদি তাহাই হয়, তবে এই কবচ আমার অস্ত্রের অভেদ্য ॥৯১॥

কৃষ্ণ! সমগ্র ত্রিভুবনও যেন এই কবচের ভিতরে অন্তর্হিত হইয়া যায়। তা'র পর একমাত্র দ্রোণই এই কবচ জানেন, আমিও সেই বীরশ্রেষ্ঠের নিকট অবগত হইয়াছি ॥৯২॥

গোবিন্দ! বাণদ্বারা কোন প্রকারেই এই কবচ ভেদ করা যায় না, এমন কি স্বয়ং ইন্দ্র বজ্রদ্বারাও যুদ্ধে ইহা ভেদ করিতে পারেন না ॥৯৩॥

কৃষ্ণ! তুমি ইহা জানিয়াও আমাকে মোহিত করিতেছ কেন? কেশব! ত্রিভুবনে যাহা হইয়া গিয়াছে, যাহা হইতেছে এবং যাহা হইবে, সে সমস্তই ত তোমার জানা আছে। মধুসূদন! আমি যেমন তোমার এই মাহাত্ম্য জানি, তেমন আর কেহ জানে না ॥৯৪—৯৫॥

(৯৪)...যথা বং মধুসূদন!—বা নি।

এষ দুর্য্যোধনঃ কৃষ্ণ! দ্রোণেন বিহিতামিমাম্।
তিষ্ঠত্যভীতবৎ সংখ্যে বিভ্রৎ কবচধারণাম্ ॥৯৬॥
যত্ত্বত্র বিহিতং কার্য্যং নৈষ তদ্বেত্তি মাধব!।
স্ত্রীবদেষ বিভর্ত্ত্যেতাং যুক্তাং কবচধারণাম্ ॥৯৭॥
পশ্য বাহ্বোশ্চ মে বীর্য্যং ধনুষশ্চ জনার্দন!।
পরাজয়িষ্যে কৌরব্যং কবচেনাপি রক্ষিতম্ ॥৯৮॥
ইদমঙ্গিরসে প্রাদাদ্দেবেশো বর্ম্ম ভাস্বরম্।
তস্মাদ্বৃহস্পতিঃ প্রাপ ততঃ প্রাপ পুরন্দরঃ।
পুনর্দদৌ সুরপতির্মহ্যং বর্ম্ম সসংগ্রহম্ ॥৯৯॥
দৈবং যদ্যস্য বর্ম্মৈতদ্ব্রহ্মণা বা স্বয়ং কৃতম্।
নৈনং গোপ্স্যতি দুর্বুদ্ধিমদ্য বাণহতং ময়া ॥১০০॥

ভারতকৌমুদী

এষ ইতি। বিভ্রৎ ধারয়ন্, কবচস্য ধারণাং বন্ধম্ ॥৯৬॥
যদিতি। এষ দুর্য্যোধনঃ। যুক্তাং দ্রোণেন প্রযুক্তাম্ ॥৯৭॥
পশ্যেতি। পরাজয়িষ্যে পরাজেষ্যে, কৌরব্যং দুর্য্যোধনম্ ॥৯৮॥
আত্মনোঽপি তৎকবচাগমমাহ ইদমিতি। দেবেশো ব্রহ্মা, ভাস্বরমুজ্জ্বলম্। সংগৃহ্যন্তে ধ্রিয়ন্তে অনেনেতি সংগ্রহো মন্ত্রস্তেন সহেতি তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৯॥
দৈবমিতি। দৈবং দ্রোণদ্বারা দৈবাদুপস্থিতম্, অস্য দুর্য্যোধনস্য। বাশব্দ এবার্থে, "বা

ভারতভাবদীপঃ

যমিতি যদৈত্যৈঃ সংকরণং যেন যুক্তানি যোগ্যতাং গতানি ॥৮০॥ এবমীদৃশপ্রভাবম্ ॥৮১—৯৬॥ যুক্তাম্ অন্যপ্রযুক্তাম্ ॥৯৭—৯৮॥ সসংগ্রহং সোপদেশম্ ॥৯৯॥ দৈবং দেবৈঃ

কৃষ্ণ! এই দুর্য্যোধন দ্রোণকৃত এই কবচবন্ধন ধারণকরতঃ যুদ্ধে নির্ভয়ের ন্যায় অবস্থান করিতেছে ॥৯৬॥

কিন্তু মাধব! এ অবস্থায় যে কার্য্য বিহিত আছে, তাহা এ জানে না। কেবল স্ত্রীলোকের ন্যায় অন্যবদ্ধ কবচ ধারণ করিতেছে ॥৯৭॥

জনার্দ্দন! তুমি আমার বাহুযুগলের ও ধনুর বল দেখ। দুর্য্যোধন কবচদ্বারা রক্ষিত হইলেও আমি উহাকে পরাজয় করিব ॥৯৮॥

প্রথমে ব্রহ্মা এই উজ্জ্বল কবচ অঙ্গিরাকে দান করেন, তাঁহার নিকট হইতে বৃহস্পতি প্রাপ্ত হন, তাঁহার নিকট হইতে ইন্দ্র লাভ করেন, ইন্দ্র আবার মন্ত্রের সহিত এই কবচ আমাকে দান করেন ॥৯৯॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনো বাণানভিমন্ত্র্য ব্যকর্ষয়ৎ।
মানবাস্ত্রেণ মানার্হস্তীক্ষ্ণাবরণভেদিনা ॥১০১॥
বিকৃষ্যমাণাংস্তেনৈব ধনুর্মধ্যগতান্ শরান্।
তানস্যাস্ত্রেণ চিচ্ছেদ দ্রৌণিঃ সর্বাস্ত্রঘাতিনা ॥১০২॥
তান্ নিকৃত্তানিষূন্ দৃষ্ট্বা দূরতো ব্রহ্মবাদিনা।
ন্যবেদয়ৎ কেশবায় বিস্মিতঃ শ্বেতবাহনঃ ॥১০৩॥
নৈতদস্ত্রং ময়া শক্যং দ্বিঃ প্রয়োক্তুং জনার্দ্দন!।
অস্ত্রং মামেব হন্যাদ্ধি হন্যাচ্চৈব বলং মম ॥১০৪॥

ভারতকৌমুদী

স্যাদ্বিকল্পোপময়োরেবার্থে চ সমুচ্চয়ে” ইতি বিশ্বঃ। স্বয়ং ব্রহ্মণৈব কৃতম্ আবিষ্কৃতম্। গোপ্যাতি রক্ষিষ্যতি ॥১০০॥

এবমিতি। মানবাস্ত্রেণ মানবাস্ত্রমন্ত্রেণ। তীক্ষ্ণশ্চাসৌ আবরণভেদী চেতি তেন ॥১০১॥

বিকৃষ্যেতি। অস্য অর্জ্জুনস্য, দ্রৌণিরশ্বত্থামা ॥১০২॥

তানিতি। নিকৃত্তান্ ছিন্নান্। ব্রহ্মবাদিনা বেদবাদিনা ব্রাহ্মণেনাশ্বত্থাম্না ॥১০৩॥

নেতি। প্রয়োক্তুং নিক্ষেপ্তুম্। অস্ত্রং কর্ত্তৃ। হি যস্মাৎ ॥১০৪॥

ব্রহ্মার আবিষ্কৃত এই কবচ যদিও উঁহার নিকট দৈববশতঃ উপস্থিত হইয়া থাকে, তথাপি আজ আমি বাণদ্বারা নিহত করিলে, এই কবচ এ দুর্বুদ্ধিকে রক্ষা করিতে পারিবে না' ॥১০০॥

সঞ্জয় বলিলেন—'সম্মানযোগ্য অর্জ্জুন এইরূপ বলিয়া তীক্ষ্ণ ও আবরণভেদী মানবাস্ত্রের মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া কতকগুলি বাণ আকর্ষণ করিলেন ॥১০১॥

অর্জ্জুন তূণ হইতে কতকগুলি বাণ আকর্ষণপূর্ব্বক আনিয়া গাণ্ডীবধনুর মধ্যস্থানে রাখিলে, অশ্বত্থামা সর্বাস্ত্রনাশক এক অস্ত্রদ্বারা সেই বাণগুলিকে ছেদন করিলেন ॥১০২॥

অশ্বত্থামা দূর হইতে সেই বাণগুলিকে ছেদন করিয়াছেন দেখিয়া অর্জ্জুন বিস্মিত হইয়া কৃষ্ণকে জানাইলেন—॥১০৩॥

'কৃষ্ণ! আমি এই অস্ত্র দুই বার নিক্ষেপ করিতে পারি না। কারণ, তাহা হইলে এ অস্ত্র আমাকেই বধ করিবে এবং আমার সৈন্যদিগকেও সংহার করিবে' ॥১০৪॥

(১০১) দ্বিতীয়ার্দ্ধং পি বা বঙ্গ বর্দ্ধ নাস্তি। (১০৪) হন্যাচ্চাপি…বা নি।

ততো দুর্য্যোধনঃ কৃষ্ণৌ নবভির্নতপর্ব্বভিঃ।
অবিধ্যত রণে রাজন্! শরৈরাশীবিষোপমৈঃ ॥১০৫॥
ভূয় এবাভ্যবর্ষচ্চ সমরে কৃষ্ণপাণ্ডবৌ।
শরবর্ষেণ মহতা ততোঽহৃষ্যন্ত তাবকাঃ।
চক্রুর্বাদিত্রনিনদান্ সিংহনাদরবাংস্তথা ॥১০৬॥
ততঃ ক্রুদ্ধো রণে পার্থঃ সৃক্বণী পরিলেলিহন্।
নাপশ্যত তদস্যাঙ্গং যন্ন স্যাদ্বর্ম্মরক্ষিতম্ ॥১০৭॥
ততোঽস্য নিশিতৈর্বাণৈঃ সুমুক্তৈরন্তকোপমৈঃ।
হয়াংশ্চকার নির্দ্দেহানুভৌ চ পার্ষ্ণিসারথী ॥১০৮॥
ধনুরস্যাচ্ছিনচ্চিত্রং হস্তাবাপঞ্চ বীর্য্যবান্।
রথঞ্চ শকলীকর্ত্তুং সব্যসাচী প্রচক্রমে ॥১০৯॥

---

ভারতকৌমুদী

তত ইতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, নতপর্বভিরাশীবিষকোপাদ্যৈঃ ॥১০৫॥

ভূয় ইতি। অভ্যবর্ষৎ দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৬॥

তত ইতি। সৃক্বণী ওষ্ঠপ্রান্তৌ, পরিলেলিহন্ বারং বারং রসনয়া স্পৃশন্ ॥১০৭॥

তত ইতি। সুমুক্তৈঃ সুষ্ঠু নিক্ষিপ্তৈঃ। নির্দ্দেহান্ ছিন্নগাত্রান্, পার্ষ্ণিসারথী পৃষ্ঠ-স্থতৌ ॥১০৮॥

---

রাজা! তাহার পর দুর্য্যোধন যুদ্ধে নতপর্ব ও সর্পতুল্য নয়টা বাণদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥১০৫॥

পুনরায় তিনি কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন। তাহাতে আপনার পক্ষের যোদ্ধারা আনন্দিত হইলেন এবং বাদ্যধ্বনি ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১০৬॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া—দুর্য্যোধনের যে অঙ্গ বর্ম্মাবৃত ছিল না, সে অঙ্গ দেখিতেই পাইলেন না ॥১০৭॥

তৎপরে অর্জ্জুন যমতুল্য সুধার বাণসমূহদ্বারা দুর্য্যোধনের অশ্বচতুষ্টয় ও পৃষ্ঠসারথিদ্বয়ের শরীর ছিন্ন-ভিন্ন করিলেন ॥১০৮॥

পরে বলবান্ অর্জ্জুন দুর্য্যোধনের বিচিত্র ধনু ও হস্তাবরণ ছেদন করিয়া ফেলিলেন এবং রথখানাকে খণ্ড খণ্ড করিবার উপক্রম করিলেন ॥১০৯॥

---

(১০৫)…নবভির্নবভিঃ শরৈঃ…বা নি। (১০৭)…সৃক্কিণী পরিসংলিহন্…বা নি।
(১০৯)…অচ্ছিনত্ত্বং…বা নি।

দুর্য্যোধনঞ্চ বাণাভ্যাং তীক্ষ্ণাভ্যাং বিরথীকৃতম্ ।
অবিধ্যদ্ধস্ততলয়োরুভয়োরর্জ্জুনস্তদা ॥১১০॥
তং কৃচ্ছ্রামাপদং প্রাপ্তং দৃষ্ট্বা পরমধন্বিনঃ ।
সমাপেতুঃ পরীপ্সন্তো ধনঞ্জয়শরার্দ্দিতম্ ॥১১১॥
তে রথৈর্ব্বহুসাহস্রৈঃ কল্পিতৈঃ কুঞ্জরৈর্হয়ৈঃ ।
পদাত্যোঘৈশ্চ সংরব্ধৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥১১২॥
অথ নার্জ্জুনগোবিন্দৌ রথো বাপি ব্যদৃশ্যত ।
অস্ত্রবর্ষেণ মহতা জনৌঘৈশ্চাপি সংবৃতৌ ॥১১৩॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবর্ষেণ নিজঘ্নে তাং বরূথিনীম্ ।
তত্র ব্যঙ্গীকৃতাঃ পেতুঃ শতশোঽথ রথদ্বিপাঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

ধনুরিতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্। শকলীকর্ত্তুং খণ্ডখণ্ডীকর্ত্তুম্ ॥১০৯॥
দুর্য্যোধনমিতি। হস্ততলয়োঃ, তয়োর্বর্ম্মানাবরণাদিত্যাশয়ঃ ॥১১০॥
তমিতি। কৃচ্ছ্রাং কষ্টকরীম্। পরমধন্বিনঃ কর্ণাদয়ঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥১১১॥
ত ইতি। কল্পিতৈঃ সজ্জিতৈঃ। সংরব্ধৈঃ সোৎসাহৈঃ ॥১১২॥
অথেতি। রথঃ অর্জ্জুনস্যৈব। সংবৃতৌ পরিবেষ্টিতৌ ॥১১৩॥
তত ইতি। বরূথিনীং কৌরবসেনাম্। ব্যঙ্গীকৃতাশ্ছেদনেন ॥১১৪॥

আর অর্জ্জুন তখন দুইটা তীক্ষ্ণ বাণদ্বারা রথবিহীন দুর্য্যোধনের দুই হস্তের তলদেশ বিদ্ধ করিলেন ॥১১০॥

সেই সময়ে দুর্য্যোধনকে কষ্টকর বিপদে পতিত এবং অর্জ্জুনের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য মহাধনুর্দ্ধরেরা আসিয়া পড়িলেন ॥১১১॥

তাঁহারা বহুসহস্র রথ, সুসজ্জিত হস্তী ও অশ্ব এবং পদাতিসমূহদ্বারা অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥১১২॥

তদনন্তর বিশাল অস্ত্রবর্ষণে এবং লোকসমূহের পরিবেষ্টনে কৃষ্ণ, অর্জ্জুন ও তাঁহাদের রথখানাকে আর দেখা গেল না ॥১১৩॥

তৎপরে অর্জ্জুন অস্ত্রবর্ষণ করিয়া সেই কৌরবসেনা সংহার করিতে লাগিলেন। তখন শত শত রথ ও হস্তী অঙ্গবিহীন হইয়া পতিত হইতে থাকিল ॥১১৪॥

(১১১)···পরমধন্বিনম্···পি বঙ্গ বর্দ্ধ। (১১২) তং রথৈঃ···বা নি। (১১৩)···ন রথো বা ব্যদৃশ্যত · বা নি,···শরৌঘৈশ্চাপি সংবৃতৌ—নি।

তে হতা হন্যমানাশ্চ ন্যগৃহ্লংস্তং রথোত্তমম্।
স রথঃ স্তম্ভিতস্তস্থৌ ক্রোশমাত্রে সমন্ততঃ ॥১১৫॥
ততোঽর্জ্জুনং বৃষ্ণিবীরস্ত্বরিতো বাক্যমব্রবীৎ।
ধনুর্বিস্ফারয়াত্যর্থমহং ধ্মাস্যামি চাম্বুজম্ ॥১১৬॥
ততো বিস্ফার্য্য বলবদ্গাণ্ডীবং জঘ্নিবান্ রিপূন্।
মহতা শরবর্ষেণ তলশব্দেন চার্জ্জুনঃ ॥১১৭॥
পাঞ্চজন্যঞ্চ বলবান্ দধ্মৌ তারেণ কেশবঃ।
রজসা ধ্বস্তপক্ষ্মাক্ষঃ প্রস্বিন্নবদনো ভৃশম্ ॥১১৮॥
তস্য শঙ্খস্য নাদেন ধনুষো নিস্বনেন চ।
নিঃসত্ত্বাশ্চ সসত্ত্বাশ্চ ক্ষিতৌ পেতুস্তদা জনাঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

ত ইতি। ন্যগৃহ্লন্ অবারুন্ধন্। ক্রোশমাত্রে জয়দ্রথাদিত্যর্থঃ ॥১১৫॥

তত ইতি। বৃষ্ণিবীরঃ কৃষ্ণঃ। ধ্মাস্যামি বাদয়িষ্যামি, অম্বুজং শঙ্খম্ ॥১১৬॥

তত ইতি। বলবৎ দৃঢ়ম্। তলশব্দেন হস্তাবাপশব্দেন ॥১১৭॥

পাঞ্চেতি। রজসা ধূল্যা, ধ্বস্তানি আবৃতানি পক্ষ্মাক্ষীণি নয়নলোমনয়নানি যস্য সঃ, ভৃশং প্রস্বিন্নবদনো ঘর্ম্মাক্তমুখশ্চ, বলবান্ কেশবঃ, তারেণ উচ্চস্বরেণ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, দধ্মৌ বাদয়ামাস চ ॥১১৮॥

ভারতভাবদীপঃ

কৃতম্ ॥১০০—১০৭॥ নির্দেহান্ নিকৃত্তাবয়বান্ ॥১০৮—১১৪॥ ক্রোশমাত্রে সৈন্ধবতোঽর্থাৎ ॥১১৫—১২৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

হত ও হন্যমান সেই সৈন্যেরা অর্জ্জুনের সেই উত্তম রথখানাকে অবরুদ্ধ করিল। তখন জয়দ্রথ হইতে একক্রোশ দূরে সেই রথখানা স্তম্ভিত হইয়া রহিল ॥১১৫॥

তাহার পর কৃষ্ণ সত্বর অর্জ্জুনকে এই কথা বলিলেন—'অর্জ্জুন! তুমি তোমার ধনুখানাকে অত্যন্ত বিস্ফারিত করিতে থাক; আমি শঙ্খধ্বনি করিব' ॥১১৬॥

পরে অর্জ্জুন সুদৃঢ় গাণ্ডীবধনু বিস্ফারিত করিয়া বিশাল বাণবর্ষণ ও তলশব্দদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন ॥১১৭॥

তৎকালে কৃষ্ণের নয়নলোম ও নয়ন ধূলিজালে আবৃত হইয়া গিয়াছিল এবং তাঁহার মুখমণ্ডল অত্যন্ত ঘর্ম্মাক্ত হইয়াছিল; সেই অবস্থায় তিনি উচ্চস্বরে শঙ্খধ্বনি করিলেন ॥১১৮॥

তৈর্বিমুক্তো রথো রেজে বাযুরিত ইবাম্বুদঃ।
জয়দ্রথস্য গোপ্তারস্ততঃ ক্রুদ্ধাঃ সহানুগাঃ ॥১২০॥
তে দৃষ্ট্বা সহসা পার্থং গোপ্তারঃ সৈন্ধবস্য তু।
চক্রুর্নাদান্ মহেষ্বাসাঃ কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥১২১॥
বাণশব্দরবাংশ্চোগ্রান্ বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ।
প্রাদুশ্চক্রুর্মহাত্মানঃ সিংহনাদরবানপি ॥১২২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তাবকানাং সমুত্থিতম্।
প্রদধ্মতুস্তদা শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥১২৩॥
তেন শব্দেন মহতা পূরিতেয়ং বসুন্ধরা।
সশৈলা সার্ণবদ্বীপা সপাতালা বিশাংপতে! ॥১২৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। নিঃসত্ত্বা দুর্ব্বলাঃ, সসত্ত্বাঃ সবলাশ্চ ॥১১৯॥
তৈরিতি। বায়ুনা ঈরিতশ্চালিতঃ। গোপ্তারো রক্ষকাঃ কর্ণাদয়ঃ, ক্রুদ্ধা অভবন্ ॥১২০॥
ত ইতি। নাদান্ সিংহনাদান্, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১২১॥
বাণেতি। মহাত্মানো সৈন্ধবস্য গোপ্তারঃ ॥১২২॥
তমিতি। তাবকানাং তব সৈন্যানাম্। প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ ॥১২৩॥
তেনেতি। অত্র বসুন্ধরাপূরণাসম্বন্ধেঽপি তৎসম্বন্ধোক্তেরতিশয়োক্তিরলঙ্কারঃ ॥১২৪॥

তখন তাঁহার শঙ্খধ্বনিতে এবং অর্জ্জুনের ধনুর শব্দে সবল ও দুর্ব্বল লোকেরা ভূতলে পতিত হইল ॥১১৯॥

তাহারা রথের পথ ছাড়িয়া দিলে, বায়ুচালিত মেঘের ন্যায় সেই রথখানা শোভা পাইতে লাগিল। তৎপরে অনুচরগণের সহিত জয়দ্রথের রক্ষকেরা ক্রুদ্ধ হইলেন ॥১২০॥

জয়দ্রথের রক্ষক সেই মহাধনুর্দ্ধরেরা সহসা অর্জ্জুনকে দেখিয়া পৃথিবী কাঁপাইয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২১॥

আর সেই মহাত্মারা শঙ্খধ্বনিমিশ্রিত ভীষণ বাণশব্দ ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১২২॥

তখন আপনার সৈন্যমধ্যে উত্থিত সেই ভয়ঙ্কর নাদ শুনিয়া কৃষ্ণ এবং অর্জ্জুনও আপন আপন শঙ্খধ্বনি করিলেন ॥১২৩॥

নরনাথ! সেই বিশাল শব্দ পর্ব্বত, সমুদ্র, দ্বীপ ও পাতালের সহিত এই পৃথিবীটাকে পূর্ণ করিল ॥১২৪॥

(১২২) বাণশব্দরবান্…বা নি বঙ্গ বর্দ্ধ। (১২৩)…প্রদধ্মতুঃ শঙ্খবরৌ…বা নি।

স শব্দো ভরতশ্রেষ্ঠ ! ব্যাপ্য সর্ব্বা দিশো দশ।
প্রতিসস্বান তত্রৈব কুরুপাণ্ডবয়োর্ব্বলে ॥১২৫॥
তাবকা রথিনস্তত্র দৃষ্ট্বা কৃষ্ণধনঞ্জয়ৌ।
সংভ্রমং পরমং প্রাপ্তাস্ত্বরমাণা মহারথাঃ ॥১২৬॥
অথ কৃষ্ণৌ মহাভাগৌ তাবকাঃ প্রেক্ষ্য দংশিতৌ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধৌ তদদ্ভুতমিবাভবৎ ॥১২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্য্যোধনপরাজয়ে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ০•০ ——

ভারতকৌমুদী

স ইতি। প্রতিসস্বান প্রতিধ্বনিং চকার। বলে সৈন্যে ॥১২৫॥

তাবকা ইতি। সম্ভ্রমং ব্যস্ততাম্ ॥১২৬॥

অথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। দংশিতৌ সন্নদ্ধৌ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জগত্যদ্বিতীয়বীরয়োঃ কৃষ্ণয়োরভিধাবনমেবাদ্ভুতমিত্যাশয়ঃ ॥১২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং ভরতশ্রেষ্ঠ ! সেই শব্দ সমগ্র দশ দিক্ ব্যাপ্ত করিয়া সেই কুরুপাণ্ডব-সৈন্যমধ্যেই প্রতিধ্বনি উৎপাদন করিল ॥১২৫॥

মহারাজ ! তখন আপনার পক্ষের রথী ও মহারথেরা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া গুরুতর ব্যস্ততা প্রাপ্ত হইলেন ॥১২৬॥

তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্তক্রুদ্ধ মহাভাগ কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল' ॥১২৭॥

-০::০-

(১২৭)···তাবকা বীক্ষ্য···সংক্রুদ্ধাঃ···বা নি। * '···একাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

# ঊননবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাবকা হি সমীক্ষ্যৈব বৃষ্ণিসিংহকুরূত্তমৌ।
প্রাগত্বরন্ জিঘাংসন্তস্তথৈব বিজয়ঃ পরান্ ॥১॥
সুবর্ণচিত্রৈর্বৈয়াঘ্রৈঃ স্বনবদ্ভির্মহারথৈঃ।
দীপয়ন্তো দিশঃ সর্ব্বা জ্বলদ্ভিরিব পাবকৈঃ ॥২॥
রুক্মপৃষ্ঠৈশ্চ দুষ্প্রেক্ষ্যৈঃ কার্ম্মুকৈঃ পৃথিবীপতে!।
কূজদ্ভিরতুলান নাদান্ রোষিতৈরুরগৈরিব ॥৩॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাঃ শলঃ কর্ণো বৃষসেনো জয়দ্রথঃ।
কৃপশ্চ মদ্ররাজশ্চ দ্রৌণিশ্চ রথিনাং বরঃ ॥৪॥
তে পিবন্ত ইবাকাশমশ্বৈরষ্টৌ মহারথাঃ।
ব্যরাজয়ন্ দশ দিশো বৈয়াঘ্রৈর্হেমচন্দ্রকৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

তাবকা ইতি। বৃষ্ণিসিংহকুরূত্তমৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিজয়োঽর্জ্জুনঃ। বৈয়াঘ্রৈর্ব্যাঘ্রচর্ম্ম-পরিবেষ্টিতৈঃ। রুক্মপৃষ্ঠৈঃ স্বর্ণখচিতপৃষ্ঠদেশৈঃ কার্ম্মুকৈশ্চ দীপয়ন্তঃ। কূজদ্ভিঃ কুর্ব্বদ্ভিঃ ॥১—৩॥

অথ কে তে তাবকা ইত্যাহ ভূরীতি। মদ্ররাজঃ শল্যঃ, দ্রৌণিরশ্বত্থামা ॥৪॥

ত ইতি। হেম্নঃ স্বর্ণস্য চন্দ্রাশ্চন্দ্রাকারচিহ্নানি যেষু তৈ রথৈরিতি শেষঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়াই প্রজ্বলিত অগ্নির ন্যায় স্বর্ণবিচিত্র, ব্যাঘ্রচর্ম্মাবৃত ও গম্ভীরশব্দকারী বিশাল রথসমূহ এবং কোপিত সর্পের ন্যায় ভীষণশব্দজনক, স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুষ্প্রেক্ষ্য কার্ম্মুকসমূহদ্বারা সকল দিক্ উদ্ভাসিত করিয়া বধ করিবার ইচ্ছায় প্রথমে অর্জ্জুনের দিকে সত্বর ধাবিত হইলেন; আবার অর্জ্জুনও সেইরূপই তাঁহাদের দিকে দ্রুত চলিলেন ॥১—৩॥

ভূরিশ্রবা, শল, কর্ণ, বৃষসেন, জয়দ্রথ, কৃপ, শল্য ও রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা এই আট জন মহারথ ধাবিত হইয়াছিলেন ॥৪॥

(১) তাবকাস্তত্তিসংপ্রেক্ষ্য বৃষ্ণ্যন্ধককুরূত্তমৌ। সত্বরান্তো⋯নি। (৩)⋯কূজদ্ভি-বিপুলান্⋯পি বঙ্গ বর্দ্ধ।

তে দংশিতাঃ সুসংরব্ধা রথৈর্মেঘৌঘনিস্বনৈঃ।
সমাবৃণ্বন্ দিশঃ সর্ব্বাঃ পার্থস্য নিশিতৈঃ শরৈঃ ॥৬॥
কুলীনাশ্চ হয়াশ্চিত্রা বহন্তস্তান্ মহারথান্।
ব্যশোভন্ত তদা শীঘ্রা দীপয়ন্তো দিশো দশ ॥৭॥
আজানেয়ৈর্মহাবেগৈর্নানাদেশসমুত্থিতৈঃ।
পার্ব্বতীয়ৈর্নদীজৈশ্চ সৈন্ধবৈশ্চ মহাহয়ৈঃ ॥৮॥
কুরুযোধবরা রাজন্! তব পুত্রং পরীপ্সবঃ।
ধনঞ্জয়রথং শীঘ্রং সর্ব্বতঃ সমবারয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)

---

## ভারতকৌমুদী

ত ইতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ, সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ ॥৬॥

কুলীনা ইতি। কুলীনা উত্তমাশ্বকুলোৎপন্নাঃ। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ ॥৭॥

আজেতি। আজানেয়ৈঃ কুলীনৈঃ, নানাদেশেষু সমুত্থিতৈরুৎপন্নৈঃ। নদীজৈর্নদীমদ্র-দেশজাতৈঃ, সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ। পরীপ্সবো রক্ষিতুমিচ্ছবঃ। সমবারয়ন্নবেষ্টয়ন্ ॥৮—৯॥

## ভারতভাবদীপঃ

তাবিতি। প্রাগগ্র এব সমীক্ষ্যেত্যন্বয়ঃ ॥১॥ বৈয়াঘ্রৈঃ ব্যাঘ্রচর্ম্মচিত্রৈঃ ॥২—৬॥ কৌলুতকাঃ কুলূতদেশজাঃ পার্ব্বতীয়সমানলক্ষণাঃ ॥৭॥ আজানেয়ৈরিতি। শবরলক্ষণকাস্তযোজিতক্রোধাঃ স্বরযুতাজিতেন্দ্রিয়স্কন্ধবাশ্চাচিতশরীরশ্চাপি নো দুঃখং জানন্তি। আজানেয়া এতে নির্দ্দিষ্ট-বাজিনো ধীরৈঃ বাহান্তে পার্ব্বতীয়াবলাম্বিতাঃ স্নিগ্ধকেশাশ্চ বৃত্তাস্তে দৃঢ়পাদা মহাজবাস্তেতি

---

সেই আট জন মহারথ অশ্বগুলিদ্বারা যেন আকাশ পান করিতে থাকিয়া ব্যাঘ্রচর্ম্মবেষ্টিত এবং স্বর্ণচন্দ্রচিহ্নিত রথসমূহদ্বারা দশ দিক্ আলোকিত করিলেন ॥৫॥

যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্ত উৎসাহী সেই মহারথেরা মেঘসমূহের ন্যায় গম্ভীরনাদী রথসমূহে অগ্রসর হইয়া নিশিত শরনিকরদ্বারা অর্জ্জুনের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

উত্তমাশ্বকুলোৎপন্ন, বিচিত্রবর্ণ ও দ্রুতগামী অশ্ব সকল সেই মহারথগণকে বহন করিতে থাকিয়া দশ দিক্ আলোকিত করতঃ তৎকালে শোভা পাইতে লাগিল ॥৭॥

রাজা! কৌরবপক্ষের প্রধান যোদ্ধারা আপনার পুত্র দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সত্বর সকল দিকে সৎকুলজাত, মহাবেগশালী, নানাদেশ-

---

(৭) কৌলুতকা হয়াশ্চিত্রাঃ···বা নি। (৮)···সৈন্ধবৈশ্চ হয়োত্তমৈঃ—বা নি। (৯)··· সর্ব্বতঃ সমুপাব্রজন্—বা নি।

তে প্রগৃহ্য মহাশঙ্খান্ দধ্মুঃ পুরুষসত্তমাঃ ।
পূরয়ন্তো দিবং রাজন্ ! পৃথিবীঞ্চ সসাগরাম্ ॥১০॥
তথৈব দধ্মতুঃ শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ।
প্রবরৌ সর্ব্বভূতানাং সর্ব্বশঙ্খবরৌ ভুবি ।
দেবদত্তঞ্চ কৌন্তেয়ঃ পাঞ্চজন্যঞ্চ কেশবঃ ॥১১॥
শব্দস্তু দেবদত্তস্য ধনঞ্জয়সমীরিতঃ ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দিশশ্চৈব সমাবৃণোৎ ॥১২॥
তথৈব পাঞ্চজন্যোঽপি বাসুদেবসমীরিতঃ ।
সর্বশব্দানতিক্রম্য পূরয়ামাস রোদসী ॥১৩॥
তস্মিংস্তথা বর্ত্তমানে দারুণে নাদসঙ্কুলে ।
ভীরূণাং ত্রাসজননে শূরাণাং হর্ষবর্দ্ধনে ॥১৪॥
বাদিতাসু চ ভেরীষু ঝর্ঝরেষ্বানকেষু চ ।
মৃদঙ্গেষু চ রাজেন্দ্র ! বাদ্যমানেষ্বনেকশঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। দধ্মুর্বাদয়ামাসুঃ। দিবমাকাশম্ ॥১০॥

তথেতি। সর্বভূতানাং প্রবরৌ বাসুদেবধনঞ্জয়াবিতি সম্বন্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

শব্দ ইতি। দেবদত্তস্য তদাখ্যস্য শঙ্খস্য, ধনঞ্জয়েন সমীরিতঃ কৃতঃ ॥১২॥

তথেতি। পাঞ্চজন্যঃ পাঞ্চজন্যশঙ্খঃ। রোদসী নভঃপৃথিব্যৌ ॥১৩॥

সমুৎপন্ন, পার্ব্বত্য, নদীময়দেশজাত ও সিন্ধুদেশীয় উত্তম অশ্বগণদ্বারা অর্জ্জুনের রথখানাকে বেষ্টন করিলেন ॥৮—৯॥

নরনাথ! তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠেরা সমুদ্রের সহিত পৃথিবী ও আকাশ পূর্ণ করতঃ মহাশঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥১০॥

সেইরূপই সর্বভূতশ্রেষ্ঠ কৃষ্ণ এবং অর্জ্জুনও মর্ত্ত্যলোকের মধ্যে সমস্ত শঙ্খের শ্রেষ্ঠ শঙ্খযুগলের ধ্বনি করিতে থাকিলেন। অর্থাৎ অর্জ্জুন দেবদত্তশঙ্খ এবং কৃষ্ণ পাঞ্চজন্যশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১১॥

অর্জ্জুনকৃত দেবদত্তশঙ্খের ধ্বনি পৃথিবী, আকাশ ও সমস্ত দিক্ ব্যাপ্ত করিল ॥১২॥

সেইরূপই কৃষ্ণকৃত পাঞ্চজন্যশঙ্খের শব্দও অপর সমস্ত শব্দকে অতিক্রম করিয়া আকাশ ও ভূতল পূর্ণ করিল ॥১৩॥

(১১)···প্রবরৌ সর্ব্বদেবানাম্···বা নি। (১৫) প্রবাদিতাসু ভেরীষু···বা নি।

মহারথাঃ সমাখ্যাতা দুর্য্যোধনহিতৈষিণঃ।
অমৃষ্যমাণাস্তং শব্দং ক্রুদ্ধাঃ পরমধন্বিনঃ ॥১৬॥ (বিশেষকম্)
নানাদেশ্যা মহীপালাস্বসৈন্যপরিরক্ষিণঃ।
অমর্ষিতা মহাশঙ্খান্ দধ্মু র্বীরা মহারথাঃ।
কৃতে প্রতিকরিষ্যন্তঃ কেশবস্যার্জ্জুনস্য চ ॥১৭॥
বভূব তব তৎ সৈন্যং শঙ্খশব্দসমীরিতম্।
উদ্বিগ্ননরনাগাশ্বমস্বস্থমিব চ প্রভো! ॥১৮॥
তৎ প্রবিদ্ধমিবাকাশং শূরৈঃ শঙ্খনিনাদিতম্।
বভূব ভৃশমুদ্বিগ্নং নির্ঘাতৈরিব নাদিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নাদসঙ্কুলে বিমিশ্রশব্দে। ভের্য্যাদীনি তদানীন্তনবাদ্যনামানি। সমাখ্যাতা বিখ্যাতাঃ। অমৃষ্যমাণা অসহমানাঃ। ক্রুদ্ধা অভবন্নিতি শেষঃ ॥১৪—১৬॥

নানেতি। কৃতে অপকারে, প্রতিকরিষ্যন্তঃ প্রত্যপকারং করিষ্যন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

বভূবেতি। শঙ্খশব্দেন সমীরিতং সঞ্চালিতচিত্তম্। অস্বস্থমস্বভাবস্থম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

বিখ্যাতাঃ, নদীজৈর্নদীতীরজৈঃ অশ্বাঃ সকর্ণিকারৈঃ নদীতীরদেশজাঃ সমুচ্ছ্রিতাঃ পূর্বার্দ্ধেষূন্নতাঃ পশ্চার্দ্ধে বানতাঃ কিঞ্চিৎ ॥৮—১৮॥ প্রবিদ্ধমাক্ষিপ্তম্ ॥১৯—৩৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

রাজশ্রেষ্ঠ! ভীরুগণের ভয়জনক এবং বীরগণের হর্ষবর্দ্ধক সেই দারুণ মিশ্রিত শব্দ চলিতে থাকিলে এবং অনেক ভেরী, ঝর্ঝর, আনক ও মৃদঙ্গ বাদিত হইতে লাগিলে, মহারথ বলিয়া বিখ্যাত ও দুর্য্যোধনের হিতৈষী মহাধনুর্দ্ধরেরা সেই শব্দ সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ হইলেন ॥১৪—১৬॥

মহারাজ! তখন আপনার সৈন্যপরিরক্ষক নানাদেশীয় বীর এবং মহারথ রাজারাও ক্রুদ্ধ হইয়া কৃষ্ণ ও অর্জ্জুনকৃত অপকারের প্রত্যপকার করিবেন বলিয়া মহাশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১৭॥

রাজা! তৎকালে সেই শঙ্খের শব্দে আপনার সৈন্যমধ্যে পদাতি, হস্তী ও অশ্বগণ বিচলিতচিত্ত, উদ্বিগ্ন ও অসুস্থের ন্যায় হইয়া পড়িল ॥১৮॥

(১৬) মহারথাঃ সমাহূতাঃ…বা, মহারথসমাখ্যাতাঃ…নি। (১৭)…স্বসৈন্যপরিরক্ষিণঃ …বা, কর্ণাদয়ো মহেষ্বাসাস্বসৈন্যপরিরক্ষিণঃ…নি। (১৮) শঙ্খশব্দে সমীরিতে…নি,… উদ্বিগ্নরথ…বা নি।

স শব্দঃ সুমহান্ রাজন্! দিশঃ সর্ব্বা নিনাদয়ন্।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং যুগান্ত ইব সংভৃতঃ ॥২০॥
ততো দুর্য্যোধনোঽষ্টৌ চ রাজানস্তে মহারথাঃ।
জয়দ্রথস্য রক্ষার্থং পাণ্ডবং পর্য্যবারয়ন্ ॥২১॥
ততো দ্রৌণিস্ত্রিসপ্তত্যা বাসুদেবমতাড়য়ৎ।
অর্জ্জুনঞ্চ ত্রিভির্ভল্লৈর্ধ্বজমশ্বাংশ্চ পঞ্চভিঃ ॥২২॥
তমর্জ্জুনঃ পৃষৎকানাং শতৈঃ ষড়্ভিরতাড়য়ৎ।
অত্যর্থমিব সংক্রুদ্ধঃ প্রতিবিদ্ধে জনার্দ্দনে ॥২৩॥
কর্ণঞ্চ দশভির্বিদ্ধা বৃষসেনং ত্রিভিস্তথা।
শল্যস্য সশরং চাপং মুষ্টৌ চিচ্ছেদ বীর্য্যবান্।
গৃহীত্বা ধনুরন্যত্তু শল্যো বিব্যাধ পাণ্ডবম্ ॥২৪॥

তদিতি। প্রবিদ্ধং তাড়িতম্। উদ্বিগ্নং বিচলিতম্, নির্ঘাতৈঃ বাতাহতবাতপাতৈঃ ॥১৯॥
স ইতি। যুগান্তে প্রলয়কালে, সংভৃতো মহাবায়ুপ্রভৃতিজনিতঃ ॥২০॥
তত ইতি। তে ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ। অরাজানোঽপি কৃপাদয়ো রাজসাহচর্য্যেণ রাজান উচ্যন্তে ছত্রিন্যায়াৎ। পাণ্ডবমর্জ্জুনম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥২১॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। ধ্বজমশ্বাংশ্চার্জ্জুনস্যৈব ॥২২॥
তমিতি। পৃষৎকানাং বাণানাম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২৩॥

---

বীরেরা নির্ঘাতশব্দের ন্যায় শঙ্খের শব্দ করিলে আকাশটাও যেন তাড়িত এবং গুরুতর উদ্বিগ্ন হইল ॥১৯॥

রাজা! প্রলয়কালের বায়ুপ্রভৃতির শব্দের ন্যায় সেই অতিবিশাল শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিয়া সেই সৈন্যগণকে ত্রস্ত করিয়া ফেলিল ॥২০॥

তাহার পর দুর্য্যোধন এবং সেই আট জন মহারথ জয়দ্রথকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥২১॥

তাহার পর অশ্বত্থামা ত্রিসপ্ততিসংখ্যক ভল্লদ্বারা কৃষ্ণকে, তিনটা ভল্লদ্বারা অর্জ্জুনকে এবং পাঁচটা ভল্লদ্বারা তাঁহার ধ্বজ ও চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥২২॥

অশ্বত্থামা কৃষ্ণকে তাড়ন করিলে, অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একেবারে ছয় শত বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥২৩॥

ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ।
কর্ণো দ্বাত্রিংশতা চৈব বৃষসেনশ্চ পঞ্চভিঃ ॥২৫॥
জয়দ্রথস্ত্রিসপ্তত্যা কৃপশ্চ দশভিঃ শরৈঃ ।
মদ্ররাজশ্চ দশভির্বিব্যধুঃ ফাল্গুনং রণে ॥২৬॥ (যুগ্মকম্)
ততঃ শরাণাং ষষ্ট্যা তু দ্রৌণিঃ পার্থমবাকিরৎ ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা পুনঃ পার্থঞ্চ পঞ্চভিঃ ॥২৭॥
প্রহসংস্তু নরব্যাঘ্রঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ ।
প্রত্যবিধ্যৎ স তান্ সর্ব্বান্ দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২৮॥
কর্ণং দ্বাদশভির্বিদ্ধ্বা বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ ।
শল্যস্য সশরং চাপং মুষ্টিদেশে ন্যকৃন্তত ॥২৯॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। দশভির্বাণৈঃ। বীর্য্যবানর্জ্জুনঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
ভূরীতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২৫—২৬॥
তত ইতি। দ্রৌণির্দ্রোণপুত্রোঽশ্বত্থামা, অবাকিরৎ প্রাহরৎ ॥২৭॥
প্রেতি। শ্বেতাশ্বোঽর্জ্জুনঃ। পাণিলাঘবং হস্তলাঘবং শরসন্ধানক্ষেপযোগ্যতাম্ ॥২৮॥
কর্ণমিতি। ন্যকৃন্তত অচ্ছিনৎ ॥২৯॥

ক্রমে বলবান্ অর্জ্জুন দশটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুর মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন। তখন শল্য অন্য ধনু গ্রহণ করিয়া অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৪॥

এই সময়ে ভূরিশ্রবা স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিনটা বাণদ্বারা, কর্ণ বত্রিশটা, বৃষসেন পাঁচটা, জয়দ্রথ ত্রিসপ্ততিটা, কৃপ দশটা এবং শল্যও দশটা বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥২৫—২৬॥

তদনন্তর অশ্বত্থামা ষাটটা বাণদ্বারা অর্জ্জুনকে, সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে, আবার পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে প্রহার করিলেন ॥২৭॥

তখন নরশ্রেষ্ঠ কৃষ্ণসারথি অর্জ্জুন দ্রুতহস্ততা দেখাইতে থাকিয়া হাস্য করিতে করিতে তাঁহাদের সকলকেই প্রতিবিদ্ধ করিলেন ॥২৮॥

পরে তিনি বারটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন ॥২৯॥

সৌমদত্তিং ত্রিভির্বিদ্ধা শল্যঞ্চ দশভিঃ শরৈঃ।
শিতৈরগ্নিশিখাকারৈর্দ্রৌণিং বিব্যাধ চাষ্টভিঃ ॥৩০॥
গৌতমং পঞ্চবিংশত্যা সৈন্ধবঞ্চ শতেন হ।
পুনর্দ্রৌণিঞ্চ সপ্তত্যা শরাণাং সোঽভ্যতাড়য়ৎ ॥৩১॥
ভূরিশ্রবাস্তু সংক্রুদ্ধঃ প্রতোদং চিচ্ছিদে হরেঃ।
অর্জ্জুনঞ্চ ত্রিসপ্তত্যা বাণানামাজঘান হ ॥৩২॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈস্তানরীন্ শ্বেতবাহনঃ।
প্রত্যষেধত সংক্রুদ্ধো মহাবাতো ঘনানিব ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

## ভারতকৌমুদী

সৌমেতি। সৌমদত্তিং সোমদত্তপুত্রং ভূরিশ্রবসম্। শিতৈঃ সুধারীকৃতৈঃ ॥৩০॥

গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্, সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥৩১॥

ভূরীতি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্, চিচ্ছিদে চিচ্ছেদ ॥৩২॥

তত ইতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। প্রত্যষেধত অবারয়ৎ। ঘনান্ মেঘান্ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

---

তৎপরে সুধার তিনটা বাণদ্বারা ভূরিশ্রবাকে এবং দশটাদ্বারা শল্যকে তাড়ন করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল আটটা বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥৩০॥

ক্রমে তিনি পঁচিশটা বাণদ্বারা কৃপকে, একশত বাণদ্বারা জয়দ্রথকে এবং সত্তরটা বাণদ্বারা আবার অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥৩১॥

পরে ভূরিশ্রবা অত্যন্তক্রুদ্ধ হইয়া কৃষ্ণের কশা ছেদন করিলেন এবং ত্রিসপ্ততি বাণদ্বারা অর্জুনকে আঘাত করিলেন ॥৩২॥

তদনন্তর মহাবায়ু যেমন মেঘ নিবারণ করে, সেইরূপ অর্জুন বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা সেই শত্রুগণকে নিবারণ করিতে লাগিলেন' ॥৩৩॥

———:*:———

(৩৩)...প্রত্যষেধদ্রুতং ক্রুদ্ধঃ...বা নি। * '...ত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...